শ্রীশ্রীগোপালচম্পূঃ।

(উত্তরচম্পূঃ)

(১ম খণ্ডঃ)

গৌড়ীয়বৈষ্ণবসম্প্রদায়াচার্য্যবর্য্যেণ বেদবেদান্ত-ষড়্‌দর্শন-পুরাণ-শব্দানু-
শাসন-জ্যোতিষ-কাব্যালঙ্কারচ্ছন্দঃশাস্ত্রাদিপারগামীনেন নিখিল-
চতুর্থাশ্রমিকসাধকবৃন্দৈঃ সেবিতপাদযুগলেন বৈষ্ণব-
সিদ্ধান্তরাজ্যরক্ষণৈকসেনাপতিনা শ্রীমৎসনাতন-
রূপানুগতেন শ্রীবল্লভাত্মজেন

শ্রীমতা শ্রীজীবগোস্বামিপাদেন

নিখিলসিদ্ধান্তসারতয়া বিরচিতা।

শ্রীশ্রীভগবন্নিত্যানন্দপ্রভুবংশ্যেন বর্দ্ধমানপ্রদেশান্তর্গত-
মাণ্ডগ্রামবাস্তব্যেন

শ্রীবীরচন্দ্রগোস্বামিনা বিরচিতয়া

শব্দার্থবোধিকয়া টীকয়া সমন্বিতা।

কাশী[illegible]বাজারাধিপ-শ্রীগৌড়রাজর্ষি-মাননীয় মহারাজ-
শ্রী[illegible]চন্দ্রনন্দি মহোদয়স্যাদেশাৎ
শ্রীরাসবিহারিসাংখ্যতীর্থেন
বঙ্গাক্ষরানুদিতা [illegible]

তত্র—শ্রীমদুত্তরগোপালচম্প্বাং গূঢ়ার্থসঙ্কিতম্। মুন্যগ্নিপূরণাস্তায়াঃ হরের্লীলাঃ প্রকীর্ত্তিতাঃ ॥৬॥
এতদুত্তরচম্প্বাস্তু বিলাসা স্তুয় ঈরিতাঃ। তত্র চাদ্যবিলাসস্য ব্যাখ্যাল্পা ক্রিয়তে ময়া ॥
বিচ্ছেদে তত্র সঞ্জাতে দুঃসহে হরিরাধয়োঃ। দুঃখমুক্ত্যা পুনস্তস্যাগত্যা গোষ্ঠে চিরস্থিতিঃ ॥ ০ ॥
তত্রাদ্যপূরণে গোপীকৃষ্ণয়োর্ভাব ঈরিতঃ। পুরাবৃত্তসংশ্রবণাত্তয়োর্দুঃখঞ্চ বর্ণিতম্ ॥ ০ ॥
ভ্রমাদিদোষরাহিত্যাৎ কবেরস্যাং ন কর্হিচিৎ। প্রামাণ্যায় ন কোষাদিপ্রমাণং প্রায় উহ্যতে ॥ ০ ॥

অথ তত্র সিদ্ধমন্ত্রবদ্ধবিধেষ্টঘটিতং মঙ্গলমাচরতি—শ্রীকৃষ্ণেতি। অস্যার্থঃ—পূর্ব্বচম্প্বাং ব্যাখ্যাত এব। যদ্বা হে শ্রীকৃষ্ণচৈতন্য! মাং পাহি। শ্রীকৃষ্ণেতি শ্রিয়া শোভাবিশেষেণ কৃষ্ণ কৃষ্ণতাস্ফূর্ত্তিকর! "অন্তঃকৃষ্ণং বহির্গৌরমিত্যাদেঃ" সনাতনরূপাভ্যাং সহ বর্ত্তমান! তথা গোপালরঘুনাথয়োর্ভক্তয়োযে আপ্তব্রজাস্তেষাং বল্লভ! অথচ হে শ্রীকৃষ্ণেত্যাদিষট্কং পৃথক্ পৃথক্ সম্বোধনম্। আপ্তান্ ব্রজতি অনুব্রজতীতি হে তথাভূত! বল্লভ! গ্রন্থকারপিতঃ! অথচ হে কৃষ্ণ! মাং পাহি। কৃষ্ণচৈতন্য! "কৃষির্ভূবাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতিবাচকঃ" ইত্যাদেঃ সত্তানন্দজ্ঞানরূপ! সনাতন! নিত্যসিদ্ধরূপেণ শ্রীবিগ্রহেণ সহিত-গোপালেষু যে রূপবঃ লঘবঃ নাথা মুখ্যাশ্চ তৈরাপ্তস্য ব্রজস্য বল্লভ! যদ্বা প্রযুক্ত একঃ শ্রীশব্দঃ দীপকালঙ্কারেণ সর্ব্বত্রানুষজ্যতে। তত্র শ্রীকৃষ্ণেত্যত্র শ্রীশব্দঃ শ্রীরাধাবাচকঃ অন্যত্র শোভাবাচকশ্চ, তথাচ দীপকালঙ্কারলক্ষণং কাব্যচন্দ্রিকায়াম্—"জাতিক্রিয়াগুণদ্রব্যবাচকেন পদেন তু। একত্র বর্ত্তিনা সর্ব্ববাক্যার্থো দীপকং ভবে"দিতি। তত্তু ত্রিবিধং যথা দণ্ডী—"অর্থাবৃত্তিঃ পদাবৃত্তিরুভয়াবৃত্তিরিত্যপি। দীপকস্থান এবেষ্টমলঙ্কারত্রয়ং যথে"তি। তথাহি হে শ্রীব্রজবল্লভ! মাং পাহি রক্ষ। রক্ষণং তত্র নির্ব্বিঘ্নেন গ্রন্থপরিপূর্ত্তিরূপমিতি। ব্রজবল্লভেত্যনেন পুর্য্যাদিবিলাসী নেষ্ট ইতি সূচিতম্। তাদৃশত্বেন বিশিনষ্টি—শ্রীকৃষ্ণেতি। কৃষ্ণশব্দো যশোদাস্তনন্ধয়ে রূঢ় ইতি ব্যাখ্যাতারঃ। শ্রিয়া রাধয়া সহ কৃষ্ণ শ্রীকৃষ্ণ! স কিম্ভূতঃ! প্রকাশান্তরেণ শ্রীকৃষ্ণচৈতন্য! শ্রীশচীনন্দন! এবমপি শ্রীসনাতনরূপক! সনাতনং সর্ব্বাবতারকারনত্বেঽপি অপক্ষয়রহিতং রূপং স্বরূপং যস্য হে স। তস্য ব্রজলীলত্বং সাধয়তি হে শ্রীগোপাল গবাং পালক! তস্যাবতারিত্বং দর্শয়তি—হে শ্রীরঘুনাথাপ্তেতিরঘুনাথঃ শ্রীরামঃ অংশত্বেনাপ্তো ব্যাপ্তো যেন, মৃদা ঘটাদিবৎ তথাচ ব্রহ্মসংহিতায়াম্—"রামাদিমূর্ত্তিষু কলানিয়মেন তিষ্ঠন্নি"তি। যদ্বা রঘুনাথস্য আপ্তঃ সন্নিবেশো যত্র হে স। তথাচ "এবম্বিহারৈঃ কৌমারৈঃ কৌমারং জহতুর্ব্রজে। লীলায়নৈঃ সেতুবন্ধৈর্মর্কটোৎপ্লবনাদিভি"রিত্যাদৌ তল্লীলাপ্রকটনাৎ ॥ ১ ॥

হে শ্রীকৃষ্ণ চৈতন্য! তুমি শোভাবিশেষদ্বারা কৃষ্ণতার স্ফূর্ত্তি কর, তুমি সনাতন এবং রূপের সহিত বিদ্যমান থাক, এবং তোমার যে গোপাল এবং রঘুনাথ নামে দুইজন ভক্ত আছে, এবং তাহাদের দুই জনের যে সকল আত্মীয় স্বজন আছে, তুমি তাহার বল্লভ; অতএব তুমি আমাকে রক্ষা কর। পক্ষান্তরে—হে কৃষ্ণ-

(ক) সম্পূর্ণাসীদাশু গোপালচম্পূ-
রেষাং যস্মাদাশয়াদেব পূর্ব্বা।
এষা তস্মাদুত্তরাপ্যুত্তরা স্যা-
দেবং দেবং তং কমন্যং ভজেম ॥ ২ ॥

অথ দুর্গমমধুররসলীলাবর্ণনে স্বসামর্থ্যায় সেব্যত্বেন নিজেষ্টদেবং শ্রীগোপীজনবল্লভমাশ্রয়তে—সম্পূর্ণাসীদিতি। তমিতি প্রসিদ্ধং, কমিতি তাদৃশভাবাশ্রিতস্যাতিরহস্যত্বাৎ কিংশব্দেন নির্দ্দিষ্টং। ভজনে তদনুশীলনপরানাত্মসাৎকৃত্য বহুবচনং প্রযুক্তবান্ ॥ ২ ॥

চৈতন্য! হে সনাতনরূপক। অর্থাৎ সত্তা, আনন্দ এবং জ্ঞানরূপ সনাতন বা নিত্যসিদ্ধ রূপ অবলম্বন করিয়া বিদ্যমান আছ। হে আপ্তব্রজ! অর্থাৎ তুমি আপ্তগণের অনুগমন করিয়া থাক। হে বল্লভ! অর্থাৎ হে শ্রীজীবের জনক! গোপালদিগের মধ্যে যাহারা ক্ষুদ্র এবং প্রধান, তাহাদের দ্বারা পরিব্যাপ্ত ব্রজ-ভূমির তুমি বল্লভ, তুমি আমাকে রক্ষা কর।

অথবা হে শ্রীকৃষ্ণ! অর্থাৎ হে যশোদা-নন্দন! হে রাধিকা-সমবেত! হে শ্রীকৃষ্ণচৈতন্য! অর্থাৎ হে শ্রীশচীনন্দন! হে সনাতনরূপক! অর্থাৎ সকল অবতারের কারণস্বরূপ হইলেও তোমার স্বরূপ সর্ব্বদাই ক্ষয় বিরহিত। হে গোপাল! অর্থাৎ তুমি ধেনুগণের পালনকর্ত্তা। হে রঘুনাথাপ্ত! অর্থাৎ তুমি শ্রীরামচন্দ্রকে অংশরূপে ব্যাপ্ত করিয়াছ। অথবা তোমাতেই রঘুনাথের সন্নিবেশ হইয়াছে। অতএব তুমি আমাকে রক্ষা কর ॥ ১ ॥

যাঁহাকে অবলম্বন করিয়াই পূর্ব্বে পূর্ব্ব গোপালচম্পূ শীঘ্র সম্পূর্ণ হইয়াছে,

(ক) "ব্রজবল্লভ! পাহি মাম্" ইত্যতঃ পরং "সম্পূর্ণাসীদাশু গোপালচম্পূঃ" ইত্যারভ্য ১৭ সংখ্যকগদ্যস্থ "গণনয়া পৌগণ্ডঃ" ইত্যতঃ পূর্ব্বং বধপর্য্যন্তং প্রায়েণ ১৫ সংখ্যকগদ্যপদ্যানি গৌরপুস্তকে ন সন্তি, পরন্তু তৎপরিবর্ত্তে ইমানি পাঠান্তরাণি সন্তি। তানি উদ্ধ্রিয়ন্তে যথা—

তদেবং গোলোকবিলাসে শ্রীগোপালপাল্যমানগোপালানাং গোপালানাং নিত্যমানঃ শ্রীগোলোকঃ কথিতঃ। তত্র চ শ্রীগোপরাজসভায়ামপূর্ব্ববীক্ষিতকবিক্ষিতিপতিকুমার-স্মকুমার-কুমারযুগলাবকলনমুদ্ভাবিতম্। তদনন্তরমপি বাল্যবিলাসে তদ্যুগলকৃতকৃষ্ণবাল্য-চরিতবর্ণনং কালিয়দমন-লীলাবসানমাচরিতম্। সম্প্রতি তু তৎ প্রথিতং কৈশোরচরিত-মাখ্যায়তে। তদ্যথা—

অথ দিনান্তরে চ পূর্ব্ববদেব ব্রজনরদেবসভান্তরে তয়োরেকতরঃ সমুৎকণ্ঠতয়া স্নিগ্ধকণ্ঠঃ

অথানুপূর্ব্ব্যা পূর্ব্বকথানুকথনীয়া ॥ ৩ ॥

তত্র প্রকারং প্রতিজানীতে—অথেতিগদ্যেন। আনুপূর্ব্বী-ক্রমস্তয়া সর্ব্বত্র গ্রন্থকারস্য শ্লোকাঙ্কঃ পৃথক্ নির্দ্দিষ্টঃ। স চ দ্বিবিন্দুক ইতি জ্ঞেয়ম্ ॥ ৩ ॥

তাহার পরে ইহাই উত্তর গোপালচম্পূ এবং তাঁহার কৃপায় যেন ইহা সমাপ্ত হয়। অতএব সেই অভূতপূর্ব্ব এবং অনির্বাচ্য কোন দেবতাকে আমরা ভজনা করি ॥ ২ ॥

অনন্তর আনুপূর্ব্বিক বা ক্রমান্বয়ে পূর্ব্বকথা কথিত হইবে ॥ ৩ ॥

স্বাগতমিদমুবাচ। অথ কৈশোরং বর্ণনীয়ং। কিন্তু রহস্যরসহারিপ্রসভায়াং সভায়ামস্যাং যথা লজ্জা ন সজ্জা স্যাৎ তথা যুজ্যতে। যদি চ যাতু নিজমাধুরীব ভঙ্কিতকুক্ষিম্ভরিণা হরিণা স্বকস্থখাবহমিতি রহস্তদনুযুজ্যেবহি, তদা তদুচিতমেব তদুপচিতমাচরিষ্যাব ইতি। অথ স্পষ্টস্তু ব্যাচষ্ট। ততশ্চ স্পষ্টং কৃতগমায়াং স্পষ্টসমায়াং সমুল্লসিতসম্মতিময়ে জন্মতিথিসময়ে হর্ষসমৃদ্ধিপ্রদবর্ষবৃদ্ধিপর্ব্বণি সর্ব্বনিঃশ্রেয়সমাবিস্তরাং বিস্তারয়তঃ সমস্তং নিস্তারয়তস্তস্য শ্রীমদ্ব্রজরাজসুতস্য বিশেষামেব নবশ্চোরং কিশোরমুদয়াঞ্চক্রে। তথাহি—

রাজ্যং সম্যগুপেত্য কৃষ্ণবপুষি ত্রৈলোক্যলক্ষ্মীময়ে
ক্রীড়াভির্ঘু নির্গময্য সময়ানৌদার্য্যপর্য্যাকুলম্।
পাত্রায় স্বয়মাগতায় গুণিতাবাসায় সম্বেদিনে
কৈশোরায় নিজং প্রদায় বিষয়ং পৌগণ্ডমন্তর্দধে ॥

ততশ্চ—

দৃষ্টিপ্রসাদকৃতসামভিরংশুদানৈঃ
শশ্বন্মনোহরণনির্ম্মিতবুদ্ধিভেদৈঃ।
অর্থান্তরাভিবিনিবেশজভাবদণ্ডৈঃ
কৈশোরকং বশয়তি স্ম হরেঃ সমস্তম্ ॥

তত্রচ—

মুখে পূর্ত্তিঃ কান্তির্নয়নযুগলে দৈর্ঘ্যমরুণ-
প্রভা হৃদ্ব্যচ্ছায়ঃ প্রততিরপি মধ্যেতু কৃশতা।
ইতীদং সৌন্দর্য্যং যদবধি মনাগপ্যধিজগে
জগন্নেত্রশ্রেণী তদবধি হরৌ তেন চকৃষে ॥

তদিত্থং তজ্জ্যেষ্ঠশ্চ নির্দ্দিষ্টঃ। তদাচ তালফলপাকাবসরে বর্ষাপ্রসরে কদাচিন্নিখিলসুখ-বর্দ্ধনস্য।"

অস্তি কিল (১) কলিতনিখিলবৃন্দাবনং বৃন্দাবনং নাম বনম্।

যত্র জ্যোতিশ্চক্রমিব ব্যোম্নি, ধর্ম্ম ইব ধর্ম্মিণি, তত্ত্বনির্ণয় ইব বেদে, সুখমিবাভীপ্সিতলাভে, রস ইব (২) বিভাবাদিবর্গে, ষাড়্‌গুণ্যমিবাত্মনি, স্বয়মিব স্বপ্রেমণি, নারায়ণ ইব পরমব্যোম্নি সর্ব্বেষামাশ্রয়ঃ স চ কৃষ্ণঃ সতৃষ্ণগ্‌জনানুভবনীয়তয়া নিজাং নিজাশ্রয়ণীয়তামুরীকরোতি ॥ ৪ ॥

"স্মরেদ্বৃন্দাবনে রম্যে" ইত্যাগমবাক্যাৎ, তস্য কৃস্য ধামত্বেন বৃন্দাবনস্যোপাস্যত্বাৎ তৎস্বরূপং বিশিনষ্টি—অস্তীত্যাদিনা গোলোকনাম সমামনন্তীত্যন্তেন গদ্যেন। কলিতানি প্রকাশীকৃতানি নিখিলানি লীলাসাধনানি বস্তূনি যস্যাঃ সা চাসৌ বৃন্দা লীলাশক্তিশ্চেতি আ অবনং রক্ষণং যস্য তৎ। যত্র বৃন্দাবনে সর্ব্বেষামাশ্রয়ঃ স চ কৃষ্ণঃ নিজাং নিজাশ্রয়ণীয়তামুরীকরোতি বিস্তৃণোতি স্বীকরোতীতি বা, জ্ঞাপকত্বেন তদ্ধেতুঃ সতৃষ্ণগিত্যাদি। আশ্রয়ণীয়ত্বে দৃষ্টান্তান্ দর্শয়তি—জ্যোতিরিত্যাদিনা। যথা জ্যোতিশ্চক্রং ব্যোমাশ্রয়ং, ধর্ম্মো বেদাশ্রয়ঃ, সুখং স্বেষ্টলাভাশ্রয়ং, রসো বিভাবানুভাবসঞ্চারিভাবাশ্রয়ঃ, ষাড়্‌গুণ্যম্ "ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চাপি ষণ্ণাং ভগ ইতীঙ্গনে"তি ষড়্‌গুণা আত্মনি শ্রীকৃষ্ণাশ্রয়ং স্বয়ং স্বপ্রেমাশ্রয়ং, নারায়ণঃ পরমব্যোমাশ্রয়ঃ,

---

বৃন্দাবন নামে এক বন আছে। তথায় যাহা হইতে নিখিল লীলা-সাধন বস্তু সকল প্রকাশিত হইয়াছে, সেই বৃন্দা বা লীলাশক্তির ঐ স্থানে রক্ষা হইয়া থাকে। ঐ বৃন্দাবনে সকলের আশ্রয়স্বরূপ অভিলাষী সেই শ্রীকৃষ্ণ আপনার অবলম্বনীয় ভাব অবলম্বন করিয়া থাকেন। তদ্‌বিষয়ে দৃষ্টান্ত এই—যেরূপ আকাশই জ্যোতিষ্ক মণ্ডলীর আশ্রয়; বেদই ধর্ম্মের আশ্রয়; স্বকীয় অভীষ্ট লাভই সুখের আশ্রয়; বিভাব, অনুভাব এবং সঞ্চারি-ভাবই রসের আশ্রয়; ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ, শ্রী, জ্ঞান এবং বৈরাগ্য এই ষড়্‌বিধ গুণ বা শক্তি[illegible]ই শ্রীকৃষ্ণকে অবলম্বন করিয়া থাকে; স্বয়ং তিনি প্রেমের আশ্রয়; এবং পরমাকাশই নারায়ণের আশ্রয়; সেইরূপ

(১) কলিতং কৃতং নিখিলানাং মনুষ্যপশুপক্ষিমৃগাদীনাং যানি বৃন্দানি স্বস্ববর্গাস্তেষামবণং আশ্রতয়া রক্ষণং তৃপ্তির্বা যেন তৎ। ইত্যানন্দঃ।

(২) বিভাবানুভাবসাত্ত্বিকাদিবর্গে। আঃ।

যত্র চান্তর্দ্ধানবিদ্যয়া বিদ্যমানমস্মদাদীনামালোকমতীতং ধাম গোলোকনাম সমামনন্তি। যত্র চ (ক) গোলোকে সকলচিন্তামণীয়মানচিন্তালেশঃ কেশবঃ সর্ব্বানন্দভাসিনাং তদ্বাসিনাং প্রেম নাম পঞ্চমপুমর্থসম্পৎপর্য্যুদঞ্চনপ্রপঞ্চসঞ্চয়-ব্যসনমমুঞ্চংস্তদ্বশত এব যথাযথং পুত্রাদিতয়া বিলসন্ন কুত্রাপি ব্যভিচরতি ॥ ৫ ॥

তথা সর্ব্বেষামাশ্রয়োঽপি কৃষ্ণঃ। যত্রচ বিদ্যমানং গোলোকনামধাম সমামনন্তি সংকথয়ন্তি বিজ্ঞাঃ। তৎ কিম্ভূতম্ অন্তর্দ্ধানবিদ্যয়া অস্মদাদীনামালোকং দর্শনং অতীতমতিক্রান্তম্ ॥

যত্র চ লোকে গোলোকে কেশবস্তদ্বশতস্তেষাং বশ্যতয়ৈব যথাযথং যথাযোগ্যং পুত্রমিত্যাদিভাবতয়া বিলসন্ ন কুত্রাপি ব্যভিচরতি ন ত্যজতীত্যন্বয়ঃ। স কিম্ভূতঃ সকল-চিন্তামণিরিব আচরতি যশ্চিন্তালেশো যস্য সঃ। চিন্তালেশেন সর্ব্বকার্য্যসম্পাদনাদিতি ভাবঃ। পুনঃ কিম্ভূতঃ প্রেমনামা যঃ পঞ্চমপুমর্থঃ ধর্ম্মার্থকামমোক্ষেভ্যোঽধিকঃ স এব সম্পৎ ভক্তানাং পর্য্যুদঞ্চনং ঋণং তস্য প্রপঞ্চসঞ্চয়ে রত্যাদিজননে যদ্ব্যসনং তস্য ঋণস্যাশোধনং তৎ অমুঞ্চন্ অত্যজন্ তদৃণগ্রস্তঃ সন্নিতি ভাবঃ। "ন পারয়েঽহং নিরবদ্যসংযুজামি"ত্যাদেঃ ॥ ৪—৫ ॥

শ্রীকৃষ্ণই সকলেরই আশ্রয়স্বরূপ। পণ্ডিতেরা বলিয়া থাকেন, ঐ বৃন্দাবনে গোলোক ধাম বিদ্যমান আছে। কেবল অন্তর্দ্ধান-বিদ্যা-প্রভাবে তাহা অস্মদাদির দর্শনপথ অতিক্রম করিয়াছেন অর্থাৎ প্রপঞ্চ হইতে আবৃত থাকিয়া অপ্রপঞ্চ রূপে অবস্থিত আছেন ॥ ৪ ॥

যে গোলোকে শ্রীকৃষ্ণ তাহাদের বশীভূত ভাবেই যথাযোগ্যরূপে পুত্র মিত্রাদি-ভাবে বিলাস পাইলেও কুত্রাপি সেই ভাবের ব্যভিচার হইতে পারে না। ঐ শ্রীকৃষ্ণ চিন্তার লেশ মাত্রেই সকল কার্য্য সম্পাদন করিয়া থাকেন। এই কারণে তাঁহার চিন্তা লেশ সকল চিন্তামণি-রত্নের মত। ঐ গোলোকে যে সকল লোক বাস করিয়া থাকে, তাহারা সকলেই সকল প্রকার আনন্দে ভাসমান। এই কারণে শ্রীকৃষ্ণ তাহাদিগকে প্রেম নামে এক বস্তু ধার দিয়া রাখিয়াছেন। এই প্রেমসম্পত্তি ধর্ম্মার্থ কাম মোক্ষ এই চারিপ্রকার পুরুষার্থ অপেক্ষাও অধিক। সুতরাং ইহাকে পঞ্চম পুরুষার্থ বলা যাইতে পারে। ঐ প্রেমসম্পত্তি ঋণ দিয়া

(ক) যত্র চ লোকে ইতি মাণ্ডপাঠঃ।

তাদৃশাত্তস্মাদেব চ নিষ্ক্রম্য রম্যতয়া তৈঃ সমমসমং প্রকাশমানঃ স খলু খলনাশনস্তদিদং জগদপি কদাচিৎ প্রমদয়তি। দিব্যনৃত্যনায়ক ইব নেপথ্যস্থানাৎ অথ তদ্বত্তত্র প্রবিশতি চ ॥৬

তদেবং স্থিতে (ক) বাঞ্ছিতসদন্তবক্রদন্তদন্তবক্রসংবত্তুদন্ততঃ পরতঃ পুনস্তেষাং বক্ষ্যমাণপ্রমাণলক্ষ্যতয়া তৎপ্রদেশপ্রবেশঃ স যদা বভূব ॥ ৭ ॥

তস্য প্রপঞ্চেঽবতরণং নির্ণয়তি—তাদৃশাদিত্যাদি প্রবিশতি চান্তেন গদ্যেন। তাদৃশাত্তস্মাদ্গোলোকাৎ তৈঃ সমং তদ্বাসিভিঃ সহ, অসমং নাস্তি সমো যত্র তদ্যথাস্যাৎ প্রমদয়তি স্বপ্রকাশেন তস্য সর্ব্বোত্তমতাং প্রকাশয়তি, তত্র দৃষ্টান্তঃ—নেপথ্যস্থানাৎ বেশরচনাগৃহাৎ দিব্যনৃত্যনায়ক ইবেতি। স যথা স্বেচ্ছয়া নাট্যস্থানং সঙ্গত্য তাদৃশনাট্যং বিস্তার্য্য পুনস্তত্র প্রবিশতি তথেত্যর্থঃ ॥ ৬ ॥

অধুনা গোলোকপ্রবেশপ্রকারং নির্দেষ্টুং প্রকরণমারভতে—তদেবমিত্যাদিগদ্যেন। বাঞ্ছিতসতাং সাধূনামন্তো বিনাশো যেন এবম্ভূতো বক্রদন্তো যো দন্তবক্রস্তস্য সংবত্তুদন্ততো বিনাশবৃত্তান্ততঃ, তেষাং গোলোকবাসিনাং বক্ষ্যমাণপ্রমাণানি পাদ্মোত্তরখণ্ডাদীনি তেষাং লক্ষ্যতয়া। অন্যৎ সুগমম্ ॥ ৭ ॥

এক্ষণে তাহারা তাহা পরিশোধ করিতে আসিলেও তিনি তাহা পরিত্যাগ করেন না ॥ ৫ ॥

এই খলবিনাশী দুর্জ্জন-দর্পহারী নারায়ণ নিশ্চয়ই সেই গোলোক ধাম হইতে নির্গত হইয়া রমণীয় ভাবে সেই গোলোকবাসিগণের সহিত অতুল্য ভাবে প্রকাশমান হইয়া কদাচিৎ এই জগতও প্রকাশিত করিয়া থাকেন। যেরূপ দিব্যনৃত্যনায়ক নেপথ্য স্থান হইতে নির্গত হইয়া স্বেচ্ছাক্রমে নাট্যস্থানে আসিয়া মিলিত হয়, এবং তাদৃশ নাট্য কাব্য বিস্তার করিয়া পুনর্ব্বার তথায় প্রবেশ করে; এইরূপ তিনিও জগৎ প্রকাশ করিয়া তাহার মধ্যে প্রবেশ করিয়া থাকেন ॥ ৬ ॥

এইরূপ ঘটনা ঘটিলে, যে সজ্জনগণের বিনাশ কামনা করিয়াছিল, সেই বক্রদন্ত বিশিষ্ট দন্তবক্র অসুরের বিনাশ ঘটনার পরে পুনর্ব্বার গোলকবাসীদিগের

(ক) বাঞ্ছিতঃ সতাং সাধূনামন্তো নাশো যেন স চ বক্রঃ কুটিলশ্চ যো দন্তবক্রস্তস্য সংবত্তুদন্ততঃ যুদ্ধবৃত্তান্ততঃ। আঃ।

তদা কদাচিদনবদ্যহরিভক্তিবিদ্যাবিশারদসর্ব্বমনোরথ-পারদশ্রীনারদকৃপাকূপারতরঙ্গলব্ধতৎপ্রসঙ্গসারৌ মধুকণ্ঠস্নিগ্ধ-কণ্ঠাভিধসূতপ্রভবনবকুমারৌ শ্রীমদ্‌ব্রজমহেন্দ্রতৎকুমারাদিভি-র্ব্বিরাজমানং তদেব সদনমাসদতাম্‌ ॥ ৮ ॥

তদা চ তদাচরিতনিয়োগং পরি তদেকবৃত্তিতয়া তন্ত্রী-নিযন্ত্রিতগীতযন্ত্রতুল্যৌ পরমকুল্যৌ পরস্পরং কথকতাং (১) কথঙ্কথিকতামপি মুহুঃ সম্প্রথয্য সর্ব্বশর্ম্মশীলাং শ্রীকৃষ্ণস্য ব্রজলীলাং কথায়ামুন্মীলয়ামাসতুঃ ॥ ৯ ॥

তদেবং তৎকথাকথকয়োর্মধুকণ্ঠস্নিগ্ধকণ্ঠয়োঃ সমাগমং বর্ণয়তি—তদা কদেত্যাদিগদ্যেন। তৌ কিম্ভূতৌ তদাহ—অনবদ্যা নির্দ্দোষা যা হরিভক্তিবিদ্যা তস্যাং বিশারদো নিপুণঃ স চাসৌ সর্ব্বমনোরথস্য পারদশ্চেতি সর্ব্বেষাং যো মনোরথঃ কামস্তস্য পারং তদধিকং দদাতীতি স চাসৌ নারদশ্চেতি তস্য কৃপৈব অকূপারঃ সমুদ্রঃ, তস্য তরঙ্গেণ লব্ধ স্তস্য তাদৃশপ্রসঙ্গস্য সারো যয়োস্তৌ আসদতাং প্রাপ্নুতঃ ॥ ৮ ॥

তদনন্তরং বৃত্তমাহ—তদা চেত্যাদিগদ্যেন। তদাচরিতনিয়োগং। পরীতি তস্য কথন-কর্ম্মণি যো নিয়োগস্তং পরি লক্ষীকৃত্য তদেকবৃত্তিতয়া তস্মিন্‌ যা একবৃত্তিরেকনিষ্ঠতা তয়া, তৌ কথায়াং শ্রীকৃষ্ণস্য ব্রজলীলামুন্মীলয়ামাসতুরিত্যন্বয়ঃ। তৌ কিম্ভূতৌ তন্ত্রীনিযন্ত্রিতগীতযন্ত্রস্য

সম্বন্ধে পদ্মপুরাণের উত্তরখণ্ড প্রভৃতি যে সকল ভাবী প্রমাণ সকল বিদ্যমান আছে, সেই সকল লক্ষ্য করিয়া তাঁহার সেই প্রদেশে প্রবেশ হইয়াছিল ॥ ৭ ॥

যৎকালে ঐ প্রদেশে তাঁহার প্রবেশ হয়, তৎকালে কৃষ্ণচরিত্রের বর্ণনকারী মধুকণ্ঠ এবং স্নিগ্ধকণ্ঠ সেই গৃহে আগমন করিয়াছিল। এই সূতসঞ্জাত নবকুমারদ্বয় যৎকালে ঐ গৃহে আগমন করে, তখন শ্রীমান্‌ ব্রজরাজ এবং তদীয় পুত্র ও আত্মীয় স্বজন সেই গৃহে বিরাজমান ছিলেন। এই দুই জনের সুখ্যাতির সীমা ছিল না। কারণ, যে দেবর্ষি নারদ, নির্দোষ হরিভক্তি বিদ্যাতে বিশারদ ছিলেন, এবং যিনি সকলের যেরূপ কামনা, তাহা অপেক্ষাও অধিক দান করিতে পারিতেন; সেই দেবর্ষি নারদের কৃপারূপ সমুদ্রের তরঙ্গদ্বারা মধুকণ্ঠ এবং স্নিগ্ধকণ্ঠ ঐ প্রসঙ্গের সারভাগ লাভ করিয়াছিল ॥ ৮ ॥

তৎকালে নারদ মুনি ঐ দুইজনকে কথনকার্য্যে আদেশ করেন। সেই

(১) স্যাৎ কথঙ্কথিকঃ প্রষ্টেতি ত্রিকাণ্ডশেষঃ। আঃ।

তত্র চ; তস্য পিতৃপৈতামহং বৃত্তং পূর্ব্বং তৌ বৃত্তং কুর্ব্বন্তৌ তচ্চরিতভব্যময়নব্যকাব্যস্যাপি তদিবাচরিতবন্তৌ জন্মবৃত্তেন চ জন্মবৃত্তমিব ॥ ১০ ॥

সমনন্তরঞ্চ যদ্বিচিত্রং তস্য চরিত্রং সক্রমতয়া সমবর্ণয়তাম্ ॥ ১১ ॥

সারঙ্গাদেস্তুল্যৌ পরমকুল্যৌ পরমমান্যৌ পরস্পরং কথকতাং বাচকতাং কথঙ্কথিকতাং প্রচ্ছকতামপি মুহুঃ সম্প্রথয্য সংশয়বিলয়াদিনা বিস্তীর্য্য ব্রজলীলাং কিম্ভূতাং সর্ব্বশর্ম্মশীলাং সর্ব্বাণি শর্ম্মাণি সুখানি শীলং স্বভাবো যস্যাস্তাম্ ॥ ৯ ॥

তৌ বিশিনষ্টি—তত্র চেত্যাদিগদ্যেন। তৌ কিম্ভূতৌ তস্য শ্রীকৃষ্ণস্য পিতৃপৈতামহং বৃত্তং বৃত্তান্তং পূর্ব্বং বৃত্তং জীবিকাং অধীতং বা কুর্ব্বন্তৌ তস্য শ্রীকৃষ্ণস্য চরিতং ভব্যং শুভং তন্ময়ং যন্নব্যকাব্যং তস্যাপি বৃত্তং তদিব বৃত্তমিবাচরিতবন্তৌ, তত্র দৃষ্টান্তঃ জন্মনো বৃত্তেন অতীতত্বেন জন্মনো বৃত্তং ব্যবহারমিবেতি ॥ ১০ ॥

সমনন্তরমিত্যাদিগদ্যং সুগমং। সক্রমতয়া সুপারিপাটীতয়া ॥ ১১ ॥

আদেশ লক্ষ্য করিয়া একাগ্রতা অবলম্বন পূর্ব্বক উভয়েই কথার মধ্যে শ্রীকৃষ্ণের ব্রজলীলা প্রকটিত করিল। তন্ত্রী সংযুক্ত গীতযন্ত্র সারাঙ্গ প্রভৃতির মত উভয়েই মহামাননীয়। উভয়েই পরস্পর সংশয় নিরাসাদি দ্বারা বাচকতা এবং প্রশ্ন-কারকতা বারংবার বিস্তার করিয়া ব্রজলীলা প্রকাশ করে। ইহারা যে ব্রজলীলা প্রকাশ করে, তাহার স্বভাবই এইরূপ যে, তাহাতে সকল প্রকার সুখ সংঘটিত হইয়া থাকে ॥ ৯ ॥

তন্মধ্যে উভয়েই শ্রীকৃষ্ণের পিতা এবং পিতামহের পূর্ব্বঘটনা অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করিত বা অধ্যয়ন করিত। পরে জন্ম বৃত্তান্ত অতীত হইলেও লোকে যেরূপ জন্মের ঘটনা ব্যবহার করিয়া থাকে, সেইরূপ তাহারা দুইজনে শ্রীকৃষ্ণের চরিত্ররূপ মঙ্গলময় নবীন কার্য্য অতীত হইলেও তাহার ঘটনা যেন ব্যবহার করিয়াছিল ॥ ১০ ॥

অনন্তর শ্রীকৃষ্ণের যাহা বিচিত্র চরিত্র উভয়ে তাহা পারিপাটী রূপে বর্ণন করিয়াছিল ॥ ১১ ॥

তচ্চেত্থমুত্তরকথা-প্রথনার্থমনুস্মর্য্যতে ॥ ১২ ॥

অহো! যেন খলু পূতনা পূতনারী বভূব শকটঃ স কট-বল্লযুতয়া পতনমবাপ। তৃণাবর্ত্তস্তৃণাবর্ত্তবদ্বিঘটিতাঙ্গতাং গতবান্। অর্জ্জুনযুগলং চার্জ্জুনবৎ কৃতমনুগ্রহং জগ্রাহ। তত্র বৎসকস্তদ্বৎসকঃ বকস্তু বক এব।

ব্যোমশ্চ ব্যোমবদেব ভবিতুং যুক্তঃ ॥ ১৩ ॥

আস্তামপীদং। তদিদং তু তত্রাতিচিত্রং। যদহো! অঘোঽপ্যনঘ আসীৎ। কালীয়শ্চ মুক্তকঞ্চুক ইব জীবন্নেব নির্ম্মুক্ততয়াভিধীয়তে ইতি ॥ ১৪ ॥

অধুনা ক্রমেণ তচ্চরিত্রং বর্ণয়তঃ উত্তরকথা গোলোকপ্রবেশস্তৎপ্রথনার্থং বিস্তারার্থং ॥ ১২ ॥

তচ্চ অহো ইত্যাদিগদ্যেন বর্ণয়তি। যেন পূতনা পাপিনী রাক্ষসী পূতা চাসৌ নারী অর্থাৎ ধাত্রীচেতি তাদৃশী বভূব, যেন স শকটঃ কটবৎ তৃণাসন ইব ঘূর্ণয়া বিকৃতবৎ বিঘটিতমঙ্গং যস্য তদ্ভাবতাং। অর্জ্জুনযুগ্মং যমলার্জ্জুনৌ অর্জ্জুনবৎ কৃতং অর্জ্জুনে পাণ্ডুপুত্রে কৃতমনুগ্রহং যথা। বৎসকঃ বৎসাসুরঃ সকস্তদ্বৎ গোবৎসবৎ ক্ষুদ্রবদিত্যর্থঃ। বকাসুরস্তু বকঃ পক্ষিবিশেষস্তেন তুচ্ছ এব ব্যোমাসুরশ্চ ব্যোমবদেব শূন্যমিব অর্থান্মৃতো ভবিতুং যুক্তঃ ॥ ১৩ ॥

অপিচ তদ্বর্ণয়তি—আস্তামিত্যাদিগদ্যেন। অঘোঽপি অঘাসুরোঽপি অনঘঃ অতিপবিত্রং তস্য সাযুজ্যমুক্তিবর্ণনাৎ। কালীয়শ্চ জীবন্নেব নির্ম্মুক্ততয়া নিঃশেষেণ যো মুক্তো ভক্তিসম্বলিতত্বং তদ্ভাবতয়া জীবন্মুক্তঃ কথিতঃ ॥ ১৪ ॥

এক্ষণে উত্তর বা পর কথা, অর্থাৎ গোলোক প্রবেশ, বিস্তার করিবার জন্য, এইরূপে সেই কৃষ্ণচরিত্র অনুস্মরণ করা যাইতেছে ॥ ১২ ॥

আহা! যাঁহার কৃপায় পাপিণী পূতনা রাক্ষসী পবিত্র নারী অর্থাৎ ধাত্রী হইয়াছিল, শকটাসুর তৃণ নির্ম্মিত আসনের মত লঘু ভাবে পতিত হইয়াছিল, তৃণাবর্ত্ত অসুরের অঙ্গ তৃণ রাশির মত বিশ্লিষ্ট হইয়াছিল; যিনি পার্থ অর্জ্জুনের মত যমলার্জ্জুন দুই অসুরকে অনুগ্রহ করিয়াছিলেন, তাহার মধ্যে আবার বৎসাসুর গোবৎসের মত ক্ষুদ্র হইয়াছিল, বকাসুর বক পক্ষীর মত তুচ্ছ হইয়াছিল; সুতরাং ব্যোমাসুরের ব্যোমের মত অর্থাৎ শূন্যের মত মৃত্যু প্রাপ্ত হওয়া উচিত ॥ ১৩ ॥

ইহাদের কথা এক্ষণে স্থগিত থাকুক ইহাও কিন্তু অত্যন্ত অদ্ভুত ব্যাপার।

তদেবমপি পরমবীর্য্যশালী শালীনতা (ক) বশম্বদতয়া নিজজ্যায়সি যশঃ সম্বলয়ন্ ধেনুকপ্রলম্বৌ তৎপ্রতাপানল-জ্বালায়াং লম্বমানৌ যচ্চকার তেন লব্ধমধুরাচারতাপ্রচারশ্চায়ং নশ্চেতসি বিকারসারমাসাদয়তি ॥ ১৫ ॥

অহো ! নিজজনেষু সৌহৃদ্যহৃদ্যতাং তস্য পশ্য। যঃ খলু তানবন্ দবহুতাশনমপি নিজাশনমাচচার ॥ ১৬ ॥

অথাধুনা শ্রীবলদেবস্য তচ্চরিতং বর্ণয়ত স্তদেবমিত্যাদিগদ্যেন। বলদেবস্য শালীনতা শ্লাঘাবিশিষ্টতা তয়া যা বশম্বদতা অধীনতা তয়া নিজজ্যায়সি বলদেবে যশঃ সংবলয়ন্ প্রচারয়ন্ পরমবীর্য্যশালী শ্রীকৃষ্ণঃ ধেনুকপ্রলম্বৌ তস্য বলদেবস্য প্রতাপানলজ্বালায়াং প্রতাপাগ্নিশিখায়াং লম্বমানৌ সংলগ্নৌ যচ্চকার তেন লব্ধো মধুরাচারতাপ্রচারঃ সোঽয়ং নোঽস্মাকং চেতসি বিকারসারং বিকারপ্রাবল্যং আসাদয়তি প্রাপয়তি ॥ ১৫ ॥

পুনস্তস্য প্রেমাধীনতাং বর্ণয়ত—অহো ইতিগদ্যেন। সৌহৃদ্যহৃদ্যতাং সৌহৃদ্যেন সখ্যতয়া যা হৃদ্যতা প্রিয়তা তাং অবন্ রক্ষন্ অবরক্ষণে ধাতুঃ। নিজাশনং নিজভোগ্যং। অন্যৎ সুগমম্ ॥১৬

আহা! সেই অঘাসুরও অনঘ অর্থাৎ অত্যন্ত পবিত্র হইয়াছিল। কঞ্চুক (খোলোস) মুক্ত সর্পের মত কালিয় সর্পও জীবিতাবস্থাতেই ভক্তি সম্বলিত ভাব ধারণ করিয়া জীবন্মুক্ত হইয়াছিল ॥ ১৪ ॥

অতএব এইরূপ ঘটিলেও পরম বীর্য্যশালী শ্রীকৃষ্ণ, নিজের জ্যেষ্ঠ বলরাম আত্মশ্লাঘা বিশেষের অধীনতা বহন করাতে তাঁহার উপরে কীর্ত্তি প্রচার করিয়া এবং সেই বলদেবের প্রতাপ রূপ অগ্নির শিখা মধ্যে ধেনুক এবং প্রলম্ব এই দুই অসুরকে সংলগ্ন করিয়া যে কার্য্য করিয়াছিলেন এবং সেই কার্য্যের অনুষ্ঠানে শ্রীকৃষ্ণ যে মধুর আচরণ লাভ করিয়াছিলেন, তাহার প্রচারে আমাদের হৃদয়ে প্রবল ভাবে বিকারের আবির্ভাব হইতেছে ॥ ১৫ ॥

আহা! আত্মীয় জনগণের উপর শ্রীকৃষ্ণের যে সখ্য এবং প্রেম আছে, তাহা দর্শন কর। যিনি ঐ প্রেমের অধীন হইয়া তাহাদিগকে রক্ষা করিবার জন্য দাবানল নামক হুতাশনকেও নিজে ভোজন করিয়াছিলেন ॥ ১৬ ॥

(ক) স্যাদধৃষ্টেতু শালীন ইত্যমরঃ। অাঃ।

বর্ষগণনয়া পৌগণ্ডোঽপ্যবিকলাঙ্গতয়া বামভুজং গিরিচ্ছত্রং পরি প্রচণ্ডদণ্ডং চকার। হংহো! তস্য বহলকুতূহলতামপি কলয়। যোঽয়ং কুদর্শনতাং প্রাপ্তমপি সুদর্শনং সুদর্শনমেব নির্ম্মিতবান্। শঙ্খচূড়নাম্নঃ খল্বস্য মণিচূড়তা ন যুক্তা স্যাদিতীব যক্ষতয়া বিত্তস্য যক্ষবিত্তস্য (ক) তস্য শঙ্খমাত্রাবশেষতয়াচূড়ামণিমপজহার। অরিষ্টং রিষ্টং চকার। কেশিনঃ প্রত্যয়মাকৃষ্য তদর্থেন চাত্মনি কৃতার্থতাং প্রকৃষ্য (খ) কেশবতাং নির্দ্দেশয়ামাস॥ ১৭ ॥

পুনস্তস্য তচ্চরিতং কথয়তঃ—বর্ষগণনয়েত্যাদি গদ্যেন। বর্ষগণনয়া পৌগণ্ডাবস্থোঽপি অবিকলাঙ্গতয়া শ্রমাদিরাহিত্যেন গিরির্গোবর্দ্ধনঃ স এব ছত্রং ছত্রবৎ জলাদিনিবারকঃ তং পরি লক্ষীকৃত্য বামভুজং তস্য প্রচণ্ডদণ্ডং চকার। তস্য কৃষ্ণস্য বহলকুতূহলতাং প্রচুরকৌতূহলং কলয় পশ্য। কুদর্শনতাং সর্পতাং সুদর্শনো গন্ধর্ব্বঃ সুদর্শনং তৎ স্বরূপমেব। হোরিকালীলায়াং শঙ্খচূড়স্য পরাজয়ং কথয়তঃ যক্ষতয়া বিত্তস্য খ্যাতস্য যক্ষবিত্তস্যাতিকদর্য্যস্য শঙ্খমাত্রাবশেষতয়া শঙ্খো ললাটাস্থি তন্মাত্রমবশেষো যত্র তদ্ভাবতয়া। অরিষ্টং বৃষভাসুরং রিষ্টমভাবং শূন্যং অর্থান্মৃত্যুগ্রস্তং চকার। কেশিনঃ প্রত্যয়মাকৃষ্যেতি কেশশব্দাৎ বিশিষ্টার্থে ইন্ প্রত্যয়ঃ। তমাকৃষ্টকেশবিশিষ্টতামাচ্ছিদ্য তদর্থেন কেশবিশিষ্টতয়াচ কৃতার্থতাং কৃতোঽর্থঃ প্রয়োজনমস্য তদ্ভাবতাং প্রকৃষ্য আত্মসাৎকৃত্য আত্মনি কেশবতাং কেশিনামানমসুরং বধিতবান্ ইতি যৌগিকার্থং নির্দ্দেশয়ামাস বোধিতবান্॥১৭॥

যদিচ শ্রীকৃষ্ণ বর্ষ গণনানুসারে পৌগণ্ড অর্থাৎ দশমবর্ষের অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন, তথাপি শ্রম ঘর্ম্মাদি না থাকাতে গোবর্দ্ধন পর্ব্বতকে ছত্রের মত জলাতপাদির নিবারক দেখিয়া আপনার বাম হস্তকে সেই ছত্রের প্রচণ্ড দণ্ডস্বরূপ করিয়াছিলেন। তুমি সেই শ্রীকৃষ্ণের প্রচুর কৌতূহল অবলোকন কর। কারণ, এই শ্রীকৃষ্ণ সর্পযোনি প্রাপ্ত সুদর্শন নামক গন্ধর্ব্বকে সুদর্শন বা তাহার স্বরূপ নির্ম্মাণ করিয়াছিলেন। হোরী লীলা কালে এই শঙ্খচূড় নামক অসুরের চূড়াতে মণি থাকা উপযুক্ত নহে, এই বিবেচনা করিয়াই যেন (যিনি যক্ষ নামে বিখ্যাত অতি কদর্য্য) সেই শঙ্খচূড়ের, শঙ্খ অর্থাৎ ললাটের অস্থি মাত্র অবশিষ্ট রাখিয়া

(ক) যক্ষবিত্তস্য ইতি মাণ্ডপুস্তকে নাস্তি।

(খ) প্রত্যয়ং জ্ঞানং। পক্ষে মত্বর্থীয় য প্রত্যয়ঃ। আঃ।

কিঞ্চ—

যা জন্মশ্রীরজনি গদিতা যা চ কৌমারশোভা
যা পৌগণ্ডদ্যুতিরঘরিপোর্যা চ কৈশোরলক্ষ্মীঃ।
একা সা সা হৃদয়মহরন্নস্তদা দ্রাগিদানীং
সংহত্যামূস্তদথ বলবল্লোভতঃ ক্ষোভয়ন্তি ॥ ১৮ ॥

অথ তস্য সর্ব্বসামপি লীলানাং মনোহরত্বং কথয়তঃ—কিঞ্চেত্যাদিনা। অঘরিপোঃ শ্রীকৃষ্ণস্য যা জন্মশ্রীঃ জন্মলীলাসম্পৎ অজনি জাতা, যা চ কৌমার-শোভা, গদিতা যা চ কৈশোরশোভা গদিতা একৈব সা সা মনোহরত্বেন নোঽস্মকং হৃদয়ং তদা দ্রাক্ ঝটিতি অহরৎ তা অমূরিদানীং সংহত্য মিলিত্বা তৎ হৃদয়ং বলবল্লোভতঃ ক্ষোভয়ন্তি অস্থিরং কুর্ব্বন্তি ॥ ১৮ ॥

চূড়ামণি অপহরণ করিয়াছিলেন। অরিষ্ট অর্থাৎ বৃষভাসুরকে রিষ্ট বা মৃত্যুর অধীন করিয়াছিলেন 'কেশো বিদ্যতে অস্য' (কেশ আছে যাহার) এই বাক্যে কেশ শব্দের উত্তর বিশিষ্টার্থে ইন্ প্রত্যয় হয়। শ্রীকৃষ্ণ সেই কেশী অসুরের প্রত্যয়, অর্থাৎ কেশ বিশিষ্টতা রূপ অর্থ আকর্ষণ করিয়া এবং সেই কেশ বিশিষ্টতা অর্থ দ্বারা তাহার যে কৃতার্থতা ঘটিয়াছে, তাহা আত্মসাৎ করিয়া আপনাতে কেশ-বশতা, (অর্থাৎ তিনি কেশি নামক অসুরকে বধ করিয়াছিলেন) এইরূপ যৌগিক অর্থ প্রচারিত করিয়া জানাইয়াছিলেন ॥ ১৭ ॥

অপিচ শ্রীকৃষ্ণের যে জন্ম-লীলারূপ শোভা ঘটিয়াছিল। তাঁহার যেরূপ কৌমার-শোভা কথিত হইয়াছে, এবং তৎপরে তদীয় যেরূপ কৈশোর-শোভা বর্ণিত হইরাছে; সেই সেই একই শোভা মনোহর ভাবে তৎকালে আশু আমাদিগের মন হরণ করিয়াছিল। এক্ষণে সেই সমস্ত শোভা একত্র মিলিত হইয়া আমাদের সেই অন্তঃকরণকে লোভ দেখাইয়া প্রবল ভাবে অস্থির করিতেছে ॥ ১৮ ॥

পিত্রোর্ব্বাৎসল্যমাদিস্থিতবয়সি মুকুন্দস্য পৌগণ্ডভাবে
সখ্যং তেষাং বহূনাং কিমপি মৃগদৃশাং নব্যতারুণ্যলক্ষ্ম্যাম্।
স্মারং স্মারং মনো নশ্চলতি ন পুরতঃ কিন্তু তত্রাথ ভূয়ঃ
সম্ভূয়াস্তে গৃহান্তর্নিধিমিব বণিজঃ সুষ্ঠু দূরং প্রয়াতু ইতি ॥১৯॥

তদেবমপি তত্তুলয়া তৎপোষার্থমুদ্যমান্তরং কুর্ব্বন্তঃ পরামৃশামঃ। যদ্যপি তত্র তত্র মোহনতাধুর্য্যং তন্মাধুর্য্যং তৌ সূতসুতৌ যথাযোগং ব্যঞ্জিতবন্তৌ। তথাপি "ন বিনা বিপ্রলম্ভেন সম্ভোগঃ পুষ্টিমশ্নুতে" ইতি রীত্যা ব্রজসতৃষ্ণেন

তথাপি বৈশিষ্ট্যং কথয়তঃ —পিত্রোরিতি। মুকুন্দস্য আদিস্থিতবয়সি পিত্রোর্যৎ বাৎসল্যং লালনাদি পৌগণ্ডাবস্থায়াং তেষাং বহূনাং যৎ সখ্যং নব্যতারুণ্যলক্ষ্ম্যাং নবকৈশোরসভায়াং যদ্বা নব্যতারুণ্যা লক্ষ্মীঃ শোভা যাসাং তাসাং মৃগদৃশাং শ্রীরাধাদীনাং কিমপি অতিরহস্যত্বাৎ মধুরভাবরূপং যৎ তত্তৎ স্মারং স্মারং স্মৃত্বা স্মৃত্বা নোঽস্মাকং মনশ্চলতি ন পুরতস্তদগ্রলীলায়াং দূরং প্রয়াত্বিত্যাদি অথ চিত্তে ভূয়ঃ সংভূয় মিলিত্বা আস্তে যথা বণিজঃ গৃহান্তঃ গৃহমধ্যে নিধিঃ সুষ্ঠু আস্তে ॥ ১৯ ॥

অথ গ্রন্থকার স্তত্র সঙ্গতিং দর্শয়তি—তদেবমিত্যাদিগদ্যেন। তত্তুলয়া মনোহরত্বেন তৎপোষার্থং বাৎসল্যাদীনাং পুষ্ট্যর্থং উদ্যমান্তরং বিচ্ছেদবর্ণনং কুর্ব্বন্তঃ। লক্ষণে শতৃপ্রত্যয়ঃ। কর্ত্তুং পরামৃশামঃ যদ্যপি তত্র তত্র মোহনতাধুর্য্যং মোহনতাভারবাহকং তন্মাধুর্য্যং ব্যঞ্জিতবন্তৌ প্রকাশয়ামাসতুঃ।

শ্রীকৃষ্ণের প্রথম বয়সে মাতা পিতার যেরূপ বাৎসল্য বা লালন পালনাদি হইয়াছিল পৌগণ্ডাবস্থায় তাঁহাদের সকলের যেরূপ সখ্য ঘটিয়াছিল; এবং নবীন কৈশোর শোভা আবির্ভূত হইলে মৃগনয়না শ্রীরাধিকা প্রভৃতি ললনাদিগের যেরূপ অনির্ব্বাচ্য মধুর ভাব ঘটিয়াছিল; সেই সকল বিষয় বারংবার স্মরণ করিয়া আমাদের মন অগ্রগামী হইতে পারিতেছেনা। এক্ষণে ঐ মন লীলাতে দূরে গমন করুক। যেরূপ বণিকের গৃহ মধ্যে উত্তমরূপে নিধি অবস্থান করে, সেইরূপ সেই সকল বিষয় একত্র মিলিত হইয়া আমাদের মনোমধ্যে অবস্থান করিতেছে ॥ ১৯ ॥

অতএব এইরূপ হইলেও, তাঁহারা মনোহর ভাব থাকাতে বাৎসল্যাদিভাবের পরিপুষ্টির জন্য, আমরা বিচ্ছেদ বর্ণন করিতে পরামর্শ করিতেছি। যদ্যপি সেই সূত পুত্রদ্বয় তত্তৎ বিষয়ে মোহনতার ভার বাহক শ্রীকৃষ্ণের মাধুর্য্য যথাবিধি প্রকাশ

শ্রীকৃষ্ণেন ভক্তদুঃখভারনিঃসারবিশারদস্য শ্রীনারদস্য সম্বাদমনু তস্য যদুনিগমগমনং (ক) পুনর্ব্রজাগমনং গোলোকধামসঙ্গমনমপি সমাসাদ্বর্ণিতবন্তৌ ॥ ২০ ॥

তত্তৎ সর্ব্বং বর্ণ্যমানমবকর্ণ্য দিনান্তরে লব্ধান্তরে পূর্ব্ববদেব পূর্ব্বাহ্লে শ্রীকৃষ্ণসনাথসভাভাসমানঃ শ্রীব্রজনাথপ্রধানঃ সব্রজজনস্তদ্গমনাদিকস্য ব্যাসং তাবেব পপ্রচ্ছ ॥ ২১ ॥

তথাপীত্যাদি ব্রজে কৃষ্ণয়া সহ বর্ত্তমানো বজমতৃষ্ণ স্তেন শ্রীকৃষ্ণেন সহ শ্রীনারদস্য সংবাদমনু লক্ষীকৃত্য তস্য যদুপুরগমনাদিকং সমাসাৎ সংক্ষেপাদ্বর্ণিতবন্তৌ, শ্রীনারদস্য কিম্ভূতস্য ভক্তানাং যো দুঃখভারো দুঃখাতিশয় স্তস্য নিঃসারে দূরীকরণে বিশারদো নিপুণঃ তস্য ॥ ২০ ॥

তত্তৎ সর্ব্বমিতিগদ্যেন পুনস্তদ্ব্যাখ্যাতি—তত্তদিতি। শ্রীকৃষ্ণসনাথসভাভাসমান ইতি যুবরাজত্বেন শ্রীকৃষ্ণঃ সমানো নাথো যত্র, সা চাসৌ সভা চেতি তস্যাং ভাসমানঃ তদ্গমনাদিকস্য ব্যাসং তস্য শ্রীকৃষ্ণস্য যদুপুরগমনাদিকস্য বিস্তারং, তাবেবেতি মধুকণ্ঠস্নিগ্ধকণ্ঠাবেব অন্যৎ সুগমম্ ॥ ২১ ॥

করিয়াছে বটে, কিন্তু তথাপি "বিপ্রলম্ভ বা বিচ্ছেদ ব্যতীত কখন সম্ভোগসুখ পরিপুষ্ট হইতে পারে না" এইরূপ রীতি থাকাতে ঐ মধুকণ্ঠ এবং স্নিগ্ধকণ্ঠ ব্রজাভিলাষী শ্রীকৃষ্ণের সহিত, ভক্তগণের দুঃখ ভার মোচনে একান্ত নিপুণ, দেবর্ষি নারদের সংবাদ লক্ষ্য করিয়া, শ্রীকৃষ্ণের যদুপুরে গমন, পুনর্ব্বার ব্রজে আগমন এবং গোলোক ধামে গমন, ইহা সংক্ষেপে বর্ণন করিয়াছিল ॥ ২০ ॥

এইরূপে উভয়ে যখন বর্ণন করিতে লাগিল, তাহা শুনিয়া অন্যদিনে অবসর বুঝিয়া অবিকল পূর্ব্বের মত পূর্ব্বাহ্লে শ্রীকৃষ্ণবিরাজিত সভায় দীপ্যমান, শ্রীব্রজরাজ প্রমুখ ব্রজবাসী জনগণ, মধুকণ্ঠ এবং স্নিগ্ধকণ্ঠের নিকট শ্রীকৃষ্ণের যদুপুরে গমনাদির কথা বিস্তার করিয়া কীর্ত্তন করার জন্য জিজ্ঞাসা করিয়াছিল ॥ ২১ ॥

(ক) পুনর্ব্রজাগমনমিতি আনন্দপুস্তকে নাস্তি

যতঃ—

(ক) যদপ্যন্তঃপীড়া প্রততনিজদুঃখ-শ্রবণত-
স্তথাবদ্ভাতা স্যাত্তদপি মনুজাস্তন্ন জহতি।
ব্রণং শুষ্কীভাবং গতমপি নিজং তে স্মৃততয়া
বলাৎ পীড়ং পীড়ং নিবিড়মনুভূতং বিদধতি ॥ ২২ ॥

অথবা—

চিরাদ্বন্ধৌ লব্ধেঽপ্যসুখমভিতো যাতি ন তদা
গৃহীত্বা তৎকণ্ঠং ন যদি বিনয়েত্তৎপ্রিয়তমঃ।
সদা শালীনস্তু স্বয়মিদমকুর্ব্বন্ ব্রজজন-
স্তথা কৃষ্ণ স্তাভ্যাং সদসি কথকাভ্যাগকথয়ৎ ॥ ২৩ ॥

ননু মহাদুঃখহেতোস্তস্য বিস্তরেণ শ্রবণে কথং তেষাং পৃচ্ছা জাতা তত্র সদৃষ্টান্তমাহ—যদিতি। যদ্যপি প্রততনিজদুঃখশ্রবণতঃ অন্তঃ পীড়া তাদৃগ্দুঃখং যদাভূৎ তথাবদ্ভাতা দীপ্তা স্যাৎ, তদপি তথাপি তে মনুজাস্তৎ তাদৃগ্দুঃখশ্রবণং ন জহতি ন ত্যজন্তি যথা নিজং ব্রণং শুষ্কীভাবং গতমপি বলাৎ স্মৃততয়া তে নিবিড়ং পীড়ং পীড়ং যথাস্যাৎ তথানুভূতং বিদধতি অনুভবং কুর্ব্বন্তি ॥ ২২ ॥

পুনর্দৃষ্টান্তরেণ তৎ সাধয়তি অথবেত্যাধিনা। চিরাৎ বহুদিনদূরপ্রবাসাৎ বন্ধৌ লব্ধেঽপি সতি তদা অভিতঃ সর্ব্বতোভাবেন তদসুখং ন যাতি তদেব দর্শয়তি—স প্রিয়তমঃ তৎকণ্ঠং গৃহীত্বা তৎ অসুখং ন বিনয়েৎ ন বিস্মরেৎ। এবমপি সদা শালীনোঽধৃষ্টঃ নম্রো ব্রজজনঃ স্বয়মিদং বর্ণনং অকুর্ব্বন্ তথা কৃষ্ণোঽপি সদসি তাভ্যাং কথকাভ্যাং অকথয়ৎ শ্রাবয়ামাস ॥ ২৩ ॥

যেরূপ নিজের ব্রণ শুষ্ক হইয়া যাইলে ও মানবেরা তাহাকে স্মরণ করিয়া প্রবলভাবে অত্যন্ত মনঃপীড়া প্রাপ্ত হয়, এ বিষয় নিবিড় ভাবেই অনুভব করিয়া থাকে, সেইরূপ বিস্তারিত নিজ দুঃখ শ্রবণ করিলে, যদ্যপি মনের কষ্ট সেইরূপেই প্রদীপ্ত হইয়া উঠে বটে, তথাপি ব্রজবাসী জনগণ, আপন আপন দুঃখ বার্ত্তা শ্রবণ করিতে পরাঙ্মুখ হয় নাই ॥ ২২ ॥

অথবা বহু দিবস প্রবাসে বাস করিবার পর বন্ধুকে লাভ করিলেও তৎকালে সর্ব্বতোভাবে সেই অসুখ দূর হয় না। সেই প্রিয়তম তাহার কণ্ঠ ধরিয়া সেই

(ক) প্রতত স্থলে প্রতনেতি বৃন্দাবনগৌরানন্দপাঠঃ

অথ পৃষ্টৌ চ তৌ সুখদুঃখস্পৃষ্টৌ শ্রীরামচন্দ্রসভায়াং কুশ-লবাবিবাস্যাং শ্রীকৃষ্ণচন্দ্র-সভায়াং প্রতুষ্টুবাতে। তত্র প্রথমতঃ স্নিগ্ধকণ্ঠঃ সমুৎকণ্ঠতয়া বভাষে ॥ ২৪ ॥

মঙ্গলাচরণম্।

তত্র চ ;—

গীর্দ্দেবীমনুয়ামঃ, সকলশ্রুতিসারভাগবতরূপাম্।
যদ্রসসিদ্ধান্তাভ্যাং, নবমপি কাব্যং প্রমাণতাং যাতি ॥২৫॥

প্রশ্নান্তরং, তয়োঃ কথনপ্রকারমাহ অথেত্যাদিগদ্যেন। সুখদুঃখস্পৃষ্টাবিতি শ্রীকৃষ্ণলীলায়াঃ স্বভাবেন সদা সুখময়ত্বাৎ, সুখেন বিরহস্য বর্ণনসময়ে মনঃকষ্টজনকত্বাৎ দুঃখেন চ সংসক্তৌ প্রতুষ্টুবাতে প্রস্তুতবন্তৌ। অন্যৎ সুগমম্ ॥ ২৩ ॥

অথ তত্র কথনে বিঘ্নাভাবার্থং শ্রীভাগবতরূপাং বাগ্দেবীমাশ্রয়ন্তে গীর্দ্দেবীতি। সকলশ্রুতিসারেতি "সর্ব্ববেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে" ইতি দ্বাদশস্কন্ধাৎ। যদ্রসসিদ্ধান্তাভ্যামিতি যস্যাঃ রস আস্বাদ্যোঽর্থঃ সিদ্ধান্তো বস্তুতাৎপর্য্যবিষয়ার্থাবধারণং তাভ্যাং উপলক্ষণে তৃতীয়া। অন্যৎ সুগমম্ ॥ ২৫ ॥

অসুখ ভুলিতে পারে না। এইরূপ সর্ব্বদা নম্র ব্রজবাসী লোক, স্বয়ং ইহা বর্ণন করে নাই। সেইরূপ শ্রীকৃষ্ণও সভামধ্যে সেই দুইজন কথকদ্বারা শ্রবণ করাইয়াছিলেন ॥ ২৩ ॥

অনন্তর ব্রজবাসী লোক সকল যখন তাহাদের দুই জনকে কৃষ্ণলীলা বলিতে অনুরোধ করিল, তখন উভয়েই সুখে এবং দুঃখে আক্রান্ত হইল। কৃষ্ণলীলা স্বাভাবিক সুখদায়িনী, অথচ বিরহবর্ণনকালে মনের কষ্ট হইয়া থাকে। তাহাতেই এককালে সুখ দুঃখে মগ্ন হইয়াছিল। যেরূপ শ্রীরামচন্দ্রের সভায় কুশ এবং লব রামচরিত্র গান করিয়াছিল, সেইরূপ এই শ্রীকৃষ্ণচন্দ্রের সভায় উভয় কথক লীলা বর্ণন করিতে উপক্রম করে। অনন্তর প্রথমে স্নিগ্ধকণ্ঠ উৎকণ্ঠিত-ভাবে বলিতে লাগিল ॥ ২৪ ॥

তন্মধ্যে প্রথমে মঙ্গলাচরণ হইতেছে। শ্রীমদ্ভাগবতের দশম স্কন্ধে উক্ত হইয়াছে যে শ্রীমদ্ভাগবত সকল বেদান্তের সারভাগ। অতএব সকল বেদের

অথ পূর্ব্বচম্পূমনুস্মৃত্য কথা ;—॥ ২৬ ॥

দিনং দিনং চৈবমনন্দি স ব্রজঃ
কৃষ্ণেন কৃষ্ণঃ স ভৃশং ব্রজেন চ।
সিতাখ্যপক্ষঃ সিতকান্তিনা যথা
সিতাখ্যপক্ষেণ যথা সিতদ্যুতিঃ ॥ ২৭ ॥

তদেবমপি ;—

কৃষ্ণায়াসীত্তস্য তৃষ্ণা সমন্তা-
তৃষ্ণায়ৈ বা কৃষ্ণ ইত্যত্র ভেদঃ।
নাভূদিত্থং পুরুষং স্বপ্রকৃত্যা
যুক্তং বিজ্ঞাস্তত্র দৃষ্টান্তয়ন্তি ॥ ২৮ ॥

চম্পূদ্বয়মপ্যেকার্থকং নতু ভিন্নার্থকং তদেব বোধয়িতুমাহ—অথেতি স্বল্পগদ্যেন ॥ ২৬ ॥

তত্র পূর্ব্বচম্প্বাঃ ফলিতং নির্দ্দিশতি—দিনমিতি। স ব্রজঃ "মঞ্চাঃ ক্রোশন্তীতিবৎ" ব্রজস্থজনঃ কৃষ্ণেন হেতুনা অনন্দি হৃষ্টবান্, স কৃষ্ণোঽপি ব্রজেন চ ভৃশমতিশয়মনন্দি উভয়ো নিগতাশ্রয়াশ্রয়িসম্বন্ধাৎ। তত্র দৃষ্টান্তঃ শুক্লপক্ষশ্চন্দ্রেণ চন্দ্রঃ শুক্লপক্ষেণ যথেতি ॥ ২৭ ॥

তাদৃশত্বেন তয়োরভেদং সদৃষ্টান্তমাহ—কৃষ্ণায়েতি। তস্য ব্রজস্য কৃষ্ণায় কৃষ্ণং সন্তোষয়িতুং তৃষ্ণা মনোরথ আসীৎ। কৃষ্ণশ্চ তস্য তৃষ্ণায়ৈ তৃষ্ণাং পূরয়িতুং বা আসীৎ বাশব্দঃ প্রসিদ্ধার্থঃ। ইতি হেতোরত্র ইত্থং ভেদো নাভূৎ। তত্র বিজ্ঞা ইত্থমভেদাংশে স্বপ্রকৃত্যা বুদ্ধ্যাদিভির্যুক্তং পুরুষং জীবং দৃষ্টান্তয়ন্তি দৃষ্টান্তরূপেণ বর্ণয়ন্তি ॥ ২৮ ॥

সার ভাগবতরূপা বাগ্‌দেবীর আমরা অনুসরণ করি। যে বাগ্‌দেবীর আস্বাদ্য বিষয় ভাগবত রসও সিদ্ধান্তদ্বারা নবীন কাব্যাকারে পরিণত, অর্থাৎ এই চম্পূরূপে প্রকাশ পাইয়াছে সেই এই নবীন কাব্যও মূলানুগামী বলিয়া প্রামাণিক হইয়া থাকে ॥ ২৫ ॥

অনন্তর পূর্ব্বচম্পূ অনুস্মরণ করিয়া কথার উপক্রম করা যাইতেছে ॥ ২৬ ॥

যেরূপ শুক্লপক্ষে শীতরশ্মি চন্দ্র হৃষ্ট হইয়া থাকে, এবং শীতরশ্মি দ্বারা শুক্লপক্ষ হৃষ্ট হইয়া থাকে ; সেইরূপ সেই ব্রজবাসী লোক দিন দিন শ্রীকৃষ্ণের নিমিত্ত আহ্লাদিত হইয়াছিল, এবং শ্রীকৃষ্ণও ব্রজবাসী লোকগণের নিমিত্ত অত্যন্ত সন্তুষ্ট হইয়াছিল ॥ ২৭ ॥

অতএব এইরূপ হইলেও ব্রজবাসী লোকের কৃষ্ণকে সন্তুষ্ট করিবার জন্য যেরূপ

পিপাসূনাং নীরং ক্ষুদুদয়বতামন্নমভিতঃ
প্রতপ্তানাং শীতং হিমজড়হৃদাং তপ্তিনিকরঃ ।
যথা তদ্বৎ কৃষ্ণঃ সমজনি যদা গোকুলভুবাং
তদা বৈয়গ্র্যং স প্রতিজনসুখায় প্রতিগতঃ ॥ ২৯ ॥
তাতস্তদ্‌ভ্রাতৃবর্গস্তদখিলভগিনীভর্ত্তৃজামাতৃমুখ্যা
মাতা মাতুঃ পিতুশ্চ স্বসৃমুখমহিলাস্তদ্বদন্যে চ যে যে ।
সর্ব্বেষামেব তেষাং যুগপদপি বসন্নন্তরে বাসয়ংশ্চ
স্বান্তস্তান্ বাসুদেবশ্রুতিভণিতমিব ব্যঞ্জয়ামাস কৃষ্ণঃ ॥৩০॥

এবংভূতানাং গোকুলভুবাং সুখানি সম্পাদয়িতুং কৃষ্ণঃ চঞ্চলতাং যাতি তদাহ—পিপাসূনামিতি। তপ্তিনিকর ইত্যত্র "অঙ্কতিরঙ্ক্ষুধা তুরগ্নিশ্চেতিবৎ" তপধূপসন্তাপে ইত্যস্মাৎ তিঙ্‌প্রত্যয়েন তপ্তিরগ্নি স্তস্য নিকরঃ সমূহঃ যথা পিপাস্বাদীনাং নীরাদি তদ্বৎ যদা গোকুলভুবাং কৃষ্ণঃ সমজনি তদা তদীয়ানাং প্রতিজনানাং সুখায় স কৃষ্ণো বৈয়গ্র্যং প্রতিগতঃ ॥ ২৯ ॥

তস্য তেষাঞ্চ প্রকারান্তরেণাপৃথক্ত্বং ব্যঞ্জয়তি—তাতেতি। তদ্‌ভ্রাতৃবর্গ ইতি পিতৃব্যাদিঃ পিতৃস্বসৃপতিঃ তেষাং জামাতা চ এবং মাতা মাতামহ স্তস্য ভগিন্যাদিস্ত্রিয়শ্চ তদ্বদন্যে ব্রজস্থা যে যে তেষাং সর্ব্বেষা অন্তরে যুগপৎ একদাপি স্বয়ং বসন্ স্বান্তঃ স্বঙ্গদি তান্ বাসয়ন্ বাসুদেবশ্রুতি-ভণিতং বাসুদেব এবেদং সর্ব্বমিত্যাদ্যুপনিষৎ তদেব ব্যঞ্জয়ামাস ॥ ৩০ ॥

বাসনা হইয়াছিল, এবং সেই ব্রজবাসী লোকের চারিদিকে মনোরথ পূরণ করিতে শ্রীকৃষ্ণও বিদ্যমান ছিলেন। এই কারণে এই বিষয়ে কোনরূপ প্রভেদ ঘটে নাই। এই কারণে পণ্ডিতেরা অভেদাংশে পুরুষকে বা জীবকে স্বীয় প্রকৃতি বা বুদ্ধি তত্ত্বাদি দ্বারা যুক্ত বলিয়া দৃষ্টান্ত দিয়া থাকেন ॥ ২৮ ॥

যেরূপ পিপাসার্ত্ত ব্যক্তিগণের পক্ষে জল তৃপ্তি সাধন, ক্ষুধার্ত্ত মানবগণের পক্ষে অন্ন তৃপ্তি সাধন, সর্ব্বতোভাবে সন্তপ্ত জীবগণের পক্ষে হিমই তৃপ্তি সাধন; এবং শীতার্ত্ত-হৃদয় ব্যক্তিগণের পক্ষে তাপরাশি যেরূপ সুখকর হয়, সেইরূপ শ্রীকৃষ্ণ গোকুলবাসী মানবগণের পক্ষে সেইরূপে সুখকর হইয়াছিলেন ও এই কারণে শ্রীকৃষ্ণ তদীয় লোকগণের সুখের নিমিত্ত ব্যাকুলতা প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৯ ॥

পিতা এবং পিতার ভ্রাতৃগণ, ভগিনী, ভগিনীপতি, জামাতা প্রভৃতি আত্মীয়-গণ, মাতা ও মাতৃস্বসা এবং পিতৃস্বসা প্রভৃতি রমণীগণ, এবং ইহা ব্যতীত অন্যান্য

স্থরপতিমণিমানিতাঙ্গলক্ষ্মীঃ
শরদিজসারসসারহারিনেত্রঃ।
নিখিলমতিগতিঃ কথং ন স স্যাৎ-
পিতৃজননীসুখমাধুরীধুরীণঃ॥ ৩১॥

ধ্যানে কূর্ম্মবদীক্ষণে শকলিবদ্‌ঘ্রাণগ্রহে ধেনুবৎ-
স্পর্শে পক্ষিবদস্য পোষণপরৌ শশ্বদ্ব্রজেশাবমূ।
নিত্যং নিত্যমুদঞ্চদুৎকলিকিকামাশাং চিরাদ্বর্দ্ধিতাং
কৈশোরে প্রতিপদ্য সুষ্ঠু ফলিতাং জাড্যং মুদা জগ্মতুঃ॥৩২॥

অধুনা তস্য বাৎসল্যরসৈকপাত্রয়োর্মাতাপিত্রোঃ সুখদায়িত্বং নির্দ্দিশতি—স্থরপতীতি। স কৃষ্ণঃ কথং পিতৃজননীসুখমাধুরীধুরীণো ন স্যাদিত্যন্বয়ঃ। সুখমেব মাধুরী মাধুর্য্যং তস্যা ধুরীণো বাহকঃ, স কথম্ভূতঃ স্থরপতিমণিমানিতাঙ্গলক্ষ্মীঃ ইন্দ্রনীলমণিনা মানিতা স্বস্য শোভা-জয়িত্বেন পূজিতা অঙ্গানাং লক্ষ্মীঃ শোভা যস্য সঃ, শরদিজসারসসারহারিনেত্রঃ সারদপদ্মস্য যঃ সারঃ শ্রেষ্ঠতা তং হর্ত্তুং শীলং যয়োরেবম্ভূতে নেত্রে যস্য সঃ। নিখিলমতিগতিঃ নিখিলানাং জনানাং মতৌ বুদ্ধৌ গতিঃ সঞ্চারো যস্য অন্তর্যামিত্বাৎ সঃ॥ ৩১॥

তয়োর্ব্বাৎসল্যং ব্যঞ্জয়তি—ধ্যানে ইতি। অমূ ব্রজেশৌ শশ্বৎ সদা অস্য শ্রীকৃষ্ণস্য পোষণ-পরৌ সন্তৌ মুদা হর্ষেণ জাড্যং জগ্মতুরিত্যন্বয়ঃ। পোষণপরত্বং দৃষ্টান্তৈর্ব্যঞ্জয়তি—ধ্যানে ইত্যাদি-শকলি মৎস্যঃ তথাচ "দর্শনধ্যানসংস্পর্শৈর্মৎস্যকূর্ম্মবিহঙ্গমাঃ স্বান্যপত্যানি পুষ্ণন্তি তথাহমপি

ব্রজবাসী যে সমস্ত লোক আছে, সেই সমস্ত লোকেরই অন্তঃকরণ মধ্যে শ্রীকৃষ্ণ এককালে বাস করিয়া, এবং স্বকীয় হৃদয়ে তাহাদিগকে বাস করাইয়া, "এই দৃশ্য-মান সমস্ত জগতই বাসুদেব" এই বাসুদেবশ্রুতির বাক্যের মত তিনি একত্ব প্রকাশ করিয়াছিলেন॥ ৩০॥

সেই শ্রীকৃষ্ণ কেনই বা পিতা মাতার সুখরূপ মাধুরী বহন করিবেন না; কারণ ইন্দ্রনীলমণি ইঁহার অঙ্গশোভার কাছে পরাস্ত হয় বলিয়া শ্রীকৃষ্ণের অঙ্গ প্রত্যঙ্গের শোভাকে পূজা করিয়া থাকে। শ্রীকৃষ্ণের নেত্র যুগল এমন সুন্দর যে, শরৎ কালের পদ্মের যে সারভাগ আছে, তাহাকেও জয় করিয়া থাকে। অধিক কি? স্বয়ং অন্তর্যামী বলিয়া নিখিল লোকের বুদ্ধিতে তাঁহার সঞ্চার হইয়া থাকে॥৩১॥

এই ব্রজরাজ এবং ব্রজেশ্বরী সর্ব্বদা শ্রীকৃষ্ণকে পালন করিয়া আনন্দ ভরে

সদ্‌ভ্রাতৃতাং স্বমনু তস্য সমীক্ষ্য রামঃ
ফুল্লাঙ্গতাং প্রতিদিনং গতবান্ যথা তু ।
শেষপ্রমাণতনুতাং তনুয়াদসৌ কিং
দিষ্টক্রমাদিতি জনা মতিমিষ্টবন্তঃ ॥ ৩৩ ॥

পদ্মজে"তি বচনাৎ । কথং জাড্যং জগ্মতু স্তত্রাহ—নিত্যং নিত্যমুদঞ্চতী উৎকলিকা উৎকণ্ঠৈব তরঙ্গং যত্র এবম্ভূতাং চিরাদ্বর্দ্ধিতামাশামাকাঙ্ক্ষাং প্রতিপদ্য তত্রাপি কৈশোরে সুষ্ঠু ফলিতাং তামাশাং, প্রতিপদ্যেতি বাৎসল্যসীমা দর্শিতা ॥ ৩২ ॥

তস্মিন্ শ্রীরামস্য ভাবং ব্যঞ্জয়তি—সদিতি । রামঃ স্বং নিজং অনু লক্ষীকৃত্য তস্য সদ্‌ভ্রাতৃতাং সমীক্ষ্য প্রতিদিনং যথা যথাবৎ ফুল্লাঙ্গতাং গতবান্ । জনা স্তত্রৈবমনুমন্যন্তে ইত্যাহ—অসৌ রামো দিষ্টক্রমাৎ প্রেমসৌভাগ্যাৎ কিং শেষপ্রমাণতনুতাং অনন্তমূর্ত্তিং তস্য শয্যাদিরূপেণ তনুয়াৎ প্রকটয়েদিতি মতিং বুদ্ধিং প্রাপ্ত ইষ্টবন্তঃ ইচ্ছামকুর্ব্বন্ ॥ ৩৩ ॥

জড়তা প্রাপ্ত হইয়াছিলেন। জড়তা পাইবার কারণ এই, তাঁহারা দুইজনে যে চিরবর্দ্ধিত আশা বা আকাঙ্ক্ষা প্রাপ্ত হইয়াছিলেন, সেই আশাতে নিত্য নিত্য উৎকণ্ঠারূপ তরঙ্গ উত্থিত হইত। তাহার মধ্যে আবার শ্রীকৃষ্ণের কৈশোর অবস্থায় ঐ আশা ভাল করিয়া ফলিত হইয়াছিল। অতএব নন্দ এবং যশোদা ধ্যান কালে কৃষ্ণকে কূর্ম্মের মত, দেখিবার সময় মৎস্যের মত নির্ণিমেষ, ঘ্রাণ করিবার কালে ধেনুর মত, এবং তাঁহাকে স্পর্শ করিবার সময় বিহঙ্গের মত হইতেন ॥ ৩২ ॥

বলরাম আপনাকে লক্ষ্য করিয়া অর্থাৎ আপনার উপরে শ্রীকৃষ্ণের উৎকৃষ্ট ভ্রাতৃভাব দর্শন করিয়া প্রত্যহ যেরূপ প্রফুল্ল-চিত্ত হইতেন, তাহাতে লোক সকল ঐ বিষয়ে এইরূপ বিবেচনা করিত যে বলরাম প্রেম সৌভাগ্য বশতঃ কি শ্রীকৃষ্ণের শয্যাদিরূপে অনন্তমূর্ত্তি বিস্তার করিবেন, এই বুদ্ধিতে তাহারা এইরূপ ইচ্ছাই করিয়াছিল ॥ ৩৩ ॥

মুখ্যঃ প্রাণস্তদ্বিভেদাশ্চ যদ্বৎ
কৃষ্ণস্তদ্বৎ শ্রীলদামাদয়শ্চ।
একাত্মানঃ শশ্বদুদ্দিশ্য চৈকং
কার্য্যং যত্তে যান্তি তত্তদ্বিহারম্॥ ৩৪॥

যেষাং সেব্যঃ সমজনি স হরিঃ সেবকানাং নিজানাং
তেষাং প্রাণপ্রতিকৃতিরভবদ্দেহসাদৃশ্যভাজাম্।
সাহায্যং তং প্রতি তমপি বিনা তে ন তিষ্ঠন্তি সোঽপি
ন্যস্থাত্তত্র স্বমিতি বুধমতা তেষু দৃষ্টান্ততেয়ম্॥ ৩৫॥

সখ্যভাবেঽপি তস্য তেষাঞ্চাপৃথক্ত্বং ব্যনক্তি—মুখ্যেতি। মুখ্যঃ প্রাণো জীবঃ যদ্বৎ তদ্বিভেদাঃ প্রাণাপাণাদয়ঃ পঞ্চ যদ্বৎ কৃষ্ণ স্তদ্বৎ অংশী শ্রীলদামাদয় স্তদ্বৎ অংশা অধীনাঃ। অতএব একাত্মনঃ যদ্যস্মাৎ তে একং কার্য্যং শ্রীকৃষ্ণপ্রীণনমুদ্দিশ্য তত্তদ্বিহারং সখ্যযোগ্যব্যবহারং যান্তি॥ ৩৪॥

অধুনা তস্য দাসানাঞ্চ ভাবং ব্যনক্তি—যেষামিতি। স হরির্যেষাং নিজানাং সেবকানাং সেব্যোঽজনি জাতঃ স্বস্য দেহসাদৃশ্যভাজাং তেষাং প্রাণপ্রতিকৃতিঃ প্রাণপ্রতিমূর্ত্তিরভবৎ। তদেব কার্য্যেণ বোধয়তি—তে তং প্রতি সাহায্যং বিনা তমপি বিনাচ ন তিষ্ঠন্তি তাঃ। স হরিরপি তত্র তেষু স্বমাত্মানং ন্যস্থাৎ ন্যস্তবান্ তেষ্বিয়ং দৃষ্টান্ততা ইতি বুধমতা বিজ্ঞানাং সম্মতা॥ ৩৫॥

যেরূপ জীবের মুখ্যই প্রাণ, কিন্তু প্রাণ, অপান, সমান, উদান, ব্যান, এই পাঁচটি জীব স্বরূপ প্রাণের অংশ মাত্র; সেইরূপ শ্রীকৃষ্ণ মুখ্য বা অংশী, এবং শ্রীদামাদি বয়স্যগণ তাঁহার অংশ বা অধীন। অতএব যখন তাহারা সকলেই একাত্মা, এই হেতু তাহারা একমাত্র শ্রীকৃষ্ণের প্রীতি উদ্দেশ্য করিয়া বন্ধুতার যোগ্য ব্যবহার করিত॥ ৩৪॥

সেই শ্রীকৃষ্ণ যে সকল নিজ সেবকগণের সেব্য হইয়াছিলেন, তিনি স্বকীয় দেহ-সাদৃশ্য-প্রাপ্ত সেবকগণের প্রাণ প্রতিমূর্ত্তি হইয়াছিলেন। কারণ, তাহারা তাঁহার প্রতি সাহায্য ব্যতীত এবং সেই শ্রীকৃষ্ণ ব্যতিরেকে কখনও থাকিতে পারিত না, এবং সেই কৃষ্ণ ও তাহাদের উপরে আপনাকে ন্যস্ত করিয়াছিনেল। তাহাদের উপর এইরূপ দৃষ্টান্ত পণ্ডিতগণের সম্মত জানিবে॥ ৩৫॥

বৎসগোষ্ঠবিপিনাদি চেদ্ভজেদ্ ঘ্রাণতর্পণমঘারিসৌরভম্।
তর্হি তত্র ধবলাবলির্ভবেদ্রাগজাগরধরা ন চান্যদা ॥ ৩৬ ॥
শ্রদ্দধ্যান্ন জগদ্যদস্য তু গুণৈর্ব্বন্যাশ্চ তে প্রাণিনঃ
সন্তি দ্রাগনুগাঃ পরস্পরমপি প্রীণন্তি যদ্দ্বেষিণঃ।
যদ্যেবং স্বয়মেব সোঽপি ভগবান্ শ্রীযুক্তবৈয়াসকিঃ
শ্রীমদ্ভাগবতাখ্যবজ্রলিপিভির্নিষ্টঙ্কয়েন্নাগ্রতঃ ॥ ৩৭ ॥

৩৬ অথ বৎসাদীনাং সৌভাগ্যমাহ—বৎসেতি। চেদ্যথা ঘ্রাণতর্পণং অঘারেঃ শ্রীকৃষ্ণস্য সৌরভং সুগন্ধিতা বৎসগোষ্ঠবিপিনাদি ভজেৎ ব্যাপ্নোতি তর্হি তদা তত্র দ্রাক্ ঝটিতি ধবলাবলি বৃষশ্রেণী অজাগরধরা জাগরং ধ্রিয়তে জাগরধরা ন জাগরধরা অজাগরধরা তৎসৌরভসেবনেন নিদ্রান্বিতা ভবেৎ। নচ অন্যদা অন্যসময়ে তদা জাগরিতা তিষ্ঠেদিতি ভাবঃ ॥ ৩৬ ॥

৩৭ শ্রীকৃষ্ণে শ্রদ্ধাং কো ন কুর্য্যাদিত্যাহ—শ্রদ্দধ্যাদিতি যদ্যস্মাদস্য তু কৃষ্ণস্যৈব গুণৈ বন্যা বনভবা স্তে মৃগপক্ষ্যাদয়ঃ প্রাণিনো দ্রাক্ শীঘ্রং অনুগাঃ সন্তি যৎ দ্বেষিণোঽহি নকুলাদয়ঃ পরস্পরং প্রীণন্তি অতো জগত্তৎ ন শ্রদ্দধ্যাদপিতু শ্রদ্দধ্যাদেব। যদ্যেবং তদা স্বয়মেব সোঽপি ভগবান্ 'উৎপত্তিং প্রলয়ঞ্চৈব ভূতানামাগতিং গতিং। বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানিতি" লক্ষণাক্রান্তঃ শ্রীবৈয়াসকিঃ শ্রীশুকঃ শ্রীমদ্ভাগবতাখ্যবজ্রলিপিভিঃ শ্রীভাগবতনাম্নী যা বজ্রলিপিঃ বজ্রবদতি দৃঢ়ানি লিখনানি তৈ নিষ্টঙ্কয়েৎ নিরূপণং কুর্য্যাৎ তথাচ যত্র নিসর্গদুর্ব্বৈরাঃ সহাসন্ মৃগাদয় ইত্যাদি নাগ্রতঃ নতু শ্রীকৃষ্ণপ্রাদুর্ভাবাৎ পূর্ব্বত্র ॥ ৩৭ ॥

ঘ্রাণেন্দ্রিয়ের তৃপ্তিকারী শ্রীকৃষ্ণের গাত্র সৌরভ যদি বৎস, গোষ্ঠ এবং বন প্রভৃতি সকল স্থান ব্যাপ্ত করে, তাহা হইলে তৎকালে বৃষ বা ধেনু-শ্রেণী সেই সৌরভ সেবা করিয়া নিদ্রান্বিত হইয়া থাকে। কিন্তু অন্যকালে তাহারা জাগিয়া থাকে ॥ ৩৬ ॥

যখন দেখিতে পাওয়া যাইতেছে যে, এই শ্রীকৃষ্ণেরই সকল প্রকার গুণে বশীভূত হইয়া বনজাত পশুপক্ষী প্রভৃতি জীবগণ শীঘ্র অনুগমন করিয়া থাকে এবং অহি নকুল প্রভৃতি বিদ্বেষী জন্তুগণও পরস্পর প্রীত হইয়া থাকে; তখন এই জগৎ তাঁহার উপরে কি শ্রদ্ধা করিবেন না। বলিতে হইবে, অবশ্যই শ্রদ্ধা করিয়া থাকে। যদি এইরূপ ঘটিল, তাহা হইলে স্বয়ং সেই ভগবান্ ব্যাসনন্দন শ্রীযুক্ত শুকদেব ও শ্রীমদ্ভাগবত নামক বজ্রলিপি (দৃঢ়তর লেখন) দ্বারা নিরূপণ,

তত্তদ্‌যদ্যপি শর্ম্মজাতমভবদ্‌গোষ্ঠে তথাপ্যচ্যুত-
দ্বেষায় প্রহিতান্মুহুর্নিজভটাৎ কংসেন ভীরুত্থিতা।
তস্মাদত্র ন তর্হি শান্তিরজনীত্যুন্নীয় লীলামিমাং
চিত্তং ধূতভয়ামিহানবরতং নির্ব্বক্তুমন্বিচ্ছতি ॥ ৩৮ ॥

অথ তদ্দুঃখং স্মরন্তং ব্রজেশ্বরং প্রতি সান্ত্বনং সমাপনমাহ স্ম—॥ ৩৯ ॥

গোষ্ঠে দুঃখাগদঙ্কারঃ কুলালঙ্কার এষ তে
সর্ব্বাং শঙ্কাং পুনর্ধুন্বন্নর্ব্বাগঙ্কাগতস্তব ॥ ইতি ॥ ৪০ ॥

তদেবং গোষ্ঠতৎস্থজনানাং মহিমানং নিরূপ্য তত্র কংসকৃততাপবিদ্রবাদিভিরস্বাস্থ্যতাং নির্দ্দিশতি তত্তদিতি। যদ্যপি গোষ্ঠে তত্তৎ শর্ম্মজাতং সুখসমূহোঽভবৎ তথাপি মুহুরচ্যুতস্য শ্রীকৃষ্ণস্য দ্বেষায় কংসেন প্রহিতাৎ নিয়োজিতাৎ পূতনাদেঃ ভীর্ভয়মুত্থিতা তস্মাত্তর্হি তদা অত্র গোষ্ঠে শান্তিঃ স্বাস্থ্যং নাজনি ন জাতা ইত্যুন্নীয় বিবুধ্য ইহ গোষ্ঠে ধূতভয়াং ধূতং খণ্ডিতং ভয়ং যস্যা স্তামিমাং লীলাং অনবরতং সততং নির্ব্বক্তুং চিত্তমন্বিচ্ছতি অনুক্রমেণেচ্ছতি ॥ ৩৮ ॥

অথেতি গদ্যং সুগমম্‌ ॥ ৩৯ ॥

সান্ত্বনপ্রকারং বর্ণয়তি—গোষ্ঠ ইতি। কংসকৃতভয়েন যং প্রতি ভবতোঽস্বাস্থ্যং জাতং সোঽয়ং কৃষ্ণঃ সর্ব্বাং শঙ্কাং ধুন্বন্‌ খণ্ডয়ন্‌ পুনরর্ব্বাক্‌ অধুনা তব অঙ্কগতঃ ক্রোড়মাগত ইতি ॥ ৪০ ॥

করিয়া থাকেন। কিন্তু শ্রীকৃষ্ণ জন্মিবার পূর্ব্বে নিরূপণ করিতে পারেন নাই ॥ ৩৭ ॥

এইরূপে গোষ্ঠ এবং গোকুলবাসী লোকগণের মহিমা বলিয়া এক্ষণে কংসকৃত উপতাপ এবং উপদ্রবাদি দ্বারা তাহাদের অসুখ নির্দ্দিষ্ট হইতেছে। যদ্যপি গোকুল মধ্যে তত্তৎ সুখ রাশি ঘটিয়াছিল সত্য, তথাপি শ্রীকৃষ্ণের উপর দ্বেষ করিবার জন্য কংসাসুর প্রেরিত পূতনাদি হইতে বারংবার ভয় উত্থিত হইয়াছিল। এই কারণে তৎকালে এই গোষ্ঠ মধ্যে শান্তি উৎপন্ন হয় নাই। ইহা বুঝিতে পারিয়া এই গোষ্ঠে অন্তঃকরণ কেবল অবিরত ভয়নাশিনী এই কৃষ্ণলীলা নির্ব্বাচন করিতে ক্রমান্বয়ে ইচ্ছা করিতেছে ॥ ৩৮ ॥

অনন্তর ব্রজরাজ যখন সেই দুঃখ স্মরণ করেন, তখন স্নিগ্ধকণ্ঠ তাঁহার প্রতি সান্ত্বনাবাক্য বলিতে লাগিলেন ॥ ৩৯ ॥

কংস ভয় দেখাইলে যাঁহার জন্য আপনার মনের কষ্ট হইয়াছিল, এক্ষণে

তদেবং শ্রীব্রজেশ্বর-সভান্তঃ প্রাতঃকথা কথিতা। যস্যাং সব্যবধানদেশে নিবেশেন শ্রীব্রজেশ্বর্য্যাদয়ঃ শ্রীরাধাদয়শ্চ প্রতিনিজকর্ণমভ্যর্ণিতবর্ণবর্ণং চক্রুঃ ॥ ৪১ ॥

অথ পূর্ব্ববদেকান্তে কান্তে বিরাজমানশ্রীকান্তে শ্রীরাধিকা-নিশান্তে নিশান্তস্তৎকথাশেষঃ সংশ্লেষমবাপ ॥ ৪২ ॥

সমাপনপ্রকারং নির্দ্দিশতি—তদেবমিতিগদ্যেন। ব্যবধানেন পুংলোকাদৃশ্যরূপেণ সহ বর্ত্তমানঃ সব্যবধানঃ স চাসৌ দেশশ্চেতি তস্মিন্ অভ্যর্ণিতবর্ণবর্ণং অভ্যর্ণিতং সমীপং প্রাপ্তং বর্ণোঽক্ষরং তস্য বর্ণঃ কথা বোধো বা যত্র, তৎপ্রতি নিজকর্ণং চক্রুরিত্যৎ সুগমম্ ॥ ৪১ ॥

অধুনা মধুররসপাত্রাণাং মহিমানং বক্তুং প্রকরণমারভতে—অথেত্যাদিগদ্যেন। একান্তে নির্জ্জনে কান্তে কমনীয়ে বিরাজমানঃ শ্রীকান্তো যত্র তস্মিন্ নিশান্তং গৃহং তস্মিন্ নিশায়ারাত্রেঃ অন্তঃ শেষে তৎকথাশেষঃ অবশিষ্টমধুররসঃ সংশ্লেষং সংলগ্নতাং অবাপ প্রাপ্তঃ ॥ ৪২ ॥

গোকুলে দুঃখরোগের চিকিৎসক, এবং আপনার কুলতিলক সেই এই শ্রীকৃষ্ণ, সকল প্রকার ভয় খণ্ডন করিয়া পুনরায় আপনার ক্রোড়দেশে আগমন করিয়াছেন ॥ ৪০ ॥

অতএব এইরূপে ব্রজরাজের সভামধ্যে প্রাতঃকালে কথা কথিত হইয়াছিল। তাহাতে, যে স্থানে পুরুষ লোক দেখা যায় না; এইরূপ দূরবর্ত্তী স্থানে উপবেশন করিয়া শ্রীমতী ব্রজেশ্বরী প্রভৃতি নারীগণ, এবং শ্রীমতী রাধিকা প্রভৃতি গোপীগণ প্রত্যেকেই নিকটস্থিত বাক্যাক্ষরের বর্ণ বা কথা জ্ঞান, নিজ নিজ কর্ণগোচর করিয়াছিলেন ॥ ৪১ ॥

অনন্তর অবিকল পূর্ব্বের মত, নির্জন অথচ মনোহর শ্রীরাধিকার গৃহে শ্রীকৃষ্ণ বিরাজমান হইলে, রজনীর অবসান হইলে, সেই কথার শেষভাগ বা অবশিষ্ট মধুররস সংলগ্ন হইয়াছিল ॥ ৪২ ॥

যত্র চ স্নিগ্ধকণ্ঠ উবাচ ;—

স্বয়ং লক্ষ্মীরপ্যচ্যুতহৃদি গতাপ্যন্যবপুষা
তপস্তপ্ত্বা যং ক্বাপ্যলভত ন রাসাদিমহসি।
তমেতং গোবিন্দং বশিতমনুবিন্দন্ ব্রজরমা-
গণঃ শর্ম্মাবিন্দৎ কিয়দিতি কথং কঃ কথয়তু ॥ ৪৩ ॥

প্রসাদং যং স্বপ্নেঽপ্যলভত ন লক্ষ্মীরপি হরে-
স্তমেতং শ্রীগোপ্যঃ সমদধত রাসাদিমহসি।
অহো ! যস্যা ভাগ্যং স্পৃহিতমপি তাভির্ন কলিতং
কিমস্যা রাধায়াঃ কবয়তু কবিস্তন্ময়সুখম্ ॥ ইতি ॥ ৪৪ ॥

আসাং সৌভাগ্যং পরমব্যোমনাথপত্ন্যা মহালক্ষ্ম্যা অধিকমিতি নির্দ্দিশতি—স্বয়মিত্যাদিদ্বয়েন। স্বয়ং লক্ষ্মী তপ তপ্ত্বা অন্যবপুষা স্বর্ণরেখারূপেণ অচ্যুতস্য শ্রীকৃষ্ণস্য হৃদি গতাপি রাসাদিমহসি যং ক্বাপি নালভত ইত্যন্বয়ঃ। ব্রজরমাগণ স্তমেতং গোবিন্দং বশিতং স্ববশাগন্নং অনুবিন্দন্ অনু সহার্থে একদা শর্ম্ম সুখমবিন্দৎ লব্ধবান্ তৎ শর্ম্ম কিয়ৎ কিংপরিমাণমিতি কঃ কবিঃ কথং কথয়তু আনন্দান্ন কথনযোগ্যমিত্যর্থঃ ॥ ৪৩ ॥

তত্রাপি শ্রীরাধায়াঃ সৌভাগ্যং বিরলচরমিতি বিকচয়তি—প্রসাদমিতি। লক্ষ্মীঃ স্বপ্নেঽপি হরের্যং প্রসাদং সঙ্গমাদিসুখং নালভত তমেতং প্রসাদং রাসাদিমহসি শ্রীগোপ্যঃ সমদধত, সম্যক্ধৃতবত্যঃ। কিন্তু অহো আশ্চর্য্যে, যস্যা ভাগ্যং তাভি গোপীভিঃ স্পৃহিতং কামিতমপি ন কলিতং ন প্রাপ্তং অস্যা রাধায়া স্তন্ময়সুখং কৃষ্ণবশীকারময়ং সুখং কবিঃ কিং কবয়তু কথয়েৎ। বেদাগমাদীনাম-গোচরত্বাদিতি ভাবঃ ॥ ৪৪ ॥

এই বিষয়ে স্নিগ্ধকণ্ঠ বলিয়াছিল। স্বয়ং লক্ষ্মীদেবীও, তপস্যা করত স্বর্ণ রেখারূপে, শ্রীকৃষ্ণের হৃদয় বাসিনী হইলেও, যিনি রাস ও দোল যাত্রা প্রভৃতির উৎসব, কুত্রাপি লাভ করিতে পারেন নাই, ব্রজবাসিনী ললনাগণ সেই গোবিন্দকে স্বয়ং বশীভূত জানিয়া এককালে যেরূপ সুখ লাভ করিয়াছিল সেই সুখ যে কত, তাহা কবি কি প্রকারে বর্ণন করিবে ॥ ৪৩ ॥

ইহার মধ্যে রাধিকার সৌভাগ্য আরও অধিক। দেখুন, কমলাদেবী স্বপ্নেও হরির যে সঙ্গমাদি সুখ লাভ করিতে পারেন নাই, কিন্তু শ্রীমতী গোপীগণ রাস এবং দোলযাত্রাদির উৎসবে ঐ সুখ সম্যক্‌রূপে ধারণ করিয়াছিল। কিন্তু

অথ ক্ষণমুষ্ণীভূয় তূষ্ণীভূয় চ পুনরাহ—তথাপি ভ্রাতর্মধু-কণ্ঠ! তদিদং মুক্তকণ্ঠং পুনরনুবদিতুং শক্তির্ন প্রসক্তীভবতি ॥ ৪৫ ॥

যতঃ ;—

কুলীনানাং শ্লাঘ্যৈর্নিজকুলজ-লোকৈঃ পরিবৃতি-
স্তথার্য্যাণাং রীতির্যদপি কিল তাসামবিচলা।
তথাপ্যুচ্চৈস্তত্তদ্বিচলনকৃতির্ধ্বস্তনিখিলা
মুকুন্দপ্রেমার্ত্তির্মম হৃদি বিমোহং প্রথয়তি ॥ ৪৬ ॥

তদেবং তাসাং শ্রীকৃষ্ণবিচ্ছেদেন তাদৃগ্দুঃখং বর্ণয়িতুং স্বসামর্থ্যাভাবং কলয়তি—অথ ক্ষণমিত্যাদিগদ্যেন। অথানন্তরো বিরহস্মরণে তাপোদয়াৎ ক্ষণমুষ্ণীভূয়েতি তেন চ ক্ষণং তূষ্ণীং ভূয় পুনরাহ স্বকথনপ্রকারং নির্দ্দিশন্ তথাপীতি। মুক্তকণ্ঠং নিরর্গলং যথাস্যাত্তথা অনুবদিতুং বিরহস্যানুবাদং কর্ত্তুং অন্যৎ সুগমম্ ॥ ৪৫ ॥

বিরহবর্ণনে স্বদুঃখং নিবেদয়তি—কুলীনানামিতি। যদপি তাসাং কুলীনানাং শ্লাঘ্যৈর্নিজকুলজ-লোকৈঃ পরিবৃতিঃ পরিবেষ্টনং অর্থাৎ দৃঢ়রক্ষণমাসীৎ তথা আর্য্যাণাং সাধ্বীনাং রীতিঃ স্বভাবঃ অবিচলা স্থিরা, তথাপি মুকুন্দপ্রেমার্ত্তিরুচ্চৈরতিশয়েন তস্মাত্তস্মাদ্বিচলনকৃতির্যস্যা স্তথা সতী মম হৃদি বিমোহং প্রথয়তি বিস্তারয়তি, সা কিম্ভূতা ধ্বস্তং নিখিলং যস্যাঃ সা অতএব তাসাং লজ্জাদি ত্যাগঃ সূচিত ইতি ধ্বনিঃ ॥ ৪৬ ॥

আহা! ইহা কি আশ্চর্য্যের বিষয়! যে রাধিকার সৌভাগ্য, ঐ সকল গোপীগণ ইচ্ছা করিয়াও লাভ করিতে পারে নাই, সেই রাধিকার তন্ময় সুখ বা কৃষ্ণ-বশীকরণ সুখ, কিরূপে কবি বর্ণন করিতে পারিবে? কারণ, ঐ তন্ময় সুখ বেদ আগমেরও অগোচর ॥ ৪৪ ॥

অনন্তর বিরহ স্মরণ করিয়া ক্ষণকাল উষ্ণ হইয়া এবং মৌনী থাকিয়া পুনর্ব্বার স্নিগ্ধকণ্ঠ বলিতে লাগিল। ভ্রাতঃ মধুকণ্ঠ! তথাপি অনর্গল এই বিরহবর্ণন অনুবাদ করিতে আমার শক্তি হইতেছে না ॥ ৪৫ ॥

যদ্যপি সদ্বংশজাত লোকদিগের মধ্যে যাহারা প্রশংসনীয়, এইরূপ নিজবংশীয় লোকগণ ঐ সকল গোপীদিগকে দৃঢ়রূপে রক্ষা করিয়াছিল; এবং যদ্যপি সাধ্বী রমণীগণের স্বভাব স্থির ছিল তথাপি যাহা হইতে সকল পদার্থের ত্যাগ হয় এইরূপ

পুনঃ সাস্রং শ্রীরাধামুখমীক্ষমাণ উবাচ;—॥ ৪৭ ॥

খরাংশোরংশুস্পৃগ্বপুরিব খরাংশোর্ম্মণিততি-
র্ব্বিধোঃ কান্তিস্পর্শিস্থিতিরিব বিধো রত্নবিততিঃ।
মুহুর্জ্বালাং হন্ত! দ্রবমপি বহন্তী যদ্ভব-
ন্মুরারের্দ্দিঙ্মাত্রাদ্ভ্রময়তি তদেষা মম মনঃ॥ ৪৮ ॥

তদেবমেবাবৃত্ত্যা পুনরপি তত্তদ্বিষয়মুবাচ ॥ ৪৯ ॥

তস্য বিরহকার্য্যং বর্ণয়তি—পুনরিতিগদ্যেন। সাস্রং অস্রেণ রোদনজনিতজলেন সহ বর্ত্তমানং যথা স্যাৎ অন্যৎ সুগমম্ ॥ ৪৭ ॥

তদ্বাক্যং বর্ণয়তি—খরাংশোরিতি। মুরারের্দৃঙ্মাত্রাৎ জ্ঞানমাত্রাৎ মুহুর্জ্বালাং মুহুর্দ্রবং সরসমপি বহন্তী যদভবৎ তত্তস্মাদেবারাধা মম মনো ভ্রময়তি। জ্বলনে দ্রবীভাবে চ দৃষ্টান্তদ্বয়ং ক্রমেণ বিবৃণোতি খরাংশোঃ সূর্য্যস্য মণিততিঃ সূর্য্যকান্তমণিসমূহঃ খরাংশো সুস্যাংশু কিরণঃ তং স্পৃশতি বপুর্য্যস্যাঃ সা যথা জ্বালাং বহতি বিধোশ্চন্দ্রস্য রত্নবিততি শ্চন্দ্রকান্ত সমূহ স্তস্য বিধোঃ কান্তিস্পর্শিনী স্থিতির্যস্যাঃ সা যথা দ্রবং বহতি ॥ ৪৮ ॥

সর্ব্বাসাং ভাববৈচিত্র্যং বর্ণয়িতুং প্রক্রমতে—তদেবমিতিগদ্যেন ॥ ৪৯ ॥

শ্রীকৃষ্ণের প্রেম-জনিত কষ্ট, তত্তৎবিষয় হইতে বিচলিত করিয়া অত্যন্তরূপে আমার হৃদয়ে মোহ উৎপাদন করিতেছে ॥ ৪৬ ॥

পুনরায় সজল নয়নে রাধিকার মুখ দর্শন করিয়া বলিতে লাগিল ॥ ৪৭ ॥

আহা! যেরূপ সূর্য্যকান্ত মণিগণ নিজদেহে সূর্য্য কিরণ স্পর্শ করিয়া দীপ্তি বহন করে এবং যেরূপ চন্দ্রকান্ত মণিগণ নিজদেহে চন্দ্রকান্তি স্পর্শ করিয়া দ্রবীভাব বহন করে, বা গলিয়া যায়, সেইরূপ শ্রীকৃষ্ণের জ্ঞানমাত্রেই বারংবার জ্বালা এবং বারংবার দ্রব বা সরসভাব বহন করিয়া এই রাধিকা আমার মনকে ঘূর্ণিত করিতেছে ॥ ৪৮ ॥

অতএব এইরূপ প্রকারেই আবৃত্তি করিয়া পুনরায় তত্তৎবিষয় বলিতে লাগিল ॥ ৪৯ ॥

যথা ;—

যদা দৃষ্টিং যাতঃ কথমপি হরিস্তাসু স তদা (ক)
পরং স্ফূর্ত্তিভ্রান্তিং রচয়তি পুরাবন্ন তু পরম্
যদা স্পৃষ্টিং প্রাপ্তঃ ক্বচিদপি তদাপি প্রথমব-
দ্ভেদেতদ্বৈয়গ্র্যং মম হৃদয়মুচ্চৈর্দ্দলয়তি ॥ ৫০ ॥

তদেতদ্বৈয়গ্র্যং বৃষরবিসুতায়ামধিগমা-
দ্বিদূরং যদ্গুপ্তং হসতি কিমু বা রোদিতি যদা।
তদা তস্যা হাসে স্ফুরতি নিখিলং হৃষ্যতিতরাং
তথা রোদে গ্লানিং কলয়তিতরাং হা! জগদপি ॥ ৫১ ॥

তদ্বর্ণয়তি—যদেতি। যদা হরিস্তাসু কথমপি দৃষ্টিং দর্শনং যাতঃ তদা স তাসু পুরাবৎ পরং স্ফূর্ত্তিং রচয়তি নতু পরং সাক্ষাৎকারং, যদা ক্বচিদপি স্পৃষ্টিং স্পর্শনং প্রাপ্তঃ স্যাত্তদাপি প্রথমবৎ স্ফূর্ত্তিভ্রান্তিম্ রচয়তি [illegible] লিঙ্গনসুখং তদেতত্তাসাং বৈয়গ্র্যং মম হৃদয়ং উচ্চৈর্দ্দলয়তি বিদারয়তি ॥ ৫০ ॥

রাধায়া ভাববৈচিত্র্যং দৃষ্ট্বা কস্যাঃ সখ্যা ভাবং বর্ণয়তি—তদেতি। তদেতদ্বৈগ্র্যং প্রাপ্য স্থিতায়াং বৃষরবিসুতায়াং রাধায়াং তস্যাধিগমাৎ তস্যা হর্ষোদয়াদ্বিদূরং যদ্গুপ্তং যদা হসতি তস্য স্ফূর্ত্তিভ্রান্ত্যা শোকোদয়াৎ কিমু বা যদা রোদিতি তদা তস্যা হাসে স্ফুরতি সতি নিখিলং বিশ্বং হৃষ্যতিতরাং তথা রোদে রোদনে সতি গ্লানিং কলয়তিতরাং অতিশয়েন গ্লানিং প্রকটয়তি ॥ ৫১ ॥

যথন শ্রীকৃষ্ণ অতি কষ্টে তাহাদের দৃষ্টি গোচর হইতেন, তখন তিনি তাঁহাদের পূর্ব্বের মত স্ফূর্ত্তি জন্মাইয়া দিতেন, কিন্তু সাক্ষাৎকার করিতেন না ; এবং যখন তিনি কখনও তাহাদের স্পর্শ সুখ অনুভব করিতেন, তখনও তিনি স্ফূর্ত্তি ভ্রম উৎপাদন করিতেন, কিন্তু আলিঙ্গন সুখ উৎপাদন করিতেন না। অতএব ঐ সকল গোপীগণের ব্যাকুলতা আমার হৃদয়কে প্রবল ভাবেই বিদীর্ণ করিতেছে ॥৫০॥

বৃষভানু নন্দিনী রাধিকা যখন ঐরূপ ব্যাকুলতা অবলম্বন করিয়া অবস্থান করিতেন, তাহা জানিতে পারিয়া কখন অত্যন্ত দূরে গোপনে হাসিত, এবং

(ক) স হরিঃ পুরাবৎ অদর্শনে বাস্তবস্ফূর্ত্তিময়কালবৎ তদাপি পরং বিচারাতীতং যথা-স্যাৎ তথা নতু পরং কেবলং স্ফূর্ত্তিভ্রান্তিং রচয়তি যদা ক্বচিদপি স্পৃষ্টিং প্রাপ্ত স্তদপি প্রথমবৎ স্ফূর্ত্তি ভ্রান্তিং রচয়তীত্যর্থঃ। আনন্দটীকা।

যদা রাসানন্দপ্রভৃতিহরিলীলাঃ স্ববলিতা-
স্তদা গোপ্যঃ সত্যং পরমপরমং শর্ম্ম সময়ুঃ।
পরং যাতায়াতং রচয়দভিতস্তদ্বিরহজং
মহাদুঃখং তাসাং হৃদয়মসকৃন্মর্দ্দয়তি নঃ ॥ ৫২ ॥
প্রিয়াণাং সর্ব্বাসাং পরমুপরি রাধাং প্রণয়বা-
নসাধারণ্যেন স্বহৃদি স পুরা লালয়তি যৎ।
তদেতন্নঃ সর্ব্বং সুখমহহ! হা! নাথ! রমণে-
ত্যদঃ স্তোকশ্লোকঃ পিবতি কিমহং বচ্মি করবৈ ॥ ৫৩ ॥

তাসাং তদ্বিরহজং মহাদুঃখন্তু অস্মান্ বিমর্দ্দয়তীত্যাহ—যদেতি। যদা রাসানন্দপ্রভৃতি হরিলীলা স্তাসাং সম্বন্ধে স্ববলিতা মিলিতাঃ তদা গোপ্যঃ পরমপরমং পরমোত্তমং শর্ম্ম সুখং সত্যং সময়ুঃ সঙ্গতবত্যঃ। অধুনা যাঃ সর্ব্বোত্তমং শর্ম্ম প্রাপ্তা স্তাসাং তদ্বিরহজং মহাদুঃখং অভিতঃ পরং যাতায়াতং একং মহাদুঃখং গতং একমাগতমিত্যেবং রচয়ৎ সৎ নোঽস্মাকং হৃদয়ং অসকৃন্নিরন্তরং মর্দ্দয়তি পীড়য়তি ॥ ৫২ ॥

অধুনা সর্ব্বাভ্যো রাধায়া বিরহঃ পরমদুঃখদঃ সতু মাং বিকলয়তীত্যাহ—প্রিয়াণামিতি। সর্ব্বাসাং প্রিয়াণাং মধ্যে রাধামুপরি উপরিশব্দযোগে ষষ্ঠ্যর্থে দ্বিতীয়া রাধায়া উপরি প্রণয়বানিত্যর্থঃ। যৎ যস্মাৎ পুরা স কৃষ্ণঃ অসাধারণ্যেন বৈশিষ্ট্যেন স্বহৃদি এতাং লালয়তি। অহহেতি খেদে। তস্যা "হা নাথ রমণ শ্রেষ্ঠ! ক্বাসি ক্বাসি মহাভুজে"তি রাসপ্রসঙ্গীয়—স্তোকঃ স্বল্প

শোকের উদয় হইলে কদাচিৎ যখন রোদন করিত, তখন তাঁহার হাস্য স্ফূর্ত্তি পাইলে, হায়! নিখিল জগৎ অত্যন্ত হৃষ্ট হইত এবং তাঁহাদের রোদনে বিশ্ব সংসার গ্লানি অনুভব করিত ॥ ৫১ ॥

যৎকালে গোপীদিগের রাসকালীন আনন্দ প্রভৃতি কৃষ্ণলীলা সকল উপস্থিত হইত, তৎকালে গোপী সকল সত্যই পরমোৎকৃষ্ট সুখ প্রাপ্ত হইত। এক্ষণে যাহারা সর্ব্বাপেক্ষা উত্তম সুখ পাইয়াছিল, তাহাদিগের কৃষ্ণ বিরহ-জনিত মহাদুঃখ চারিদিকে (এক মহাদুঃখ গত হইয়াছে, এবং এক মহাদুঃখ আগমন করিয়াছে) এইরূপ ভাব উৎপাদন করিয়া আমাদের হৃদয় নিরন্তর দলিত করিতেছে ॥ ৫২ ॥

শ্রীকৃষ্ণ প্রিয়তমাদের মধ্যে কেবল রাধিকার উপরে অত্যন্ত ভাল বাসিতেন। কারণ, তিনি পূর্ব্বে অসাধারণভাবে আপনার হৃদয়ে এই রাধিকাকেই রক্ষা

ইদং স্মারং স্মারং জ্বলতি মম ধীর্য্যদ্ব্রজমৃগী-
দৃশাং লজ্জালূনাং হরিমনুরতির্ব্যক্তিমগমৎ।
তদাস্তাং রাধায়াঃ সবিধমিব তং তৎ স্ফুরণকৃৎ-
(ক) প্রমায়া স্তং দ্রষ্টুং দৃশি কুটিলতা মাং বিদহতি ॥৫৪॥

শ্লোকঃ নোঽস্মাকং তদেতৎ সর্ব্বং সুখং পিবতি অহং কিং বচ্মি কিং বা করবৈ তেন মমোন্মাদাবস্থাপ্রাপ্তেরিতি ভাবঃ ॥ ৫৩ ॥

তত স্তস্যা ভাবান্তরং বর্ণয়তি—অথেতিগদ্যেন। তথা তদ্রূপাভেদং কিমপি অনন্যশোচ্য

এই বিষয়ে ভ্রমরের উপর আসক্তি থাকাতেই এইরূপ আশঙ্কা করিতে লাগিল। এই ভ্রমর এইরূপ শঙ্কাই করিতে পারে যে, ইনি নিশ্চয়ই মূঢ়া, কিন্তু রসিকা নহে। যে হেতু এই রাধিকা নিরবধি উপাধি শূন্য আমাকে (আমি যে শ্রীকৃষ্ণের পক্ষে) এইরূপভাবে বাধিত হৃদয় বলিয়া ভাবিতে পারিবেন। অতএব এই প্রকার বলা যাউক, এই ভাবিয়া বলিতে লাগিলেন, হে ভ্রমর? তুমি আমার মাননীয় হইতেছ ॥ ৮৬ ॥

এই বিষয়ের তাৎপর্য্য, যদ্যপি কোনও ব্যক্তি কাহারও উপাধি শূন্য মিত্র সর্ব্বদা হইতে পারে না, তথাপি সর্ব্বদাই তাহাকে পরিতৃপ্ত করা কর্ত্তব্য। কারণ ঐ ব্যক্তি আপনা হইতে ভিন্ন হইয়া কখনও স্ফূর্ত্তি পায় না। ফল কথা আত্মতৃপ্তি সকলেরই কর্ত্তব্য ॥ ৮৭ ॥

অনন্তর যদি তুমি ঐরূপ অভেদ বিবেচনা কর, তাহা হইলে আমাকে

(ক) মামুপাধিব্যাধিতহৃদং, ইতি গৌরবৃন্দাবনানন্দ পাঠঃ।

কিমপ্যননুশোচ্য তর্হ্যেবাত্মানং রথমারোহয়িতুং প্রযতমানতয়া-সাবস্যাঃ স্ফুরতি স্ম। তত্র তু সেয়ং কাকুব্যাকুলং প্রলপতি স্ম।

"নয়সি কথমিহাস্মান্ দুস্ত্যজদ্বন্দ্বপার্শ্ব"মিতি ॥ ৮৮ ॥

অস্যায়মভিপ্রায়ঃ—

মধুকর ! স ভবান্ জাত্যা, সর্ব্বেষাং চ প্রমোদমাহর্ত্তা ।
মৎপ্রিয়সখতামঞ্চন্নয়সি কথং মাং সপত্নীষু ॥ ৮৯ ॥

ত্বং ন হি যন্মম দুঃখং, কৃষ্ণশ্চাবৈত্ততঃ সপত্নীষু !
অবিভর্ম্মামপি বিরহব্যাধিং নেতুং সযত্নতামভিতঃ ॥৯০॥

শোকমকৃত্বা প্রযতমানতয়া অসৌ ভ্রমর ইতি অস্যাঃ শ্রীরাধায়াঃ স্ফুরতি স্ম স্ফূর্ত্তিং প্রাপ। তত্রতু তদ্রূপস্ফুরণে তু সেয়ং শ্রীরাধা কাকুঃ শোকভীত্যাদিশব্দ স্তেন ব্যাকুলং যথাস্যাত্তথা প্রলাপং চকার নয়সীত্যাদি অস্য বাক্যস্য ॥ ৮৮ ॥

দমভিপ্রায়ং বর্ণয়তি—মধুকরেতি। হে মধুকর ! স ভবান্ জাত্যা স্বভাবেন সর্ব্বেষাং প্রমোদং চস্য আহর্ত্তা দাতাসি অতো মৎপ্রিয়সখতাং অঞ্চন্ গচ্ছন্ কথং মাং সপত্নীষু নয়সি প্রাপয়সি তদিচ্ছাং করোষীতি ॥ ৮৯ ॥

তত্র নোচিতমিতি বদতি ত্বমিতি যৎ যস্মাৎ মম দুঃখং কৃষ্ণো নাবৈৎ ন জ্ঞাতবান্ চকারাৎ ত্বঞ্চ তস্মাৎ সপত্নীষু বিরহব্যাধিং মামপি তত্র নেতুং প্রাপয়িতুং অভিতো সযত্নতাং যত্নং ন অবিভঃ নাধারয়ঃ ॥ ৯০ ॥

ইহাই দান কর। এইরূপ বলিয়া কোনও বিষয়ের জন্য শোক না করিয়া, "তাহা হইলেই আপনাকে রথে আরোহণ করাইবার নিমিত্ত সযত্নভাবে" ঐ ভ্রমর রাধিকার নিকটেই স্ফূর্ত্তি পাইল। ঐ রাধিকা কাকুক্তির সহিত ব্যাকুল ভাবে প্রলাপ করিতে লাগিলেন। যে দুই জনের পার্শ্ব পরিত্যাগ করা যায় না, কেন আমাদিগকে এই স্থানে ঐ অপরিহার্য্য যুগলমূর্ত্তির (?) পার্শ্বে আনয়ন করিতেছ ॥ ৮৮ ॥

এইরূপ বাক্যের তাৎপর্য্য এই যে, হে মধুকর ? তুমি স্বভাবতই সকল লোকের আনন্দ দান করিয়া থাক। অতএব আমার প্রিয়বন্ধুত্ব প্রাপ্ত হইয়া কেন তুমি আমাকে সপত্নীদের নিকটে লইয়া যাইতে ইচ্ছা করিয়াছ ॥ ৮৯ ॥

যে হেতু শ্রীকৃষ্ণ এবং তুমি আমার দুঃখ জান না, এই হেতু সপত্নীদিগের

তত্র চেদং পুনরুট্টঙ্কয়তি স্ম—কিময়ং ব্রূতে। সাম্প্রতমেব স গায়ত্রব্রতমুত্তীর্ণবানস্তি। কথং মিথুনীভাবমাপদ্যেতেতি। (ক) তত্রেদং ব্রবাণীতি ব্রবীতি স্ম।—

"সততমুরসি সৌম্য ! শ্রীর্বধূঃ সাকমাস্তে" ইতি ॥ ৯১॥

অত্র চায়মভিপ্রায়ঃ।—

তস্যোরসি যা রেখা, সা খলু লক্ষ্মীরিতি প্রথিতম্।
তং মিলন্তী কিল তরুণং, সা নবতরুণী রহো ভবতি ॥৯২॥

কিঞ্চ তত্রচেদমিতিগদ্যেন পুনরাহ—অয়ং ভ্রমরঃ কিং ব্রূতে? স কৃষ্ণঃ গায়ত্রব্রতং বেদাধ্যয়নং মিথুনীভাবং স্ত্রিয়া সহ সংযোগং ৮৭ তত্র, অত্র বাক্যে ॥ ৯১ ॥

তস্য শ্রীকৃষ্ণস্য উরসি বক্ষসি বামস্তনোর্দ্ধে স্বর্ণবর্ণা যা রেখা নবযুবানং তং শ্রীকৃষ্ণং সা মিলন্তী, নবযুবতী রহো নির্জ্জনগৃহে ভবতি ॥ ৯২ ॥

নিকটে বিরহ ব্যাধি এবং তাঁহার নিকটে আমাকে লইয়া যাইতে সর্ব্বতোভাবে যত্নবান্ হইও না ॥ ৯০ ॥

তদ্বিষয়ে পুনর্ব্বার এইরূপ উল্লেখ করিতে লাগিলেন। সম্প্রতি এই ভ্রমর কি বলিতেছে, বলিতেছে যে সম্প্রতি তাঁহার গায়ত্রীব্রত অর্থাৎ বেদাধ্যয়ন হইয়া গিয়াছে ? এবং কিরূপে তাঁহার স্ত্রীলোকের সহিত সংসর্গ হইবে ?। অতএব আমি তবে এইরূপ বলি ; এই বলিয়া রাধিকা বলিতে লাগিলেন। হে সৌম্য ? তাঁহার বক্ষঃস্থলে সর্ব্বদাই লক্ষীরূপা বধূ (খ) সংবাস করিতেছেন ॥ ৯১ ॥

এই বাক্যের এইরূপ অভিপ্রায় যে, শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলে অর্থাৎ বামস্তনের ঊর্দ্ধে যে স্বুবর্ণরেখা আছে, তাহাই লক্ষ্মী বলিয়া বিখ্যাত। নতুবা শ্রীকৃষ্ণের সহিত মিলিত হইয়া নবযুবতি যেন নির্জ্জন গৃহে বিদ্যমান রহিয়াছেন ॥ ৯২ ॥

(ক) তদেবং ইতি মাগু পাঠঃ।

(খ) শ্রীবৎসচিহ্ন অর্থাৎ দক্ষিণস্তনের উপরে শ্বেত লোমাবলী

তস্মাৎ—

ইত্বরীণামিয়ং রীতিরেতি স্বৈরমিতস্ততঃ।

নয়ন্মাং নগরং তাসাং দৃশাং মামব মানয় ॥ ৯৩ ॥

(ক) অথ পুনঃ কথমপি তদ্বাসনয়া কৃতবহির্বৃত্তিপ্রকাশনয়া চক্ষুষী সমুন্মীল্য নিভালয়ন্তী চিরং গতমপি তমেব দ্বিরেফং সাক্ষাদিব বীক্ষতে স্ম। বীক্ষ্য চ পুনর্বিরহমেব সন্ততং নিরীক্ষতে স্ম। তত্র চ পৃচ্ছ্যমিদং পূর্ব্বং নাপৃচ্ছমিতি স বিপ্রতীসারং পৃচ্ছতি স্ম।—

"অপি! বত! মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে" ইতি ॥৯৪॥

ভা ১০।৪৭।২১।

তাদৃশাচরণং ন সাধ্বীনামুচিতং কিন্তু তদিতরাসামিতি বর্ণয়তি—ইত্বরীণামসাধ্বীনামিয়ং রীতিঃ স্বভাব ইতস্ততঃ পুরুষে স্বৈরং স্বতন্ত্রং যথাস্যাত্তথা এতি গচ্ছতি তস্মান্মাং নগরং মথুরাং নয়ন্ প্রাপয়ন্ তাসামিত্বরীণাং দশামবস্থাং মা নয় ন প্রাপয় কিন্তু মামব রক্ষ ॥ ৯৩ ॥

অথ পুনস্তস্যা ভাবোদ্রেকং বর্ণয়তি—অথ পুনরিত্যগদ্যেন। তদ্বাসনয়া অনির্ব্বাচ্যবাসনয়া কৃতা যা বহির্বৃত্তিপ্রকাশনা তয়া নিভালয়ন্তী পশ্যন্তী দ্বিরেফং ভ্রমরং। তত্রচ বিরহে পৃচ্ছ্যং জিজ্ঞাসনীয়ং সবিপ্রতীসারং সানুতাপং সপশ্চাত্তাপমপৃচ্ছৎ তদ্দর্শয়তি অপীতি। অস্য বাক্যস্য ॥ ৯৪ ॥

অসাধ্বী নারীগণের ইহাই স্বভাব যে, তাহারা স্বাধীনভাবে ইতস্ততঃ সকল পুরুষের কাছেই গমন করিয়া থাকে। অতএব তুমি আমাকে মথুরা-পুরীতে লইয়া গিয়া সেই সকল অসাধ্বী রমণীগণের অবস্থার সহিত আমার অবস্থা সমান করিও না। কিন্তু তুমি আমাকে রক্ষা কর ॥ ৯৩ ॥

অনন্তর পুনরায় অনির্ব্বাচ্য বাসনা দ্বারা যেরূপ বাহ্য বৃত্তির প্রকাশ হইয়াছিল,

(ক) অথ সুজল্পঃ। যত্রার্জ্জবাৎ সগাম্ভীর্য্যং সদৈন্যং সহচাপলং। সোৎকণ্ঠঞ্চ হরিঃ পৃষ্টঃ স সুজল্পো নিগদ্যতে ॥ যথা ভাঃ ১০।৪৭।২১। অপি বত মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে, স্মরতি স পিতৃগেহান্ সৌম্য বন্ধূংশ্চ গোপান্। ক্বচিদপি স কথাং নঃ কিঙ্করীণাং গৃণীতে, ভুজমগুরু সুগন্ধং মূর্দ্ধ্ন্যধাস্যৎ কদানু। অস্যার্থং বিশদয়তি অথ পুনরিত্যাদিনা। আ।

অস্য চায়মভিপ্রায়ঃ—

তত্ত্বং ব্রবীমি ন রহস্ত্বয়ি কিঞ্চনাস্তে
ভৃঙ্গাধিপ ! স্বহিতকারিণি বন্ধুবন্ধৌ।
ধর্ম্মে বিবেচনমিতে স তু নঃ পতিঃ স্যা-
দৌৎপত্তিকী হি রতিরত্র মিথঃ প্রমাণম্ ॥ ৯৫ ॥

অভিপ্রায়ং ব্যনক্তি—তত্ত্বমিতি। হে ভৃঙ্গাধিপ ! অহং তত্ত্বং যথার্থং স্বস্য মম হিতকারিণি তত্রাপি বন্ধোঃ শ্রীকৃষ্ণস্য বন্ধৌ মিত্রে ত্বয়ি কিঞ্চন রহো গোপ্যং নাস্তে, তদ্ব্যঞ্জয়তি ধর্ম্মে ন্যায়ে স্বভাবে বা বিবেচনমিতে বিচারিতে সতি স তু শ্রীকৃষ্ণো নোঽস্মাকং পতিঃ স্যাৎ হি যতঃ ঔৎপত্তিকী স্বভাবসিদ্ধা রতিরত্র পতিজায়াভাবে মিথঃ পরস্পরং প্রমাণং নতু পিত্রাদিকল্পিতো জনঃ পতিঃ ॥ ৯৫ ॥

তাহাতে তিনি নেত্রদ্বয় উন্মীলিত করিয়া বহুক্ষণ গমন করিলেও যেন সেই ভ্রমরকে সাক্ষাৎ নিরীক্ষণ করিতে লাগিলেন। ভ্রমরকে দর্শন করিয়া পুনর্ব্বার বিচ্ছেদই সর্ব্বদা নিরীক্ষণ করিলেন। এই বিরহে পূর্ব্বে আমি জিজ্ঞাসার বিষয় কিছুই জিজ্ঞাসা করি নাই। এই কারণে অনুতাপের সহিত জিজ্ঞাসা করিলেন। হায় ? আর্য্যপুত্র এক্ষণে মধুপুরীতে অবস্থান করিতেছেন ॥ ৯৪ ॥

এই বাক্যের তাৎপর্য্য এই যে, হে ভৃঙ্গাধিপ ? আমি তোমাকে যথার্থ বিষয় বলিতেছি। তুমি আমার হিতকর, তন্মধ্যে তুমি বন্ধুর বন্ধু। এই কারণে তোমার কাছে আমাদের কোন গোপনীয় বিষয় নাই। দেখ, যদি ন্যায় এবং স্বভাব বিচার সঙ্গত হয়, তাহা হইলে কিন্তু সেই শ্রীকৃষ্ণ আমাদের পতি হইবেন। কারণ, স্বভাবসিদ্ধ রতিই পতি-পত্নী-ভাব সম্বন্ধে পরস্পর প্রমাণ কিন্তু মাতা পিতা এবং আত্মীয়গণের কল্পিত লোক কখনও পতি হইতে পারে না ॥ ৯৫ ॥

কষ্টং বত ! প্রিয়তমঃ স পুরি প্রয়াতঃ
স্তব্ধশ্চ বৃত্তমপি নাত্র চিরাদুপৈতি।
তত্রানবস্থিতিমথাস্য বিতর্ক্য চিত্তং
সন্দিহ্য দাহ্যদশয়া বত ! ভস্মতি স্ম ॥ ৯৬ ॥

তত্র তন্মুখাত্তস্য সুখাবস্থিতিসম্মতিং মতিমানীয় পুনর্ব্বিশেষং পৃচ্ছতি স্ম।—

"স্মরতি স পিতৃগেহান্ সৌম্য ! বন্ধূংশ্চ গোপান্"ইতি ॥৯৭॥

সদাবয়োর্দ্দাম্পত্যোঽপি তস্মৈষ ব্যবহারঃ বর্ণয়তি ইতি কষ্টমিতি। বতেতি খেদে। এতৎ কষ্টং স পতিঃ স্তব্ধ স্তেষাং ভাবেন বশীভূতঃ সন্ বৃত্তং কৃতাবরণং যথাস্যাত্তথাপি অত্র ব্রজে চিরান্নোপৈতি নাগচ্ছতি। অথানন্তরং তত্র পুরি স্যস্থানবস্থিতিং তথা গুরুগেহবাসাদ্বিতর্ক্য মম চিত্তং সন্দিহ্য দাহ্যা উত্তপ্তা যা দশা অবস্থা তয়া ভস্মতি ভস্মেবাচরতি, নিঃসত্ত্বং ভবতীত্যর্থঃ ॥ ৯৬ ॥

তদেতন্নিশম্য উত্তপ্তাদ্ভ্রমরাত্তদ্বৃত্তান্তং শ্রুত্বেব সা যদকরোত্তদ্বর্ণয়তি—তত্রেতিগদ্যেন। ভ্রমরমুখাত্তত্র পুরি তস্য সুখেনাবস্থানস্য সম্যক্ মতিং বোধং মতিং বুদ্ধিমানীয় প্রাপয্য। অত্র বাক্যে ॥ ৯৭ ॥

হায় ! কি কষ্ট ! সেই প্রিয়তম মধুপুরে গমন করিয়াছেন, এবং তাঁহাদের ভাবে বশীভূত হইয়া আবরণ পূর্ব্বক ও বহুদিনের পর ব্রজে আগমন করিতেছেন না। অনন্তর গুরুগৃহে বাস হেতু সেই নগরে তাঁহাদের অনবস্থিতি বিবেচনা করিয়া আমার চিত্তে সন্দেহ করিয়া দাহ্যদশায় ভস্ম হইতেছে ॥ ৯৬ ॥

ভ্রমরের মুখ হইতে সেই নগরে সুখে অনবস্থানের সম্যক্ জ্ঞান বুদ্ধিতে আনিয়া পুনর্ব্বার বিশেষ করিয়া জিজ্ঞাসা করিলেন। হে সৌম্য ? তিনি পিতা বন্ধুগণ গোপগণ এবং গৃহ কি স্মরণ করেন ? ॥ ৯৭ ॥

অত্র চায়মভিপ্রায়ঃ।—

(ক) চিত্তে চেদ্‌ব্রজমাব্রজত্যনুদিনং সোঽপি স্মরত্যন্বহং
তং তাতং জননীঞ্চ তামহহ ! তান্যাত্মীয়বৃন্দান্যপি।
তর্হি স্যাদুভয়ত্র সন্ততমিথঃস্ফূর্ত্তিং সমক্ষপ্রভা
যেন স্যাম বয়ঞ্চ হন্ত ! মৃতকাঃ শুদ্ধামৃতেনোক্ষিতাঃ ॥৯৮॥

তত্র চ তস্য সম্মতমিব বিবিচ্য পুনঃ সঙ্কোচং ব্যতিরিচ্য পৃচ্ছতি স্ম।—

"ক্বচিদপি স কথাং নঃ কিঙ্করীণাং গৃণীতে" ইতি ॥৯৯॥

ভা ১০।৪৭।২১

তমভিপ্রায়ং ব্যনক্তি—চিত্তে ইতি। সোঽপি শ্রীকৃষ্ণোঽপি চেদ্যদি চিত্তে মনসি অনুদিনং প্রতিদিনং ব্রজমাব্রজতি তথান্বহং প্রতিদিনং তং ব্রজেশরূপং জনকং তাঞ্চ ব্রজেশ্বরীং জননীঞ্চ। অহহেতি খেদে। আত্মীয়বৃন্দানি সুবলাদীনি অস্মদাদীনিচ স্মরতি, তর্হি তদা উভয়ত্র পিত্রোরাত্মীয়সমূহেষু সন্ততমিথঃ সন্ততনির্জ্জনস্থানে সমক্ষপ্রভা প্রত্যক্ষরূপা স্ফূর্ত্তিঃ স্যান্নস্মাসু যেন হেতুনা শুদ্ধামৃতেন শুদ্ধসুধয়া উক্ষিতাঃ সিক্তা অপি বয়ং মৃতকাঃ স্যামঃ মৃতা ভবেম। যদ্বা হন্তেতি খেদে। যেন মৃতকা বয়ঞ্চ শুদ্ধামৃতেন উক্ষিতাঃ স্যামঃ ॥ ৯৮ ॥

নন্বু সাধারণ্যেন ভবতীষ্বপি তস্য তথা স্ফূর্ত্তিরস্ত্যেবেতি চেত্তত্রাহ—তত্র চেত্যাদিগদ্যেন। তস্য ভ্রমরস্য ব্যতিরিচ্য বিহায় ॥ ৯৯ ॥

সেই শ্রীকৃষ্ণও যদি মনে মনে প্রতিদিন ব্রজে আগমন করেন, এবং হায় ? যদি প্রতিদিন ব্রজেশ্বর রূপ জনক, ব্রজেশ্বরীরূপা জননী, এবং সুবল প্রভৃতিকে, আর আমাদিগকে স্মরণ করেন; তাহা হইলে মাতা পিতা এবং আত্মীয় সমূহ এই উভয় বিষয়ই সর্ব্বদা নির্জন স্থানে প্রত্যক্ষরূপা স্ফূর্ত্তি হইতে পারে। যেহেতু শুদ্ধ অমৃত দ্বারা সিক্ত হইয়াও আমরা মৃত্যু প্রাপ্ত হইব। অথবা হায় ? যাহাতে মৃত হইয়াও আমরা শুদ্ধ অমৃতরসে সিক্ত হইব॥ ৯৮ ॥

তদ্বিষয়ে ভ্রমরের যেন সম্মতি আছে বিবেচনা করিয়া পুনর্ব্বার সঙ্কোচ পরিত্যাগপূর্ব্বক জিজ্ঞাসা করিলেন। আমরা সকলেই তাঁহার দাসী। তিনি কোনও স্থানে কি এই সকল দাসীদের কথা উচ্চারণ করিয়া থাকেন ? ॥ ৯৯ ॥

(ক) বৃত্তং চেদ্‌ব্রজং। ইত্যানন্দবৃন্দাবনগৌর পাঠঃ।

অস্য চায়মভিপ্রায়ঃ—

ক্বচিদপি রহসি স্বাং মূর্ত্তিমস্মন্নিষেবা
বিরচিতচরবেষাং বীক্ষ্য চৈতদ্ ব্রবীতি !
অপি বত ! পরিচর্য্যাকারিকা হন্ত ! নামূঃ
স্মরসি যদসি দূরে নাত্মনা সার্দ্ধমেষি ॥ ১০০ ॥

তদেতদ্বিলপিতং বলয়িত্বা

"ভুজমগুরুসুগন্ধং মূর্দ্ধ্ন্যধাস্যৎ কদা নু"

ইতি বদন্মনাঃ শুণ্ডাবদ্ভুজদণ্ডশুণ্ডমপি মদস্থাণুতয়ানুভবন্তী যা বভূব, সেয়ং সম্প্রতি তদ্বিরহদহনং বহন্তী ভুজেঽতিমাত্রং বচসি রচয়ন্তী মূর্চ্ছতি স্ম। অত্র ধাস্যতীতি বাচ্যেঽধাস্যদিতি তস্যা ভ্রমবিকার এব ॥ ১০১ ॥

তমভিপ্রায়ং ব্যনক্তি—ক্বচিদপীতি। ক্বচিদপি কদাচিদপি রহসি নির্জ্জনে অস্মাভি র্যা নিষেবা পরিচর্য্যা তয়া বিরচিতো বরঃ শ্রেষ্ঠঃ বেষো যত্র তাং, বিরচিতচরেতি পাঠে। চরট্ প্রাগ্‌ভূতে ইতি চরট্। স্বাং মূর্ত্তিং বীক্ষ্য চ তাং মূর্ত্তিং প্রতি এতৎ ব্রূতে। অপি প্রশ্নে। বতেতি খেদে। তব পরিচর্য্যাকারিকা অমূর্গোপী র্হন্তেতি খেদে। ন স্মরসি যদ্‌যস্মাদসি ত্বং দূরেণ দূরে আত্মনা ময়া সার্দ্ধং সমমৈষি আগচ্ছসি ॥ ১০০ ॥

তদনন্তরং যদ্‌বৃত্তং জাতং তদ্বর্ণয়তি—তদেতদিতিগদ্যেন। বিলপিতং বিলাপং বলয়িত্বা ব্যক্তী-কৃত্য ইতি বদন্মনো যস্যাঃ সা শুণ্ডাবৎ হস্তিহস্তবন্নিজভুজদণ্ডশুণ্ডামপি মদস্থাণুতয়া গর্ব্বস্য শঙ্কুতয়া। অধাস্যদিতি অনদ্যতনভূতকালে প্রয়োগাদত্র ভবিষ্যতি তাৎপর্য্যাৎ ॥ ১০১ ॥

এই বাক্যের অভিপ্রায় এই যে, আমরা যেরূপে সেবা করিয়া থাকি, তাহাদ্বারা মনোহর বেশযুক্ত স্বকীয় মূর্ত্তি, কখনও নির্জ্জনে দর্শন করিয়া সেই মূর্ত্তির প্রতি এইরূপ বলিয়া থাকেন। আচ্ছা জিজ্ঞাসা করি, হায়! হায়! আপনি কি আপনার সেবাকারিণী সেই সকল গোপীদিগকে স্মরণ করেন না? যে হেতু আপনি ও আমি পরস্পর দূরে থাকিলেও আমার সহিত আগমন করিয়া থাকেন ॥ ১০০ ॥

যিনি এইরূপে বিলাপ ব্যক্ত করিয়া এবং "অগুরুচন্দন দ্বারা সুগন্ধ বাহু

মূর্চ্ছা তু যথা—

বৈস্বর্য্যাৎ কৃশিমান্বয়াদবয়বস্থিত্যন্যভাবাশ্রয়া
দ্বৈবর্ণ্যাদপি যা ন সেতি মুহুরপ্যূহাংবভূবে যদা।
তর্হ্যেষা বত ! লালয়াবৃতিবশাচ্চেষ্টাবিঘট্টাদ্ধুত
শ্বাসাদ্যানুপলম্ভনান্নিজতনাবস্তীতি নাতর্কি চ ॥ ১০২ ॥

তস্যা মূর্চ্ছাবস্থাং বর্ণয়তি—বৈস্বর্য্যাদিতি। স্বরস্য বৈজাত্যাৎ অতিকৃশতাভাবাদবয়বাদীনাং হস্তপদাদীনাং যা স্থিতিঃ তস্যা অন্যভাবাশ্রয়াৎ ঋজুবক্রতয়োর্বৈপরীত্যাৎ বৈবর্ণ্যাৎ স্বরূপবর্ণস্য বৈরূপ্যাৎ যা রাধা যদা সেতি ন উহাংবভূবে বিতর্কিতবতী তর্হি তদা। বতেতি খেদে। এষা রাধা নিজতনৌ স্বশরীরে অস্তীতি জনেনাতর্কিতা না শব্দো নিষেধার্থঃ তত্র হেতবো লালয়া মুখজাতক্লেদেন যা আবৃতিঃ তস্যা বশাৎ চেষ্টাবিঘট্টাৎ চেষ্টাহ্রাসতঃ শ্বাসাদ্যনুপলম্ভনাৎ শ্বাসরোধাৎ ইতি ॥ ১০২ ॥

করে মস্তকে অর্পণ করিবেন” এইরূপ বলিতে মনন করিয়া, আপনার ভুজদণ্ড রূপ শুণ্ডাকে ও (শুঁড়) হস্তিশুণ্ডের মত অনুভব করিয়াছিলেন, সম্প্রতি তিনি শ্রীকৃষ্ণের বিরহানল বহন করিয়া ‘ভুজ’ এইমাত্র বাক্য বলিয়া মূর্চ্ছিত হইলেন। (এই স্থানে শ্লোক মধ্যে ‘ধাস্যতি’ এই কথা বলিতে গিয়া ‘অধাস্যৎ’ এইরূপ লৃঙ্ প্রয়োগ করিয়াছিলেন। ইহাও তাঁহার ভ্রমবিকার মাত্র (ক) ॥১০১॥

মূর্চ্ছা যথা :—স্বরের বৈপরীত্য, অত্যন্ত কৃশতা, হস্ত পদাদির যেরূপ অবস্থান আবশ্যক, তাহার অন্যথা, অর্থাৎ সরলতা এবং বক্রতার বৈপরীত্য, এবং স্বরূপ বর্ণের বৈপরীত্য হেতু সকলে যখন সেই রাধিকাকে “তিনি নয়,” বলিয়া বিবেচনা করিয়াছিল, তখন হায় ? এই রাধিকা যে নিজ শরীরে বিদ্যমান আছেন, তাহা সকলে বিচার করিতে পারে নাই। তাহার প্রতি কারণ এই, তখন মুখ জনিত ক্লেদ দ্বারা তাহার সর্ব্বাঙ্গ আবৃত হইয়াছিল, শারীরিক চেষ্টার হ্রাস হইয়াছিল ; এবং তাঁহার শ্বাসরোধ হইয়াছিল ॥ ১০২ ॥

(ক) ভবিষ্যৎ ক্রিয়াকে অতীত কালে প্রয়োগ করাই ভ্রম।

তদ্বচনস্য চায়মভিপ্রায়ঃ—

গুরুমগুরুমতীত্য স্বীয়পাণিং সুগন্ধিং
নিজপরিচরণায়াং স্বীকৃতিং লিপ্সমানঃ।
অহহ! শিরসি নঃ কিং কর্হিপি স্পর্শয়িষ্য-
ত্যনুদিনমপি যেন স্ফীতচিত্তা ভবামঃ ॥ইতি॥১০৩॥

তদেবং বর্ণয়িত্বা স্নিগ্ধকণ্ঠঃ স্বং দুঃখং রাধাকৃষ্ণয়োঃ শৃণ্বতোঃ কৃষ্ণং প্রতি বর্ণয়ামাস। — ॥১০৪ ॥

সুরূপা বৈরূপ্যং মৃদুলহৃদয়াক্রূরতরতাং
সুলজ্জাবৈযাত্যং স্মিতমধুরিতা ম্লানমুখতাং।
তদাগাদেষা যত্তব বিরহতঃ কৃষ্ণ! সুভগা
ভুদেতন্মচ্চিত্তং বিমৃশদভিতস্তাপময়তে ॥ ১০৫ ॥

তমভিপ্রায়ং ব্যনক্তি—গুরুমিতি। গুরুং মহান্তং অগুরুচন্দনমতীত্যাতিক্রম্য সুগন্ধিং স্বীয়হস্তং নিজস্য মম পরিচর্য্যায়াং স্বীকৃতিং অঙ্গীকারং লিপ্সমানো লব্ধুমিচ্ছন্ বভূব। অহহেতি খেদে। স নোঽস্মাকং শিরসি কদাপি তং স্বীয়পাণিং স্পর্শয়িষ্যতি, যেন প্রতিদিনমপি প্রফুল্লিতচিত্তা ভবাম ইতি ॥ ১০৩ ॥

এতৎ পূরণং পূরয়িতুং স্বয়ং কবিঃ প্রক্রমতে—তদেবমিতি গদ্যেন ॥ ১০৪ ॥

তদ্বর্ণনং ব্যনক্তি—সুরূপেতি। সুরূপা শ্রীরাধা বৈরূপ্যং মালিন্যাদিকং কোমলচিত্তাপি ক্রূরতাতিশয়ং সুলজ্জাপি বৈবাত্যং বিগতত্রাং স্মিতমধুরিতা মন্দহাস্যেন মধুরস্বভাবান্বিতাপি

এই বাক্যেরও এইরূপ অভিপ্রায়। যথা:—যাঁহার নিজ বাহু গুরুতর অগুরু চন্দন অপেক্ষাও সুগন্ধযুক্ত, এবং সেই সুগন্ধযুক্ত হস্ত যিনি আমার সেবায় অঙ্গীকার করিতে ইচ্ছা করিয়াছিলেন; হায়! তিনি কখনও আমাদের মস্তকে সেই হস্তস্পর্শ করাইবেন; যাহাতে আমাদের চিত্ত প্রফুল্ল হইতে পারিবে ॥ ১০৩ ॥

অতএব এইরূপ বর্ণন করিয়া স্নিগ্ধকণ্ঠ, কৃষ্ণ রাধিকা যখন শ্রবণ করেন; তাঁহাদের মধ্যে কৃষ্ণের প্রতি স্বকীয় দুঃখ বর্ণন করিতে লাগিলেন ॥ ১০৪ ॥

হে শ্রীকৃষ্ণ? আপনার বিরহে এই সুরূপা রাধিকা মালিন্য পাইয়াছেন;

অসৌ ক্ব বিরহব্যথা বলিতশূন্যতা সর্ব্বতঃ
ক্ব বা কলিরিতঃ কলের্ব্যবহিতিশ্চ সার্দ্ধং ত্বয়া।
ইতীহ বৃষভানুজা-হৃদয়দুর্দ্দশামামৃশন্
মনো মম মনোহরাখিলমুকুন্দ! বিভ্রাম্যতি ॥ ১০৬ ॥

অথ কৃষ্ণেন পরমতৃষ্ণেনাশ্লিষ্টতয়া শ্লিষ্টাধিকায়াং রাধিকায়াং তস্যাং সভায়ামপি মহাসুখাধিকায়াং জাতায়াং

ম্লানং মুখং যস্যা স্বভাবতাং তদাগাৎ গতবতী। হে কৃষ্ণ! এষা সুভগা তব বিরহতঃ যদেবমভূৎ মচ্চিত্তং তদেতৎ বিমৃশৎ সৎ সর্ব্বতো ভাবেন তাপং গচ্ছতি ॥ ১০৫ ॥

কিঞ্চ অসাবিতি বলিতা সমাগতা শূন্যতা যত্র অসৌ বিরহব্যথা ক্ব কলিঃ কলহঃ ক্ব বা ইতঃ অস্মাৎ কলের্হেতো! ত্বয়া সার্দ্ধং ব্যবহিতি র্ব্যবধানঞ্চ ক্ব ইহ প্রকটলীলায়ামিত্যেবং শ্রীরাধাচিত্তদুর্দ্দশাং মম মন আমৃশৎ স্মরৎ। হে মনোহরাখিল অখিলানাং মনো হরতীতি রাজ-দন্তাদিত্বাৎ পরভাবঃ। হে মুকুন্দ বিভ্রাম্যতি অনবস্থাং গচ্ছতি ॥ ১০৬ ॥

ততঃ পরবৃত্তান্তং বর্ণয়তি—অথেতিগদ্যেন। পরমা তৃষ্ণা লালসা যস্য তেন কৃষ্ণেন আশ্লিষ্টতয়া আলিঙ্গিততয়া আশ্লিষ্টাধিকায়াং আশ্লিষ্টমধিকং যস্যা স্তস্যাং দৃঢ়ালিঙ্গনকারিণ্যাং

কোমল হৃদয়া হইয়াও যে অত্যন্ত নিষ্ঠুরতা করিয়াছেন; অত্যন্ত লজ্জশীলা হইয়াও যে লজ্জা পরিত্যাগ করিয়াছেন, এবং মন্দ হাস্য দ্বারা মধুর প্রকৃতি হইয়াও যে মুখমালিন্য ধারণ করিয়াছেন; যখন সর্ব্বপ্রিয়া রাধিকা এইরূপ দশা প্রাপ্ত হইয়াছেন, তখন আমার চিত্তও ইহা চিন্তা করিয়া অত্যন্ত সন্তপ্ত হইতেছে ॥ ১০৫ ॥

হে অখিল পদার্থের মনোহর শ্রীকৃষ্ণ! যাহাতে সর্ব্বতোভাবে শূন্যময় ভাব উপস্থিত হইতে পারে, সেই বিরহ ব্যথাই বা কোথায়? এবং সেই কলহই বা কোথায়? এবং এই কলহ হেতু এই প্রকাশমান লীলা কাব্যে আপনার সহিত ব্যবধানই বা কোথায়? এই প্রকারে আমার মন শ্রীরাধিকার মনের দুর্দ্দশা চিন্তা করিয়া বিভ্রান্ত হইতেছে ॥ ১০৬ ॥

অনন্তর অত্যন্ত বাসনাযুক্ত শ্রীকৃষ্ণ আলিঙ্গন করাতে দৃঢ়রূপে আলিঙ্গন-কারিণী রাধিকা এবং সেই সভাও নিরতিশয় মহাসুখে মগ্ন হইলেও যেন ক্ষণকাল

মুহূর্ত্তমেকং তৎপ্রতিপদেব তস্মিন্নিতিহাসাধ্যয়নে প্রতিপদ্বভূব। যতস্তস্য চ সম্মদান্তর্লীয়মানং স্বান্তমপি চিরায় স্বান্তায় কল্পতে স্ম ॥ ১০৭ ॥

ইতি শ্রীমদুত্তরগোপালচম্পূমনু দূতভ্রম-
করভ্রমরসম্ভ্রমমেকাদশং
পূরণম্ ॥ ১১ ॥

তেন মহাসুখেনাধিকায়াং তস্যাং সভায়াঞ্চ জাতায়াং প্রতিপদেব লেশকাল ইব প্রতিপদনধ্যয়ন-তিথিবদ্বভূব মুহূর্ত্তকালং ইতিহাসস্যাধ্যয়নং আলোচনং বিরতমভূৎ যতো যস্মাৎ তস্য স্নিগ্ধকণ্ঠস্য চ চকারাৎ মধুকণ্ঠস্য সংমদেন হর্ষেণ অন্তর্লীয়মানং স্বান্তং চিত্তমপি চিরায় অতিবিলম্বেন স্বান্তায় গৃহায় কল্পতে স্ম গৃহে আসক্তং বভূব ॥ ১০৭ ॥

দূতস্য ভ্রমং করোতি যো ভ্রমর স্তেন সম্ভ্রমো মোহাবস্থা যত্র তৎ ॥ ০ ॥

ইতি শ্রীমদুত্তরগোপালচম্পাং একাদশং পূরণম্ ॥ ০ ॥

সেই ইতিহাস অধ্যয়নে প্রতিপদ্ তিথির মত অনধ্যায় (ক) ঘটিয়াছিল। যেহেতু সেই স্নিগ্ধকণ্ঠের এবং মধুকণ্ঠের অন্তঃকরণ হর্ষভরে অন্তরে লীন হইলেও বহুক্ষণ গৃহে যাইতে আসক্ত হইয়াছিল ॥ ১০৭ ॥

ইতি শ্রীউত্তর গোপালচম্পূ কাব্যে দৌত্য ভ্রমকারী ভ্রমরের সম্ভ্রম
নামক একাদশপূরণ ॥ * ॥

(ক) প্রতিপল্লেশমাত্রস্তু কলামাত্রস্তু চাষ্টমী। পঠেন্বা পাঠয়েদ্বাপি পূর্ব্ববিদ্যা বিনশ্যতি। লেশমাত্র প্রতিপদ্ ও কলামাত্র অষ্টমীতেও পঠন পাঠন নিষিদ্ধ। উহাতে পূর্ব্ব বিদ্যাও নাশ প্রাপ্ত হয়। এই বিধি দ্বারা প্রতিপদ্ এবং অষ্টমী অনধ্যায় তিথি।

দ্বাদশং পূরণম্।

উদ্ধবস্য ব্রজানন্দ-সম্পাদনম্।

এতদনন্তরং মধুকণ্ঠ উবাচ।—॥ ১॥

অথ মুহূর্ত্তং মূর্ত্তভাবমিতায়ামস্যাং তথা সর্ব্বস্যামপি কৃততদ্বরিবস্যায়াং হা! সখি! রাধিকে! হা! কৃষ্ণপ্রেমাধিকে! হা! সদাস্মদানন্দসাধিকে! ত্বামিমাং শন্তমদৃশং হন্ত! হন্ত! কীদৃশং পশ্যাম ইতি বিলাপবশ্যায়াং স শ্যামসুন্দরস্য সেবকবরঃ

শ্রীমদুত্তর-গোপালচম্প্বাং দ্বাদশপূরণে।

উদ্ধবাৎ ব্রজশং শ্রুত্বা হরেস্তুষ্টিকমীর্য্যতে॥ ০॥

অথ কথকাভ্যাং কিং কথিতমিত্যপেক্ষায়াং স্বয়ং কবিঃ বর্ণয়তি—এতদিতিগদ্যেন॥ ১॥

তত্র মধুকণ্ঠবাক্যং বর্ণয়তি—অথেতিগদ্যেন। মুহূর্ত্তং কালং ব্যাপ্য মূর্ত্তভাবং মূর্চ্ছামিতায়াং গতায়ামস্যাং রাধায়াং সত্যাং কৃতা বরিবস্যা শুশ্রূষা যয়া তস্যাং সর্ব্বস্যামেব বিলাপবশ্যায়ামিত্যন্বয়ঃ। বিলাপপ্রকারমাহ—হেতি খেদে। কৃষ্ণস্য প্রেমা অধিকো যত্র হে তথাভূতে সদা অস্মাকমানন্দং সাধয়িতুং শীলমস্যা হে তথাভূতে! হন্তহন্তেতি খেদে। সন্তমদৃশং সম্যঙ্‌মলিননেত্রাং

এই সুন্দর উত্তর গোপাল চম্পূর দ্বাদশ পূরণে উদ্ধবের নিকট হইতে ব্রজের মঙ্গলবার্ত্তা শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণের মনস্তুষ্টি বর্ণিত হইবে।

পরে বলিলেন, ইহার পর মধুকণ্ঠ বলিতে লাগিলেন॥ ১॥

অনন্তর সেই রাধিকা মুহূর্ত্তকাল মূর্চ্ছা প্রাপ্ত হইলে, এবং ঐরূপে সকল সখীই শ্রীকৃষ্ণের পূজা করিয়া, "হায় হায়! হায়! সখি রাধিকে! হে কৃষ্ণ প্রাণাধিকে! হায়! সর্ব্বদা আমাদের আনন্দ সাধিকে? সম্যক্ মলিন-নেত্রা এই তোমাকে আমরা যেন মৃতব্যক্তির মত দর্শন করিতেছি" এই বলিয়া বিলাসের বশবর্ত্তিনী হইলে; সেই শ্যামসুন্দরের প্রধান সেবক শ্রীমান্ উদ্ধব, নিজেই বিলাপ করিতে লাগিলেন। তখন অতিকষ্টে নিজের ইষ্টদেব শ্রীকৃষ্ণের

স্বয়মপি পরিদেবনপরঃ কথমপি নিজদেববিরচিতস্ফূর্ত্তিবদেব তন্মূর্ত্তিপ্রতিকারকরঃ কেবলেন তৎকলেবরসুরভিতরসুরভি-দ্রব্যেণ নিজসঙ্গানীততয়া নব্যেন চৈতন্যমাচিতবান্। তদাচিত্য চ তাং তদানল্পসঙ্কল্পাৎ কৃষ্ণসঙ্গতকল্পামধ্যবস্য মধ্যমধ্যাস্য সর্ব্বাঃ পরিতঃ সম্বাস্যন্ চিরাদাশ্বাস্য চ প্রথমং তাঃ পূর্ব্ববৎ কৃষ্ণস্য তাসাঞ্চ মহিম্না দুর্দ্ধরতজ্জাতীয়ভাবতঃ শিথিলয়িতুং সাম্না ললাপ ॥ ২ ॥

ত্বামিমাং কীদৃশীং মৃতামিব পশ্যাম ইতি। তদা স শ্যামসুন্দরস্য সেবকবরোঽর্থাদুদ্ধবঃ পরিদেবনপরঃ শোকবিবশঃ নিজদেবঃ শ্রীকৃষ্ণ স্তেন বিরচিতা যা স্ফূর্ত্তিঃ তস্যা ইব তস্য শ্রীকৃষ্ণস্য মূর্ত্তেঃ প্রতিকারঃ প্রতিকৃতি স্তাং করোতীতি সঃ তস্য শ্রীকৃষ্ণস্য কলেবরে যঃ সুরভিতরঃ সুরভ্যতিশয়সুরভি ঘ্রাণতর্পণো গন্ধ স্তেন যৎ সুরভিদ্রব্যং বস্ত্রাদি তেন নিজস্য স্বস্য সঙ্গে আনীত-তয়া নব্যেন নতু ম্লানেন তস্যা শ্চৈতন্যমাচিতবান্ সঞ্চারয়ামাস। অনল্পসঙ্কল্পাৎ বহুসঙ্কল্পাৎ সকাশাৎ কৃষ্ণস্য সঙ্গতে সম্মিলনে কল্পাং সমর্থাং অধ্যবস্যন্ নিশ্চিন্বন্ মধ্যমধ্যাস্য মধ্যস্থানে বাসয়িত্বা পরিতঃ সর্ব্বদিক্ষু সর্ব্বাঃ সখীঃ সম্বাস্য উপবেশ্য আশ্বাসনং কৃত্বা প্রথমং তাঃ সখীঃ কৃষ্ণস্য তাসাঞ্চ সখীনাং পূর্ব্ববন্মহিম্না অন্যেষাং দুর্দ্ধরো য স্তজ্জাতীয়ভাব স্তস্মাৎ সকাশাৎ শিথিলয়িতুং ন্যূনতাং কর্ত্তুং সাম্না প্রিয়বাক্যেন ললাপ কথিতবান্ ॥ ২ ॥

বিরচিত স্ফূর্ত্তির মত, শ্রীকৃষ্ণের মূর্ত্তির প্রতিকৃতি (সাদৃশ্য) ধারণ করিলেন। তৎপরে কেবল যে কৃষ্ণ দেহের অত্যন্ত সুগন্ধযুক্ত নূতন বস্ত্রাদি আনয়ন করিয়া-ছিলেন, আপনার সঙ্গে সমানীত সেই অম্লান বসনাদি দ্বারা তাহাদের চৈতন্য সঞ্চারিত করিলেন। অতএব তৎকালে চৈতন্য সঞ্চার করিয়া বহুতর সঙ্কল্প হেতু সেই রাধিকাকে শ্রীকৃষ্ণের সহিত সন্মিলনে সমর্থা স্থির করিয়া, তাঁহাকে মধ্যস্থানে বসাইলেন। অনন্তর উদ্ধব সমস্ত সখীদিগকে চারিদিকে উপবেশন করাইয়া এবং অশ্বাস প্রদান করিয়া, শ্রীকৃষ্ণ এবং সেই সকল সখীদের পূর্ব্বমত মহিমা দ্বারা অন্যান্য সকল লোকের দুর্ব্বহ তজ্জাতীয় ভার শিথিল করিবার জন্য, প্রথমে তিনি প্রিয় বাক্য দ্বারা সেই সমস্ত সখীদিগকে বলিতে লাগিলেন ॥ ২ ॥

অহো! যূয়ং পূর্ণা নিখিলমহিতা যাভিরভিত-
স্তথা ন্যস্তং চিত্তং ভগবতি সমস্তার্থভজনে।
বিদূরে যুষ্মাকং ন স ভবতি (ক) যা কিন্তু বিরহ-
চ্ছলঃ প্রেমা দূরং নিজমহিমপূরং জ্ঞপয়তি ॥ ৩ ॥
তদেবং স্তুত্বা সখেদমিব নিবেদয়ামাস ॥ ৪ ॥
সন্দেশহর্ত্তুঃ প্রথমং নিশম্য দুঃখং সুখং বা তনুতে বিবেকী।
তস্মাদনাকর্ণ্য পুরা স্বয়ং যঃ সম্ভাব্য তত্তন্মনুতে স বালঃ ॥৫॥

তত্র সামবাক্যং বর্ণয়তি—অহো ইতি। অহো আশ্চর্য্যে। যূয়ং পূর্ণাঃ কৃতার্থা অতো নিখিলেষু লোকেষু মহিতাঃ পূজিতা যাভি ভবতীভিঃ সমস্তার্থানাং ধর্ম্মার্থকামমোক্ষভক্তীনাং ভজনং সেবনং যস্মাৎ তস্মিন্ ভগবতি অভিতঃ সর্ব্বতোভাবেন তথা পরমাপূর্ব্বত্বেন চিত্তং ন্যস্তং যুষ্মাকং বিদূরেণ স কৃষ্ণো ভবতি কিন্তু যঃ প্রেমা বিরহ এব ছলো যস্য সঃ নিজমহিমপূরং দূরং জ্ঞপয়তি বোধয়তি বিরহো নাম প্রেমবিবর্ত্ত এবেতি ভাবঃ ॥ ৩ ॥

তদেবমিতি—গদ্যং সুগমম ॥ ৪ ॥

তন্নিবেদনং বর্ণয়তি—সন্দেশহর্ত্তুরিতি। সন্দেশহর্ত্তুঃ দূতাৎ সকাশাৎ প্রথমমর্থাৎ বৃত্তান্তং নিশাম্য শ্রুত্বা বিবেকী জনো দুঃখং সুখং বা তনুতে প্রকাশয়তি তস্মাদ্দূতাদনাকর্ণ্য ন শ্রুত্বা পুরা অগ্রে স্বয়ং যঃ সুখদুঃখে সম্ভাব্য তত্তৎ সুখং দুঃখং বা মনুতে বুধ্যতি স বালো বালবদ্বিবেকহীনঃ। অয়ং ভাবঃ অহং কিমর্থমাগমঃ কিংবা বদামীত্যপৃষ্ট্বা খেদং কুরুতে তদনুচিতং ॥ ৫ ॥

আহা! কি আশ্চর্য্য! তোমরা সকলেই কৃতার্থ হইয়াছ। এই কারণে সকল লোকের নিকটে তোমরা পূজিত। যাঁহার নিকট হইতে ধর্ম্ম অর্থ কাম মোক্ষ এই সকল বিষয় পাওয়া যাইতে পারে। সেই ভগবান্ শ্রীকৃষ্ণের উপরে তোমরা সর্ব্বতোভাবে এবং পরম অপূর্ব্বভাবে চিত্ত সমর্পণ করিয়াছ। সেই শ্রীকৃষ্ণ তোমাদের অত্যন্ত দূরবর্ত্তী নন। কিন্তু বিরহচ্ছলে সেই প্রেম দূরে তোমাদিগকে নিজ মহাত্ম্য রাশি জানাইয়া দিতেছে ॥ ৩ ॥

এই প্রকারে স্তব করিয়া উদ্ধব যেন সখেদে বলিতে লাগিলেন ॥ ৪ ॥

বিবেকী ব্যক্তি প্রথমে দূতের নিকট হইতে বৃত্তান্ত শ্রবণ করিয়া সুখ অথবা দুঃখ প্রকাশ করিয়া থাকেন। কিন্তু যে ব্যক্তি সেই দূতের নিকট হইতে প্রথমে কোন বৃত্তান্ত শ্রবণ না করিয়া, স্বয়ং সুখ দুঃখ চিন্তা করিয়া তাহাতে সুখ অথবা

(ক) "যাঃ" ইত্যত্র "মাং" ইতি আনন্দবৃন্দাবন-গৌর পাঠঃ।

তথা হি ;—যদা হি মামত্র প্রস্থাপয়িতুমভ্যুত্থানমাচরিতং তেন ভবৎপ্রিয়তমেন। তদা ময্যেতন্নিভৃতমুক্তং। মম তাদৃগুদ্ধব ! শ্রীমদুদ্ধব ! শ্রূয়তাম্ ॥ ৬ ॥

"গচ্ছোদ্ধব ! ব্রজং সৌম্য ! পিত্রোর্নঃ প্রীতিমাবহ ॥
গোপীনাং মদ্বিয়োগাধিং মৎসন্দেশৈর্ব্বিমোচয় ॥
তা মন্মনস্কা মৎপ্রাণা মদর্থে ত্যক্তদৈহিকাঃ।
মামেব দয়িতং প্রেষ্ঠমাত্মানং মনসা গতাঃ ॥
যে ত্যক্তলোকধর্ম্মাশ্চ মদর্থে তান্ বিভর্ম্ম্যহম্।
ময়ি তাঃ প্রেয়সাং প্রেষ্ঠে দূরস্থে গোকুলস্ত্রিয়ঃ ॥
স্মরন্ত্যোঽঙ্গ ! বিমুহ্যন্তি বিরহৌৎকণ্ঠ্যবিহ্বলাঃ। (ক)
ধারয়ন্ত্যতিকৃচ্ছ্রেণ প্রায়ঃ প্রাণান্ কথঞ্চন ॥
প্রত্যাগমনসন্দেশৈর্ব্বল্লব্যো মে মদাত্মিকাঃ" ॥

ভা ১০।৪৬।৩-৬। ইতি ॥৭॥

অহং যদর্থমাগতবান্ তৎ শৃণুতেত্যাহ—তথাহীতি। অত্র ব্রজে মাং প্রস্থাপয়িতুং ভবতীনাং প্রিয়তমেন তেন শ্রীকৃষ্ণেনাভ্যুত্থানমাচরিতঃ তদা ময়ি এতন্নিভৃতং রহস্যমুক্তং মম তাদৃগুদ্ধব উৎসবো যস্মাৎ হে শ্রীমদুদ্ধব শ্রূয়তাম্ ॥ ৬ ॥

তচ্ছ্রাবণং শ্রীভাগবতীয়পদ্যৈ বর্ণয়তি—গচ্ছেত্যাদিভিঃ সার্দ্ধচতুর্ভিঃ ॥ ৭ ॥

দুঃখ বোধ করে ; সেই ব্যক্তি বালকের মত বিবেকবিহীন। ইহার তাৎপর্য্য এই আমি কেন আসিয়াছি, এবং কি কথাই বা বলিব। ইহা জিজ্ঞাসা না করিয়া তোমরা যে খেদ করিতেছ, ইহা অত্যন্ত অনুচিত ॥ ৫ ॥

দেখ, তোমাদের সেই প্রিয়তম শ্রীকৃষ্ণ, যৎকালে আমাকে এই ব্রজে প্রেরণ করিবার নিমিত্ত উদ্‌যোগ করিয়াছিলেন ; তৎকালে তিনি নির্জ্জনে আমাকে বলিয়াছিলেন। হে উদ্ধব ; তোমাকে দেখিলে আমার এইরূপ উৎসব উৎপন্ন হইয়া থাকে, অতএব তুমি শ্রবণ কর ॥ ৬ ॥

হে সৌম্য ! হে উদ্ধব ? তুমি ব্রজে গমন কর। তথায় আমাদের পিতা

(ক) বিরহোৎকণ্ঠ্যকাতরাঃ। ইতি মাগুপাঠঃ।

তদেবং "গচ্ছোদ্ধব! ব্রজং সৌম্যে"ত্যুভয়ত্র সাধারণতয়া মাং বিনুদ্য পিতরাবপি শ্লোকচতুর্থাংশগাত্রেণ প্রস্তুত্য ভবতীনামনুরাগং চতুর্ভিঃ শ্লোকৈঃ কথয়িত্বা পুনরাবিস্তরাং বিস্তরশ্চ কৃতঃ ॥ ৮ ॥

তদেতাবদুদ্ধবস্তাভির্ব্বুদ্ধমবধায় তত্র চ তেন স্বপ্রভুবরেণ স্বস্মিন্ পিতরৌ প্রতিজানাসি ত্বমিত্যাদিপূর্ব্বোক্তপদ্যরীত্যা

এষাং ব্যাখ্যানং স্বয়মেব করোতি—তদেবমিত্যাদিগদ্যেন। উভয়ত্র পিত্রো র্ভবতীষু চ বিনুদ্য প্রেরণং কৃত্বা শ্লোকচতুর্থাংশঃ পিত্রো র্নঃ প্রীতিমাবহেতি মাত্রেণ প্রস্তাবং কৃত্বা আবিস্তরাং সুষ্ঠু প্রকাশং বিস্তারঃ কৃতঃ ॥ ৮ ॥

তৎবিস্তারকরণং বর্ণয়তি—তদিতিগদ্যেন। উদ্ধবস্তাভি র্গোপীভি স্তৎসর্ব্বপদ্যমর্ম্ম বুদ্ধং জ্ঞাতমিত্যবধায় পর্য্যালোচ্য তেন শ্রীকৃষ্ণেন "জানাসি ত্বং মম হৃদয়মিদং বদ্ধতাং যাতি ভক্ত্যা-

---

মাতার প্রীতি সম্পাদন কর। আমার সম্বাদ বলিয়া গোপীদিগের আমার বিরহ জন্য মানসিক ব্যথা মোচন কর। কারণ, আমিই গোপীদিগের ধন, এবং আমিই তাহাদের প্রাণ। তাহারাও আমার জন্য দৈহিক সকল সুখ বিসর্জ্জন দিয়াছে। এইরূপে গোপীগণ মনে মনে আত্মরূপী আমাকেই প্রিয়তম কান্ত বলিয়া প্রাপ্ত হইয়াছে। ব্রজের যে সকল লোক আমার নিমিত্ত লোক ধর্ম্ম পরিত্যাগ করিয়াছে, আমি তাহাদিগকেই পালন করিয়া থাকি। হে উদ্ধব! তাহাদের যত প্রিয় আছে, আমি তাহাদের মধ্যে প্রিয়তম। আমি দূরবর্ত্তী হইলে সেই সকল গোকুলস্থিত নারীগণ আমাকে স্মরণ করিয়া, বিরহ-জনিত উৎকণ্ঠায় কাতর হইয়া মুগ্ধ হইয়া থাকে। আমার আত্মরূপা গোপী সকল আমার প্রত্যাগমন সংবাদে প্রায়ই অতি কষ্টে, কোনও রূপে প্রাণ ধারণ করিয়া থাকে ॥ ৭ ॥

অতএব এইরূপে হে সৌম্য! হে উদ্ধব? তুমি বজে গমন কর, এই উভয় স্থলে সাধারণভাবে আমাকে প্রেরণ করিয়া, পিতামাতাকেও শ্লোকের চতুর্থাংশ মাত্র দ্বারা প্রস্তাব করিয়া এবং চারিটি শ্লোক দ্বারা তোমাদের প্রতি অনুরাগ বলিয়া, যাহাতে সুন্দররূপে প্রকাশ হয়, এইরূপে বিস্তার করিয়াছেন ॥ ৮ ॥

অতএব এই প্রকারে ঐ সকল গোপীগণ যে পদ্যের মর্ম্ম অবগত হইয়াছেন, উদ্ধব তাহা মনে মনে পর্য্যালোচনা করিয়া, তথায় সেই স্বকীয় প্রভুবর শ্রীকৃষ্ণ যে

য ঈষদ্বিস্তরঃ কৃতস্তমনুদ্য পশ্চান্নিতান্ততান্তাঃ কান্তাঃ প্রতি-প্রথিততয়া যস্তমপ্যনূদিতবান্ ॥ ৯ ॥

যথা ;—

ব্রজে নার্য্যঃ কাশ্চিদ্দুরধিগমভাবা বত ! ময়া-
প্যতস্তা নৈব স্যুর্ব্বিরহশমনেতুং তব ! গিরা।
মদীয়ং সন্দেশং বিনিদিশসি চেত্তঞ্চ বিবিধং
তথা বারম্বারং কথমপি ভবেয়ুঃ কিল তদা ॥ ১০ ॥

কারাদ্বৈরাদপি জগতি যতঃ সাক্ষিণী পূতনাস্তি। সা যদ্বেষাদজনিচ জননী রীতিরম্যা জনন্যাঃ প্রেমব্যাপ্তং ব্রজমনুভবিতা হৃৎ কথং মে ন সক্ত”মিত্যাদি পূর্ব্বোক্তপদ্যানাং রীত্যা প্রবন্ধেন তং বিস্তরমনূদ্য অনুবাদং কৃত্বা নিতান্ততান্তা নিতান্তং তান্তং গ্লানি যাসাং তাঃ কান্তাঃ প্রতিপ্রথিততয়া বিস্তৃততয়া তমপি পদ্যার্থমপি অনুবাদং কৃতবান্ ॥ ৯ ॥

তমনুবাদং বর্ণয়তি—ব্রজে ইতি। বতেতি খেদে। ব্রজে কাশ্চিন্মৎপ্রেয়স্যো নার্য্যঃ ময়াপি দুরধিগমো ভাবো যাসাং তাস্তা তব গিরা তব বাক্যেন বিরহশমনেতুং খণ্ডয়িতুং নৈব স্যুঃ তৎকথনে শোকাবেশাৎ শক্তা ইতি পদং ন কথিতং। তং বিবিধং মদীয়ং সন্দেশং চেদ্যদি বারম্বারং বিনির্দ্দিশসি ব্যক্তীকরোষি তথা কথমপি ভবেয়ুর্জ্জাতুং শক্তাঃ ইত্যনেন যৎ সন্দেশৈ বিমোচয়েত্যর্থো বিস্তৃতঃ ॥ ১০ ॥

মাতা পিতার প্রতি “ভক্তির আকারে শত্রুতা করিলেও যে আমার এই হৃদয় বদ্ধ হইয়া থাকে, তাহা আপনি জানেন। কারণ, জগতে এই বিষয়ে পূতনাই তাহার সাক্ষী” ইত্যাদি পূর্ব্বোক্ত শ্লোকের প্রণালী দ্বারা যাহা ঈষৎ বিস্তার করিয়াছিলেন, সেই বিস্তার অনুবাদ করিয়া পশ্চাৎ নিতান্ত ব্যথিতহৃদয়া সেই সকল কান্তার প্রতি বিস্তারিতভাবে সেই পদ্যের অর্থও অনুবাদ করিলেন ॥ ৯ ॥

যথা ঃ—হায় ! ব্রজমধ্যে কতিপয় আমার প্রেয়সী নারী আছে, যাহাদের মনের ভাব আমিও অবগত নহি। সেই সকল নারী তোমার বাক্যে বিরহ খণ্ডন করিতে কখনও সমর্থ হইবে না। যদি তুমি বারম্বার আমার সেই বিবিধ সংবাদ ব্যক্ত কর, তাহা হইলে কখনও অতি কষ্টে তাহারা জানিতে সমর্থ হইবে। এই প্রকারে আমার সংবাদ দ্বারা তাহাদিগকে দুঃখ হইতে মোচন কর, এইরূপ অর্থ বিস্তারিত হইয়াছিল ॥ ১০ ॥

মদর্থং সন্ত্যজ্যাপ্যনিশমশনাদ্যং বরদৃশ-
শ্চিরং জীবন্তীতি স্ফুরতি ন মৃষা বিশ্রুতিরসৌ।
ময়ি প্রাণাস্তাসাং সদমৃততনৌ মষ্যপি মনঃ
সদা সন্ত্যস্তীতি প্রবলমিহ যৎকারণমিদম্ ॥ ১১ ॥
সদা মামেবামূর্দ্দয়িতমতুলপ্রেমবসতিং
তথাত্মানং মত্বা কিল নিখিলমস্যন্তি সময়ম্।
বহির্দ্দৃষ্ট্যা যে বা বত! পতিতয়া ভান্তি পশুপাঃ
সলোকা বা ধর্ম্মাস্তৃণবদজহুস্তানপি পুরা ॥ ১২ ॥

অথ তা মন্মনস্কা ইত্যস্যার্থং বিবৃণোতি—মদর্থ ইতি। তা বরদৃশো গোপ্যঃ মদর্থমনিশং অশনাদ্যং ভোজনাদি সন্ত্যজ্যাপি চিরং জীবন্তীতি। অসৌ বিশ্রুতি মৃষা মিথ্যা ন স্ফুরতি কিন্তু সত্যং। নন্বাহারাভাবে কথং চিরজীবনং তত্রাহ—ময়ীতি। সৎ সদা অমৃততনৌ হানিরহিতে ময়ি তাসাং প্রাণাঃ সদা সন্তি তথা তাসাং মনো ময্যপি সদাস্তীতি ইহ চিরজীবনে ইদং প্রবলং কারণং ॥ ১১ ॥

মামেব দয়িতমিত্যস্যার্থং বিবৃণোতি—সদেতি। অমূ র্গোপ্যঃ সদা মামেব দয়িতং প্রিয়ং অতুলপ্রেমবসতিং তথাত্মানং পরমাত্মানং মত্বা নিখিলং কালমস্যন্তি ক্ষিপন্তি। নন্বেবং গৃহকর্ম্মকরণাভাবে তৎপত্যাদয়ঃ কথং পুষ্যন্তি তত্রাহ—বহির্দৃষ্ট্যেতি। পশুপা গোপা ভান্তি দীপ্যন্তি তথা লোকৈ র্জনৈঃ সহ ধর্ম্মা ভান্তি গুরুজনানপি তৃণবদতি তুচ্ছবৎ জহু স্ত্যক্তবত্যঃ ॥ ১২ ॥

সুনেত্রা গোপীগণ আমার নিমিত্ত ভোজনাদি পরিত্যাগ করিয়াও চিরকাল বাঁচিয়া আছে। এইরূপ প্রবাদ মিথ্যা প্রকাশিত নহে, কিন্তু ইহা সত্য। আহারের অভাবে যে তাহারা বাঁচিয়াছিল, তাহার যুক্তি এই; শ্রীকৃষ্ণ সর্ব্বদাই অমৃততনু, অর্থাৎ ঐ দেহের কদাপি ক্ষয় নাই, এই হেতু আমার উপরে তাহাদের প্রাণ সর্ব্বদাই পড়িয়া আছে; এবং তাহাদের মনও আমার উপরে সর্ব্বদা বিদ্যমান। চিরকাল বাঁচিবার ইহাই প্রবল কারণ জানিবে ॥ ১১ ॥

ঐ সকল গোপীগণ সর্ব্বদা আমাকেই প্রিয়তম, অতুল প্রেমাধার এবং পরমাত্মা বোধ করিয়া সমস্ত সময় অতিবাহিত করিয়া থাকে। হায়! বাহ্য দৃষ্টিতে দর্শন করিলে যে সকল গোপগণ পতিরূপে শোভা পাইতেছে, এবং সমস্ত লোকের

সলোকং ধর্ম্মং প্রাগ্‌যদপি বিজহুর্ম্মদ্‌রতিবশা-
দমূ রেতর্হ্যন্যাং তদপি দধতে তত্র কুদশাম্।
পুরা চিত্তে তত্ত্যজনকৃতিপূর্ব্বং রহসি মাং
শ্রিতাঃ সম্প্রত্যেতদ্‌যুগলমথ সাক্ষাদ্বিদধতি ॥ ১৩ ॥
অহো! যে যেঽন্যে চ প্রথমভজনায় প্রতিনিজং
স্বধর্ম্মং তল্লোকানপি পরিহরন্তি শ্রবণতঃ।
অমী ত্যক্তুং শক্যাঃ স্খলিতভজনত্বেঽপি ন ময়া
কথং তাস্ত্যজ্যন্তাং বত! নবনবপ্রেমতনবঃ ॥ ১৪ ॥

কিঞ্চ সলোকমিতি। অমূর্গোপ্যো মম রতিবশাৎ যদপি প্রাক্ পূর্ব্বং লোকৈঃ সহ ধর্ম্মং বিজহুস্ত্যক্তবত্য স্তদপি এতর্হি এতৎকালে অন্যাং কুদশাং মালিন্যাদিকং দধতে, পুরা পূর্ব্বস্মিন্ চিত্তে তস্য সলোকধর্ম্মস্য ত্যজনকৃতিঃ পূর্ব্বা যত্র তদ্‌যথাস্যাত্তথা মাং শ্রিতাঃ সেবিতাঃ, সম্প্রতি এতদ্‌যুগলং সলোকধর্ম্মত্যাগকুদশাধৃতিরূপং সাক্ষাদ্বিদধতি ধারয়ন্তি ॥ ১৩ ॥

অথ যে ত্যক্তলোকধর্ম্মাশ্চেত্যস্যার্থং বিস্তৃণোতি—অহো ইতি। যে যে অন্যে জনাঃ প্রথমভজনায় প্রতিনিজং স্বধর্ম্মং তল্লোকান্ পিত্রাদিলোকানপি শ্রবণতঃ মম রূপগুণাদি শ্রবণমাত্রেণ পরিহরন্তি, অমী জনাঃ স্খলিতভজনত্বে তদ্ভজনস্য ব্যাঘাতেঽপি ময়া ত্যক্তুং ন শক্যাঃ এবঞ্চ বতেতি খেদে। নবনবপ্রেমতনব স্তা গোপ্যো ময়া কথং ত্যজ্যন্তাং ॥ ১৪ ॥

সহিত ধর্ম্ম দীপ্তি পাইতেছে, তাহাদিগকেও গোপীগণ পূর্ব্বে তৃণের মত পরিত্যাগ করিয়াছিল ॥ ১২ ॥

যদ্যপি ঐ সকল গোপীগণ আমার প্রতি অনুরাগ বশতঃ পূর্ব্বে সমস্ত লোকের সহিত ধর্ম্ম পরিত্যাগ করিয়াছিল, তথাপি তাহারা এই সময়ে অন্য কুৎসিত দশা বা মালিন্যাদি ধারণ করিতেছে। পূর্ব্বে তাহারা সমস্ত লোকের সহিত ধর্ম্মত্যাগ পূর্ব্বক মনে মনে আমাকে যে অবলম্বন করিয়াছিল, সম্প্রতি তাহারাই আবার লোকের সহিত ধর্ম্ম পরিত্যাগ এবং কুৎসিত দশা ধারণ এই দুইটি বিষয়ই সাক্ষাৎ ধারণ করিতেছে ॥ ১৩ ॥

আহা! অন্যান্য যে সকল ব্যক্তি প্রথম ভজনার জন্য প্রত্যেকেই আমার রূপ গুণ শ্রবণ মাত্রেই স্ব স্ব ধর্ম্ম এবং পিতা মাতা প্রভৃতি সকল লোকদিগকেও পরিত্যাগ করিয়াছে, ঐ সকল লোকদিগকে আমার ভজনের ব্যাঘাত হইলেও

যদপ্যন্তঃস্ফূর্ত্তির্ভবতি মম তাসু প্রতিপদং
তদীয়প্রাণানাং ধৃতিভৃতিবিধানক্ষমতমা।
তথাপ্যুদ্যোতন্তে ক্বচন মম চেন্মাথুরকথা-
স্তদা মদ্দূরত্বস্মরণমনু মুহ্যন্তি বত! তাঃ॥ ১৫॥
ক্ষণঃ কল্পস্তাসাং ভবতি বিরহে হা মম যতঃ
স্ফুটং রাসারম্ভে কতিচিদগমংস্তামপি দশাম্।
তথাপ্যেতাসাং যন্ন বহিরসবো যান্তি তদিদং
মদীয়প্রত্যাবৃত্ত্যুপধিশতযুগ্বাচিকবলম্॥ ১৬॥

ময়ি তাং প্রেয়সীং প্রেষ্ঠে ইত্যস্যার্থং বিস্তৃণোতি—যদপীতি। যদ্যপি তাসু গোপীষু প্রতিপদং প্রতিক্ষণং মমান্তঃস্ফূর্ত্তি র্ভবতি সা কিম্ভূতা তদীয়প্রাণানাং ধৃতি র্ধারণং ভৃতিঃ পোষণং তয়ো র্বিধানে ক্ষমতমা মহাসমর্থা তথাপি তাসাং ক্বচন চেদ্যদি মম মাথুরকথা উদ্যোতন্তে উদয়ং গচ্ছন্তি তদা মম দূরত্বস্মরণং অনুলক্ষীকৃত্য তা মুহ্যন্তি মোহং যান্তি॥ ১৫॥

প্রত্যাগমনসন্দেশৈরিত্যস্যার্থং বিস্তৃণোতি—ক্ষণ ইতি। হেতি খেদে। মম বিরহে বিচ্ছেদে তাসাং সম্বন্ধে ক্ষণঃ কালঃ কল্পঃ কল্পকালতুল্যো ভবতি, যতো যস্মাৎ রাসারম্ভে কতিচিদ্গোপ্য স্তামপি দশাং মম বিরহে মৃত্যুদশাং স্ফুটমগমন্ যাতাঃ তথাপ্যধুনা মহাবিচ্ছেদেঽপি এতাসাং অসবঃ প্রাণা যন্ন বহির্যান্তি তদিদং মদীয়া যা প্রত্যাবৃত্তিঃ সৈবোপাধি শ্ছলং তস্যাঃ শতেন যুগ্‌যোগো যস্য এবম্ভূতং বাচিকং বাক্যদ্বারা কৃতং তদেব বলং মদীয়প্রত্যাবৃত্তিবাক্য বলমিত্যর্থঃ॥ ১৬॥

আমি পরিত্যাগ করিতে পারিব না। হায়! এইরূপে আমি নব-নব প্রেমমূর্ত্তি-ধারিণী সেই সকল গোপীদিগকে কি প্রকারে পরিত্যাগ করিব!॥ ১৪॥

যদ্যপি সেই সকল গোপীদিগের অন্তঃকরণে প্রতিক্ষণে আমার স্ফূর্ত্তি হইতেছে, এবং এই স্ফূর্ত্তি দ্বারা তাহারা বিশেষ করিয়া প্রাণধারণ এবং প্রাণ-রক্ষা করিতে সমর্থ হইতেছে; তথাপি তাহাদের যদি কখনও আমার মথুরা সম্বন্ধীয় কথা সকল উদিত হয়, তাহা হইলে তাহারা আমার দূরত্ব স্মরণ করিয়া মোহিত হইয়া থাকে॥ ১৫॥

হায়! আমার বিরহে গোপীদিগের এক-ক্ষণও কল্পকাল তুল্য হইয়া থাকে কারণ, রাসলীলার প্রারম্ভে কতিপয় গোপী আমার বিরহে মৃত্যুদশা পর্য্যন্ত

প্রতিশ্রুত্য প্রাগ্‌যন্নিজপিতৃতয়া বল্লবপতী
দিশামি ত্বাং গন্তুং স্বমপি মনুবে বল্লবমিতঃ।
(ক) অতো মে "বল্লব্যো ম" ইতি নিজতাব্যঞ্জি বচনং
তথা জ্ঞেয়ং তাসাং যদিহ ন ময়া কাপি চ ভিদা ॥১৭॥

তদেবমাকর্ণ্য ময়া নিবেদিতং! তর্হি কথং মধ্যে মধ্যে সর্ব্বতঃ প্রকাশরম্যতয়া স্বয়ং ন গম্যত ইতি। তদেতদাকর্ণ্য তেন চ বৈবর্ণ্যপূর্ব্বকং ময়ি মর্ম্ম সমুদ্ভেদিতং। যদ্যপি শাত্রব-

বল্লব্যো মে মদাত্মিকা ইত্যস্যার্থং বিবৃণোতি—প্রতিশ্রুত্যেতি। নিজপিতৃতয়া বল্লবপতী ব্রজরাজদম্পতী প্রাগ্বৎ প্রতিশ্রুত্য শপথং কৃত্বা ত্বাং গন্তুং বোধয়িতুং দিশামি ইতো হেতোঃ স্বমপি আত্মীয়মপি বল্লবং গোপং মনুবে জানামি, অতো মে বল্লব্য ইতি নিজতা সত্যং তাং ব্যঞ্জয়িতুং শীলমস্য তদ্বচনং জ্ঞেয়ং তথা তাসাং যদ্‌যস্মান্ময়া সহ কাপি ভেদাভেদং ন জ্ঞেয়া ॥ ১৭ ॥

নন্বেবং তদ্বাক্যং শ্রুত্বা ভবান্ কিমকরোৎ তত্রাহ—তদেবমিত্যাদিগদ্যেন। প্রকাশেন যা রম্যতা তয়া আকর্ণ্য শ্রুত্বা তেন শ্রীকৃষ্ণেন বৈবর্ণ্যপূর্ব্বকং বিবর্ণতা অঙ্গমালিন্যং পূর্ব্বে যত্র

প্রাপ্ত হইয়াছিল (খ)। তথাপি এক্ষণে মহাবিরহ ঘটিলেও তাহাদের প্রাণ যে বহির্গত হয় নাই, তাহা কেবল আমার প্রত্যাগমন রূপ বাক্যবলই কারণ ॥ ১৬ ॥

আপনার পিতা-মাতা বলিয়া ব্রজরাজ এবং ব্রজেশ্বরীর নিকটে পূর্ব্বের মত শপথ করিয়া আমি তোমাকে উপদেশ দিতেছি। এইহেতু আমি আপনাকেও গোপ বলিয়া জানিতেছি। অতএব 'আমার গোপীগণ' এইরূপ বাক্য যে নিজের গোপত্ব সূচনা করিতেছে, তাহা স্পষ্টই অবগত হইবে। দ্বিতীয়তঃ ঐ সকল গোপীদিগের যে আমার সহিত কোন প্রভেদ নাই তাহাও অবগত হইবে ॥ ১৭ ॥

অতএব এইরূপ শ্রবণ করিয়া আমি নিবেদন করিয়াছিলাম। তবে কেন মধ্যে মধ্যে সর্ব্বতোভাবে মনোহর বেশে আবির্ভূত হইয়া স্বয়ং গমন করেন

(ক) প্রত্যাগমনসন্দেশৈর্বল্লব্যো মে মদাত্মিকাঃ। ভাঃ ১০।৪৬।৬। এতৎপদ্যান্তর্গতং "বল্লব্যো মে" ইত্যংসোঽনূদিতঃ।

(খ) ভাগবত ১০।২৯। "জহুর্গুণময়ং দেহং" ইত্যাদি দ্রষ্টব্য।

বিদ্রবঃ সমাধাতুং শক্যতে তথাপি তত্র চাত্র চ কশ্চন সঙ্কোচ-স্তত্র গন্তুং রচিতারম্ভমপি মাং স্তম্ভয়তি ॥ ১৮ ॥

তথা হি;—তাঃ খলু ন কেবলং মন্মনস্কা অপি তু ব্রাহ্মণস্য "বল্লব্যো মে মদাত্মিকা" ইতি বচনব্যঞ্জিতসাম্প্রতানু-ভবান্মম নিত্যপ্রেয়স্য এব, তথাপি নূনং কয়াপি মায়য়া পর-দারতয়া তত্র ব্যবহারঃ সর্ব্বমাসসার। যঃ খলু পুরা ব্রজপ্রেমা-বেশবশতয়া লোকবল্লীলামনুশীলয়তা ময়াপি দুরপসার এবা-সীৎ। ততশ্চ জাগরূকতদনুরাগবদ্ধতয়া তাসাং ময়ি তাসু

তদ্‌যথা স্যাৎ মর্ম্মাভিপ্রায়ং সমুদ্ভেদিতং প্রাদুর্ভাবিতং। তন্মর্ম্ম বিশদয়তি যদ্যপীত্যাদিনা গদ্যেন। শাত্রববিদ্রবঃ শাত্রবৈ বিদ্রবো বিদ্রোহার্থং গমনং সমাধাতুং ময়া শক্যতে, তত্র ব্রজে অত্রচ মথুরায়াং তত্র ব্রজে গন্তুং রচিত আরম্ভ উদ্যমো যেন তং মামপি স্তম্ভয়তি ॥ ১৮ ॥

তং সঙ্কোচং বিবৃণোতি—তথাহীতি। তা গোপ্যঃ বল্লবপতিঃ শ্রীব্রজেশ্বরঃ তস্য পুত্রস্য মে বল্লব্যো মে মদাত্মিকা ইতি বচনেন ব্যঞ্জিতঃ সাম্প্রতং যোঽনুভব স্তস্মাদ্ধেতোঃ। ননু যদি তা নিত্যপ্রেয়স্য এব তদা কথং পরেণোঢ়াঃ পরগৃহে বাসশ্চ তত্রাহ তথাপীতি। সর্ব্বমাসসার আজগাম যঃ পরদারতয়া ব্যবহারঃ পুরা পূর্ব্বং ব্রজে যঃ প্রেমাবেশ স্তস্য বশতয়া লোকবল্লীলাং বিহারমনুশীলয়তা ময়াপি দুরপসারঃ দুঃখেনাপসার স্ত্যজনং যস্য স এবাসীৎ। জাগরূকো

না। এইরূপ বাক্য শুনিয়া শ্রীকৃষ্ণও অঙ্গমালিন্য পূর্ব্বক আমার নিকট অভিপ্রায় ব্যক্ত করিয়াছিলেন। যদ্যপি শত্রুগণের সহিত কলহ করিবার জন্য আমি গমন করিতে পারি সত্য, তথাপি সেই ব্রজে এবং এই মথুরায় যে কোন এক সঙ্কোচভাব আছে. সেই সঙ্কোচভাব, আমি ব্রজে গমন করিতে উদ্যত হইলেও আমাকে স্তম্ভিত করিতেছে ॥ ১৮ ॥

দেখ, ঐ সকল গোপী নিশ্চয়ই কেবল মদ্‌গতচিত্তা অর্থাৎ আমাতে নিজ চিত্ত অর্পণ করিয়াছে, এমত নহে কিন্তু ব্রাহ্মণের যেমন নিজ ব্রাহ্মণীর প্রতি "মমেয়ং ব্রাহ্মণী" "আমার এই ব্রাহ্মণী" এইরূপ বাক্যের মত, আমি গোপপতি ব্রজরাজের পুত্র বলিয়া আমার "গোপীগণ আমার আত্মরূপা" এইরূপ বাক্য দ্বারা সম্প্রতি যে রূপ অনুভব হইতেছে, সেই অনুভব হেতু তাহারা আমার নিত্যপ্রেয়সী তাৎপর্য্য এই যে তাহাদিগের সহিত নিত্য

চ মগাসক্তিরতিরিক্তা জাতা। যস্যাং লোকবল্লীলাবেশবশ-তয়া তত্তদর্থং দৃষ্টমদৃষ্টমপ্যর্থং পূর্ব্বমপূর্ব্বতয়া কুর্ব্বন্নহমপি যৎ-কৃতবাংস্তৎকথং প্রণয়দ্বৎসু ভবৎসু গুপ্তং কুর্য্যাং। যৎ খলু সার্ব্বজ্ঞ্যাদমন্দেন স্কন্দেন চ পুরা স্বপুরাণে তুলসীস্তুতিমনু প্রস্তুতিমানিন্যে ॥ ১৯ ॥

জাগরণশীলঃ সোঽসাধারণো যোঽনুরাগ স্তেন বদ্ধতয়া অতিরিক্তা নিঃসীমা যস্যামাসক্ত্যাং তত্তদর্থং অনুরাগাদ্যর্থং দৃষ্টং রূপাদিদর্শনং অদৃষ্টং বেণুবাদনাদি-তদ্রূপমর্থং কার্য্যং পূর্ব্বং সঙ্গমাৎ অপূর্ব্বতয়া অসাধারণত্বেন কুর্ব্বন্ অহমপি দূতাদিপ্রেষণং পশ্চাদনুগমনাদি কৃতবান্ তৎ ভবৎসু কথং গুপ্তং গোপনং কুর্য্যাং। ময়া তদ্গোপনং বৃথা যদযস্মাদমন্দেন উত্তমেন স্কন্দেন কার্ত্তিকেয়েন সার্ব্বজ্ঞ্যাৎ পুরা স্বপুরাণে স্কন্দপুরাণে তুলসীস্তুতিং প্রস্তাবং আনিন্যে সর্ব্বেষাং সমীপং প্রাপয়ামাস ॥ ১৯ ॥

সম্বন্ধ, পৃথক্ করিয়া পরে মন অর্পণ করিতে হয় না। তথাপি নিশ্চয়ই কোন এক অপূর্ব্ব মায়া দ্বারা পরদার বলিয়া তাহাদের উপরে যে ব্যবহার ছিল, (ইহাই লীলা) তাহা সমস্ত বিষয়ই প্রাপ্ত হইয়াছে। পূর্ব্বে ব্রজে যে প্রেমাবেশ ছিল, তাহার বশীভূত হইয়া লোকের মত লীলার অনুকরণ করিয়া আমিও নিশ্চয়ই তাহাকে দুঃখে ত্যাগ করিতে পারিয়া ছিলাম। অনন্তর তাহাদের জাগ্রত অনুরাগে আবদ্ধ থাকাতে আমার প্রতি তাহাদের এবং তাহাদের প্রতি আমার অতিরিক্ত আসক্তি জন্মিয়াছিল। যে আসক্তিতে তত্তৎ অনুরাগাদির জন্য দৃষ্ট রূপাদি দর্শন এবং অদৃষ্ট বেণুবাদনাদিরূপ কার্য্য, মিলনের পূর্ব্বে অসাধারণভাবে করিয়াও আমি যে দূতাদি প্রেরণ এবং পশ্চাৎ অনুগমনাদি করিয়াছিলাম, তাহা তোমাদের মত প্রণয়ভাজন ব্যক্তিগণের নিকটে কেন গোপন করিব। আমি এখন যদি তাহা গোপন করি, তাহা বৃথা মাত্র কারণ উৎকৃষ্ট বুদ্ধিসম্পন্ন কার্ত্তিকেয় সর্ব্বজ্ঞতা গুণ বশতঃ পুরাকালে স্কন্ধপুরাণে তুলসীর স্তব লক্ষ্য করিয়া সকলের সমীপে ঐ প্রস্তাব ব্যক্ত করিয়াছিলেন ॥ ১৯ ॥

তথা হি ;—

"গবাং হিতায় তুলসী গোপীনাং রতিহেতবে।

বৃন্দাবনে ত্বং বপিতা সেবিতা বিষ্ণুনা স্বয়ম্।

গোকুলস্য চ বৃদ্ধ্যর্থং কংসস্য নিধনায় চ" ॥ ইতি ॥

যস্যাশ্চ মদ্যাসক্তেঃ প্রভাবেণ তাসাং তেষু পতিম্মন্যেষু রহঃসঙ্গঃ শশশৃঙ্গতামবাপ। পুত্রায়মাণেষু যাতৃপুত্রাদিষু চাসঙ্গঃ শিথিলাঙ্গতাং গতবান্। অথ পুনরাসক্তিঃ সা ক্রমাদমর্য্যাদতয়া কেন কেনচিৎ পর্য্যালোচিতা। যত এব সজ্জলজ্জতয়া তস্মাচ্ছলান্তরবলান্ময়া ব্যবহিতং। ততশ্চ পুনর্ম্মম তত্র প্রকটগমনে সতি তাসামঙ্গীকারে পূর্ব্ববদেব লজ্জা প্রসজ্জে-

তৎ স্কন্দপুরাণে বাক্যমুত্থাপয়তি—গবামিতি। স্বয়ং বিষ্ণুনা বৃন্দাবনে বপিতা রোপিতা সেবিতা চ। পতিম্মন্যেষাত্মানং পতিম্মন্যতে নতু যথার্থপতিরিতি। রহঃসঙ্গো নির্জ্জনবিলাসঃ শশশৃঙ্গতাং শূন্যতামবাপ, যাতৃপুত্রাদিষু ভগিনীপুত্রাদিষু আসঙ্গ আসক্তিঃ শিথিলাঙ্গতাং শৈথিল্যমনাবেশতাং, সা পুনরাসক্তিঃ ক্রমাৎ অমর্য্যাদতয়া নিঃসীমতয়া কেন কেনচিজ্জনেন ন পর্য্যালোচিতা। যত এব তৎপর্য্যালোচনাদেব সজ্জা লজ্জা তদ্ভাবতয়া তস্মাৎ ছলান্তরবলাৎ কংসহননায় মথুরাগমনাৎ ময়া ব্যবহিতং তদাসঙ্গনং ত্যাজিতং গোপিতমিতি বা। তত্র ব্রজে

এইস্থানে স্কন্দপুরাণের বচন উদ্ধৃত হইতেছে। দেখ, হে তুলসি! ধেনুগণের হিতের জন্য, গোপীদিগের অনুরাগের জন্য, গোকুলের অভ্যুদয়ের নিমিত্ত এবং কংসনিধনের নিমিত্ত স্বয়ং বিষ্ণু তোমাকে বৃন্দাবনে রোপণ করিয়াছেন, এবং জলদ্বারা সেবা করিয়াছেন। ঐ সকল গোপীদিগের আমার প্রতি যে আসক্তি আছে, তাহার প্রভাবে যাহারা আপনাদিগকে গোপীদিগের পতি বলিয়া বিবেচনা করে, তাহাদিগের নিকটে নির্জ্জনে বিলাস শশশৃঙ্গের মত শূন্যতা প্রাপ্ত হইয়াছিল। যাহারা পুত্রের মত ব্যবহার করিত এবং যাতৃগণের (যা দিগের) পুত্রদিগের প্রতি গোপীগণের যেরূপ আসক্তি ছিল, তাহাও ক্রমে শৈথিল্য পাইয়াছিল। অনন্তর পুনরায় সেই আসক্তি ক্রমে এইরূপ অসীম হইয়াছিল যে তাহাতে কোন কোন লোক ঐ রূপ পর্য্যালোচনা করিয়াছিল।

দনঙ্গীকারে চ তাসাং প্রাণত্রাণং ন স্যাৎ। তথাপি তত্র গত্বা তস্য সাবধানং সমাধানং কথমপি প্রথনীয়মিত্যুৎকণ্ঠতয়া ধৈর্য্যং কুণ্ঠয়ন্নত্রত্যপিত্রোরুপকণ্ঠে গদ্গদকণ্ঠতয়া তত্রত্যমিত্রাদীনাং দুঃখং বর্ণয়ংস্তত্র মধ্যে মধ্যে গমনায় ন্যবেদিষং। তৌ তু নাজ্ঞাং দত্ত ইতি তদবজ্ঞায় গমনে তদপি ন সঙ্গলসঙ্গি স্যাদিতি বিভাব্য নিরুৎসাহতাং গচ্ছামি। কিং বহুনা? মধ্যে মধ্যে তেষাং পিত্রাদীনামত্রানয়নায় চ তয়োরনুজ্ঞা জিঘৃক্ষিতা। সা পুনর্নিজ-যজ্ঞসূত্র-যজ্ঞমনু চ তদনাহ্বানান্ন সম্ভাবিতা। তস্মাদ্-যাবদহং সময়গত্যা মত্যা সমাদধামি তাবল্লব্ধদূরবস্থাবিশেষ-তয়াত্মনির্বিশেষং ত্বামেব তত্র প্রস্থাপয়িতুমুদ্যতোঽস্মি। তত্র

সাবধানং অবধানেন সহ বর্ত্তমানং সমাধানং প্রথনীয়ং বিস্তার্য্যং ধৈর্য্যং কুণ্ঠয়ন্ চঞ্চলীভবন্ অত্রত্য-পিত্রোঃ শ্রীবসুদেবদেবক্যোরুপকণ্ঠে সমীপে তত্রত্যানাং ব্রজসম্বন্ধিনাং মিত্রাণাং তত্র ব্রজমধ্যে গমনায় ন্যবেদিষং নিবেদিতবান্। তৌ পিতরৌ আজ্ঞামনুমতিং ন দত্ত ইতি তদবজ্ঞায় তদনাদৃত্য। জিঘৃক্ষিতা গ্রহণং কর্ত্তুমিষ্টা নিজযজ্ঞসূত্রযজ্ঞং উপনয়নমনুলক্ষীকৃত্য তেষাং পিত্রাদীনামনাহ্বানাৎ। মত্যা বুদ্ধ্যা তাবল্লব্ধা দূরবস্থাবিশেষো যস্য তদ্ভাবতয়া আত্মনি

ঐ প্রকার আলোচনা করাতেই লজ্জিতভাবে অন্য আর একপ্রকার ছল করিয়া অর্থাৎ কংসবধ করিতে মথুরায় গমন করিয়া আমি সেই আসক্তি পরিত্যাগ করাইয়াছি, অথবা গোপন করিয়া রাখাইয়াছি। অনন্তর পুনর্ব্বার আমার ব্রজে প্রকাশ্যে গমন হইলে এবং তাহাদিগকে অঙ্গীকার করিলে পূর্ব্বের মতই লজ্জা হইবার সম্ভাবনা; এবং যদি তাহাদিগকে স্বীকার করা না যায়, তাহা হইলেও তাহাদের প্রাণরক্ষা হইবে না। তথাপি সেই ব্রজে গমন করিয়া সাবধানে তাহার সমাধান, অতিকষ্টে বিস্তার করিব। এইরূপে উৎকণ্ঠাদ্বারা ধৈর্য্যলোপ করিয়া এবং মথুরাবাসী পিতা-মাতার অর্থাৎ বসুদেব দেবকীর নিকটে গদ্গদ কণ্ঠস্বরে ব্রজবাসী বন্ধুগণের দুঃখবর্ণন করিয়া, মধ্যে মধ্যে ব্রজে যাইবার জন্য নিবেদন করিয়াছিলাম। কিন্তু তাঁহারা দুইজনে অনুমতি করিলেন না। এই বাক্য অবজ্ঞা করিয়া যদি গমন করা যায়, তাহাতেও

যদ্যপি ভবতা সর্ব্বসমাধানমনুসন্ধাতব্যং তথাপ্যয়ং মম সন্দেশ-লেখচয়স্তাসাং পুরঃ প্রবেশনীয়ঃ। বারম্বারং স্বয়মেব বাচ-নীয়শ্চ। যতস্তাঃ স্বাশ্রুভিরন্ধায়মানাঃ স্বয়ং নানুসন্ধাতুং শক্ষ্যন্তীতি ॥ ২০ ॥

তত্র প্রথমলেখো যথা ;

"ভবতীনাং বিয়োগো মে ন হি সর্ব্বাত্মনা ক্বচিৎ" ইতি। অথ তদেতাবদাকর্ণ্য তাভির্ম্মনসি বিচারিতং। নন্বিদং স্বস্থ ব্রহ্মতাজ্ঞানমিবোদ্দিষ্টং। সর্ব্বাত্মনা মে ময়েতি সামানাধি-করণ্যাৎ। তদলমনভীষ্টশ্রবণেন ॥

স্বস্মিন্ নির্গতো বিশেষো যস্য তং ত্বামেব। সন্দেশলেখচয়ঃ সন্দেশলিখনসমূহঃ, স তু বাচনীয়শ্চ ॥ ২০ ॥

পত্রলেখস্তু শ্রীভাগবতপদ্যৈরেব, অতস্তানি উত্থাপয়তি—ভবতীনামিতি। তাভি র্গোপীভিঃ অনভীষ্টশ্রবণেন বয়ন্তু ন ব্রহ্মোপাসিকাঃ কিন্তু তদ্বিরহকাতরাত্বাৎ তৎসঙ্গমলালসা ইতি ভাবঃ। সাবজ্ঞং অবজ্ঞা হেলা তয়া সহ বর্ত্তমানং যথাস্যাৎ। সতূদ্ধব উদ্ভূতং যদ্ববাঞ্ছিতং

মঙ্গল হইবার সম্ভাবনা নাই। এইরূপ চিন্তা করিয়া আমি নিরুৎসাহ হই-তেছি। অধিক কি বলিব, মধ্যে মধ্যে সেই সকল মাতা-পিতা প্রভৃতি ব্যক্তিগণের এইস্থানে আনয়নের জন্য এই পিতা-মাতার অনুমতি লইতে ইচ্ছা করিয়াছিলাম। নিজ উপনয়ন ব্যতীত তাঁহাদের আহ্বান হইবে না বলিয়া, সেই অনুজ্ঞা প্রার্থনারও সম্ভাবনা নাই। অতএব যেমন আমি সময়ানুসারে বুদ্ধি পূর্ব্বক সমাধান করিতে যাইব, অমনি দুরবস্থা বিশেষ-লাভ করাতে আত্মনির্ব্বিশেষে তোমাকেই সেই ব্রজে পাঠাইতে উদ্যত হই-তেছি। তথায় যদ্যপি তুমি সকল প্রকার সমাধান অনুসন্ধান করিতে পারিবে, তথাপি আমার এই আদেশ বাক্যের লিপি সকল, সেই সকল গোপীদিগের সম্মুখে প্রবেশ করাইবে, এবং বারম্বার স্বয়ংই সেই সকল পাঠ করিবে। কারণ তাহারা স্ব-স্ব নেত্রজল ধারায় অন্ধ হইয়া যাইবে, তাহাতে তাহারা স্বয়ং অনুসন্ধান করিতে সমর্থ হইবে না ॥ ২০ ॥

তাহার মধ্যে প্রথম লিপি যথা :—

ভাগবতের (১০।৪৭।২৯) শ্লোক দ্বারা সেই অর্থ উত্থাপিত করিতেছেন।

অথ সাবজ্ঞং পুনঃ পৃষ্টং ;—কিমপ্যন্যদস্তীতি। (ক) স তূদ্ভুতবাঞ্ছিত-তদন্তরন্তরর্থজ্ঞাপনয়া সদাজ্ঞাপনয়া পুনর্লিখিত-মিব তদেব বাচিতবান্। তস্মিন্নেব বাচিতে তাভিঃ পুনঃ স্বগতং পরামৃষ্টং। নন্বনেন পুনরুক্তেন পূর্ব্বপূর্ব্বমুপদিষ্টং স্ফূর্ত্তিলক্ষণমিবাদিষ্টং। সর্ব্বেণ প্রকাশেন বিয়োগো নাস্তি। কিন্তু মথুরাস্থেন প্রকটেন বিয়োগঃ। ভবতীষু স্ফুরতা তত্র-স্থেন সংযোগ ইতি। তদলং পিষ্টপেষণসর্গকরচক্রবর্গস্য ঘর্ঘর-

তদন্ত স্তন্মধ্যবর্ত্তী যোঽন্তরর্থঃ গূঢ়ার্থ স্তস্য জ্ঞাপনং যয়া তয়া তস্য শ্রীকৃষ্ণস্যাজ্ঞাপনয়া তদেব পদ্যং তত্রস্থেন ব্রজসম্বন্ধিনা পিষ্টপেষণেত্যাদি পিষ্টস্য সুচূর্ণস্য পেষণে যঃ সর্গকরো রচনাকরো যশ্চক্র-

আমার সহিত তোমাদিগের বিরহ কখনও সর্ব্ব প্রকারে হইতে পারে না। অনন্তর এই পর্য্যন্ত বাক্য শ্রবণ করিয়া গোপীগণ মনে মনে বিচার করিতে লাগিল। ওহো! ইহা দ্বারা আপনার ব্রহ্মভাবের জ্ঞানই নির্দ্দেশ করিয়াছেন। 'সর্ব্বাত্মনা মে' অর্থাৎ আমি সর্ব্বময়, আমার সহিত, ইত্যাদি বাক্য পরস্পরের সামানাধিকরণ্য রহিয়াছে। অতএব এইরূপ অনভিপ্রেত বিষয় শ্রবণ করিয়া কি হইবে। ইহার তাৎপর্য্য এই, আমরা ব্রহ্মের উপাসকা নহি কিন্তু তাঁহার বিরহে কাতর বলিয়া তাঁহারই সঙ্গ বাঞ্ছা করিয়া থাকি।

অনন্তর অবজ্ঞার সহিত পুনর্ব্বার জিজ্ঞাসা করিল, আরও কিছু আছে কি? কিন্তু উদ্ধব তখন যাহাতে বাঞ্ছিত বিষয় শীঘ্র প্রকাশিত হয় এবং তাহার মধ্যে যে গূঢ়ার্থ আছে তাহা শ্রীকৃষ্ণের আদেশ মত বিজ্ঞাপন করিলেন। অর্থাৎ এক খানি পত্রে কোন বিষয় লিখিয়া যেমন অপর কোন গূঢ় বিষয় পুনশ্চ বলিয়া লিখিয়া থাকে। শ্রীমান্ উদ্ধবও যেন ঠিক্ সেইরূপে পুনশ্চ লিখিত বিষয়ের মত বোধ করিয়া পাঠ করিলেন। উদ্ধবের মুখ দিয়া সেই অর্থ পঠিত হইলে সেই সকল গোপীগণ পুনরায় মনে মনে আলোচনা করিতে লাগিল। আচ্ছা এই পুনরুক্ত বিষয় দ্বারা পূর্ব্বে পূর্ব্বে যাহা উপদিষ্ট হইয়াছিল, সেইরূপ স্ফূর্ত্তি লক্ষণই যেন আদিষ্ট হইয়াছে। সকল পদার্থের প্রকাশ দ্বারা বিচ্ছেদ হইতে

(ক) সতু দ্রুতবাঞ্ছিতেতি আনন্দবৃন্দাবনগৌর পাঠঃ।

শব্দশ্রবণেনেতি। অথ তাভিঃ পুনঃ পৃষ্টস্তমেবাচষ্ট ;—তাভিশ্চ তত্র সচমৎকারং বিচারিতং। পুনঃপুনর্লিখিতং খল্বিদমপরাপরসন্দর্ভগর্ভং ভবেৎ। তৃতীয়শ্চায়ং সন্দর্ভঃ স্ফূর্ত্তিরূপতাং নিষিধ্য সাক্ষাদ্রূপতাং বিধত্ত ইতি। ততশ্চ তন্নিশ্চয়ায় বিচারমেবাচরিষ্যামঃ ॥ ২১ ॥

যতঃ ;-

(ক) অলঙ্কারমলঙ্কৃত্বা যত্র শোভা ভবেন্ন হি
যো ন বুধ্যেত তত্রাপি খলূক্ত্বা খলু বাচিকং ইতি ॥২২॥

বর্গে! গোলাকারঃ শিলাদ্বয়সমূহ স্তস্ঘর্ঘরশব্দশ্রবণেনালং নিষ্প্রয়োজনং। তদেব ভবতীনামিতি পদ্যার্দ্ধং। অপরাপরসন্দর্ভং অপরাপরো যঃ সন্দর্ভঃ সূক্ষ্মতাৎপর্য্যং গর্ভে যস্ত তৎ তৃতীয়শ্চায়ং সন্দর্ভঃ সূক্ষ্মতাৎপর্য্যং। তন্নিশ্চয়ায় সাক্ষাদ্রূপতাবিধানায় ॥ ২১ ॥

বিচারং বর্ণয়তি—অলঙ্কার ইতি। যত্র শোভা নহি ভবেৎ তদলঙ্কারমলঙ্কৃত্বা অলং শব্দো নিষেধার্থঃ। তদলংঙ্কারধারণং বৃথেত্যর্থঃ। তত্রাপি তদলঙ্কারধারণেঽপি কুতঃ শোভা ন স্যাদিতি

পারে না। কিন্তু মথুরায় প্রকাশ হইলে বিয়োগ হইবে। তথায় থাকিয়াও যখন তোমাদের উপর স্ফূর্ত্তি হইবে, তখন সংযোগের সম্ভাবনা। অতএব পিষ্ট বস্তুর পেষণ-কারক গোলাকার শিলাদ্বয় সমূহের (চাকীর ছোট যাঁতার) ঘর্ঘর শব্দ শ্রবণ করা এখন নিষ্প্রয়োজন।

অনন্তর গোপীগণ উদ্ধবকে পুনর্ব্বার জিজ্ঞাসা করিলে তিনিও সেইরূপ বলিয়াছিলেন। তখন গোপীগণ আশ্চর্য্যভাবে ঐ বিষয়ে বিচার করিতে লাগিল। ইহা নিশ্চয়ই বারম্বার লিখিত হইয়াছে, এবং ইহার গর্ভে অপরাপর সূক্ষ্ম তাৎপর্য্য বিদ্যমান থাকিবে। এবং তৃতীয় এই যে সূক্ষ্ম তাৎপর্য্য আছে, তাহা স্ফূর্ত্তিভাব নিষেধ করিয়া সাক্ষাৎকার ঘটাইয়া দিতেছে। অতএব সেই সাক্ষাৎকার রূপ নিশ্চয় করিবার জন্য আমরা বিচারও করিব ॥ ২১ ॥

যে অলঙ্কারে কিছুই শোভা হয় না, সেই অলঙ্কার ধারণ বৃথা। সেই

(ক) যস্মিন্ জনে শোভা নহি ভবেৎ তত্রালঙ্কারস্য করণেন অলং তদ্ধারণং তথা যো ন বুধ্যেত তত্রাপি সন্দেশস্য বচনেন খলু তদ্ধারণমিত্যর্থঃ। অলংখলু নিষেধার্থৌ অব্যয়শব্দৌ। আ।

অথ পুনঃ পৃষ্টঃ কিঞ্চিদন্যদ্বাচয়ামাস ;—যতঃ ;—

"যথা ভূতানি ভূতেষু খং বায়ুগ্নির্জলং মহী।

তথাহঞ্চ মনঃ-প্রাণ-বুদ্ধীন্দ্রিয়-গুণাশ্রয়ঃ" ॥ ইতি ॥২৩॥

তত্র প্রথমত এবং তাভিরন্তর্ব্বিচারিতং। নূনমস্মৎ-ক্লিষ্টতাখণ্ডনায় স্বস্য সর্ব্বোপাদানতয়া সর্ব্বাশ্রয়তয়া চ ব্রহ্ম-জ্ঞানমেবোপদিষ্টমস্তি। তচ্চাস্মাসু ন পর্য্যাপ্তম্ ॥ ২৪ ॥

যো ন বুদ্ধ্যেত খলুশব্দো নিষেধার্থঃ তস্য বাচিকং খলু খলুক্ত্বা বৃথেত্যর্থঃ। অয়ং ভাব স্তস্য সাক্ষাৎকারাভাবে অস্মাকং ন বিরহশান্তিরতস্তদ্বাচিকন্তু বৃথেত্যর্থঃ ॥ ২২ ॥

ভোঃ সন্দেশহর! তেনান্যৎ লিখিতং ন বেত্যপেক্ষায়ামাহ অথেতিগদ্যেন। অন্যদ্বাচনং যথা-যথা ভূতানীত্যাদি ॥ ২৩ ॥

তদেতৎ শ্রুত্বা তাভি র্যদ্বিমানিতং তদ্বর্ণয়তি—তত্রেত্যাদিগদ্যেন। সর্ব্বোপাদানতয়া সর্ব্বেষা-মুপাদানকারণত্বেনাস্মাসু ন পর্য্যাপ্তং বিরহিণীনাং তত্র মনোহতিচাঞ্চল্যাৎ তদুপদিষ্টমপি ন স্থৈর্য্যমাবহতীতি ॥ ২৪ ॥

অলঙ্কার ধারণেও কেন শোভা হইবে না, যে ব্যক্তি ইহা জানিতে পারে না, তাহার বাক্যও বৃথা। ইহার তাৎপর্য্য এই, তাঁহার সাক্ষাৎকার না ঘটিলে আমাদের বিরহ শান্তি হইবে না, সুতরাং তাঁহার কথা বলা বৃথা ॥ ২২ ॥

অনন্তর পুনরায় তাহাকে জিজ্ঞাসা করাতে উদ্ধব অন্য কোন বিষয় পাঠ করিতে লাগিলেন। যথা :—যেরূপ ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম এই পঞ্চভূত সকল, পঞ্চভূতে বিদ্যমান থাকে, সেইরূপ আমিও মন, প্রাণ, বুদ্ধি ইন্দ্রিয় এবং গুণের আধার স্বরূপ ॥ ২৩ ॥

তাহার মধ্যে গোপীগণ প্রথমতঃ মনে মনে এইরূপ বিচার করিতে লাগিল। নিশ্চয়ই আমাদিগের ক্লেশ খণ্ডনের জন্য, এবং তিনি যে সকল পদার্থের উপাদান কারণ, অপিচ তিনি যে সকল পদার্থের আধার, এইরূপ ভাবে কেবল ব্রহ্মজ্ঞানই উপদেশ দিয়াছেন। আমরা বিরহিণী, আমাদের মন অত্যন্ত চঞ্চল, সুতরাং ঐরূপ উপদেশ আমাদের কাছে পর্য্যাপ্ত নহে ॥ ২৪ ॥

যতঃ—

যদ্‌ব্রহ্মশর্ম্ম হৃদয়ে সনকাদয়ঃ স্বে
সর্ব্বোর্দ্ধমপ্যনুভবন্তি সদেতি সিদ্ধম্।
তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ-
কিঞ্জল্কবায়ুরপি তদ্বিজিতীকরোতি ॥ ২৫ ॥

অথবা মহাকরুণয়া পরমোদারসারতাং গতঃ কথমমৃত মোদকাচ্ছাদপূর্ব্বকং গুড়ধানালড্ডুকদানবত্তৎ কুর্য্যাৎ। তস্মাৎ পুনশ্চ পৃচ্ছাম ইতি পৃষ্টে তস্মিন্নেব তেন চ বাচিতে তদিদং তাভিঃ স্ব-হৃদি বিচারিতং। আং! আং! ব্রহ্মতাপদেশত আত্মন এব সাক্ষাদেবাত্র স্থিতিরুপদিশ্যতে! মম স্ফূর্ত্তিঃ

ব্রহ্মজ্ঞানস্য সর্ব্বোত্তমত্বাভাবাৎ তন্নাদরণীয়মিতি বর্ণয়তি—যদিতি। সনকাদয়ঃ স্বে হৃদয়ে ব্রহ্মশর্ম্ম ব্রহ্মসুখানুভবং সর্ব্বোর্দ্ধং যথাস্যাত্তথানুভবন্তি অত স্তৎ সদেতি সিদ্ধং, কিন্তু তস্য ভগবতঃ কিঞ্জল্কঃ কেশরং তেন মিশ্রো যো বায়ুরপি কিমুত পরমকমনীয়া শ্রীমূর্ত্তি স্তৎ ব্রহ্মশর্ম্ম বিজিতীকরোতি তস্য পরাভবং করোতি ॥ ২৫ ॥

কিঞ্চ তত্র বাক্যে তাভি র্যদুট্টঙ্কিতং তদ্বর্ণয়তি—অথবেত্যাদিগদ্যেন। পরমোদারস্য মহাদাতুঃ সারতাং স্থিরাংশং অমৃতমোদকস্যাচ্ছাদঃ আবরণং যত্র তদ্‌যথাস্যাত্তথা গুড়ধানালড্ডুকস্য খদিরলড্ডুকস্য দানবৎ কথং তৎ কুর্য্যাৎ ব্রহ্ম শর্ম্ম দদ্যাৎ, তস্মিন্নুদ্ধবে তেন উদ্ধবেন চ পুনঃ পঠিতে। স্বস্য ব্রহ্মতায়া

কারণ, সনক সনন্দ প্রভৃতি ঋষিগণ সর্ব্বোচ্চভাবে স্বকীয় হৃদয়ে ব্রহ্মানন্দ অনুভব করিয়া থাকেন। সুতরাং সেই ব্রহ্মানন্দ সর্ব্বদাই প্রসিদ্ধ। কিন্তু কমললোচন সেই ভগবানের পাদপদ্মের পরাগ মিশ্রিত সমীরণও। (পরম রমণীয় মূর্ত্তি লক্ষ্মী দেবীর কথা কি বলিব) সেই ব্রহ্মানন্দ পরাভব করিয়া থাকে ॥ ২৫ ॥

অথবা যিনি পরম কৃপা করিয়া পরম দাতার সারাৎসার গুণভাগ প্রাপ্ত হইয়াছেন, তিনি কি প্রকারে অমৃত পূর্ণ মোদকের আস্বাদন পূর্ব্বক গুড় মিশ্রিত ভৃষ্টযব (খৈলাড়ু) লাড্ডুক দানের মত সেই ব্রহ্মানন্দ দান করিবেন! অতএব পুনর্ব্বার আমরা জিজ্ঞাসা করি। এই বলিয়া গোপীগণ যেমন তাঁহাকে জিজ্ঞাসা করিল; এবং উদ্ধবও যেমন বলিতে লাগিলেন, তখন গোপী সকল স্ব স্ব হৃদয়ে

খলু মূর্ত্তিরেব নির্ণীয়তাং। যতো যথা ভূতানি স্বস্বকার্য্যাণা-মাশ্রয়রূপাণি তেষামন্তঃ পর্য্যালোচ্যন্তে, তথাহঞ্চ ভবতীনাং মন আদ্যাশ্রয়রূপঃ সোঽয়মসিতসুন্দরাণাং ভূপস্তত্র পর্য্যালোচ্যে-তরামিতি ॥ ২৬ ॥

অথ তৃতীয়ং বারমপি তদেবাকর্ণ্যাতীব নির্ণীতমিতি স্থিতে পুনঃ পৃষ্টস্তদিদং নির্ব্বাচয়ামাস।

যথা ;—

"আত্মন্যেবাত্মনাত্মানং সৃজে হন্ম্যনুপালয়ে।
আত্ম-মায়ানুভাবেন ভূতেন্দ্রিয়গুণাত্মনা" ॥ ইতি ॥

ভা ১০।৪৭।৩০।

অপদেশতশ্ছলেন ব্রহ্মশব্দস্য সর্ব্বব্যাপকত্বেন ন কুত্রাপি বিচ্ছেদঃ। মূর্ত্তিরেব নির্ণীয়তাং নতু সূর্য্যস্য কিরণবৎ প্রকাশমাত্রঃ তেষাং স্ব-স্ব-কার্য্যাণাং সোঽয়মসিতসুন্দরাণাং কৃষ্ণসুন্দরাণাং ভূপো রাজা পর্য্যালোচ্যেততরাং অতিশয়ার্থে তরাং ॥ ২৬ ॥

পুনরপি যন্বাচয়ামাস তদ্বর্ণয়তি—অথেতিগদ্যেন। তদ্বাচনং যথা আত্মন্যেবাত্মনা ইতি

এইরূপ আলোচনা করিতে লাগিল হাঁ হাঁ স্মরণ হইয়াছে, ব্রহ্মভাবের ছলে, (অর্থাৎ ব্রহ্ম যেমন সর্ব্বব্যাপক, কুত্রাপি তাহার বিচ্ছেদ হয় না) সেইরূপ আপনারও এই স্থানে সাক্ষাৎ অবস্থান উপদেশ দিতেছেন। তোমরা আমার স্ফূর্ত্তিকে মূর্ত্তি বলিয়াই নির্ণয় কর। বস্তুতঃ সূর্য্য কিরণের মত এই স্ফূর্ত্তি কেবলমাত্র প্রকাশ নহে। কারণ, যেরূপ ক্ষিত্যাদি পঞ্চভূত সকল, স্ব স্ব কার্য্যের আশ্রয় স্বরূপ, এবং যেরূপ স্ব স্ব কার্য্যের অন্তরে ঐ পঞ্চভূত অন্তর্নিবিষ্ট বলিয়া আলোচিত হইয়া থাকে, সেইরূপ কৃষ্ণ বর্ণ অথচ সুন্দর বস্তু যত আছে, আমি তাহাদের রাজা, এবং আমি তোমাদের মন, প্রাণ, বুদ্ধি প্রভৃতির আশ্রয় বলিয়া নিতান্তই পরিচিত হইতে পারি ॥ ২৬ ॥

অনন্তর তৃতীয়বারেও তত্তৎ বিষয়ই শ্রবণ করিয়া অত্যন্ত নির্ণীত হইয়াছিল। এইরূপ ঘটিলে পুনর্ব্বার গোপীগণ উদ্ধবকে জিজ্ঞাসা করিল। তিনিও তিনবার এই কথা পাঠ করিতে লাগিলেন। যথা :—আমি আত্মমায়ার অনুভব দ্বারা

তত্র প্রথমতস্তাভিরিদং চেতসি বিচারিতং ;—তদিদং স্বস্য (ক) খল্বীশ্বরতাজ্ঞানমিব ব্যঞ্জিতং লগতি। যত্র স্বস্যৈবেশ্বরত্বমবগমিতং। তদিদং চাস্মচ্চেতোরুক্ষণায় নিক্ষিপ্তমিতি গম্যতে! ভবতু কিং তেন? ॥ ২৭ ॥

যতঃ ;—

কেষাঞ্চন ব্রহ্ম-সুখানুভূতিঃ কেষাঞ্চন স্যাৎ পরদৈবতং সঃ।
মহন্মতে তত্র বিচার্য্যমাণে ধন্যাস্তু তে যে বিহরন্তি তেন ॥
ইতি ॥ ২৮ ॥

দ্বিতীয়বারতস্ত্বেবং বিবিক্তং ;—নেদমীশ্বরতাজ্ঞানং। কিন্ত্বা-

লগতি সজ্জতি। অস্মচ্চেতোরুক্ষণায় অস্মাকং চেতসাং রুক্ষণায় তাপায় ভবতু কিং তেনেতি ঈশ্বরত্বাগমেন কিং ॥ ২৭ ॥

ব্রহ্মতাজ্ঞানাৎ ঈশ্বরতাজ্ঞানাদপি মাধুর্য্যজ্ঞানস্য শ্রেষ্ঠতাং বর্ণয়তি—কেষাঞ্চনেতি। তত্র মহন্মতে উৎকৃষ্টভাবে বিচার্য্যমাণে তে তু ধন্যা যে তেন সহ বিহরন্তি ॥ ২৮ ॥

অথ দ্বিতীয়বারং যদ্বিবেচনং কৃতং তদ্বর্ণয়তি—দ্বিতীয়েত্যাদিগদ্যেন। ততশ্চেতি ভূতশব্দস্য

ভূত ও ইন্দ্রিয় গুণের স্বরূপ ধারণ পূর্ব্বক আপনিই আপনাতে আত্মসৃষ্টি করি, আত্মপালন করি, এবং আত্ম বিনাশ করিয়া থাকি। তন্মধ্যে গোপীগণ প্রথমতঃ মনে মনে ইহাই বিচার করিতে লাগিল। নিজের ঈশ্বরত্ব জ্ঞানের ন্যায় নিশ্চয়ই এই বিষয় সংলগ্ন করিয়া বোধ হইতেছে, যাহাতে আপনারই ঈশ্বরত্ব জানাইয়া দিয়াছেন, এবং তাহাই যে আবার আমাদের অন্তঃকরণের তাপের জন্য নিক্ষিপ্ত হইয়াছে, ইহা স্পষ্টই জানিতে পারিতেছি। ইহাতে তাপ হয় হোক, ইহাতে ঈশ্বরত্ব জ্ঞানের কি হইবে ॥ ২৭ ॥

যে হেতু কোন কোন লোকের ব্রহ্মানন্দ অনুভব হইয়া থাকে, এবং কোন কোন ব্যক্তির তিনিই পরম দেবতা। সেই উৎকৃষ্টভাব বিচার করিয়া দেখিলে যাহারা তাঁহার সহিত বিহার করেন, তাঁহারাই ধন্য ॥ ২৮ ॥

দ্বিতীয় বারে কিন্তু তাহারা বিচার করিয়াছিল যে, ইহা ঈশ্বরত্বের জ্ঞান নহে,

(ক) তস্য ইতি গৌর পাঠঃ

শ্বরবদাত্মনঃ শক্তির্ব্ব্যঞ্জিতা। তথাহি;—আত্মমায়া খল্বত্র তদিচ্ছাশক্তিবাচিকা। যস্মা“দাত্মমায়া তদিচ্ছাস্যা”দাত্মেচ্ছানুগতাবাত্মে”ত্যাদিকং পণ্ডিতাঃ পঠন্তি। ভূতং চাত্র নিত্যসিদ্ধং বস্তু প্রস্তুতং করোতি “লোকনাথং মহদ্ভূত”মিতিবৎ। ততশ্চ নিত্যসিদ্ধেন্দ্রিয়গুণবিগ্রহেণাত্মনা কারণেন তাদৃগাত্মন্যেবাধিকরণে যদৃচ্ছয়া (ক) পরমাশ্চর্য্যকারিনিজেচ্ছাশক্তিপ্রভাবেণ করণেনাত্মানং সৃজে সৃজামীত্যাদি যোজ্যং। তত্র সৃজামীতি নিজভক্তান্ প্রতি প্রকাশয়ন্ নবমিব মন্যে ইত্যর্থঃ। হন্মীতি ততঃ স্বয়মেবান্তর্ধাপয়ন্ (খ) হন্ত! হন্মীবেত্যর্থঃ॥

অনুপালয় ইতি তেষু পুনরাবির্ভাবয়ন্ পালিতমেব করোমীত্যর্থঃ (গ)।

অথ তৃতীয়বারতস্তু তদেব নিশ্চিতম্॥ ২৯॥

নিত্যসিদ্ধবস্তুবাচকত্বাৎ নিত্যসিদ্ধ ইন্দ্রিয়গুণবিগ্রহা যস্য তেনাত্মনা কারণেন তাদৃগাত্মনি নিত্য সিদ্ধেত্যাদিরূপে এবাধিকরণে তদেব পূর্ব্বোক্তবিচারিতমেব॥ ২৯॥

কিন্তু ঈশ্বরের মত আপনার শক্তি প্রকাশিত হইয়াছে। দেখ, আত্মমায়া যে নিশ্চয়ই তাঁহার ইচ্ছা শক্তির বাচিকা। যে হেতু পণ্ডিতেরা পাঠ করিয়া থাকেন যে, আত্মমায়াই তাঁহার ইচ্ছা, এবং আত্মাই আত্ম ইচ্ছার অনুসরণ করিয়া থাকে। “লোকনাথং মহদ্ভূতং” লোকনাথ মহাভূত অর্থাৎ লোকস্রষ্টা ভগবান্ই সকলের আদিভূত বা জগতের মূল কারণ স্বরূপ। এখানে যেমন ভূত শব্দে নিত্য বস্তুকে লক্ষ্য করা হইয়াছে সেইরূপ এইস্থানে ভূতশব্দও নিত্যসিদ্ধ বস্তুর প্রস্তাব করিয়া থাকে। অনন্তর নিত্যসিদ্ধ ইন্দ্রিয় গুণরূপ শরীরধারী পরমাত্মরূপ কারণ,

(ক) যদৃচ্ছয়া। ইতি তু গৌরপুস্তকে নাস্তি।

(খ) হন্মীত্যারভ্য হন্মীবেত্যর্থঃ ইত্যন্তঃ পাঠঃ গৌর পুস্তকে নাস্তি। স্বয়মন্তর্ধাপায়ন্ ইতি বৃন্দাবনানন্দ পাঠঃ।

(গ) করোমীত্যর্থঃ। ইত্যতঃ পরং গৌরানন্দবৃন্দাবনপুস্তকে এবং গদ্যং দৃশ্যতে যথা—তদেতচ্চ তত্র স্থিতাবপ্যত্রাত্মস্থিতিজ্ঞাপনায় ব্যজ্যতে।

তদেবং স্থিতে পুনঃ পদ্যান্তরং ত্রির্ব্বাচয়ামাস ॥

যথা ;—

"আত্মা জ্ঞানময়ঃ শুদ্ধো ব্যতিরিক্তো গুণান্বয়ঃ।

সুষুপ্তিস্বপ্নজাগ্রদ্ভির্ম্মনো-বৃত্তিভিরীয়তে" ॥ ইতি ॥৩০॥

ভা ১০।৪৭।৩১।

তত্র চ প্রথমতস্তাসাং মনসা বিচারশ্চায়ং তদিদং স্বস্মাদ্-বহির্ম্মুখতাসহিতত্বায় পুনরস্মাসু শুদ্ধজীবতাজ্ঞানমেবাদিষ্টং, তদপি "কৃষ্ণমেনং বয়ং বিদ্মঃ স্বাত্মানমখিলাত্মনা"মিতি জীবানাং কোটি স্তন্নির্ম্মঞ্ছনায় প্রযুঞ্জানানামস্মাকং নোচিতমিতি ॥

এবমনুসন্ধায় মৌনীভূতাসু সতীষু তাসু উদ্ধবো যদকরোত্তদ্বর্ণয়তি—তদেবেতিগদ্যেন। তৎ পদ্যান্তং লিখতি—আত্মেত্যাদি ॥ ৩০ ॥

এতৎপদ্যে তাভি র্যদর্থো নির্ণীত স্তদ্বর্ণয়তি—তত্রচেত্যাদিগদ্যেন। বহির্মুখতা সহিতত্বায় অযোগায় রহিতত্বায়েতি পাঠো রম্যঃ তদপি নোচিতমিত্যন্বয়ঃ। নির্ম্মঞ্ছনায় দাস্যাদিভির্ভাবৈঃ

দ্বারা এবং ঐরূপ নিত্যসিদ্ধ আত্মরূপ অধিকরণে বা আধারে, যদৃচ্ছাক্রমে অত্যন্ত আশ্চর্য্যকারিণী স্বকীয় ইচ্ছা শক্তির প্রভাবরূপ কারণদ্বারা আমি "আত্মানং সৃজে সৃজামি" অর্থাৎ নিজাদ্বরা সৃষ্টি করি। তন্মধ্যে সৃজামি এই ক্রিয়া দ্বারা নিজ ভক্তগণের প্রতি দয়া প্রকাশ করিয়া যেন নূতন বলিয়া মানিতেছি। 'হন্মি' এই ক্রিয়াদ্বারা স্বয়ংই অন্তরে নিহিত করিয়া হনন করিতেছি। এবং "অনুপালয়ে", এই ক্রিয়া দ্বারা সেই সকল পদার্থ পুনর্ব্বার আবির্ভূত করিয়া তাহাদিগকে রক্ষিত করিতে-ছেন। অনন্তর তৃতীয়বারে তাহাই নির্দ্ধারিত হইয়াছিল ॥ ২৯ ॥

অতএব এইরূপ ঘটিলে উদ্ধব পুনর্ব্বার অন্য আর একটি শ্লোক তিনবার পাঠ করিলেন যথা :—আত্মা জ্ঞানময়, নির্ম্মল, অতিরিক্ত গুণান্বয়ী। জাগ্রৎ, স্বপ্ন এবং সুষুপ্তি এই ত্রিবিধ অবস্থাদ্বারা আত্মাকে মনোবৃত্তি বলা যায় ॥ ৩০ ॥

তন্মধ্যে প্রথমেই গোপীদিগের মনোদ্বারা এইরূপ বিচার হইয়াছিল। তিনি ব্যতীত পাছে অন্য কোন বাহ্য বস্তুর সহিত সম্বন্ধ ঘটে, তাহার জন্য তিনি এইরূপে আমাদিগকে শুদ্ধ জীবভাবের জ্ঞানই উপদেশ দিয়াছেন। তাহাও কিন্তু

দ্বিতীয়ে ত্বিদং চিন্তিতং ;—ন হি ন হি; যং খলু শ্যামাত্মানমাত্মানমত্র প্রকাশয়তি তমেব স্বয়ং স্তৌতি। যস্মাৎ সর্ব্ববিদ্যাপ্রচুরত্বং দোষরহিতত্বং সর্ব্বাতিরিক্তত্বং পরমগুণশালিত্বং সর্ব্বদৈবাস্মাসু সমন্বিতত্বঞ্চ বোধ্যতে। অথ তৃতীয়েঽপি তদেব নির্ণীয় স্থিতাসু পুনর্লেখান্তরং বারত্রয়ং বাচিতবান্ ॥৩১॥

সেবনায়। দ্বিতীয়ে বিচারে নহি নহি শুদ্ধজীবতাজ্ঞানং চিন্তিতং তত্র হেতুমুখাপয়ন্তি যমিত্যাদি। শ্যামাত্মানং শ্যামবর্ণতনুং জ্ঞানময়েত্যাদি চতুর্ণাং শব্দানাং ক্রমেণ মর্ম্মার্থং ব্যঞ্জয়ন্তি সর্ব্ববিদ্যেত্যাদি। পুনরাত্মশব্দস্য মর্ম্মার্থং বিবৃণ্বন্তি সর্ব্বদৈবেতি। তৃতীয়েঽপি বিচারে তদেব সর্ব্বদৈবাস্মাসু সমন্বিতত্বমেব ॥ ৩১ ॥

আমাদের উচিত নয়। যেহেতু অখিল বস্তুর আত্মস্বরূপ পরমাত্মাকে আমরা এই কৃষ্ণ বলিয়াই অবগত আছি। দ্বিতীয়তঃ দাস্য সখ্যাদিভাব দ্বারা তাঁহার চরণ সেবার জন্য আমরা কোটি কোটি জীব নিযুক্ত করিয়া থাকি।

দ্বিতীয় বিচারে কিন্তু তাহারা শুদ্ধ জীবভাবের জ্ঞান কখনও চিন্তা করে নাই, কখনও চিন্তা করে নাই। তদ্‌বিষয়ে হেতু এই :— নিশ্চয়ই যে শ্যামবর্ণ দেহধারী পুরুষকে এইস্থানে আত্মা বলিয়া প্রকাশ করিতেছেন, তাঁহাকেই আবার স্বয়ং এইরূপে স্তব করিতেছেন। যাঁহা হইতে সর্ব্বপ্রকার বিদ্যার প্রাচুর্য্য, দোষশূন্যতা, সর্ব্বাপেক্ষা আধিক্য এবং পরম গুণশালিত্ব অবগত হইতে পারা যায়। পূর্ব্বোক্ত শ্লোকে জ্ঞানময়াদি চারিটী শব্দের ইহাই তাৎপর্য্য। আত্মশব্দের মর্ম্ম এই,—তিনি সর্ব্বদাই আমাদের সহিত সমবেত আছেন। অনন্তর তৃতীয় বিচারে তাহাই (অর্থাৎ তিনি সর্ব্বদা আমাদের সহিত সমবেত) নির্ণয় করিয়া গোপীগণ অবস্থান করিল, উদ্ধব পুনর্ব্বার তিনবার অন্য প্রকার পত্র পাঠ করিতে লাগিলেন ॥ ৩১ ॥

"যেনেন্দ্রিয়ার্থান্ ধ্যায়েত মৃষা স্বপ্নবদুত্থিতঃ।
তন্নিরুন্ধ্যাদিন্দ্রিয়াণি বিনিদ্রঃ প্রত্যপদ্যত॥
এতদন্তঃ সমাম্নায়ো যোগঃ সাঙ্খ্যং মনীষিণাম্।
ত্যাগস্তপো দমঃ সত্যং সমুদ্রান্তা ইবাপগাঃ"॥ ইতি॥

ভা ১০।৪৭।৩২-৩৩।

অত্র চ প্রথমং তাভিরন্তরে বিচারয়ামাসে। নন্বু যোগাঙ্গমিবেদমুপদিশ্যতে। তচ্চাত্র মনোনিরোধলক্ষণং। তথা হি;—উত্থিতঃ পুমান্ যথা মিথ্যাভূতমেব স্বপ্নং ধ্যায়তি এবং বাধিতানপীন্দ্রিয়ার্থান্ যেন মনসা ধ্যায়েৎ। ধ্যায়ংশ্চ যেনেন্দ্রিয়াণি প্রত্যপদ্যত প্রাপ তন্মনঃ বিনিদ্রঃ অনলসঃ সন্ নিরুন্ধ্যাদিতি। তৎকিং স্বস্মান্মনোনিরোদ্ধুমুপাদিষ্টমিতি। ক্ষণং বিভাব্য দ্বিতীয়ে বিচারিতং। ন হি নহি॥ ৩২॥

লেখান্তরং দর্শয়তি—যেনেত্যাদি শ্লোকদ্বয়েন। অন্তরে চিত্তে বিচারয়ামাসে বিচারিতং॥ ৩২॥

স্বপ্নোত্থিত ব্যক্তি যে চিত্তদ্বারা ইন্দ্রিয়বেদ্য বিষয় সকল মিথ্যা ধ্যান করিয়া থাকে, আলস্য পরিত্যাগ পূর্ব্বক সেই চিত্তকে রোধ করিতে হইবে। সমস্ত নদী যেরূপ সাগর গামিনা, পাণ্ডতেরা বলিয়াছেন, সেইরূপ দান, তপস্যা, দম, সত্য, এই সমস্তই সাংখ্যমতে অণ্ডর্যোগ বলিয়া বিখ্যাত। তন্মধ্যে গোপীগণ প্রথমেই মনে মনে বিচার করিতে লাগিল। আচ্ছা এই স্থানে কি চিত্ত নিরোধাত্মক যোগাঙ্গই এইরূপে উপাদিষ্ট হইয়াছে! যথাঃ—উত্থিত পুরুষ যেরূপ মিথ্যা ভূতই স্বপ্নধ্যান করিয়া থাকে, এবং চিত্তদ্বারা বাধিত হইলেও ইন্দ্রিয় বিষয় সকল ধ্যান করে, এবং ধ্যান করিয়া যে চিত্ত দ্বারা ইন্দ্রিয় সকল প্রাপ্ত হইয়া থাকে; অনলস হইয়া সেই মনকে রোধ করিবে। তবে কি তিনি আপনা হইতে মন নিরোধ করিবার জন্য উপদেশ দিয়াছেন! এইরূপ ক্ষণকাল ভাবিয়া দ্বিতীয়বারে বিচার করিতে লাগিল, ইহা নহে; ইহা নহে॥ ৩২॥

যতঃ ;—

(ক) "পুরাপি তে তে বহবোঽপি যোগিন-
স্তদর্পিতেহা নিজকর্ম্মলব্ধয়া।
বিবুধ্য ভক্ত্যেব কথোপনীতয়া
প্রপেদিরে কৃষ্ণগতিং পরাৎপরাম্" ॥ ইতি ॥৩৩॥

ভা ১০।১৪।৫।

তস্যৈব হেয়ত্বং দৃশ্যতে ॥

ততো বিরহভাবাদেব মনোনিরোদ্ধুমিতি মননবিষয়ী-ক্রিয়তে। তদেবং তৃতীয়ে চ নিশ্চিত্য তাসু তৎসম্বাদিতয়া পুনরন্যচ্চ বারত্রয়ং বাচিতবান্ ॥ ৩৪ ॥

কিঞ্চ স্বস্মান্মনোনিরোধো নোপদিষ্ট ইতি ভাবয়ন্তি—পুরেতি। তস্মিন্ কৃষ্ণে অর্পিতা যা ঈহা সর্ব্বেন্দ্রিয়াণাং যা চেষ্টা সৈব নিজকর্ম্ম তেন লব্ধয়া সাধনাত্মিকয়া ভক্ত্যেব :বিবুধ্য তথা কথোপ-নীতয়া গুণকর্ম্মাদিশ্রবণাদিজনিতয়া পরাৎপরাং সর্ব্বতোঽপি শ্রেষ্ঠতমাং কৃষ্ণগতিং কৃষ্ণ এব গতিঃ প্রাপ্য স্তাং প্রপেদিরে। তস্যেবেতি স্বস্মান্মনোনিরোধস্যৈব। তত ইতি ভক্ত্যেব কৃষ্ণগতি-প্রাপ্তেঃ। বিরহভাবাৎ বিচ্ছেদাদেব মনো নিরোদ্ধুং উক্তমিতি তাভির্মননবিষয়ী ক্রিয়তে ॥ ৩৩ ॥

যদন্যৎ ব্যাহৃতবান্ তদ্বর্ণয়তি—তদেবমিতিগদ্যেন। তৃতীয়ে বিচারে তদেবং পুর্ব্বোক্তং নিশ্চিত্য তৎ সম্বাদিতয়া তস্য মনঃ সংযোগস্য সম্বাদো যত্র তদ্বিশিষ্টতয়া ॥ ৩৪ ॥

কারণ, পুরাকালেও তত্তৎ বহুতর যোগিগণও যে ভক্তি কৃষ্ণার্পিত সকল ইন্দ্রিয়ের চেষ্টারূপ নিজকর্ম্ম দ্বারা লব্ধ,(অর্থাৎ যে ভক্তি সাধনাত্মিকা) এবং যে ভক্তি শ্রীকৃষ্ণের গুণ ও কর্ম্মাদি শ্রবণে উৎপন্ন হইয়াছে, সেই ভক্তিদ্বারা অবগত হইয়া সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ কৃষ্ণরূপ গতি প্রাপ্ত হইয়াছিলেন। অতএব তাঁহা হইতে যদি চিত্ত রোধ করা যায়, তাহা হইলে নিশ্চয়ই তাহা হেয় হইবে। এবং ভক্তি হইতেই যদি কৃষ্ণরূপ গতি লাভ করা যায়, তাহা হইলে বিচ্ছেদ হেতু মন রোধ করিবার জন্য যাহা উক্ত হইয়াছে, তাহাই গোপীগণ মননের বিষয়ীভূত করিতে লাগিল ॥ ৩৩ ॥

অতএব এই প্রকারে গোপীগণ তৃতীয়বারেও তাহাই নিশ্চয় করিয়া অবস্থান

(ক) পুরেহভূমন্ ইতি পাঠান্তরঃ ক্বচিৎ দৃশ্যতে।

"যত্ত্বহং ভবতীনাং বৈ দূরে বর্ত্তে প্রিয়ো দৃশাম্।
মনসঃ সন্নিকর্ষার্থং মদনুধ্যানকাম্যয়া॥
যথা দূরচরে প্রেষ্ঠে মন আবিশ্য বর্ত্ততে।
স্ত্রীণাঞ্চ ন তথা চেতঃ সন্নিকৃষ্টেঽক্ষিগোচরে"॥ ইতি ॥৩৫॥

ভা ১০।৪৭।৩৪-৩৫।

অথ চ প্রথমতস্তাবদিদং হৃদ্যেব বিচারিতম্॥

যৎপুনরহং ভবতীনাং দৃশাং প্রিয়োঽপি দূরে বর্ত্তে তৎ খলু মদনুধ্যানকাম্যয়া দর্শনাসম্ভাবনান্মম নিরন্তরধ্যানস্যৈবেচ্ছয়া যো মনসঃ সন্নিকর্ষ আবেশস্তদর্থমেব। যতো "যথা দূরচর" ইত্যাদি;—অত্র স্ত্রীণাঞ্চেতি পুংসশ্চ প্রেষ্ঠাস্বিত্যর্থলাভান্মমাপি ভবতীষু তাদৃশত্বমিতি ব্যঞ্জিতং। তস্মাদস্মাকং স্বাস্ম-

তৎপ্রচারণং নির্দ্দিশতি—যত্ত্বহমিতি শ্লোকদ্বয়েন ॥ ৩৫ ॥

অনয়োরর্থং ব্যাকুর্ব্বন্তি—অত্রচেত্যাদিগদ্যেন। হন্ত হন্তেতি খেদে। তেন কিমিদমুপদিষ্টং এবম্ভূতানামস্মাকং মনঃ কিং তস্মিন্নাসীৎ যেনৈতদ্রূপমুক্তমিতি। তত্র তু দ্বিধা সাক্ষাৎকারে তত্রস্থিতস্য ব্রজে স্থিতস্য পূর্ব্বশ্চক্ষুঃপ্রধানতয়া মনঃপ্রবেশঃ, দূরস্থিতস্য মনঃপ্রধানতয়া চক্ষুর্গোচরতা। মনঃকল্পিতস্বপ্নস্য প্রায়ো মৃষাত্বমিত্যাশঙ্ক্য সামান্যস্বপ্নাৎ ভেদং দর্শয়তি মন ইতি

করিলে, উদ্ধব সেই মনঃসংযোগের সংবাদ লইয়া পুনর্ব্বার তিনবার পত্র পাঠ করিলেন ॥ ৩৪ ॥

আমাকে দেখিতে পাইবে না, এই সম্ভাবনা করিয়া তোমরা আমাকে ধ্যান করিতে ইচ্ছা করিয়া থাক। তাহাতেই মনের আবেশের জন্য, আমি তোমাদের সকলের চক্ষের প্রিয় হইয়াও দূরে অবস্থান করিতেছি। যেরূপ প্রিয়তম দূরবর্ত্তী হইলে স্ত্রীলোকদিগের মন তাহার প্রতি আসক্ত হইয়া থাকে, সেইরূপ প্রিয়তম নিকটবর্ত্তী হইয়া নয়ন গোচর হইলে মন আসক্ত হয় না ॥ ৩৫ ॥

এই বিষয়েও প্রথমে গোপীগণ মনে মনে এইরূপই চিন্তা করিতে লাগিলেন, আমি যে তোমাদের দৃষ্টির প্রিয় হইয়াও দূরে আছি, তাহা নিশ্চয়ই (আমার অদর্শনে) আমাকে নিরন্তর ধ্যান করিবার ইচ্ছায় মনের আবেগের জন্যই

স্মনস আবেশ এব তস্যাভীপ্সিতঃ। নতু স্বস্মান্নিরোধঃ। তথাপি হন্ত! হন্ত! কিমিদমুপদিশ্যতে॥

"ক্ষণং যুগ-শতমিব যাসাং যেন বিনাভবৎ" তাসামস্মাকং তস্মিন্ কিং মনো নাসীদিতি॥

পুনর্দ্বিতীয়ে ত্বিদং মননবিষয়ীকৃতং! আং আং মনসঃ সন্নিকর্ষার্থমিতি মনসো হেতোর্যঃ সন্নিকর্ষশ্চক্ষুর্গোচরতা তদর্থমিত্যেব তাৎপর্য্যার্থঃ॥

যতস্তস্যায়মভিপ্রায়ঃ। মম খলু দ্বিধা সাক্ষাৎকারঃ স্যাৎ। একশ্চক্ষুঃপ্রধানতয়া মনঃপ্রবেশঃ পরামৃশ্যতে। যথা জাগরণে পরস্তু মনঃপ্রধানতয়া চক্ষুর্গোচরতা বিমৃশ্যতে। যথা স্বপ্নে। তত্র তু তত্র স্থিতস্য মম পূর্ব্বং পূর্ব্বমেবাসীৎ। সম্প্রতি তু দূরস্থিতস্য পরঃ। মনঃপ্রধানতয়া স এষ চ স্বপ্ন ইব ভাতি। বস্তুতস্তু ন স্বপ্নঃ। মমাপি তত্র সাক্ষাৎকৃতিস্ফূর্ত্তেঃ।

তত্র হেতু র্বস্তুতস্ত্বিতি। তত্র স্বপ্নে সাক্ষাৎকৃতিস্ফূর্ত্তে র্মৎসাক্ষাৎকারস্য জাগরতুল্যতাসম্পাদনাদিত্যর্থঃ। অতো ভবতীভিরিদানীমেবং বিধেয়মিত্যাহ সাম্প্রতমিদানীং এষ এব মম স্ফূর্ত্তি-

হইয়াছে। কারণ, যেরূপ প্রিয়তম অত্যন্ত দূরে থাকিলে স্ত্রীলোকদিগের মন তদ্বিষয়ে আকৃষ্ট হইয়া থাকে, সেইরূপ পুরুষেরও মন তোমাদের মত প্রিয়তমাদের উপর আকৃষ্ট হইয়া আছে। এইরূপ অর্থ সহজেই সংস্থাপিত হইয়াছে। অতএব আমাদের মন তাঁহার উপরে আকৃষ্ট থাকে, ইহাই তাঁহার অভিপ্রেত। কিন্তু তাঁহার নিকট হইতে মন রুদ্ধ করিয়া রাখা কিছুতেই তাঁহার বাঞ্ছনীয় নহে। তথাপি হায়! হায়! কেন তিনি এইরূপ উপদেশ দিতেছেন। যিনি ব্যতীত যাহাদের এক মুহূর্ত্ত শতযুগ বলিয়া বোধ হইত, সেই সকল গোপীদিগের (আমাদের) মন কি তাঁহার উপরে আসক্ত ছিল না! কিন্তু পুনর্ব্বার দ্বিতীয়বারে ঐ সকল গোপীগণ এইরূপে মনন করিয়াছিল। হাঁ হাঁ স্মরণ হইয়াছে! স্মরণ হইয়াছে। মনের সন্নিকর্ষের নিমিত্ত অর্থাৎ মন হেতু যে সন্নিকর্ষ নেত্রগোচর ভাবই বোধ হইতেছে। যেমন স্বপ্নে এই মন

সাম্প্রতং ত্বেষ এব সাম্প্রতং স্ফুরতি* যস্মাদ্‌গুরুবর্গাল্লজ্জাং সজ্জিত্বা প্রকটং দূরমটিতবতো মমায়মেব যুস্মাকং সঙ্গঃ সুষ্ঠু সঙ্গোপনবিষয়ঃ স্যাৎ। তস্মান্ময়া বিচার্য্য কৃতে ভবতীভিরত্রৈব সন্তোষ্টব্যমিতি। ততশ্চ বিরহভাবাদেব মনোনিরোধঃ পূর্ব্বলেখেন সুবোধঃ॥ ৩৬॥

রূপঃ সাম্প্রতমুচিতং স্ফুরতি। তত্র হেতু যস্মাদিতি সজ্জিত্বা প্রাপ্য অটিতবতো গচ্ছতঃ সঙ্গোপনবিষয়ঃ স্যাৎ, মম স্ফূর্ত্তেঃ সাক্ষাৎকারতুল্যত্বাৎ তস্যাঃ সাক্ষাৎকারজনকত্বাৎ কিং সর্ব্বজনেষু সাক্ষাৎকারেণেতি ভাবঃ। নিগময়তি তস্মাদিতি ময়া বিচার্য্য কৃতে বিচারণং কৃত্বা স্ফূর্ত্তিরূপেণ সঙ্গে বিহিতে সম্পাদিতে অত্রৈব তদ্রূপেণ সঙ্গমে সন্তোষ্টব্যং তেনৈব সঙ্গমসুখলাভাৎ। বিরহভাবাৎ বিরহজন্যব্যাপারাদেব সকাশাৎ পূর্ব্বলেখেন ততো বিরহভাবাদেব মনো নিরোদ্ধুমিতি মননবিষয়ীক্রিয়তে ইত্যনেন সুবোধঃ সুগম্যঃ॥ ৩৬॥

হেতু নেত্র গোচর ভাব অনুভূত হইয়া থাকে। স্বপ্নাবস্থায় সেই সময়ে যখন মন থাকে, তাহার সন্নিকর্ষের নিমিত্তই শ্লোকের তাৎপর্য্য। যেহেতু তাঁহার এইরূপ অভিপ্রায়:—আমার সাক্ষাৎকার নিশ্চয়ই দুইভাগে বিভক্ত। প্রথম, চক্ষুকে প্রধান করিয়া মনোমধ্যে সকল পদার্থের প্রবেশ অনুভূত হইয়া থাকে; যেমন জাগরণে:—দ্বিতীয়—মনকে প্রধান করিয়া সকল পদার্থ নেত্রগোচর বলিয়া অনুভূত হইয়া থাকে; যেমন স্বপ্নাবস্থায়।

এই দুই প্রকার সাক্ষাৎকারের মধ্যে আমি যখন ব্রজে থাকি, তখন কিন্তু আমার চক্ষুকে প্রধান করিয়া মনোমধ্যে প্রবেশরূপ প্রথম সাক্ষাৎকার হইয়াছিল। এক্ষণে আমি দূরে আছি, সুতরাং শেষ সাক্ষাৎকারই ঘটিয়াছে। এই শেষোক্ত সাক্ষাৎকারে মনই প্রধান, অতএব ইহা স্বপ্নের মত পকাশ পাইতেছে। বস্তুতঃ কিন্তু ইহা স্বপ্নের মত মিথ্যা নহে। সেই স্বপ্নেও আমার সাক্ষাৎকার স্ফূর্ত্তি পাইয়া থাকে। সম্প্রতি কিন্তু আমার স্ফূর্ত্তিরূপ এই সাক্ষাৎকার উচিতভাবেই স্ফূর্ত্তি পাইতেছে। যেহেতু আমি গুরুজনগণের নিকট হইতে লজ্জা পাইয়া প্রকাশ্যে দূরে গমন করি, এবং তাহাতেই তোমাদের সহিত আমার এই মিলনও ভাল করিয়া গোপন করিতে পারিয়াছি। এই কারণে আমি বিচার করিয়া

অথ তৃতীয়ে চ তদেব নিশ্চিত্য স্থিতাসু তাসু পুনরন্যৎ-পদ্যদ্বয়ং তথা বাচিতবান্ ॥

"ময্যাবেশ্য মনঃ কৃষ্ণে বিমুক্তাশেষবৃত্তি যৎ ।
অনুস্মরন্ত্যো মাং নিত্যমচিরান্মামুপৈষ্যথ ॥
যা ময়া ক্রীড়তা রাত্র্যাং বনেঽস্মিন্ ব্রজ আস্থিতাঃ ।
অলব্ধরাসাঃ কল্যাণ্যো ! মাপুর্মদ্বীর্য্য-চিন্তয়া" ॥

ভা ১০।৪৭।৩৬-৩৭ ॥ ইতি ॥ ৩৭ ॥

অত্র চ তাভিরপ্রকাশং বিচারিতং ;—

অস্মাভির্যৎ পূর্ব্বং পর্য্যায়তঃ পর্য্যবসায়িতং। তদত্রে প্রথমত এব কেবলং স্বাভিমতমুপলব্ধং। তথা হি ;—কৃষ্ণ

এবম্ভূতাসু স্থিতাসু তাসু পুনর্যদ্বাচয়ামাস তদ্বর্ণয়তি—অথেতি গদ্যেন। তদেব বিরহাভাবার্থং মনোনিরোধ এব ॥

তৎপদ্যদ্বয়ং লিখতি—ময্যেতি ॥ ৩৭ ॥

অনয়োঃ পদ্যয়োর্ম্মিথ অপ্রকাশং যথাস্যাৎ। পর্য্যায়তঃ অনুক্রমতঃ পর্য্যবসায়িতং প্রত্যায়িতং

স্ফূর্ত্তিরূপে সংযোগ ঘটাইলে, তোমরাও এইরূপ মিলনে সন্তুষ্ট হইবে ! অতএব বিরহ জন্য চেষ্টা হইতেই পূর্ব্বোক্ত লিপি দ্বারা (অর্থাৎ বিরহ বশতঃ চিত্ত রোধ করিতে আমরা মনন করিয়াছি) চিত্ত রোধ কার্য্য অত্যন্ত সুগম হইল ॥ ৩৬ ॥

অনন্তর তৃতীয়বারে তাহাই নিশ্চয় করিয়া গোপীগণ অবস্থান করিলে উদ্ধব পুনর্ব্বার অন্য দুইটি পদ্য পাঠ করিলেন। আমি কৃষ্ণ। আমাতে সকল ইন্দ্রিয় বৃত্তি পরিত্যাগ করিয়া মনোনিবেশ করিলে এবং নিত্যই আমাকে স্মরণ করিলে তোমরা অবিলম্বে আমাকে প্রাপ্ত হইবে। আমি যখন এই বৃন্দাবনে রাত্রিকালে বিহার করি, তখন ব্রজস্থিত যে সকল কল্যাণী রমণীগণ বাসনা পাইয়া আমার সহিত ক্রীড়া করিয়াছিল, অবশেষে তাহারা আমার প্রভাব চিন্তা করিয়া আমাকেই প্রাপ্ত হইয়াছিল ॥ ৩৭ ॥

এইবারেও গোপীগণ অপ্রকাশ্যে বিচার করিতে লাগিল। আমরা পূর্ব্বে অনুক্রমে যাহা পর্য্যালোচনা করিয়াছি ইত্যাদি। এই বাক্যের প্রথমেই কেবল

ইত্যুপক্রান্তং বিশেষণমুপলক্ষণতয়া পরপরত্রাপি সংক্রান্তং কার্য্যং। ততশ্চায়মর্থঃ;—যদ্ যস্মাৎ পূর্ব্বহেতোঃ কৃষ্ণে কৃষ্ণনামাকারবিশেষতয়া প্রসিদ্ধেন পুনরিতরনামাকারতয়া বিপ্রতিষিদ্ধে ময়ি বিমুক্তবিরহাশেষভাবনং মনঃস্বয়মাবেশ্য বিনিবেশ্য মাং কৃষ্ণনামাকারং নিত্যং নিত্যতাশালিযুষ্মদনুসারিবিহারমনুস্মরন্ত্যঃ স্মরণাদপরিহরন্ত্যস্তং কৃষ্ণনামাকারং মামচিরান্নিজানিকটবিরাজমানতয়া প্রাপ্স্যথ। অথ তদিদমুদাহরণদ্বারা স্ফূর্ত্তিধারামানয়তি যা ময়েতি। যাঃ কাশ্চন "শুশ্রূষন্ত্যঃ পতীন্ কাশ্চি"দিত্যত্র (ভা ১০।২৯।৭) পতিশুশ্রূ-

স্বাভিমতং স্বস্য কৃষ্ণস্যাভিমতং অভিপ্রেতং সংক্রান্তং সংসর্গং বিমুক্তং বিরহস্যাশেষভাবনং যেন তন্মনঃ ইতরনামাকারতয়া বিপ্রতিষিদ্ধো বাসুদেবাদিনামা আকারো যস্য তদ্ভাবতয়া, পরিহরণীয়ে যুষ্মাকমনুসারী অভিলষিতো বিহারো যস্য তং মাং। উদাহরণদ্বারা দৃষ্টান্তদ্বারা স্ফূর্ত্তি-

স্বামীর অভিপ্রেত বিষয়ই উপলব্ধ হইয়াছে। দেখ, 'কৃষ্ণ' এই যে বিশেষণ আরব্ধ হইয়াছে, তাহা উপলক্ষণ মাত্র। পরে পরেও ঐ বিশেষণের সংসর্গ ঘটাইতে হইবে। অতএব ঐ শ্লোকের এইরূপ অর্থ :—যেহেতু অর্থাৎ পূর্ব্ববর্ত্তী কারণে আমি কৃষ্ণ, অর্থাৎ কৃষ্ণনামে আকার বিশেষে আমি প্রসিদ্ধ; কিন্তু অপর নামক আকার বিশেষে আমি প্রসিদ্ধ নহি, অর্থাৎ নিষিদ্ধ। এইরূপ আমাতে অশেষ প্রকার বিরহ ভাবনা পরিত্যাগ করিয়া স্বয়ং মন সন্নিবেশিত করিয়া, 'মাম্' কৃষ্ণ নামাকৃতি আমাকে "নিত্যম্" (অর্থাৎ যে ব্যক্তি তোমাদের অনুসরণ করিয়া নিত্যই বিহার করে) সর্ব্বদা অনুস্মরণ করিয়া (আর্থাৎ অনুস্মরণ হইতে পরিত্যাগ না করিয়া) কৃষ্ণ নামাকৃতি সেই আমাকে তোমরা অচিরাৎ (অর্থাৎ আমি তোমাদের নিকটেই বিরাজমান আছি. এইরূপ ভাবে) প্রাপ্ত হইবে ॥

অনন্তর "যা ময়া ক্রীড়তা রাত্র্যাং" এই উপদেশ দ্বারা এই বিষয়টি স্ফূর্ত্তি পরম্পরা আনয়ন করিতেছে। অর্থাৎ কোন কোন রমণী পতি শুশ্রূষা করিয়া থাকে, এইস্থানেও পতি সেবা করাতে পণ্ডিতেরা যাহাদিগকে তোমাদের ব্যতীত

ষণেন যুস্মদন্যতয়া বিপশ্চিদ্ভির্নিশ্চিতাঃ পতিভির্নিরুদ্ধতয়া ব্রজ এব স্থিতাঃ ইতি বনেঽস্মিন্ সম্প্রত্যপি নিগূঢ়ং তত্র স্থিতস্য মম কৃষ্ণনামাকারস্য প্রত্যক্ষবিষয়ে বৃন্দাবনরূপতয়া লব্ধাতিশয়ে বনে পূর্ব্বং ক্রীড়তা ময়া কৃষ্ণনামাকারেণ সহ প্রকাশং রাসমলব্ধা মম কৃষ্ণনামাকারস্য বলবত্তরলীলাচিন্তয়া মাং কৃষ্ণনামাকারমপ্রকাশমপি ধৃতবিহারপারাবারমাপুরিতি ॥ ৩৮ ॥

অত্রাস্মদঃপদানাং ময়ীত্যাদিনিগদানাং কৃষ্ণপদবিশেষণতাস্পদানাং প্রতিপাদ্যং ত্রিস্ত্রিরাবৃত্ত্যা প্রতিপদ্যমানানাং

ধারাং স্ফূর্ত্তিপরম্পরাং সংপ্রত্যপি নিগূঢ়ং অধুনাপি নিগূঢ়মপ্রত্যক্ষং যথা স্যাৎ। তত্র বনে স্থিতস্য। ধৃতবিহারপারাবারং, ধৃতো বিহারস্য পারাবার আদ্যন্তশূন্যতা নৈরন্তর্য্যং যত্র তং মাং ॥ ৩৮ ॥

মর্ম্মার্থঃ নিগময়তি---অত্রেতি গদ্যেন। অস্মদঃপদানাং স্থানানাং ময়ীত্যাদিবাক্যানাং কৃষ্ণপদং বিশেষণং যস্য তস্য ভাবঃ কৃষ্ণপদবিশেষণতা তস্যা আস্পাদানাং স্থানানাং প্রতিপাদ্যং জ্ঞেয়ং। ত্রিস্ত্রিরাবৃত্ত্যা ময়ীতি মাং নিত্যমিতি মামিতি ময়েতি মেতি নদ্বীয্যেতি ষড়্ভিরস্মচ্ছব্দৈঃ

অন্যান্য রমণীদিগকে নির্ণয় করিয়াছেন; পতিগণ রুদ্ধ করাতে তাহারা কেবল ব্রজেই অবস্থান করিত। এই কারণে এখনও আমি অপ্রত্যক্ষভাবে সেই সেই বনে অবস্থান করিয়া থাকি। যে বনে আমি অবস্থান করি, ইহা আমার (কৃষ্ণ নামাকৃতির) প্রত্যক্ষ বিষয়, এবং এই বন বৃন্দাবনরূপে সর্ব্বাপেক্ষা উৎকর্ষ পাইয়াছে। আমি যখন পূর্ব্বে এই বনে বিহার করি, তখন আমার সহিত কল্যাণী গোপীগণ প্রকাশ্যে রাসলীলা প্রাপ্ত হয় নাই। অবশেষে আমার অত্যন্ত প্রবললীলা চিন্তা করিয়া, অপ্রকাশ্যেও তাহারা নিরন্তর অপার বিহার কার্য্যে রত ভাবিয়া আমাকে প্রাপ্ত হইয়াছে ॥ ৩৮ ॥

এইস্থানে যে কয়টি অস্মদ্ শব্দের পদ আছে। তৎসমুদয়ই ময়ি, মে, মাং, মম আমাতে আমার জন্য আমাকে, আমার) ইত্যাদি বাক্য দ্বারা নিষ্পন্ন, এবং সকল পদেই কৃষ্ণের বিশেষণ প্রমাণিত হইতেছে। এই সকল বাক্যের প্রতিপাদ্য

পরিবৃঢ়ীভবনং তমেবার্থং দৃঢ়ীকরোতীতি গম্যতে। "হে কল্যাণ্য!" ইত্যনেন সাধকচরতাভাসাং তাসামিব ন শাশ্বত-প্রেয়সীরূপতয়া শ্বঃশ্রেয়সবতীনাং ভবতীনাং মায়াপত্যাদি-পরিহারপুরঃসরমদেকপতিতাপ্রকাশে শরীরপরীহারবিড়ম্বনং সম্ভবতীতি চ তাভিস্তদুপদেশপ্রভাবাদবগত্য নির্ণীতম্ ॥ ৩৯ ॥

তদেতাবৎ কথয়িত্বা কথকশ্চিন্তয়ামাস ॥ ৪০ ॥

প্রতিপদ্যমানানাং জ্ঞানবিষয়াণাং পরিবৃঢ়ীভবনং প্রভুতাসম্পাদনং যত্র তমেবার্থং দৃঢ়ীকরোতি বৃন্দাবনস্থং শ্রীযশোদাসুতং মাং প্রাপ্স্যথেতি ফলিতার্থো গম্যতে। সাধকচরতয়া ভা দীপ্তি যাসাং তাসাং শাশ্বতপ্রেয়সীরূপতয়া নিত্যপ্রেয়সীরূপতয়া শ্বঃশ্রেয়সবতীনাং কুশলান্বিতানাং মায়য়া যৎ পত্যাদি তস্য পরিহারঃ পুরঃসরো যত্র এবম্ভূতা যা মদেকপতিতা তস্যাঃ প্রকাশে সতি তাসামিব শরীরপরীহাররূপং বিড়ম্বনং ন সম্ভবতীতিচ তাভিঃ শ্রীরাধাদিভি স্তস্য শ্রীকৃষ্ণস্য উপদেশপ্রভাবাদবগত্য বিবুধ্য নির্ণীতম্ ॥ ৩৯ ॥

ততঃ কথকবৃত্তান্তং স্বয়ং কবিঃ বর্ণয়তি—তদিতি গদ্যেন। সুগমং ॥ ৪০ ॥

বিষয়কে তিন তিনবার আবৃত্তি করিয়া জ্ঞান গোচর হইলে, ইহাদের প্রভুত্ব সম্পাদক অর্থই যে দৃঢ় করিতেছে, তাহাই অবগত হওয়া যাইতেছে। ইহার মর্ম্ম এই, তোমরা বৃন্দাবনস্থিত যশোদার পুত্র আমাকে প্রাপ্ত হইবে। হে কল্যাণীগণ? ইহা দ্বারা বলা হইয়াছে যে, পূর্ব্বে তাহারা সাধন করিয়াছিল, এবং সেই সকল নারী সাধনার প্রভাসম্পন্ন। তাহাদের মত তোমরা নিত্যসিদ্ধ প্রেয়সীভাবে মঙ্গল যুক্ত, এবং তোমাদের মায়াদ্বারা পতিপুত্রাদি পরিহার পূর্ব্বক একমাত্র আমিই পতিরূপে প্রকাশিত হইলে, শরীর পরিত্যাগরূপ বিড়ম্বনার সম্ভাবনা নাই। এই হেতু তত্তৎ শ্রীরাধিকা প্রভৃতি গোপীগণ শ্রীকৃষ্ণের উপদেশ প্রভাবে ইহাই বুঝিয়া স্থির করিয়াছিলেন ॥ ৩৯ ॥

গ্রন্থকার বলিলেন, অনন্তর এই পর্য্যন্ত বলিয়া কথক চিন্তা করিতে লাগিল ॥ ৪০ ॥

দেহাদীনাং বিগানেঽপ্যধিগতিগমিতে তেষু রাগপ্রকর্ষ-
স্তৎপ্রাবৃণ্বৎ জগত্যাং সমুদয়তি মুহুর্যদ্বদুচ্চৈর্জ্জনস্য।
তদ্বদ্গোষ্ঠে বকারেরপি সমধিগতে বৈভবে তত্র তস্মা-
ন্নাভদ্রং নাপি ভদ্রং গণয়তি সহজঃ সোঽয়মন্তর্ব্বিরোধি ॥৪১॥

অথ স্পষ্টমাচষ্ট ;—

তদেবং নির্ণীয় নিত্যমন্তঃ কৃষ্ণসংযোগমুন্নীয় তমুদ্ধবং প্রতি সম্প্রীয় চ সুপ্রলাপমুপক্রমমাণা মুহূর্ত্তদ্বয়ং মূর্ত্তপরমানন্দ-রূপাস্তেন সুপাস্যতমা বভূবুঃ। হন্ত! হন্ত! তদনন্তরং তু ক্রমশঃ পুনর্ব্বহির্দৃষ্টিং সংক্রমমাণা বিলাপমেব পর্য্যবসায়-য়ামাসুঃ ॥ ৪২ ॥

তচ্চিন্তনং বর্ণয়তি—দেহেতি। দেহাদীনাং বিগানে নিন্দনে হেয়াংশে অধিগতিগমিতে অধিগমং প্রাপিতে সতি, তেষু দেহাদিষু জগত্যাং জনস্য রাগপ্রকর্ষ স্তদ্বিগানং প্রাবৃণ্বন্ যদ্বদুচ্চৈঃ সমুদয়তি রাগ এব দেহাদিনিন্দনমাচ্ছাদ্য যথা রাজতে তদ্বৎ বকারেঃ শ্রীকৃষ্ণস্য গোষ্ঠে বৈভবে সমধিগতে সতি সোঽয়ং সহজো রাগঃ অন্তর্বিরোধি অভদ্রং নাপি ভদ্রং গণয়তি কিন্তু লগন্নে বাস্তে ॥ ৪১ ॥

চিন্তনানন্তরং কথকো যদাচরত্তদ্বর্ণয়তি—অথেত্যাদি গদ্যেন। অন্তশ্চিত্তে কৃষ্ণসংযোগমুন্নীয় উদ্ভাব্য সম্প্রীয় সম্যক্ প্রীতিং বিধায় সুপ্রলাপং সুবচনমুপক্রমমাণা মূর্ত্তো দেহবানিব যঃ পরমানন্দ স্তদ্রূপা স্তা উদ্ধবেন সুপাস্যতমাঃ শোভনাতিশয়পূর্ব্বা বভূবুঃ। হন্ত হন্তেতি খেদে। প্রেমমূর্চ্ছানন্তরন্তু সংক্রমমাণাঃ সঙ্গচ্ছমানাঃ সত্যঃ বিলাপং শোকং পর্য্যবসায়য়ামাসুঃ উদ্ধবং পর্য্যবসায়িতবত্যঃ ॥৪২॥

দেহ প্রভৃতির হেয় অংশ জানিতে পারিলেও ঐ সকল দেহাদিতে জগতে সাধারণ লোকের অনুরাগের উৎকর্ষ যেরূপ সেই দেবত্বরূপ নিন্দা ঢাকিয়া অত্যুচ্চ-ভাবে উদিত হইয়া থাকে, সেইরূপ বকাসুর হন্তা শ্রীকৃষ্ণের বৈভব গোষ্ঠে অবগত হইলে, তথায় সেই স্বাভাবিক অনুরাগ, অন্তরের বিরোধী কি ভদ্র কি অভদ্র কিছুই গণনা করিতেছে না ॥ ৪১ ॥

অনন্তর কথক স্পষ্টই বলিতে লাগিল। অতএব এইরূপে নির্ণয় করিয়া নিত্যই অন্তরে কৃষ্ণের সংলগ্ন উদ্ভাবন করিয়া, সেই উদ্ধবের প্রতি সম্যক্‌রূপে রূপে প্রীতি প্রদর্শন করিয়া সেই সকল গোপীগণ উত্তম বাক্য বলিতে উপক্রম

তথা হি ;—

স্থখং বা দুঃখং বা স্বমনু গণয়ামো ন হি বয়ং
সদা তদ্দ্রুক্কংসস্য তু মরণমৌষ্মা(১)জনি চ তৎ।
অথো পৃচ্ছামস্ত্বাং নিজযদুগণৈরাবৃততয়া
বিপক্ষানাঘ্রাতঃ স নিবসতি কিং মাথুরপুরে ॥ ৪৩ ॥

স্বসাম্যাত্তৃট্‌কষ্টং পরগমপি বিদ্মস্তত ইদং
বিপৃচ্ছামস্তৎকিং ক্ষপয়তি হরিঃ পৌরস্থদৃশাম্।
যদস্মাকং স প্রাগকৃত হসিতস্নিগ্ধনয়না-
ম্বুজপ্রান্তেনাদ্যাপ্যহহ! নববদ্‌যদ্বিলসতি ॥ ৪৪ ॥

তাসাং বিলাপং বর্ণয়তি—স্থখং বেতি। বেতি বয়ং স্বমনু আত্মানমনুলক্ষীকৃত্য স্থখং বা দুঃখং বা ন গণয়ামঃ,সদা তস্য কৃষ্ণস্য দ্রোহকারকস্য কংসস্য মরণস্তু গণয়ামঃ, অস্মাকমৌষ্মা বিরহতাপোঽ-জনিচ জাতঃ তত্তস্মাদথো অনন্তরং ত্বাং পৃচ্ছামঃ স কৃষ্ণো নিজযদুগণৈরাবৃততয়া বিপক্ষানা-ঘাতঃ হননং চকার। সন্ আঘ্রাত ইতি আক্রান্তঃ সন্ মাথুরপুরে কিং নিবসতি ॥ ৪৩ ॥

কাপ্যন্যৎ পপ্রচ্ছেতি বর্ণয়তি—স্বসাম্যাদিতি। পরগমপি তৃট্‌কষ্টং স্পৃহাক্লেশং স্বসাম্যাৎ বয়ং বিদ্মঃ ততো হেতোরিদং বিপৃচ্ছামঃ হরিঃ পৌরস্থদৃশাং পুররমণীনাং তত্তৃট্‌কষ্টং

করিল। দুই মুহূর্ত্তকালে মূর্ত্তিমান্ পরম আনন্দ ধারণ করিলে, উদ্ধব তাঁহাদিগকে উত্তমরূপে অতিশয় উপাসনা করিতে লাগিল। হায়! হায়! প্রেম মূর্চ্ছার অনন্তর কিন্তু তাহারা ক্রমশঃ পুনর্ব্বার বাহ্য দৃষ্টি প্রাপ্ত হইয়া উদ্ধবকেও শোকাকুল করিয়াছিল ॥ ৪২ ॥

দেখ, আমরা আপন স্থখ অথবা দুঃখ, কিছুই গণনা করি না। কিন্তু সর্ব্বদা কৃষ্ণের অপকারী কংসের মরণই গণনা করিতেছি। এবং আমাদের বিরহ জনিত তাপও ঘটিয়াছে। অতএব ইহার পর আমরা তোমাকে জিজ্ঞাসা করিতেছি, সেই শ্রীকৃষ্ণ নিজ যাদবগণের সহিত পরিবেষ্টিত হইয়া যখন বিপক্ষদিগকে বিনাশ করিয়াছেন, তবে কেন মথুরাপুরে বাস করিতেছেন? ॥ ৪৩ ॥

আপনাদের সাদৃশ্য হেতু আমরা পরগামী হইলেও ইচ্ছা ক্লেশ জানিতে

---

(১) বশলু স্পৃহি ইত্যস্মাৎ ঘ্যাঃ মপ্রত্যয়ঃ। বয়ং বাঞ্ছিতবত্য ইত্যর্থঃ। তৎ মরণ-মজনি চ।

ভবেন্নারী-জাতে রুচিরুচিতকান্তে সুমধুরা
হরৌ চেদেষা স্যাদমৃতমপি নিন্দ্যং বিতনুতে।
তদেবং ক্রমস্ত্বাং শৃণু রুচিবিশেষজ্ঞহৃদয়ঃ
কথং তাসু স্নেহং স কিল ন বিধত্তাং প্রতিপদম্ ॥৪৫॥

ক্ষপয়তি স হরিরস্মাকং হসিতস্নিগ্ধনয়নাম্বুজস্য প্রান্তেন কটাক্ষেণ প্রাক্ যদকৃত তৎকিমিতি সম্বন্ধঃ অহহেতি খেদে। অদ্য নববদস্মাকং সম্বন্ধে নব ইব বিলসতি ॥ ৪৪ ॥

কিঞ্চ নারীজাতে নারীসামান্যস্য উচিতা কান্তিরিচ্ছা যস্যা স্তস্যা রুচিঃ প্রীতির্হরৌ সুমধুরা ভবেৎ। চেদ্যদ্যেষা রুচি র্হরৌ স্যাৎ তদৈষা অমৃতং সুধামপি নিন্দিতং গর্হ্যং বিতনুতে তত্তস্মাৎ ত্বামেবং ক্রমঃ, শৃণু রুচিবিশেষজ্ঞহৃদয়ঃ স কিল তাসু প্রতিপদং প্রতিক্ষণং স্নেহং কথং ন বিধত্তাং তাসু প্রতিপদং স্নেহবিধানেনাস্মাকং স্মৃতিসম্ভাবনা ন ভবেদেবেতি ভাবঃ ॥ ৪৫ ॥

পারিতেছি। এই হেতু আমরা এই বিষয় বিশেষরূপে জিজ্ঞাসা করিতেছি। শ্রীকৃষ্ণ কি পুরবাসিনী রমণীগণের সেই তৃষ্ণারূপ কষ্ট নষ্ট করিতেছেন! সেই শ্রীকৃষ্ণ আমাদের হাস্য দ্বারা সুমধুর নয়ন কমলের কটাক্ষ দ্বারা পূর্ব্বে যাহা করিয়াছিলেন, তাহা কি হইল? হায়! অদ্যাপি তাহা আমাদের কাছে নব ভাবে বিরাজ করিতেছে॥ ৪৪ ॥

যে নারীজাতির সমুচিত ইচ্ছা আছে, সেই নারীজাতির প্রীতি শ্রীকৃষ্ণের উপরে সুমধুর হইতে পারে। যদি এইরূপ প্রীতি শ্রীকৃষ্ণের উপরে পতিত হয়, তাহা হইলে ইহা দ্বারা অমৃতও নিন্দা প্রাপ্ত হইয়া থাকে, অতএব আমরা তোমাকে বলিতেছি, এবং তুমিও শ্রবণ কর। যাঁহার হৃদয় রুচি বিশেষ অবগত আছে, সেই শ্রীকৃষ্ণ সত্যই প্রতিক্ষণে সেই সকল নারীদের উপরে কেনই বা স্নেহ প্রদর্শন করিবেন না! ফল কথা এক্ষণে সেই সকল নারীদের প্রতি স্নেহ করাতে আমাদিগকে স্মরণ করিতে তাঁহার সময় থাকিবে না॥ ৪৫ ॥

লভন্তাং নাগর্য্যঃ সুখমঘরিপোরেষ চ ততঃ
প্রমোদস্তস্মিন্নঃ সমজনি হি যোগ্যা মিথুনতা।
পরন্ত্বেকঃ প্রশ্নশ্চপলয়তি চিত্তং কথয় নঃ
স কিং গ্রামীণানাং বিরচয়তি বৃত্তং ক্বচন চ ॥ ৪৬ ॥
অমূ রাত্রীঃ কিং স স্মরতি কুমুদেন্দ্বাদিরুচিভিঃ
শুভা বৃন্দারণ্যে দয়িতচরনারীভিরভিতঃ।
সুগীতাত্মশ্লোকং ক্বণিতবিলসন্নূপুরগণং
মহারাসং কুর্ব্বন্নরমত মুহুর্যাসু কুতুকী ॥ ৪৭ ॥

অন্যা যদূচু স্তদ্বর্ণয়তি—লভন্তামিতি। অঘরিপোঃ সকাশাৎ নাগর্য্যো রমণ্যঃ সুখং লভন্তে লভন্তাং। ততোঽঘরিপৌ নোঽস্মাকং অমিথুনতা সংসর্গাভাবো যোগ্যা প্রাপ্তরাজ্যস্ত তস্ত অস্মাসু গ্রাম্যাসু রুচেরভাবাত্তথাপি একঃ প্রশ্নঃ চিত্তং চপলয়তি চঞ্চলয়তি, ত্বং কথয় স কিং গ্রামীণানাং নোঽস্মাকং বৃত্তং বৃত্তান্তং ক্বচন চ কদাপি বিরচয়তি বর্ণয়তীতি ॥ ৪৬ ॥

ননু ভো ভবতীনাং বৃত্তং সর্ব্বদা স বর্ণয়তীতি চেত্তত্রাহ—অমূরিতি। স কিমমূ রাত্রীঃ স্মরতি যা দয়িতচরনারীভিঃ প্রাক্‌প্রিয়াভিঃ নারীভিঃ সহ বৃন্দারণ্যে কুমুদেন্দ্বাদীনাং রুচিভিঃ শুভা রম্যাঃ। কিঞ্চ যাসু রাত্রিষু স কুতুকী সন্ মহারাসং কুর্ব্বন্ অরমত। তং কিম্ভূতং সুষ্ঠু গীতমাত্মনো নিজস্ত শ্লোকো যশো যত্র তং তথা ক্বণিতং বাদিতং তেন বিলসন্ নূপুরগণো যত্র তং ॥ ৪৭ ॥

অন্যান্য নারীগণ বলিতে লাগিল। অঘাসুর হন্তা শ্রীকৃষ্ণের নিকট হইতে নগরবাসিনী নারীগণ যদি সুখলাভ করে, তবে সুখ করুক। এই কারণে এইরূপ প্রমোদও তাঁহার উপরে বিদ্যমান আছে। অথচ আমাদের সহিত তাঁহার সংসর্গ যে বিছিন্ন হইয়াছে, ইহাও উপযুক্ত বলিতে হইবে। কারণ, তিনি এখন রাজত্ব পাইয়াছেন, আর কি তাঁহার এই গ্রামবাসিনী আমাদের মত নারী-গণের উপরে রুচি থাকিতে পারে। তথাপি একটি প্রশ্ন চিত্ত চঞ্চল করিতেছে, তুমি বল দেখি? তিনি কি কখন গ্রামবাসিনী আমাদের বৃত্তান্ত কুত্রাপি বর্ণন করিয়া থাকেন ॥ ৪৬ ॥

পূর্ব্বে যে সকল নারী তাঁহার প্রেয়সী ছিল, সেই সকল নারীগণের সহিত বৃন্দাবনে চন্দ্র এবং কুমুদাদি পদার্থ দ্বারা যে সকল রাত্রি পরম রমণীয় হইয়াছিল; এক্ষণে তিনি কি সেই সকল রাত্রি স্মরণ করেন! অপিচ, যে সকল রাত্রিতে

কিমেষ্যত্যস্মাংস্তদ্বিরহশুচিঘর্ম্মাংশুবিদ্রুতাঃ
পুনঃ সেক্তুং শৌরিঃ সদমৃতবপুঃ স্বং প্রকটয়ন্।
অহো! তদ্দূরে তত্তুলিতকৃতকাঙ্গৈরপি কদা
স নঃ সিঞ্চেন্মেঘৈরিব মৃদুলবন্যাঃ সুরপতিঃ ॥ ৪৮ ॥
ইহ স্বাম্যং গ্রাম্যং নৃপপদমলং তত্র পশুপা
জনা অস্মিংস্তস্মিন্নরপতি-সুতাঃ প্রাণসুহৃদঃ।
ইতো (ক) গোপ্যঃ পার্শ্বাঃ স্মরপরবশাঃ সম্প্রতি ততঃ
ক্ষিতিক্ষিৎকন্যাঃ স্বং বরিতুমনসশ্চেত্তু স কথম্ ॥ ৪৯ ॥

কাপ্যুৎকা যদপৃচ্ছত্তদ্বর্ণয়তি—কিমিতি। তদ্বিরহ এব শুচিঃ ঘর্ম্মাংশুঃ জৈষ্ঠমাসগত-সূর্য্যস্তেন বিদ্রুতা উত্তাপিতা অস্মান্ পুনঃ সেক্তুং স্বমাত্মানং পূর্ণচন্দ্ররূপং প্রকটয়ন্ কিমেষ্যতি আগমিষ্যতি। বিরহোদ্রেকেণ তস্য স্ফূর্ত্তিমূর্ত্তিং বিস্মৃত্য পপ্রচ্ছ, অহো খেদে। তদ্দূরে অত্রাগমনং দূরেহস্তু তত্তুলিতানি সদমৃতবপুঃসদৃশানি যানি কৃতকাঙ্গানি কল্পিতাঙ্গানি তৈরপি কদা নোঽস্মান্ স সিঞ্চেৎ। যথা সুরপতিরিন্দ্রঃ মেঘৈ মৃদুলবন্যাঃ কোমলবনশ্রেণীঃ সিঞ্চেদিতি ॥ ৪৮ ॥

অন্যা যদাহ তদ্বর্ণয়তি—ইহেতি। ইহ গ্রামভবা স্বামিতা প্রভুত্বং তত্র মথুরায়ামলমতিশয়ং নৃপপদং নৃপব্যবসায়ঃ অস্মিন্ পশুপা জনা গোপলোকা তস্মিন্, রাজপুত্রাঃ প্রাণসুহৃদঃ ইতোঽস্মিন্

তিনি কৌতূহলাক্রান্ত হইয়া মহারাসোৎসব করিয়া ক্রীড়া করিয়াছিলেন। সেই রাসে নিজের যশ উত্তমরূপে কীর্ত্তিত হইত, এবং বাদ্যের সহিত নূপুর সকল মধুর ভাবে শব্দিত হইত ॥ ৪৭ ॥

কোন নারী উৎকণ্ঠিতা হইয়া জিজ্ঞাসা করিল। আমরা বিরহরূপ ঘর্ম্মাংশু অর্থাৎ জ্যৈষ্ঠমাসস্থিত সূর্য্যদ্বারা উত্তাপিত হইয়াছি। তিনি পুনর্ব্বার আমাদিগকে সিক্ত করিবার জন্য আপনার পূর্ণচন্দ্ররূপ শরীর প্রকাশিত করিয়া কি আগমন করিবেন? বিরহের উদ্রেকে কৃষ্ণের স্ফূর্ত্তিরূপ মূর্ত্তি ভুলিয়া গিয়া জিজ্ঞাসা করিল। তাঁহার এস্থানে আগমন এখন দূরে থাক। যেরূপ দেবরাজ ইন্দ্র মেঘদ্বারা কোমল বনশ্রেণী জলসিক্ত করিয়া থাকেন, সেইরূপ শ্রীকৃষ্ণ পূর্ণচন্দ্রতুল্য কল্পিত অঙ্গ সমূহদ্বারা কবে আমাদিগকে সিক্ত করিবেন? ॥ ৪৮ ॥

অপরে বলিতে লাগিল;—এই স্থানে তাঁহার গ্রাম্যপ্রভুত্ব এবং সেই স্থানে

(ক) ইতো গোপীপাশা। ইতি বৃন্দাবনানন্দ-গৌরপাঠঃ।

অয়ে ! মুগ্ধে যস্যোরসি বসতি সা বারিধি-সুতা
ভবেয়ুস্তস্মিন্ কা বননগরদিব্যা বরদৃশঃ।
ব্রবীষি ত্বং সত্যং তদভিলসিতে সঙ্কুচত ভো !
(ক) যদাশা স্বৈরিণ্যাপ্যলমবমতা পিঙ্গলিকয়া ॥ ৫০ ॥

কামপরবশা গোপ্যঃ পার্শ্বা গোপ্য এব পার্শ্বস্থাঃ তত্র ক্ষিতিক্ষিৎকন্যা রাজকন্যাঃ স্বং বরিতুং মনো বাসাং তাঃ সন্তি অতঃ কথমিহ স এতু আগচ্ছতু ॥ ৪৯ ॥

ততঃ কাপি যদবস্তুবর্ণয়তি—অয়ে ইতি। অয়ে ইতি প্রিয়সম্বোধনং। যস্য কৃষ্ণস্য মুগ্ধে রম্যে বক্ষসি সা লক্ষ্মী র্বসতি তস্মিন্ কৃষ্ণে বনভবা নগরভবা দিবিভবা বরদৃশ কা ভবেয়ু র্না-পেক্ষণীয়া ইতি ভাবঃ। ইতি ত্বং সত্যং ব্রবীষি অত স্তদভিলষিতে সঙ্কোচং কুরুত বিরমত যদ্‌যস্মাৎ পিঙ্গলিকয়া পিঙ্গলাখ্যবেশ্যয়া অপি আশা অলমতিশয়ং অবমতা তুচ্ছীকৃতা ॥ , ॥

তাঁহার নিতান্ত নৃপ ব্যবসায় বা রাজত্ব। এই স্থানে গোপজনসকল বন্ধু, কিন্তু সেই স্থানে রাজপুত্রগণ প্রাণের বন্ধু। এইস্থানে কামপরতন্ত্র গোপীগণই পার্শ্ববর্ত্তী, এবং সেই স্থানে রাজকুমারীগণ তাঁহার মনস্তুষ্টি করিয়া থাকেন। অতএব কি প্রকারে তিনি এই স্থানে আসিতে পারেন ? ॥ ৪৯ ॥

ওগো ! যে শ্রীকৃষ্ণের মনোহর বক্ষঃস্থলে জলধিকন্যা কমলাদেবী বাস করিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণের নিকটে বনভবা এবং নগরভবা সুন্দরী নারীগণ কি হইতে পারে ? অর্থাৎ এইরূপ নারী সর্ব্বদাই তাঁহার কাছে উপেক্ষণীয়। ইহা তুমি সত্যই বলিতেছ। অতএব তোমরা তাঁহার বাঞ্ছিত বিষয়ে সঙ্কুচিত হও বা বিরত হও। কারণ, পিঙ্গলা নামে এক বেশ্যাও সম্পূর্ণরূপে আশা তুচ্ছ করিরাছিল, বা অবজ্ঞা করিয়াছিল (খ) ॥ ৫০ ॥

(ক) পিঙ্গলোপাখ্যানং ভাগবতে ১১শে ৮ম অধ্যায়ে দ্রষ্টব্যম্।

(খ) ভাগবত ১১।৮।২২—৪৪ পর্য্যন্ত পিঙ্গলোপাখ্যান দ্রষ্টব্য।

চিরাদাশাং ত্যক্তুং যদপি বয়মৈচ্ছাম তদপি
স্বয়ং সা বেবেষ্টি প্রতিপদমুদগ্রস্থিতিতয়া।
হরির্ব্বারীশত্বং ব্রজতি বত! পাশত্বমপি সা
যদস্মিংস্তৎ কস্মাদিতি কিমপি জানীম হি নহি॥ ৫১॥
সুরূপং তারুণ্যং বিলসিতমপি প্রেক্ষ্য ন পরং
তদাশাং কুর্ম্মঃ কিং ত্বপরমপি হেতুং নিশময়।
রহো নর্ম্মাদ্যং যৎ কলয়তি স যদ্বা সশপথং
মহাপ্রেমব্যক্তিং হৃদি বসতি তত্তন্মুহুরপি॥ ৫২॥

নন্বেবং তত্র কথং কুরুধ্বে তত্রাহ—চিরাদিতি। সা আশা স্বয়ং প্রতিক্ষণং উদগ্রাস্থিতিতয়া প্রশস্তস্থিতিতয়া অস্মান্ বেবেষ্টি, পুনঃ পুনঃ প্রবিশতি বধ্নাতি। বতেতি খেদে। যদ্যস্মাদস্মিন্ বন্ধনে হরিঃ কৃষ্ণো বারীশত্বং বরুণত্বং ব্রজতি সা আশাপাশত্বং রজ্জুত্বমপি ব্রজতি তৎ কস্মাদিতি কিমপি কথমপি নহি জানীমহি। যথা বরুণঃ স্বাধীনেন পাশেন জনান্ বধ্নাতি তথাস্মানাশয়া কৃষ্ণো বধ্নাতীতি ভাবঃ॥ ৫১॥

অন্যা যদাহু স্তদ্বর্ণয়তি—সুরূপমিতি। তস্য সুষ্ঠুরূপং নবযৌবনং বিলাসং নিরীক্ষ্য তস্যাশাং পরং ন কুর্ম্মঃ, কিন্তু অপরমপি কারণং শৃণু রহো নির্জ্জনে নর্ম্মাদ্যং যৎ কলয়তি যদ্বা স শপথেন সহ বর্ত্তমানং যথা স্যাত্তথা মহাপ্রেমব্যক্তিং কলয়তি তত্তন্মুহুর্ব্বারংবারমপি হৃদি বসতি, অতঃ কথং তদাশাং ত্যজামঃ॥ ৫২॥

যদ্যপি বহুকালপর্য্যন্ত আমরা সেই আশা পরিত্যাগ করিতে ইচ্ছা করিয়াছিলাম, তথাপি সেই আশা স্বয়ং প্রশস্তভাবে অবস্থান করিয়া আমাদিগকে প্রতিক্ষণে বন্ধন করিতেছে। হায়! শ্রীকৃষ্ণ তাহাতে বরুণত্ব প্রাপ্ত হইতেছেন, এবং সেই আশাও রজ্জুত্ব প্রাপ্ত হইতেছে, ইহা যে কেন হইতেছে, আমরা কিছুতেই তাহার বিন্দুবিসর্গ জানিতে পারি না। তাৎপর্য্য এই যেরূপ বরুণ নিজের অধীন পাশাস্ত্রদ্বারা লোকদিগকে বন্ধন করিয়া থাকেন, সেইরূপ শ্রীকৃষ্ণও আশাদ্বারা আমাদিগকে বন্ধন করিতেছেন॥ ৫১॥

অন্য নারীসকল বলিতে লাগিল;—আমরা তাঁহার মনোহর রূপ, নব যৌবন এবং বিলাস নিরীক্ষণ করিয়া আর উত্তমরূপে তাঁহার আশা করিতে পারি না। কিন্তু ইহা ব্যতীত অন্য কারণও তুমি শ্রবণ কর। তিনি যে নির্জ্জনে পরিহাসাদি করিয়া থাকেন, অথবা তিনি যে শপথপূর্ব্বক ঐরূপ মহা প্রেম প্রকাশ করিয়া

রমা যস্যানিচ্ছোরপি ন হি জহাতি প্রতিপদং
তনূমিত্থং লোকাদিতি হ ভুবনেষু প্রসরতি।
স এবায়ং যাসু স্বয়মহহ! সম্বিদ্বিধিশতং
তনোতি স্বৈরং তা বয়মিহ জহীমঃ কথমমুম্ ॥ ৫৩ ॥
অহো! তন্মাধুর্য্যং যদভিলষিতাচ্ছ্রীরপি ন তং
মনাক্ ত্যক্তুং শক্তা যদপি তদনিচ্ছাবলয়িতা।
অয়ে! তস্যানিচ্ছা পরমসবলাপি প্রযতনা-
ন্ন তাং দূরীকুর্য্যা স্তদুভয়মিদং দুর্গমতমম্ ॥ ৫৪ ॥

তদাশাত্যজনমতিদুর্ঘটমিতি যদ্বর্ণয়ামাসু স্তদ্বর্ণয়তি—রমেতি। রমা লক্ষ্মীরনিচ্ছোরপি যস্য তনূং নহি জহাতি ন ত্যজতি ভুবনেষু লোকাৎ ইতি হ পারম্পর্য্যোপদেশেন ইত্থং পূর্ব্বোক্তং প্রসরতি, স এবায়ং কৃষ্ণো যাস্বস্মাসু স্বয়ং সাম্বিদ্বিধিশতং প্রতিজ্ঞাবিধানশতং স্বৈরং তনোতি তা বয়মিহ জন্মনি কথমমুং কৃষ্ণং জহীমঃ ত্যজামঃ ॥ ৫৩ ॥

কিঞ্চ অহো আশ্চর্য্যে তস্য কৃষ্ণস্য মাধুর্য্যং যদ্‌যস্মাৎ অভিলষিতাৎ অভিলাষাৎ তদনিচ্ছাবলয়িতা তস্যানিচ্ছয়া সম্বেদিতাপি শ্রীরপি মনাগীষদপি তং ত্যক্তুং ন শক্তাভূৎ তং, পরমসবলাপি তস্যানিচ্ছা প্রযত্নাৎ তাং শ্রিয়ং ন দূরীকুর্য্যাৎ তদিদমুভয়ং দুর্গমতমং এবং বয়ং তস্য ন দূরীকরণীয়া অত স্তদাশাং ন ত্যজামঃ ॥ ৫৪ ॥

থাকেন, তত্তৎ বিষয় বারংবারই হৃদয়ে জাগিতেছে। অতএব কিরূপে আমরা তাঁহার আশা পরিত্যাগ করি ॥ ৫২ ॥

দ্বিতীয়তঃ অনিচ্ছুক হইলেও কমলাদেবী প্রতিক্ষণে যাঁহার দেহ পরিত্যাগ করে না। ত্রিভুবনে লোকের মুখ হইতে পরম্পরা ক্রমে এই বিষয় প্রচারিত হইয়া থাকে। সেই শ্রীকৃষ্ণও স্বয়ং স্বাধীনভাবে আমাদের কাছে শত শত প্রতিজ্ঞাবিধি বিস্তার করিয়া থাকেন। তখন আমরা সকলে এই জন্মে কিরূপে তাঁহাকে পরিত্যাগ করি ॥ ৫৩ ॥

আহা! কি আশ্চর্য্যের বিষয়! যে অভিলাষে শ্রীকৃষ্ণের অনিচ্ছাদ্বারা বিজ্ঞাপিত হইয়াও কমলাদেবী যাঁহার মাধুর্য্য, অল্প পরিমাণেও পরিত্যাগ করিতে সমর্থ হন নাই, এবং তাঁহার অনিচ্ছা পরম প্রবলা হইলেও সেই লক্ষ্মীকে দূর করিতে পারে নাই; অতএব এই উভয়ই নিতান্ত দুর্গম বলিতে হইবে। এইরূপে

রমায়াং যানিচ্ছা মুনিভিরুদিতা সাত্বতপতে-
র্ভবেদ্দম্ভাদেষা নিয়তমিতি বুদ্ধং বুধবরৈঃ।
অথেয়ং চেত্তথ্যা সপদি ন কথং বা ব্রজমৃগী-
দৃগালীবৎ ক্ষিপ্তা ভবতি সখি! সা তল্লবমনু ॥ ৫৫ ॥
সরিচ্ছৈলারণ্যস্থলসুরভি-বেণুধ্বনিচয়াঃ
সমং রামেণ প্রাগ্ব্রজপতিসুতেনানুচরিতাঃ।
দিদৃক্ষামস্মাকং বিদধতি বলাত্তস্য সহসা
বিশেষাচ্ছ্রীমত্তৎপদবিততিরস্মান্ দলয়তি ॥ ৫৬ ॥

কিঞ্চ সাত্বতপতেঃ শ্রীকৃষ্ণস্য লক্ষ্ম্যাং যা অনিচ্ছা অনভিলাষো মুনিভিঃ কথিতা এষা সাত্বতপতেঃ দম্ভাৎ কাপট্যাদ্ভবেদিতি বুধবরৈ র্বুদ্ধং জ্ঞাতং। অথ চেদ্যদি ইয়মনিচ্ছা তথ্যা সত্যা ভবেৎ কথং বা হে সখি! সা তল্লবকালমনুক্ষিপ্তা ন ভবতি, যথা ব্রজমৃগীনেত্রশ্রেণ্যঃ ক্ষিপ্তা বভূবুরিতি ॥ ৫৫ ॥

ননু ভোঃ! সম্প্রতি তস্য ভবতীষ্বনুরাগো ন বিদ্যতে কথং তত্রাশা ক্রিয়তে তত্রাহ—সরিদিতি। প্রাক্ রামেণ সমং সহ কৃষ্ণেন নদীপর্ব্বতবনস্থলেষু সুরভিভি র্ধেনুভি র্হেতো র্বেণুধ্বনিসমূহা অনুচরিতাঃ সহায়ীকৃতা স্তে বলাদস্মাকং দিদৃক্ষাং বিদধতি বিশেষাৎ সহসা বলাৎ তস্য শ্রীমতী সা অসাধারণা পদবিততিঃ চিহ্নরূপাচরণশ্রেণী অস্মান্ দলয়তি বিদারয়তি অতএব কথং তত্রাশা ত্যজ্যতে ॥ ৫৬ ॥

তিনি আমাদিগকে দূর করিবেন না, অতএব আমরাও তাঁহার আশা ত্যাগ করিব না ॥ ৫৪ ॥

হে সখি! যদুপতি শ্রীকৃষ্ণের লক্ষ্মীর উপরে যে অনিচ্ছা আছে, তাহা মুনিগণ নির্দ্দেশ করিয়াছেন। কিন্তু পণ্ডিতগণ জানিয়াছেন যে, ঐরূপ অনিচ্ছা কেবল তাঁহার কপটতা বশতই হইবার সম্ভাবনা। পরে যদি ঐ অনিচ্ছা সত্য হইত, তাহা হইলে ব্রজবাসিনী মৃগলোচনা সকল যেরূপ পরিত্যক্ত হইয়াছে, তাহার মত সেই লক্ষ্মীদেবী কেনই বা ক্ষণকালের জন্যও পরিত্যক্ত হইল না ॥ ৫৫ ॥

পূর্ব্বে ব্রজরাজকুমার বলরামের সহিত নদী, পর্ব্বত এবং বনস্থলে ধেনুগণের জন্য বংশীধ্বনি উচ্চারণ করিতেন। সেই সকল প্রবল বেগে এক্ষণে আমাদের

উদারশ্রীলীলাগতিহসিতবীক্ষানিগদিতৈ-
র্হৃতা ধীরস্মাকং দনুজরিপুণা যা চিরতরম্।
অভূত্তস্যা স্তত্র স্থিতিরপুনরাবৃত্তিবলিতা
কয়া যুক্ত্যা তস্য প্রথয় ভবিতা বিস্মৃতিবলঃ ॥ ৫৭ ॥

অয়ে ! নাথ ! শ্রীমন্ ! জলনিধিসুতানাথ ! দয়িত !
ব্রজাধীশ ! স্বানুব্রতপশুপবংশক্লমহর ! ।
বয়ং নার্ত্তা জাতাঃ স্বমনু পরমেতদ্‌ব্রজকুলং
স্বগোবিন্দখ্যাতিং ত্বমবিতুমব ক্লেশজলধেঃ ॥ ৫৮ ॥

কিঞ্চ উদারো রম্যঃ শ্রীঃ শোভা তাভ্যাং বিশিষ্টানি যানি লীলা বিলাসশ্চ গতিশ্চ হসিতঞ্চ বীক্ষা দর্শনঞ্চ নিগদিতং বচনঞ্চ তৈরস্মাকং যা ধীর্বুদ্ধি র্দনুজরিপুণা চিরতরং হৃতা তস্যা ধিয় স্তত্র মথুরায়াং অপুনরাবৃত্তিবলিতা স্থিতিরভূৎ, কয়া যুক্ত্যা তস্য কৃষ্ণস্য বিস্মৃতিলবো ভবিতেতি প্রথয় বিস্তারয় ॥ ৫৭ ॥

এবমেবং নিগদ্য মহাবিরহেণ শ্রীকৃষ্ণমুদ্দিশ্য যদবদন্ তদ্‌বর্ণয়তি—অয়ে ইতি। হে দয়িত ! প্রিয় ! স্বস্যানুব্রতোঽধীনো যঃ পশুপবংশঃ তস্য ক্লমহর ! । বয়ং স্বমাত্মানং লক্ষীকৃত্য আর্ত্তা ন জাতাঃ পরং কিন্তু স্বগোবিন্দখ্যাতিং অবিতুং রক্ষিতুং মে তদ্‌ব্রজকুলং ক্লেশজলধেঃ ক্লেশসমুদ্রাৎ অব রক্ষ ॥ ৫৮ ॥

দর্শন বাসনা উৎপাদন করিতেছে। বিশেষতঃ সহসা তাঁহার অসাধারণ চিহ্নরূপ চরণশ্রেণী আমাদিগকে দলিত করিতেছে। অতএব কি প্রকারে তাঁহার উপরে আশা পরিত্যাগ করি ॥ ৫৬ ॥

শ্রীকৃষ্ণের লীলা, গমন, হাস্য, দর্শন এবং বচন, মনোহর শোভাবিশিষ্ট। তিনি লীলা গমনাদিদ্বারা চিরকাল আমাদের বুদ্ধি হরণ করিয়াছেন। সেই বুদ্ধির এক্ষণে মথুরাপুরে অবস্থান ঘটিয়াছে অর্থাৎ মনে মনে সর্ব্বদা মথুরার বিষয় ভাবিতেছে অথচ পুনর্ব্বার সেই বুদ্ধির আসিবার সম্ভাবনা নাই। অতএব তুমি বিস্তার করিয়া বল, কোন্ যুক্তিদ্বারা অণুমাত্র বিস্মরণ ঘটিতে পারিবে ॥ ৫৭ ॥

হে নাথ! হে সুন্দর! হে সিন্ধুসুতাবল্লভ! হে প্রিয়তম! হে ব্রজেশ্বর! হে নিজাধীন গোপবংশের কষ্ট নিবারক! আমরা আপনাদের জন্য

তদেবং পুনরপি তাঃ স্বভাবজভাবনামনুবর্ত্তমানা নিরীক্ষ্য প্রভোরেব শিক্ষয়া তানেব বাচিতলেখান্ স বাচয়ামাস। বাচিতেষু চ তেষু মহামন্ত্রেষ্বিব প্রভাবতঃ স্বতন্ত্রেষু তাঃ পুনঃ সান্ত্বনমাসাদিতবত্যঃ। সান্ত্বিতাশ্চ তাঃ কৃষ্ণমাত্মানঞ্চ যথা তদুপদেশমনুভূয় দূয়মানতারহিতা স্তমুদ্ধবং সভাজয়ামাসুঃ। তদেবং তাসামভ্যাসযোগায় রোগাপহর্ত্তৃবত্তদভ্যাসমনুদিনং প্রাতঃ প্রাতরনুগচ্ছন্ ব্রজমনু মাসকতিপয়মুবাস। নিত্যনিত্যমুদয়ন্মহাভক্তিবিতানঃ স্তুবন্নমূর্ননাম চ ॥ ৫৯ ॥

ততঃ যদ্বৃত্তমভূত্তদ্বর্ণয়তি—তদেবমিতি গদ্যেন। স উদ্ধব স্তা গোপীঃ পুনরপি স্বভাবজভাবনাং শ্রীকৃষ্ণবিচ্ছেদজাতচিন্তনং অনুবর্ত্তমানা নিরীক্ষ্য প্রভোঃ শ্রীকৃষ্ণস্যৈব শিক্ষয়া বাচিতলেখান্ পূর্ব্বোক্তান্ তানেব বাচয়ামাস। মহামন্ত্রেষ্বিব প্রভাবতঃ স্বতন্ত্রেষু বাচিতেষু তেষু চ সৎসু তাঃ পুনঃ সান্ত্বনমাসাদিতবত্যো বভূবুঃ। কৃষ্ণমাত্মানং স্বঞ্চ যথা তদুপদেশমনুভূয় দূয়মানতা বিচ্ছেদতাপ স্তয়া রহিতাঃ পূজয়ামাসুঃ। তদেবং সান্ত্বনানন্তরং সভাজনে জাতে সতি তাসামভ্যাসযোগায় বিচ্ছেদনিবর্ত্তকোপদেশস্য দৃঢ়াভ্যাসায় রোগাপহর্ত্তৃবৎ বৈদ্য ইব তাসামভ্যাসং নিকটং প্রতিদিনং প্রাতরনুগচ্ছন্ ব্রজং লক্ষীকৃত্য মাসকতিপয়ং অবাৎসীৎ। অথচ নিত্যনিত্যমুদয়ন্তী যা মহাভক্তি স্তস্যা বিতানো বিস্তারো যেন স স্তুবন্ অমু র্গোপী-র্নতবান্ ॥৫৯ ॥

ব্যাকুল হই নাই, কিন্তু নিজের গোবিন্দ নাম রক্ষা করিবার জন্য ক্লেশ সমুদ্র হইতে এই ব্রজকুল রক্ষা কর ॥ ৫৮ ॥

অতএব এইরূপে সেই উদ্ধব পুনর্ব্বারও সেই সকল গোপীদিগকে শ্রীকৃষ্ণের বিচ্ছেদ জনিত চিন্তার অনুগামিনী দর্শন করিয়া শ্রীকৃষ্ণেরই শিক্ষাক্রমে সেই সমস্তই পূর্ব্বোক্ত লেখা পাঠ করিতে লাগিলেন। মহামন্ত্রের মত প্রভাবদ্বারা স্বাধীন সেই সকল লেখা উচ্চারিত হইবার পর, পুনর্ব্বার সেই সকল গোপী সান্ত্বনা প্রাপ্ত হইল। তাহারা সান্ত্বনা প্রাপ্ত হইয়া শ্রীকৃষ্ণের যেমন উপদেশ, তদনুসারে কৃষ্ণকে এবং আপনাকে অনুভব করিয়া বিচ্ছেদ তাপ বিরহিত হইয়া সেই উদ্ধবকে পূজা করিল। এইরূপ ঘটিলে যাহাতে তাহাদের বিচ্ছেদ নিবারণ হয়, সেইরূপ উপদেশের দৃঢ়তর অভ্যাসের জন্য রোগনাশক বৈদ্যের মত প্রতিদিন

যথা ;—

এতা ধর্ম্মগ-লোকসেতুবলিতা স্তত্ত্যাগপূর্ব্বা হরিং
সর্ব্বাত্মানমুপেত্য কাণ্ডযুগলশ্রুত্যর্থপারং গতাঃ।
সর্ব্বাংশেন ততশ্চ মদ্বিধনুতিস্তোমাস্পদানীত্যত-
স্তত্রাসু ব্যভিচারদোষবলকা যে হন্ত! তে নারকাঃ ॥৬০॥

নন্থ ত্যক্তধর্ম্মলোকমর্য্যাদানাং তাসাং স্তবনং নমনঞ্চ ন যুক্তং, যত স্তস্মিন্ কৃতে দোষএব ভবিতু মর্হতি তত্রাহ—এতা ইতি। ধর্ম্মং গচ্ছন্তি যে লোকা যেষাং যঃ সেতু র্মর্য্যাদা তেন বলিতা রক্ষিতা অপি ভজতে তাদৃশীঃ ক্রীড়া যাঃ শ্রুত্বা তৎপরো ভবেদিতি ন্যায়ানুসারেণ লোকানাং রাগমার্গেণ শ্রীকৃষ্ণপ্রাপ্তয়ে রাগলক্ষণং প্রকাশয়িতুং ধর্ম্মগলোকসেতূনাং ত্যাগঃ পূর্ব্বং যাভি স্তাং সর্ব্বাত্মানং সর্ব্বাত্মত্বেন পরপুরুষত্বং খণ্ডিতং এবম্ভূতং তং সেবনাদিনা উপগম্য কাণ্ডযুগল-শ্রুতীনাং ধর্ম্মকাণ্ডশ্রুতীনাং যোঽর্থঃ শ্রীকৃষ্ণোন্মুখতা তস্য পারং সর্ব্বাংশেন শ্রীকৃষ্ণবশীকাররূপং গতাঃ প্রাপ্তা স্তস্মাদ্ধেতো র্মদ্বিধানাং স্তুতিসমূহানামাস্পদানি স্থানানীতি অতো হেতো স্তাদৃশী-ষ্বাসু ব্যভিচারঃ কৃষ্ণএব উপপতি স্তস্য সেবনমেব ব্যাভিচার স্তদ্রূপো যো দোষ স্তস্য যে বলকাঃ কথকাঃ। হন্তেতি খেদে। তেনারকা অক্ষয়নরকভোগিনঃ ॥ ৬০ ॥

প্রাতঃকালে তাহাদের নিকটে গমন করিয়া কতিপয় মাস ব্রজে বাস করিয়া রহিলেন। অথচ তিনি নিত্য নিত্য উদয় প্রাপ্ত মহাভক্তি বিস্তার করিয়া স্তব করিতে করিতে ঐ সকল গোপীদিগকে প্রণাম করিতেন ॥ ৫৯ ॥

ধর্ম্ম প্রাপ্ত লোকগণের মর্য্যাদাদ্বারা অর্থাৎ ধর্ম্ম সঙ্গত নিয়মে দ্বারা ঐ সকল গোপী আবৃত ছিল। অনুরাগ মার্গদ্বারা শ্রীকৃষ্ণকে লাভ করিতে পারা যায়। এই হেতু অনুরাগ চিহ্ন প্রকাশ করিবার জন্য যাহারা ধর্ম্মগামী লোকদিগের মর্য্যাদা পরিত্যাগপূর্ব্বক সকলের আত্মস্বরূপ শ্রীকৃষ্ণকে সেবাদিদ্বারা প্রাপ্ত হইয়া সকল প্রকারে কর্ম্মকাণ্ড এবং জ্ঞানকাণ্ডাত্মক বেদের শ্রীকৃষ্ণ প্রবলতারূপ অর্থের পারে অর্থাৎ শ্রীকৃষ্ণ বশীকরণরূপ সীমা প্রাপ্ত হইয়াছিল। অতএব গোপীগণ মাদৃশ ব্যক্তিদিগের স্তবসমূহের আস্পদ স্বরূপ। এইরূপ গোপীগণের উপরে যাহারা ব্যভিচার দোষ (অর্থাৎ শ্রীকৃষ্ণ ইহাদের উপপতি, তাঁহার সেবা করা অন্যায়) এই দুষ্টভাব অর্পণ করে, সেই সকল দোষারোপকারী ব্যক্তিগণ হায়! অক্ষয় নরক ভোগ করিবার উপযুক্ত পাত্র ॥ ৬০ ॥

সত্যং বৃষ্ণিপতেঃ প্রকাশসময়ে সর্ব্বেঽত্র সাম্যং গতা-
স্তে মুক্তীচ্ছুবিমুক্তভক্তনিচয়া স্তদ্ভক্তিতৃষ্ণান্বিতাঃ।
কিন্ত্বেতাঃ পরমস্মদদ্ভুতকরং প্রেমশ্রিতা গোপিকা
বার্ত্তাং যস্য বিনা বৃথা ভবতি তদ্ব্রহ্মাত্মনা জন্ম চ ॥৬১॥
বৃন্দারণ্যবিহারহারিচরিতাঃ ক্বেমা হরেঃ সৎপ্রিয়া
স্তত্রান্যে ব্যভিচারচারিমনসঃ স্ত্রীপুংসলোকাঃ ক্ব চ।
আসামীদৃশভাব এব হি ভিদা হেতুস্তদেবং স্থিতে
পুষ্ণাত্যজ্ঞজনানপি স্বভজনাদেতাঃ কথং স ত্যজেৎ ॥ ৬২॥

অধুনা গোপীনাং সর্ব্বেভ্যো বৈশিষ্ট্যং বর্ণয়তি—সত্যমিতি। বৃষ্ণিপতেঃ কৃষ্ণস্য প্রকাশসময়ে প্রাকট্যকালে তদ্ভক্তিতৃষ্ণান্বিতা স্তে মুক্তীচ্ছবো মুমুক্ষবঃ বিমুক্তা জীবন্মুক্তাঃ ভক্তাঃ সেবকা স্তেষাং সমূহাঃ সর্ব্বত্র সাম্যং গতা ভগবৎপ্রাপ্তিফলত্বেন তুল্যতাং গতাঃ সত্যঃ কিন্ত্বেতা গোপিকা অস্মাকমদ্ভুতকরং পরং প্রেম শ্রিতাঃ সেবিতা যস্য প্রেম্নো বার্ত্তাং বিনা তদ্ব্রহ্মাত্মনা ব্রহ্মস্বরূপেণ জন্মচ বৃথা ভবতি অতোঽস্মাকং তাঃ স্তব্যাঃ পূজ্যা শ্চেতি ভাবঃ ॥ ৬১ ॥

কিঞ্চাসাং শ্রীকৃষ্ণেন ত্যাগঃ কদাপি ন সম্ভাব্যতে ইত্যাহ—বৃন্দেতি। বৃন্দাবনে বিহারবিশিষ্টং হারি মনোরমং চরিতং যাসাং তা ইমা হরেঃ সৎপ্রিয়া ক্ব তত্র হরাবন্যে ব্যভিচারচারিমনসঃ ব্যভিচার-সর্ব্বত্যাগপূর্ব্বকভজনাভাবং চর্ত্তুং মনো যেষাং তে স্ত্রীপুংসলোকাঃ ক্বচ ক্বদ্বয়-মত্যন্তভেদবাচকং। তদেব বর্ণয়তি—আসাং গোপীনামীদৃশভাব এব হি যতো ভিদা হেতুঃ তদেবং আসামীদৃশভাবে স্থিতে সতি যঃ স্বভজনাদজ্ঞানপি জনান্ পুষ্ণাতি স কথমেতা গোপী স্ত্যজেৎ ॥ ৬২ ॥

যদুপতি শ্রীকৃষ্ণের প্রকাশ কালে হরিভক্তি বাসনা করিয়া যাহারা মোক্ষাভিলাষী যাহারা জীবন্মুক্ত এবং যাহারা ভক্ত, এই সকলেই সর্ব্বত্র যে সাম্য প্রাপ্ত হইয়াছিল, ইহা সত্য। কিন্তু এই সকল গোপী আশ্চর্য্যজনক প্রেম অবলম্বন করিয়াছিল। অধিক কি যে প্রেমের বার্ত্তা ব্যতীত ব্রহ্মরূপে জন্ম গ্রহণ করাও বৃথা। এই হেতু গোপীগণ আমাদের স্তব যোগ্য এবং পূজ্য ॥ ৬১ ॥

যাহারা বৃন্দাবনে বিহার করে, এবং যাহাদের চরিত্র মনোরম, শ্রীকৃষ্ণের এইরূপ সাধ্বী প্রিয়তমাগণই বা কোথায়? এবং যাহাদের মন শ্রীকৃষ্ণের উপরে ব্যভিচারী, অর্থাৎ যাহারা সর্ব্বত্যাগ পূর্ব্বক কৃষ্ণ ভজনা করে না, এইরূপ

আসাং শ্রীরপি সা বিভর্ত্তি ন তুলাং যদ্বাঞ্ছয়াসীত্তপ-
শ্চারিণ্যেব চিরায় নাপ কিল যং সোঽয়ং ব্রজেন্দ্রাত্মজঃ।
যাঃ স্বেনাগ্রহপূর্ব্বকং ভুজযুগেনাবেষ্টিতা নোজ্ঝিতুং
বাঞ্ছামাঞ্চদভীক্ষ্ণমত্র সতি কাঃ স্বর্গাদিবর্গ্যাঃ স্ত্রিয়ঃ ॥৬৩॥

পুন র্গোপীনাং মহিমানং বর্ণয়তি—আসামিতি। সা প্রসিদ্ধা শ্রীর্লক্ষ্মীরপি আসাং তুলাং তুলনাং ন বিভর্ত্তি ধারয়তি যস্য বাঞ্ছয়া কামনয়া চিরায় তপশ্চারিণ্যেবাসীৎ। কিল বার্ত্তায়াং। তং যং নাপ ন প্রাপ্তবতী। সোঽয়ং কৃষ্ণ আগ্রহপূর্ব্বকং স্বেন ভুজযুগেন আবেষ্টিতা যা গোপী উজ্ঝিতুং ত্যক্তুং বাঞ্ছামিচ্ছাং নাঞ্চৎ ন কৃতবান্ অত্রৈবস্তুতে সতি স্বর্গাদিবর্গ্যাঃ স্ত্রিয়ঃ স্বর্গাদৌ সৌন্দর্য্যাদিনা বরণীয়া রামা কা অতি তুচ্ছা ইতি ভাবঃ ॥ ৬৩ ॥

স্ত্রী পুরুষ সকলেই বা কোথায়? এই সকল গোপীদিগের এইরূপ ভাবই প্রভেদের কারণ। এইরূপভাব ঘটিলে যিনি আত্ম ভজনা হেতু অজ্ঞদিগকেও রক্ষা করিয়া থাকেন, কি করিয়া তিনি এই সকল গোপীদিগকে ত্যাগ করিবেন? ॥ ৬২ ॥

সেই প্রসিদ্ধ লক্ষ্মী দেবীও এই সকল গোপীদিগের তুলনা ধারণ করিতে পারেন না। যাঁহার কামনা করিয়া লক্ষ্মীদেবী বহুকাল তপস্যার অনুষ্ঠান করিয়াছিলেন, এবং ইহা প্রসিদ্ধ যে তিনি তাঁহাকে প্রাপ্ত হইতে পারেন নাই। সেই শ্রীকৃষ্ণ আগ্রহ পূর্ব্বক বাহু যুগলদ্বারা যাহাদিগকে বেষ্টন করিয়াছেন, তাহাদিগকে পরিত্যাগ করিতে তিনি ইচ্ছা করেন নাই। এইরূপ ঘটিলে স্বর্গাদিস্থলে সৌন্দর্য্যলাবণ্যাদিদ্বারা যে সকল নারী বরনীয় হইয়াছে, এই সকল গোপীদের নিকটে স্বর্গবাসিনী পরমাসুন্দরী নারীগণও অতিশয় তুচ্ছ ॥ ৬৩ ॥

তস্মাচ্ছ্রীমুখসর্ব্বযৌবতজয়াদেতা মহাশ্রীতয়া
শ্রীবৃন্দাবননাথ-নিত্যদয়িতা ভান্তীতি লব্ধে সতি।
এতদ্‌যৎ পুনরৌপপত্যচরিতং তন্মায়য়া সম্ভবে-
দাসাং প্রেমনিরর্গলত্বকলনা-কৌতূহলং যৎ ফলম্‌ ॥ ৬৪ ॥
যা ধর্ম্মান্বিতলোকবৃন্দচরিতাঃ কৃষ্ণং ভজন্তে স্ত্রিয়
স্তাসাং বর্ত্ম বিভাতি তত্র সুগমং কীর্ত্তিঞ্চ লব্ধস্পৃহা।
তত্তৎ সর্ব্বমপি স্বজাতিমহিতা যাস্তত্যজুস্তৎকৃতে
তাসামঙ্ঘ্রিরজঃসু হন্ত! ভবতাদাসাং সদা মজ্জনিঃ ॥৬৫॥

আসাং মহিমানং বোধয়িত্বা ফলিতং বর্ণয়তি—তস্মাদিতি। তস্মাৎ পূর্ব্বোক্তবর্ণনাদ্ধেতোঃ শ্রীর্মুখামাদ্যা যেষাং এবম্ভূতানি যানি সর্ব্বযৌবতানি সকলযুবতীবৃন্দানি তেষাং জয়াৎ স্বমহিম্না পরাভবাৎ তথা মহাশ্রীতয়া মহালক্ষ্মীত্বেন এতা শ্রীবৃন্দাবননাথস্য কৃষ্ণস্য নিত্যদয়িতা নিত্য-প্রেয়স্যো ভান্তি বিরাজন্তে ইতি লব্ধে সতি পুনরেতদ্‌যদৌপপত্যচরিতং মায়য়া তৎ সম্ভবেৎ নতু যাথার্থ্যেন তৎকারণং নির্দ্দিশতি যস্য তাদৃশৌপপত্যস্য ফলমাসাং প্রেমনিরর্গলত্বকলনাকৌতূহলং প্রেম্নো নিরর্গলত্বং ব্যবধানশূন্যত্বং সর্ব্বত্র বিখ্যাততয়া প্রকাশশীলত্বমিতিযাবৎ। তস্য কলনায়া স্তদর্থং সর্ব্বত্যাগেন সেবনস্য কৌতূহলং কুতূহলতা ॥ ৬৪ ॥

আসাং সর্ব্বেভ্যঃ পূজ্যত্বাচ্চরণধূলিষু স্বজন্ম প্রার্থয়তে—যা ইতি। যাঃ স্ত্রিয়ো ধর্ম্মান্বিতলোক-বৃন্দচরিতাঃ সত্যঃ কৃষ্ণং ভজন্তে তাঃ তাসাং স্ত্রীণাং বর্ত্ম পন্থাঃ সুগমং বিভাতি তত্র ভজনে লব্ধা স্পৃহা যস্যাঃ সা কীর্ত্তিশ্চ ভবতি যা গোপ্যঃ স্বজাতিমহিতাঃ শ্রীকৃষ্ণভজনপরাণাং পূজিতাঃ

অতএব লক্ষ্মী প্রভৃতি সমস্ত যুবতিদিগকে নিজ মহিমাদ্বারা পরাজয় করাতে এই সকল গোপীগণ মহালক্ষ্মীরূপে বৃন্দাবনপতি শ্রীকৃষ্ণের নিত্য প্রেয়সী হইয়া বিরাজ করিতেছেন। এইরূপ অর্থ উপলব্ধ হইলে পুনরায় ইহাদের যে উপপতি-সংক্রান্ত দোষ ঘটিয়াছিল; তাহা অলীক বলিয়াই বোধ হইতেছে, কিন্তু তাহা যথার্থ নহে। তাহার কারণ এই, ইহাদের যে উপপতিসংক্রান্ত দোষফল আছে, তাহাতে বুঝিতে হইবে যে ইহাদের প্রেম যে সর্ব্বত্র বিখ্যাত হইয়া প্রকাশ পাইয়াছিল, এবং সর্ব্বত্যাগ পূর্ব্বক সেই প্রেমের যে সেবা করা হইয়াছিল, তাহারই কৌতূহল মাত্র জানিবে ॥ ৬৪ ॥

যে সকল স্ত্রী ধর্ম্মশীল লোকবৃন্দের চরিত্র অবলম্বন করিয়া শ্রীকৃষ্ণকে ভজন

চেতস্যেব হি যৎ পদাব্জযুগলং যোগেশ্বরৈরব্জজ-
শ্রেয়স্কৈরময়া চ পূজিতমনাদ্যেবানু তত্তৎস্পৃহম্।
যা স্তৎপর্য্যটনশ্রমাপনয়নং কর্ত্তুং স্তনৈর্লালিতং
কুর্ব্বত্যঃ সুকুমারমেতদিতি ভীর্গীর্ণা মনাক্ পস্পৃশুঃ ॥৬৬॥

সত্য স্তত্তৎসর্ব্বং পূর্ব্বোক্তধর্ম্মান্বিতাদিকং তৎকৃতে শ্রীকৃষ্ণনিমিত্তায় তত্যজুঃ। হন্ত হর্ষে। তাসাং গোপীনামাসামঙ্ঘ্রিরজঃসু সদা মজ্জনি র্মম জন্ম ভবতাৎ ॥ ৬৫ ॥

তাসামঙ্ঘ্রিরজঃসু জন্মপ্রার্থনে হেত্বন্তরং ভাববৈশিষ্টং বর্ণয়তি—চেতসীতি। হি প্রসিদ্ধং যস্য শ্রীকৃষ্ণস্য পদাব্জযুগলং যোগেশ্বরৈঃ সনকাদিভিরব্জজশ্রেয়স্কৈরব্জজো ব্রহ্মা শ্রেয়ান্ প্রধানং যেষাং তে শ্রীশিবেন্দ্রাদয় স্তৈ রময়া লক্ষ্ম্যাচ চেতস্যেব অনাদ্যেব অনু নিরন্তরং তত্তৎ-স্পৃহং যথাস্যাত্তথা পুজিতং কিন্তু যা গোপ্য স্তস্য কৃষ্ণস্য বনে পর্য্যটন্ শ্রমস্যাপনয়নং খণ্ডনং কর্ত্তুং স্তনৈ র্লালিতং কুর্ব্বত্যঃ এতৎ পদাব্জযুগলং সুকুমারং অস্মাকং স্তনা স্বতিকঠিনা ইতি হেতো র্ভিয়ঃ ভয়েন গীর্ণা গ্রস্তাঃ সত্যঃ মনাক্ ঈষদ্রূপেণ পস্পৃশুঃ স্পৃষ্টবত্যঃ ॥ ৬৬ ॥

করিয়া থাকে, সেই সকল স্ত্রীলোকদিগের পথ সুগম বলিয়া দীপ্তি পাইতেছে, এবং ঐরূপ প্রকাশে কীর্ত্তিও স্পৃহা যুক্ত হইতেছে। যে সকল গোপীগণ কৃষ্ণ ভজন পরায়ণ ব্যক্তিগণের পূজিত হইয়া শ্রীকৃষ্ণের নিমিত্ত পূর্ব্বোক্ত তত্তৎসমস্ত বিষয়ই পরিত্যাগ করিয়াছিল, আহা! পরম সুখের বিষয়! সেই সকল এই গোপীদিগের চরণ ধূলিতে সর্ব্বদাই আমার জন্ম হৌক ॥ ৬৫ ॥

ইহা প্রসিদ্ধই আছে যে পদ্মযোনি ব্রহ্মা, শিব এবং ইন্দ্রাদি দেবগণ, কমলা দেবী এবং যোগীশ্বর সনকাদি ঋষিগণ, সকলেই চরণ পদ্ম পাইবার বাসনায় মনে মনে; নিরন্তরই অনাদিকাল হইতে শ্রীকৃষ্ণের পাদপদ্ম যুগল পূজা করিয়া থাকেন। কিন্তু এই সকল গোপীগণ শ্রীকৃষ্ণের বন-ভ্রমণশ্রম খণ্ডন করিবার জন্য স্তনদ্বারা পাদপদ্ম সেবা করিয়া, (এই পাদপদ্ম যুগল অত্যন্ত সুকোমল, এবং আমাদের স্তন অত্যন্ত কঠিন) এই ভয়ে আকুল হইয়া সেই চরণ কমল ঈষৎ পরিমাণে স্পর্শ করিয়াছিল ॥ ৬৬ ॥

আসামস্তু কথা হরের্মুদি মুদাশান্তিস্পৃশাং যাঃ পরা-
স্তৎসম্বন্ধভৃতস্তদঙ্ঘ্রিরজসাং বৃন্দানি বন্দামহে।
যাসাং কৃষ্ণ-কথানুগানমপি তদ্বিশ্বস্য গেয়ং (ক) ভবে-
ল্লোকাংস্ত্রীনপি তান্ সহাধিপতিকান্ পূতান্ বিধত্তে সদা॥
(যুগ্মকম্) ॥ ৬৭ ॥

অথ মধুকণ্ঠঃ সমাপয়ন্নুবাচ ॥ ৬৮ ॥

মম চ তৎপ্রার্থনং দুর্লভমেতদপি ভূয়াদিতি প্রার্থয়তে—আসামিতি। হরে র্মুদি হর্ষবিষয়ে মুদা হর্ষেণ অশান্তিস্পৃশঃ শান্তিমুপশমং বিরতিং ন স্পৃশন্তি যা আসাং কথা দূরে অস্তু যাঃ পরা ভিন্না স্তাসাং গোপীনাং সম্বন্ধং ভরন্তি ধারয়ন্তি তাসাং চরণরজসাং বৃন্দানি প্রণমামঃ। যাসাং তৎ প্রসিদ্ধং কৃষ্ণকথানুগানং বিশ্বস্য গানং গেয়ং ভবৎ সহাধিপতিকান্ স্বামিসহিতান্ তান্ ভূর্ভুবঃস্বারূপান্ ত্রীনপি লোকান্ সদা পূতান্ পরমশুদ্ধান্ বিধত্তে ॥ ৬৭ ॥

স্বয়ং কবিঃ প্রক্রান্তবৃত্তং পূরয়িতুং মধুকণ্ঠবাক্যং নির্দ্দিশতি—স্বল্পগদ্যেন ॥ ৬৮ ॥

যাহারা শ্রীকৃষ্ণের হর্ষ বিষয়ে হর্ষ ভরে বিরতি স্পর্শ করে নাই, বা নিবৃত্ত হয় নাই, সেই সকল গোপীদিগের কথা দূরে থাক। যে সকল নারী গোপীদিগের সম্বন্ধ ধারণ করিত বা আত্মীয় ছিল, আমরা তাহাদেরও চরণধূলিরাশির বন্দনা করি। কারণ এই সকল গোপীদিগের সেই প্রসিদ্ধ কৃষ্ণ গুণগান, বিশ্ব সংসারের গান হইয়া অধিপতির সহিত সেই ভূর্ভুবঃস্বঃ এই ত্রিভুবনকেও সর্ব্বদা পরম বিশুদ্ধ বা পবিত্র করিয়া থাকে ॥ ৬৭ ॥

গ্রন্থকার বলিলেন অনন্তর মধুকণ্ঠ সমাপন করিবার জন্য বলিতে লাগিলেন ॥ ৬৮ ॥

(ক) গানমিত্যানন্দবৃন্দাবনগৌরপাঠঃ।

সোঽয়ং নিত্যমভিষ্টুবন্নপি তদা সামান্যতস্তা বচ-
স্যানিন্যে হৃদি রাধিকামধিকতামিত্যেব মন্যামহে।
যাসাং তং ভ্রমরং ভ্রমস্পৃশমহাভাবশ্রিয়া চিত্রগী-
র্দূতীকৃত্য তদদ্ভুতস্মৃতিচিতে বাক্‌স্তম্ভমত্রাস্যতি ॥ ৬৯ ॥
শ্রীরাসাং ন তুলাং বিভর্ত্তি নিতরামিত্যুল্লপন্নুদ্ধবো
যাসামঙ্ঘ্রিরজো ননাম হরিণা যঃ স্বেন তুল্যো মতঃ।
তাসাং তৎ প্রিয়তা সুধাকরতনুর্যা তাং চকোরায়িত-
শ্রীকৃষ্ণেন যুতাং সমস্তমহিতাং বন্দামহে রাধিকাম্ ॥৭০॥

তত্রাপি কথকঃ শ্রীরাধিকায়া বৈশিষ্টং বর্ণয়তি—সোঽয়মিতি। সোঽয়ং কৃষ্ণঃ "ন পারয়েঽহং নিরবদ্যসংযুজাং স্বসাধুকৃত্যং বিবুধায়ুষাপি বঃ। যা মাভজন্ দুর্জ্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাতু সাধুনে"ত্যাদিপ্রকারেণ নিত্যমভিষ্টুবন্নপি সামান্যতঃ প্রেয়সীসাধারণ্যতস্তা বচসি হে চন্দ্রাবলীত্যাদিকং আনিন্যে হৃদি রাধিকামধিকতামানিন্যে ইত্যেব মন্যামহে। তত্র কারণং দর্শয়তি যা সা প্রসিদ্ধা রাধিকা ভ্রমং চিত্তচাঞ্চল্যং স্পৃশতি যো মহাভাব স্তস্যা শ্রিয়া সম্পত্ত্যা চিত্রগীঃ চিত্রা গিরো যস্যাঃ সা তং ভ্রমরং দূতীকৃত্য তস্যাদ্ভুতভাবস্য যা স্মৃতি স্তয়া চিত্তে ব্যাপ্তে অত্রোদ্ধবে বাক্‌স্তম্ভং অস্যতি ক্ষিপতি নির্লজ্জেব বাগ্বিসরং বিস্তৃণোতীতি ভাবঃ ॥ ৬৯ ॥

তত্রাপি শ্রীরাধায়া বৈশিষ্ট্যং বর্ণয়ন্ তাং প্রণমতীত্যাহ—শ্রীরাসামিতি। আসাং গোপীনাং তুলাং শ্রীর্লক্ষ্মী নিতরাং ন বিভর্ত্তীতি উল্লপন্ উচ্চৈ র্বদন্ উদ্ধবো যাসাং চরণধূলীং ননাম স উদ্ধবঃ কিম্ভূতঃ যঃ স্বেন স্বরূপেণ হরিণা শ্রীকৃষ্ণেন তুল্যো মতঃ। উদ্ধোঽপি মন্যূনো গুণৈ র্মন্নার্দ্ধিতঃ প্রভুরিত্যাদ্যুক্তেঃ। তাসাং মধ্যে তস্য শ্রীকৃষ্ণস্য যা প্রিয়তা সৈব সুধা তস্যা আকর

তৎকালে এই সেই শ্রীকৃষ্ণ নিত্যস্তব করিয়াও সাধারণ স্ত্রীরূপ বাক্যে চন্দ্রাবলীদিগকে আনয়ন করিলেন, এবং হৃদয়ে রাধিকার আতিশয্য দেখাইলেন। আমাদের বিবেচনায় ইহাই সত্য। কারণ, যিনি সেই প্রসিদ্ধ রাধিকা, তিনি চিত্ত চাঞ্চল্যকারী মহাভাবের সম্পত্তিদ্বারা মনোহর বাক্যে সেই ভ্রমরকে দূত করিয়া, সেই অদ্ভুতভাবের স্মরণদ্বারা পরিব্যাপ্ত উদ্ধবের উপরে বাক্য স্তম্ভ পরিত্যাগ করিলেন, অর্থাৎ নির্লজ্জার ন্যায় বাক্য বিস্তার আরম্ভ করিলেন ॥ ৬৯ ॥

লক্ষ্মীদেবী এই সকল গোপীদিগের তুলনা কিছুতেই প্রাপ্ত হইতে পারেন

অথ নিবেদয়ামাস চ ;—

প্রেমোন্মাদজকৃচ্ছ্রমেতদুদিতং তে যৎ প্রিয়ে শৃণ্বতি
ক্ষান্তিং তত্র কুরুষ্ব দেবি ! করুণাকল্লোলিনি ! শ্রীতমে ! ।
প্রায়ঃ কক্খটধৃষ্টধীঃ কবিজনঃ স্যাদ্ যেন নান্যস্য স
হ্রীদুঃখাদ্যগবৈতি কিন্তু কবতে ব্যঞ্জন্নিজাং চাতুরীম্ ॥ ৭১॥

উৎপত্তিস্থানং তনুঃ মূর্ত্তির্যস্যাঃ সা তাং রাধিকাং বন্দামহে কিম্ভূতাং তস্যাং চকোর ইবাচরতি যঃ শ্রীকৃষ্ণ স্তেন যুতাং অতএব সমস্তমহিতাং সর্ব্বজনপূজিতাং ॥ ৭০ ॥

তদেবং গোপীনাং শ্রীরাধায়াশ্চ মহিমানং বর্ণয়িত্বা যন্নিবেদনমকরোত্তদ্বর্ণয়তি—অথেত্যাদিনা। হে দেবি ! হে করুণাকল্লোলিনি ! করুণামহাতরঙ্গে হে শ্রীতমে ! লক্ষ্মীবর্গাণাং শ্রেষ্ঠে ! প্রিয়ে শ্রীকৃষ্ণে শৃণ্বতি সতি যদেতৎ প্রেমোন্মাদজকৃচ্ছ্রং উদিতং তত্র ক্ষান্তিং ক্ষমাং কুরুষ্ব। নন্বেবমেতদ্বর্ণনে যদি দোষো জায়তে তদা কথং বর্ণিতং তত্রাহ—কবিজনঃ প্রায়ঃ কক্খটধৃষ্টধীরতিকঠিনা ধৃষ্টা প্রগল্‌ভা বুদ্ধির্যস্য স স্যাৎ যেন হেতুনা স কবিরন্যস্য হ্রীদুঃখাদ্যং লজ্জাদুঃখমনঃকষ্টাদি নাবৈতি ন জানাতি কিন্তু নিজাং চাতুরীং বর্ণনে চাতুর্য্যং ব্যঞ্জন্ কবতে কথয়তি অতস্তদর্থং বর্ণিতম্ ॥ ৭১ ॥

সা বাণী বধা তদ্বর্ণয়তি—ভো ভো ইতি। রাজযুগ্ম হে রাজযুগল স্বকুলততিভিঃ স্বকুল-শ্রেণিভি ভুক্তমুক্তং আদৌ ভুক্তং পশ্চান্মুক্তং অর্থাদুচ্ছিষ্টং মহীক্ষিৎপীঠং রাজপীঠং কৃষ্ণায় মাঃ দাঃ ন দদস্ব কিন্তু বয়মপরং দিব্যং দিবি স্বর্গে ভবং তত্রাপি নব্যং। নন্বাবয়ো রাজাসনং ইন্দ্রাদ্যাঃ কাময়ন্তে তত্রাহ ইন্দ্রাদ্যাঃ কে ইতি। যদ্যস্মাদেষ শ্রীকৃষ্ণঃ স্বজনি ব্রহ্মা শিবো রুদ্রো রমা লক্ষ্মী-

অনন্তর সঙ্কুচিতভাব বশতই ঐ উভয়ে দর্শন করিল যে ঐ রাজাসন শ্রীকৃষ্ণের রুচিজনক হইয়াছে। ঐ সময়ে তাহারা রাজাসনের বিষয় নিবেদন করিতে উপক্রম করিলে, আকাশস্থিত ইন্দ্রদূত হইতে এইরূপ বাক্য অবকাশ প্রাপ্ত হইয়াছিল। ২১ ॥

হে হে রাজযুগল! যে রাজাসন নিজবংশ শ্রেণীদ্বারা পূর্ব্বে উপভুক্ত এবং পশ্চাৎ পরিত্যক্ত হইয়াছে, সেই উচ্ছিষ্ট রাজাসন তুমি শ্রীকৃষ্ণকে দান করিও

(ক) অভ্যধত্তাং। ইত্যানন্দবৃন্দাবনগৌর পাঠঃ।

অথ সুখবিরাজমানৌ লব্ধনিখিলরাজমানৌ রাজানৌ তদেতদ্বৃত্তং প্রামাণিকবৃন্দং বৃত্তহরং বিধায় জরাসন্ধাদি-সদসি সন্ধাপয়ামাসতুঃ ॥ ২৩ ॥

এতচ্চ শৃণ্বৎসু বিচারং বিবৃণ্বৎসু চ তেষু দ্বিষৎসু তত্রৈব ত্রৈপিষ্টপপ্রধানমিন্দ্রস্তদিদমন্তর্দ্ধানাদভিধাপয়ামাস। যথা চিত্রাঙ্গদ স্তদ্বাক্যতয়েদং বদতি স্ম—॥ ২৪ ॥

রাসামপি প্রাগভীজ্যঃ পূর্ব্বং পূজ্যঃ সর্ব্বেশ্বরত্বাৎ। নন্বেবং ভবন্তঃ কথং রাজাসনং দাতুং চেষ্টন্তে তত্রাহ কিন্ত্বিতি অস্য ক্ষ্মাপাধিপত্বে রাজাধিপত্বে সতি। বতেতি হর্ষে সময়বশাৎ এনং শ্রীকৃষ্ণমভ্যর্চ্চয়ামঃ সম্যক্ পূজয়ামঃ ॥ ২২ ॥

তদেতৎ শ্রুত্বা তৌ যচ্চক্রতু স্তদ্বর্ণয়তি—অথেতিগদ্যেন। লব্ধং নিখিলরাজমানং যাভ্যাং তৌ প্রামাণিকবৃন্দং বিজ্ঞতমসমূহং বৃত্তহরং দূতং বিধায় তদেতদ্বৃত্তং জরাসন্ধাদীনাং সদসি সভায়াং সন্ধাপয়ামাসতুঃ সঙ্গমিতবন্তৌ ॥ ২৩ ॥

ততো যদ্বৃত্তং জাতং তদ্বর্ণয়তি—এতচ্চেতিগদ্যেন। এতৎ পূর্ব্বোক্তং ইন্দ্রদূতাৎ প্রকাশিতং ত্রৈপিষ্টপানাং দেবানাং প্রধানমিন্দ্রঃ অজহল্লিঙ্গত্বাৎ ক্লীবত্বং অন্তর্ধানাদন্তর্ধানং প্রাপ্য অভিধাপয়ামাস কথয়ামাস। চিত্রাঙ্গদো দূতবিশেষঃ তদ্বাক্যতয়া ইন্দ্রবাক্যতয়া ইদং বক্তব্যমবদৎ ॥ ২৪ ॥

না। কিন্তু ইহার পরে আমরা স্বর্গীয় অথচ নব্যরাজাসন দান করিতেছি। যদি বল ইন্দ্রাদি দেবগণ আমাদের দুই জনের রাজাসন কামনা করিতেছে, তাহা বলা কেবল বৃথা মাত্র। কারণ, ইন্দ্রাদি দেবগণ অতিতুচ্ছ বস্তু। যেহেতু এই শ্রীকৃষ্ণ পূর্ব্বে আত্মযোনি ব্রহ্মা, মহাদেব, এবং লক্ষ্মীদেবীরও পরম পূজ্য। কিন্তু ইহাঁর রাজাধিপত্ব বিদ্যমান থাকিতে, আহা ? সময় বশতঃ এই শ্রীকৃষ্ণেরই অর্চ্চনা করিতেছি ॥ ২২ ॥

অনন্তর ঐ দুই জন রাজা সুখে বিরাজ করিয়া এবং রাজার সম্মান লাভ করিয়া, বিজ্ঞতম সমূহকে দূত করত এই সংবাদ, জরাসন্ধ প্রভৃতি দুষ্টগণের সভায় প্রেরণ করিলেন ॥ ২৩ ॥

এই সকল শত্রুগণ এই বাক্য শ্রবণ করিয়া বিচার করিলে, সেই স্থানেই স্বর্গবাসী দেবগণের প্রধান ইন্দ্রদেব অন্তর্হিত হইয়া এই কথা বলিতে লাগিলেন।

ইন্দ্রোঽহং বঃ প্রবক্ষ্যে শৃণুত বত ! নৃপাঃ !
সোঽয়মস্মাভিরিজ্যঃ
শ্রীকৃষ্ণস্তত্র গোবর্দ্ধনমভিসিষিচে
নাম গোবিন্দনাম্না।
এতং রাজেন্দ্রতায়ামিহ নিধিকলসৈঃ
সিচ্যমানং ন যঃ স্যাৎ
দ্রষ্টা নাত্রানুমন্তাপ্যথ স তু ভবিতা
চক্রিণানেন বধ্যঃ ॥ ইতি ॥ ২৫ ॥

অথ সর্ব্বেঽপি ব্রজস্থাঃ সোল্লাসং পপ্রচ্ছুঃ।—ততস্ততঃ ? দূতাবূচতুঃ—ততশ্চ তেষু কেচিৎ পুনরতীব ভীতা বিনীতা

তদ্বক্তব্যং বর্ণয়তি—ইন্দ্র ইতি বো যুস্মান্ ইজ্যঃ পূজ্যঃ তত্র ব্রজে গোবর্দ্ধনমভিলক্ষীকৃত্য নাম প্রকাশ্যে রাজেন্দ্রতায়াং গোবিন্দনাম্না অভিসিষিচে ইহ স্থানে রাজেন্দ্রতায়াং নিধিকলসৈঃ সিচ্যমানমেতং যো ন দ্রষ্টা স্যাৎ অত্রাভিষেকে নানুমন্তা স্যাৎ সতু চক্রিণা অনেন কৃষ্ণেন বধ্যো ভবিতেতি ॥ ২৫ ॥

ততো যদ্বৃত্তং জাতং তদ্বর্ণয়তি—অথ সর্ব্বে ইতি গদ্যেন। সোল্লাসং সহর্ষং। তত্র রাজা-

---

যাহাতে চিত্রাঙ্গদ বা দূত বিশেষ ইন্দ্রের বাক্যরূপে এই বক্তব্য বাক্য বলিয়াছিল ॥ ২৪ ॥

হে নৃপগণ ! আমি ইন্দ্র। আমি তোমাদিগকে বলিব। তোমরা সকলেই শ্রবণ কর। এই শ্রীকৃষ্ণ আমাদের সকলেরই পূজ্য। ইহা সত্য যে শ্রীকৃষ্ণ সেই ব্রজের মধ্যে "গোবিন্দ" নাম ধারণ পূর্ব্বক গোবর্দ্ধন পর্ব্বতকে লক্ষ্য করিয়া স্পষ্টই অভিষেক করেন। এইস্থানে রাজেন্দ্রভাব প্রকাশ পাইলে যে ব্যক্তি ঐ গোবর্দ্ধন পর্ব্বতকে রত্নকলস দ্বারা সিক্ত হইতে না দেখে, এবং এই অভিষেক কার্য্যে যে ব্যক্তি না অনুমতি করে; সেই ব্যক্তি কিন্তু এই চক্রপাণি শ্রীকৃষ্ণের বধ্য হইবে ॥ ২৫ ॥

অনন্তর ব্রজবাসী সকলেই উল্লাসিত মনে জিজ্ঞাসা করিয়াছিল, তারপর তারপর। দূতদ্বয় কহিল, অনন্তর তাহাদের মধ্যে কতিপয় ব্যক্তি অত্যন্ত ভীত

ইব তত্রাগতাঃ শ্রীকৃষ্ণেন তু সাদরমনুমতাস্তদনুগতা ইবাসন্। যে চ জরাসন্ধাদয়ো গর্ব্বদুর্গন্ধাঃ কতিচিন্নাগতাস্তে বিজমানমনসঃ স্বাগমনে ব্যাজং ব্যঞ্জন্তস্তানেব নিজপ্রতিনিধিতয়া জ্ঞাপয়ামাসুঃ ॥ ২৬ ॥

লব্ধেঽপ্যানৃততু স্তস্মিন্ মাগধে তং হতঃ স্ম ন।
রামকৃষ্ণৌ তথাপ্যত্র নানৃতাদ্বিররাম সঃ ॥ ২৭ ॥
তৎপ্রতিনিধয়স্তু তত্র চিত্রতামবাপুঃ ॥ ২৮ ॥

ভিষেকস্থানে তদনুগতাঃ। শ্রীকৃষ্ণাধীনাঃ। গর্ব্বদুর্গন্ধা গর্ব্বেণ দুষ্টো গন্ধ আমোদো যেষাং তে বিজমানমনস উদ্বেগিচিত্তাঃ স্বাগমনে স্বেষামগমনে গমনাভাবে ব্যাজং ছলং ব্যঞ্জন্তঃ প্রকাশয়ন্তঃ তানেব আত্মীয়বর্গান্ ॥ ২৬ ॥

ততো রামকৃষ্ণৌ যচ্চক্রতু স্তদ্বর্ণয়তি—লব্ধে ইতি। তস্মিন্ মাগধে লব্ধেঽপি রামকৃষ্ণাবা নৃততুঃ স্পর্দ্ধামৈশ্যং বা চক্রতুঃ। যদ্বা দয়য়ামাসতুঃ নতু তং হতঃ স্ম ন জঘ্নতুঃ। তথাপি স মাগধোঽনৃতাৎ কাপট্যান্ন বিররাম ॥ ২৭ ॥

তেষাং প্রতিনিধয়ো যচ্চক্রু স্তবর্ণয়তি—তদিতিগদ্যেন। চিত্রতামাশ্চর্য্যতাং ॥ ২৮ ॥

হইয়াও বিনীতের মত সেই রাজ্যাভিষেক স্থানে গমন করিয়াছিল। কিন্তু শ্রীকৃষ্ণ সমাদরপূর্ব্বক তাহাদিগকে অনুমতি করিলে, তাহা শ্রীকৃষ্ণের অধীনের মতই হইয়াছিল। আর জরাসন্ধ প্রভৃতি যে কতিপয় ব্যক্তি গর্ব্বমদে মত্ত হইয়া সেই স্থানে আগমন করে নাই, তাহাদের চিত্ত উদ্বিগ্ন হয়, এবং যাহাতে আপনাদের তথায় গমন না হয়, তদ্‌বিষয়ে ছল করিয়া, আপনাদের প্রতিনিধিরূপে সেই সকল আত্মীয়বর্গদিগকে জানাইয়াছিল ॥ ২৬ ॥

সেই মগধদেশাধিপতি জরাসন্ধকে লাভ করিলেও শ্রীকৃষ্ণ এবং বলরাম কেবল স্পর্দ্ধা ও ঐশ্বর্য্য প্রকাশ করিয়া ছিলেন। তথাপি সেই জরাসন্ধ ঐ বিষয়ে কপটতা হইতে নিরস্ত হয় নাই ॥ ২৭ ॥

তাহাদের প্রতিনিধিসকল কিন্তু তদ্‌বিষয়ে আশ্চর্য্যভাব প্রাপ্ত হইয়াছিল ॥ ২৮ ॥

যতঃ ;—

অষ্টাভিঃ স্পষ্টমূর্দ্ধান্নিধিমণিকলসৈরাত্মনা সিচ্যমানং
চূর্ণৈরামোদপূর্ণৈরপি কুসুমশতৈর্দ্দৈবতৈরর্চ্চ্যমানং।
বস্ত্রালঙ্কারসিংহাসনধবলমহশ্চামরচ্ছত্রমুখ্যৈ-
র্দ্দিব্যৈর্দ্দীব্যদ্ভিরর্থৈর্ব্বলিতরুচিমমুং শত্রব স্তেঽপ্যপশ্যন্ ॥২৯॥

তদা জয়-নমঃ-শব্দমভ্রস্থা স্ত্রিদশা ব্যধুঃ।
প্রতিশব্দমিব ত্রস্তাঃ শত্রবোঽপ্যত্র তং দধুঃ ॥ ৩০ ॥

কিং বহুনা ? তথা তে তৎপ্রতাপতপ্তা যথা জরাসন্ধং

তেষাং চিত্রতাপ্রাপণে হেতুং বদন্ তেষাং দর্শনপ্রকারং বর্ণয়তি—অষ্টাভিরিতি। উর্দ্ধাৎ উর্দ্ধদেশং প্রাপ্য অষ্টাভির্নিধিমণিকলসৈরাত্মনা প্রযত্নেন স্পষ্টং যথাস্যাদ্দৈবতৈঃ সিচ্যমানং তথা আমোদপূর্ণৈশ্চূর্ণৈঃ কর্পূরাদিভিরপি কুসুমশতৈঃ পুষ্পরাশিভিরপি অর্চ্চ্যমানং পূজ্যমানং তথা বস্ত্রৈরলঙ্কারৈঃ সিংহাসনেন ধবলং মহঃ কান্তি র্যেষাং তৈ শ্চামরেণ ছত্রাদিভির্দীব্যদ্ভিরর্থৈ হীরকাদিযুক্ত-তরবালাদিভিশ্চ বলিতা দীপ্তা রুচিঃ কান্তি যস্য তমমুং তে শত্রবোঽপি অপশ্যন্ ॥ ২৯ ॥

যদন্যদাশ্চর্য্যং জাতং তদ্বর্ণয়তি—তদেতি। তদা অভিষেকসময়ে অভ্রস্থা আকাশস্থিতা দেবা জয়শব্দং নমঃশব্দং ব্যধুঃ শত্রবোঽপি জরাসন্ধাদয় স্ত্রস্তাঃ সন্তঃ প্রতিশব্দং প্রতিধ্বানমিব তং জয়-নমঃ-শব্দং দধুঃ ॥ ৩০ ॥

শত্রুমণ্ডলানাং কৃত্যান্তরং বর্ণয়তি—কিং বহুনেতিগদ্যেন। তে শত্রব স্তস্য কৃষ্ণস্য প্রতাপেন

সেই সকল শত্রুগণও তৎকালে তাঁহাকে দর্শন করিল যে অষ্টরত্নময় এবং মণিকুম্ভ উর্দ্ধদেশে গিয়া যত্নসহকারে স্পষ্টই তাঁহাকে অভিষেক করিতেছে। আমোদপূর্ণ কর্পূরাদিচূর্ণ এবং সৌরভপূর্ণ শত শত পুষ্পরাশিদ্বারা দেবতাগণ তাঁহাকে অর্চ্চনা করিতেছে। বিবিধ বস্ত্র এবং অলঙ্কারদ্বারা এবং সিংহাসন-দ্বারা শুভ্রকান্তি চামর ও ছত্রপ্রভৃতি পদার্থ, এবং দীপ্যমান হীরকাদিযুক্ত তরবালাদিপদার্থদ্বারা তৎকালে তাঁহার মনোহর কান্তি হইয়াছিল ॥ ২৯ ॥

সেই অভিষেক কালে আকাশস্থিত দেবগণ জয়শব্দ এবং নমঃশব্দ উচ্চারণ করিয়াছিলেন। জরাসন্ধপ্রভৃতি বিপক্ষগণও যেন ভয় পাইয়া তাহার প্রতি ধ্বনি করিয়াছিল ॥ ৩০ ॥

অধিক কি বলিব তৎকালে তাহারা শ্রীকৃষ্ণের প্রতাপে এইরূপ উপতপ্ত

সঙ্গত্য গত্যন্তরমপশ্যন্তস্তাং ভীষ্মজাশাম্যপি পরিত্যজ্য যথাস্বমাশাং গতাঃ ॥ ৩১ ॥

ব্রজরাজ উবাচ ;—ততস্ততঃ ?

দূতাবূচতুঃ ;—

ততো যথাযথমমুকান্ সমাদধদ্ভবৎকুলপ্রভববিধুর্যথাগতং।
সমাব্রজন্মধুপুরমোদমাবহৎ পরং তদা ব্রজদিশমার্দ্রমৈক্ষত ॥৩২॥

সর্ব্বে সাস্রং পপ্রচ্ছুঃ ;—ভবতোঃ প্রস্থাপনং কুর্ব্বতা তেন কিং স্থাপনমাচরিতম্ ॥ ৩৩ ॥

তেজসা তপ্তা যথা যথাবৎ, গত্যন্তরং শিশুপালায় রুক্মিণীং সংগময়িতুমুপায়ান্তরং, ভীষ্মজাশাং রুক্মিণীবিষয়াং বাসনাং যথাস্বমাশাং স্বস্বদেশদিশম্ ॥ ৩১ ॥

অথ ব্রজরাজপ্রশ্নানন্তরং দূতবাক্যং বর্ণয়তি—তত ইতি। ততো ভবৎকুলপ্রভববিধুঃ কৃষ্ণঃ যথাযথং যথাযোগ্যং অমুকান্ ক্রথকৌশিকাদীন্ সমাদধৎ অর্থাৎ সন্তোষয়ন্ সন্ যথাগতং তথা সমাব্রজন্ মধুপুরমোদমাবহৎ প্রাপয়ামাস। তদা আর্দ্রং সস্নেহং যথাস্যাত্তথা ব্রজসম্বন্ধিদিশং ঐক্ষত দৃষ্টবান্ ॥ ৩২ ॥

ততো যদ্বৃত্তং জাতং তদ্বর্ণয়তি—সর্ব্বে ইতিগদ্যেন। ভবতো দূতয়োস্তেন কৃষ্ণেন স্থাপনং সমাধানং আচরিতং বিরচিতম্ ॥ ৩৩ ॥

হইয়াছিল যে, জরাসন্ধের সহিত মিলিত হইয়া, উপায়ান্তর না দেখিয়া, সকলেই সেই রুক্মিণীর আশা বিসর্জ্জন দিয়া স্ব স্ব দেশের দিকে গমন করিয়াছিল ॥ ৩১ ॥

ব্রজরাজ কহিলেন, তারপর তারপর। দূতদ্বয় কহিল, তাহার পর আপনার বংশজাত শশধর (শ্রীকৃষ্ণ) যথাবিধি ক্রথ-কৌশিকপ্রভৃতিকে সন্তুষ্ট করিয়া যে পথ দিয়া আসিয়া ছিলেন, সেই ভাবেই আগমন করিয়া মথুরাপুরের হর্ষ উৎপাদন করিলেন ; কিন্তু তৎকালে সস্নেহে কেবল ব্রজেরদিক দেখিতে লাগিলেন ॥ ৩২ ॥

সকলে সজলনয়নে জিজ্ঞাসা করিল। তোমাদের দুই জনকে প্রেরণ করিয়া শ্রীকৃষ্ণ কিরূপ কার্য্যের সমাধান করিয়াছিলেন ॥ ৩৩ ॥

দূতাবূচতুঃ ;—

দৃশ্যতে কিমপি সম্বিধানকং
মদ্বিমোচনবিধায়ি সম্প্রতি ।
কিন্তু হন্ত ! বিধিনা ক্রিয়েত চে-
ত্তদ্‌ব্রুবে কিমু যুবান্তু গচ্ছতম্ ॥ ইতি ॥ ৩৪ ॥

তদেবং দূত-বাক্যং সমাপ্য স্নিগ্ধকণ্ঠঃ স্বয়মাহ স্ম ।—

অথ তদ্বদ্ভবৎপ্রভবপরবশেঽষ্টাদশে জরাসন্ধবন্ধে লব্ধ-প্রবন্ধে ব্রজতঃ সন্দেশহরয়োর্ম্মথুরায়াং প্রবেশকরয়োশ্চ দ্বয়োর্দ্বয়োঃ প্রান্তে কয়োশ্চিদ্‌গতয়োরকস্মাৎ পশ্চিমতঃ কটকঘটিতঃ কশ্চিদুৎপাতঃ সম্পপাত ॥ ৩৫ ॥

তত্র দূতয়োরুক্তিং বর্ণয়তি—দৃশ্যতে ইতি। সম্প্রতি মদ্বিমোচনবিধায়ি ময়া বিমোচনং প্রস্থাপনং বিধাতুং শীলমস্ত তৎ কিমপি সংবিধানকং সম্যক্ কৃত্যং দৃশ্যতে। বিধিনা দৈবেন ক্রিয়েত চেত্তদা কিং ব্রুবে উভৌ যুবান্তু ব্রজং গচ্ছতমিতি ॥ ৩৪ ॥

অথ বৃত্তান্তরং বর্ণয়িতুং প্রক্রমতে—তদেবমিতিগদ্যেন। ভবৎপ্রভবপরবশে ভবৎপ্রভবস্য শ্রীকৃষ্ণস্য পরবশে অধীনে লব্ধপ্রবন্ধে লব্ধরচনে ব্রজতঃ ব্রজস্থানাৎ সন্দেশহরয়োর্দূতয়োঃ প্রান্তে নিকটে পশ্চিমতঃ পশ্চিমদিশি কটকঘটিতঃ সেনাসংবলিতঃ ॥ ৩৫ ॥

দূতদ্বয় বলিল, সম্প্রতি আমাদ্বারা প্রেরণ কার্য্যের অনুষ্ঠানকারী কোনও এক সম্যক্ কার্য্য দেখা যাইতেছে। কিন্তু হায় ? তাহা যদি দৈবদ্বারা সাধিত হয়, তাহা হইলে আমি আর কি বলিব। কিন্তু তোমরা দুই জনে গমন কর ॥ ৩৪ ॥

অতএব এইরূপে দূতবাক্য শ্রবণ করিয়া স্নিগ্ধকণ্ঠ স্বয়ং বলিতে লাগিল। অনন্তর আপনার পুত্রের অধীনে থাকিয়া অষ্টাদশবার জরাসন্ধের বন্ধন সম্পাদিত হইলে, ব্রজ হইতে দুই দুইটি দূত যখন মথুরায় প্রবেশ করে, তখন তাহারা নিকটে উপস্থিত হইলে অকস্মাৎ পশ্চিমদিকে সেনাসংক্রান্ত কোন এক প্রকার উপদ্রব উপস্থিত হইয়াছিল ॥ ৩৫ ॥

ততশ্চ তদ্রাত্রাবেব স্ব-স্থানং হিত্বা গা গৃহীত্বা সর্ব্ব এব ব্রজঃ সঙ্গত্য প্রত্যগ্দিশি ঘনবনসমুদ্দণ্ডপর্ব্বতমণ্ডলান্তঃ প্রবিষ্টঃ। স তু সমুৎপাতবদাগত্য (ক) মধুপুরীমেব পরিতঃ পরীতবান্ ॥ ৩৬ ॥

ততশ্চ কৃষ্ণস্য ব্রজং প্রতি ব্রজস্য চ কৃষ্ণং প্রতি বৃত্তশ্রবণ-তৃষ্ণা বৃত্তা। পরস্পরমপি ন সন্দেশস্য প্রবেশঃ সম্ভবতীতি ॥ ৩৭ ॥

অথ(খ) প্রবেশসঙ্কোচনাদসঙ্খ্যেষু গোগণেষু সন্দেশসংশোচনাদ্-গোসঙ্খ্যগণেষু চ লব্ধভোজনবিয়োজনেষু দিনান্তরে লব্ধান্তরে

উৎপাতপাতানন্তরং ব্রজস্য বৃত্তং বর্ণয়তি—ততশ্চেতিগদ্যেন। প্রত্যগ্দিশি পূর্ব্বস্যাং দিশি ঘনং নিবিড়ং বনং যত্র তচ্চাদঃ সমুদ্দণ্ডপর্ব্বতমণ্ডলং চেতি তস্যান্তর্ম্মধ্যে প্রবিষ্টঃ। সতু জরাসন্ধঃ সমুৎপাতবৎ বাত্যাবৎ পরিতঃ সর্ব্বদিক্ষু পরীতবান্ বেষ্টিতবান্ ॥ ৩৬ ॥

কিঞ্চ ততশ্চেতিগদ্যেন বৃত্তান্তরং বর্ণয়তি—বৃত্তশ্রবণতৃষ্ণা বৃত্তস্য বৃত্তান্তস্য শ্রবণে তৃষ্ণা কামনা বৃত্তা জাতা। সন্দেশস্য বৃত্তান্তপ্রাপণস্য ॥ ৩৭ ॥

তত্র প্রবিশ্য তিষ্ঠতাং ব্রজবাসিনাং বৃত্তং বর্ণয়তি—অথেতিগদ্যেন। তত্র প্রবেশে যৎ সঙ্কোচনং স্থানাল্পত্বাৎ অসংখ্যেষু গণনাতীতেষু সন্দেশসংশোচনাৎ সন্দেশং শ্রীকৃষ্ণবার্ত্তাং হৃদয়ে

অনন্তর সেই রাত্রিকালেই স্বস্থান পরিত্যাগ করিয়া ধেনুসকল লইয়া সমস্ত ব্রজবাসীই একত্র মিলিত হইল। পরে তাহারা পূর্ব্বদিকে নিবিড় অরণ্য এবং অত্যুচ্চ পর্ব্বতমণ্ডলের মধ্যে প্রবেশ করিল। কিন্তু সেই জরাসন্ধ বাত্যার মত আগমন করিয়া মথুরার চারিদিকেই বেষ্টন করিল ॥ ৩৬ ॥

তৎপরে শ্রীকৃষ্ণের ব্রজবাসীদিগের প্রতি, এবং ব্রজবাসীদিগের শ্রীকৃষ্ণের প্রতি বৃত্তান্তশ্রবণের বাসনা হইয়াছিল। অথচ যাহাতে পরস্পরেরই বৃত্তান্ত শ্রবণ করিতে পারা যায়, তাহার কোনও উপায় ছিলনা ॥ ৩৭ ॥

অনন্তর স্থানের অল্পতাহেতু তাহাদের প্রবেশ করিবার স্থান সঙ্কুচিত

(ক) সমুৎপত্যবদাগত্য। ইত্যানন্দবৃন্দাবনগৌরপাঠঃ।

(খ) প্রবেশস্থলে প্রদেশ ইত্যানন্দগৌরপাঠঃ।

শিখরিশিখরশাখিবরশাখামারূঢ়বদ্ভিঃ পরমোৎকণ্ঠামূঢ়বদ্ভি-র্গোপসদ্ভিঃ শীঘ্রতয়া সমুদ্ভূতৌ তাবেব দূতৌ কাভ্যাঞ্চিদন্যাভ্যাং সহ দদৃশাতে। পশ্যন্তশ্চ তে কঞ্চন কিঞ্চিদপৃষ্ট্বা গোপ-পত্যগ্রতঃ কিমাগত্য বদিষ্যত ইতি বুদ্ধ্যাপি দূরদর্শিতা-স্পর্শিন স্তে দূরদর্শিনঃ প্রথমানভিয়া প্রথমং তৌ প্রত্যলং দুদ্রুবুঃ। অথ হৃষ্টবদনাভ্যাং পৃষ্টবদনাভ্যামপি তাভ্যাং তৎসহিতাভ্যামন্যাভ্যামপি সহ সহর্ষধর্ষতয়া শ্রীব্রজরাজ-

কৃত্বা যৎ সংশোচনং তস্মাৎ, গোসংখ্যগণেষু গোপসমূহেষু লব্ধং ভোজনস্য বিয়োজনং বিচ্ছেদো যেষাং তেষু সৎসু, লব্ধান্তরে লব্ধবিকাশে শিখরিণাং পর্ব্বতানাং শিখরে মস্তকে শৃঙ্গে যে শাখিবরা বৃক্ষশ্রেষ্ঠা স্তেষাং শাখা আরূঢ়বদ্ভিরারোহণং কুর্ব্বদ্ভিঃ সন্দেশপ্রাপ্তায় পরমোৎকণ্ঠামারূঢ়বদ্ভি র্ধারয়দ্ভি র্গোপসদ্ভি র্গোপশ্রেষ্ঠৈঃ কর্ত্তৃভিঃ শীঘ্রতয়া সমুদ্ভূতৌ সমাগতৌ তাবেব দূতো অন্যাভ্যাং কাভ্যাঞ্চিৎ দূতাভ্যাং সহ দদৃশাতে। তান্ পশ্যন্তশ্চ তে গোপসন্তঃ গোপপত্যগ্রতঃ ব্রজস্য রাজ্ঞঃ অগ্রত আগত্য কিং বদিষ্যত ইতি বুদ্ধ্যাপি দূরদর্শিতাস্পর্শিনঃ পণ্ডিতবৎ দীর্ঘদর্শেন উচ্চস্থানা-রোহেণ দূরদৃষ্টিত্বাৎ প্রথমানভিয়া প্রথমানা বিস্তৃতা যা ভীর্ভয়ং তয়া অলমতিশয়ং যথাস্যাত্তথা দুদ্রুবু র্গতবন্তঃ। হৃষ্টং বদনং মুখং যয়ো স্তাভ্যাং পৃষ্টবদনাভ্যাং পৃষ্টং বদনং বচনং যয়ো স্তাভ্যাং

হইয়াছিল। এই হেতু অসঙ্খ্য ধেনুগণ এবং বহুসংখ্যক গোপগণ শ্রীকৃষ্ণের বার্ত্তা হৃদয়ে করিয়া নিতান্ত শোক প্রকাশপূর্ব্বক ভোজন-কার্য্য হইতে বিচ্ছিন্ন হইয়া যায়। কিন্তু অন্য দিবসের অবকাশ আসিলে, তখন প্রধান প্রধান গোপগণ শ্রীকৃষ্ণের সংবাদ পাইবার আশায় সাতিশয় উৎকণ্ঠাধারণ করিয়া পর্ব্বতসমূহের শিখরপ্রদেশে যে সকল অত্যুচ্চ বৃক্ষ ছিল, তাহাদের উপরে তাহারা আরোহণ করিল। পরে তাহারা সত্বর ভাবে সমাগত ঐ দুইজন দূতকেই অন্যকোন দূতদ্বয়ের সহিত দর্শন করিল। ঐ সকল শ্রেষ্ঠ গোপগণ কাহাকেও কিছু জিজ্ঞাসা না করিয়া ব্রজ-রাজের সম্মুখে ইহারা দুই জনে আসিয়া কিছু বলিবে এইরূপ বোধসত্ত্বেও তাহারা দূরদর্শীর মত উচ্চস্থানে উঠিয়া দূরদর্শন করিতে লাগিল। পরে তাহারা মহাভয়ে প্রথমে দ্রুতবেগে ঐ দুই জনেরই নিকটে গমন করিল। অনন্তর প্রফুল্ল মুখে ঐ দুইজন দূত কথা বলিতে আরম্ভ করে। এই দুইজন দূতের সহিত এবং অন্য আর দুইটি দূতের সহিত ঐ সকল গোপগণ হর্ষগর্ব্বে মগ্ন হইয়া

সমাজমেবাজগ্মুঃ। ততশ্চ দূরাদেব দূতাবিমাবপৃষ্টাবেব হৃষ্টাননতয়া কুশলমিতিপূর্ব্ববত্রিশস্তান্নিশময়ামাসতুঃ ॥৩৮॥

অথাগ্রজাবরজাদিবিরাজমানঃ শ্রীব্রজরাজঃ সভাজয়ন্ দূতাবভাষত।—কথ্যতাং তাবত্তথ্যং সঙ্ক্ষেপত এবেতি।

দূতাবূচতুঃ ;—সসৈন্যঃ কালযবনঃ সদৈন্য ইব নিহত এবেতি ন তত্র কাপ্যার্ত্ততা। কিন্তু ভবদ্বার্ত্তা-শ্রবণং বিনা পরমার্ত্তাভ্যাং কৃষ্ণ-রামাভ্যাং সন্দেশহরাবেতৌ প্রস্থাপিতৌ ॥৩৯॥

তৎ সহিতাভ্যাং তাভ্যাং সহিতৌ তৎসহিতৌ তাভ্যামস্তাভ্যাং দূতাভ্যাঞ্চ সহ সহর্ষধর্ষতয়া হর্ষেণ সহ বর্ত্তমানা যা ধর্ষতা প্রাগলভ্যং তয়া শ্রীব্রজরাজস্য সমাজং সভাং আগতবন্তঃ। অপৃষ্টাবেব অজিজ্ঞাসিতাবেব পূর্ব্ববৎ কুশলং কুশলং কুশলমিতি তান্ শ্রীব্রজরাজাদীন্ শ্রবণং কারয়ামাসতুঃ॥৩৮॥

ততো যদ্বৃত্তমভূত্তদ্বর্ণয়তি—অথেতিগদ্যেন। অগ্রজো রামঃ অবরজঃ শ্রীকৃষ্ণ স্তাবাদী যস্য তেন বিরাজমানঃ সন্ সভাজয়ন্ সম্মানয়ন্ কথিতবান্। তথ্যং যাথার্থ্যং সংক্ষেপেণ কথনং নির্দ্দিশতি—দূতাবিতি। সসৈন্যঃ হতপরাক্রম ইব আর্ত্ততা আকুলতা পরমার্ত্তাভ্যাং মনঃপীড়াযুক্তাভ্যাং সন্দেশহরৌ দূতৌ ॥ ৩৯ ॥

শ্রীব্রজরাজের সভাতেই আগমন করিয়াছিল। তৎপরে দূর হইতেই ঐ দুইজন দূত (জিজ্ঞাসিত না হইলেও) প্রফুল্লবদনে পূর্ব্বের মত তিনবার কুশল বার্ত্তা তাঁহাদিগকে শ্রবণ করাইল ॥ ৩৮ ॥

অনন্তর শ্রীব্রজরাজ শ্রীকৃষ্ণ এবং বলরামপ্রভৃতির সহিত বিরাজিত হইয়া ঐ দুইজন দূতকে সম্মান করিয়া বলিতে লাগিলেন। তোমরা আপাততঃ সংক্ষেপে সত্যকথা বর্ণনা কর, দূতদ্বয় কহিল, দৈন্যগ্রস্ত ব্যক্তির মত সসৈন্যে কালযবন হত হইয়াছে। তদ্বিষয়ে কোনও ব্যাকুলতার সম্ভাবনা নাই। কিন্তু আপনার সংবাদ ব্যতিরেকে শ্রীকৃষ্ণ এবং বলরাম সাতিশয় কাতর হইয়া এই দুই জন দূত প্রেরণ করিয়াছেন ॥ ৩৯ ॥

যতঃ ;—

অস্মার্ষ্টাং বত পিতরৌ সুতয়োর্যকয়োর্ভবন্তৌ যৌ ।

অস্মরিষাতাং তদ্বত্তাভ্যাং তৌ চ ব্রজাধীশ ! ॥ ৪০ ॥

অথ সর্ব্বে সহর্ষতর্ষমূচুঃ ;—অথ কথ্যতামাবিস্তরাং বিস্তরতঃ ॥ ৪১ ॥

দূতাবূচতুঃ ;—যস্যাং সন্ধ্যায়াং সন্ধ্যায়মানকুশলযশস্তত্রভবৎ-কুলচন্দ্রমসঃ সন্নিধিং নিধিমিব গতবন্তাবাবাং তস্যাং ন কাঞ্চিদপি তত্র চিন্তামপশ্যাব। প্রত্যুত সমমুদ্ধবেন তেন ভবৎপ্রভবেণ রোহিণী-সম্ভবেন চ প্রত্যগ্নপি শশ্বদত্রকীয়াং বার্ত্তাং বার্ত্তামিব পৃচ্ছ্যাবহে

তং সন্দেশং বর্ণয়তি—অস্মার্ষ্টামিতি। হে ব্রজাধীশ ! যৌ ভবন্তৌ পিতরৌ যয়োঃ সুতয়োঃ যৌ সুতৌ স্মৃত্যর্থস্ত চেতি কর্ম্মণি ষষ্ঠী। অস্মার্ষ্টাং স্মৃতবন্তৌ তাভ্যাং সুতাভ্যাং তদ্বৎ তৌচ পিতরৌ অস্মরিষাতাং স্মরণবিষয়ীকৃতবন্তৌ ॥ ৪০ ॥

তদাচ সর্ব্বেষাং ব্রজবাসিনাং বৃত্তং বর্ণয়তি—অথ সর্ব্বে ইতি। সহর্ষতর্ষং হর্ষেণ সহ বর্ত্তমান স্তর্ষ স্তৃষ্ণা যত্র তদ্‌যথাস্যাৎ বিস্তরত আবিস্তরাং সুপ্রকাশং কথ্যতাম্‌ ॥ ৪১ ॥

অথ প্রশ্নানুসারেণ দূতাভ্যাং যৎ কথিতং তদ্বর্ণয়তি—দূতাবিতিগদ্যেন। সন্ধ্যায়মানে কুশল-যশসী যেন তস্য তত্রভবতঃ পূজ্যস্য যঃ কুলচন্দ্রমা স্তস্য সন্নিধিং নিকটং তস্যাং সন্ধ্যায়াং তত্র কৃষ্ণে কিঞ্চিদপি চিন্তাং ন দৃষ্টবন্তৌ। প্রত্যুত তেনোদ্ধবেন সমং সহ ভবৎপ্রভবেণ কৃষ্ণেন

হে ব্রজরাজ ! যেহেতু আপনারা দুই জনে পিতা মাতা হইয়া যে দুই জন পুত্রকে স্মরণ করিয়াছেন, এই কারণে সেই পুত্রদ্বয়ও আপনাদের দুই জনকে স্মরণ করিয়াছেন ॥ ৪০ ॥

অনন্তর সকলে হর্ষতৃষ্ণার সহিত বলিতে লাগিল। আচ্ছা, প্রকাশ্যে সবিস্তারে সকল বিষয় বর্ণন কর ॥ ৪০ ॥

দূতদ্বয় কহিল, আপনি পূজ্য। যিনি আপনার বংশের চন্দ্রমা, তাঁহার মঙ্গল এবং খ্যাতি সকলেই চিন্তা করিয়া থাকে। যে সন্ধ্যাকালে আমরা দুই জনে জরাসন্ধের নিকট গিয়া তাঁহাকে নিধির মত লাভ করিয়া-ছিলাম, সেই সন্ধ্যাকালে তথায় আমরা দুইজনে তাঁহার কোনও প্রকার চিন্তা দর্শন করি নাই। প্রত্যুত উদ্ধবের সহিত ভবদীয় পুত্র এবং রোহিণীনন্দন

স্ম। প্রাতরেব তু সামুদ্রপূরবদ্দূরতঃ শূরসমূহাঃ শূরসেনপুরীং পরিত এবাবৃণ্বানা দৃশ্যন্তে স্ম। দৃষ্টাশ্চ তে মুহুরবষ্টভ্নন্তো জরাসন্ধসন্নিকৃষ্টা ইতি পুরতঃ পরামৃষ্টাঃ। পশ্চাত্তু লকার-প্রকারং বর্ণবারং ম্লেচ্ছন্ত স্তে ম্লেচ্ছা এব বিনিশ্চিতাঃ। অনুমিতাশ্চ জরাসন্ধপ্রত্যভিসন্ধানানুসন্ধানাভ্যাং কালযবনপ্রধানা এতে সমেতা ইতি॥ ৪২॥

রোহিণীসম্ভবেন রামেণ প্রত্যণ্বপি প্রত্যেকমপি শশ্বন্নিরন্তরং অত্রকীয়াং ব্রজসম্বন্ধিনীং বার্ত্তাং বৃত্তান্তং বার্ত্তামিব নিরাময়মিব আবাং পৃচ্ছ্যাবহে স্ম পৃষ্টৌ ভূয়াবহে। তৎপ্রাতঃকালেতু শূর-সমূহাঃ কালযবনাদয়ঃ সামুদ্রপূরবৎ সমুদ্রতরঙ্গ ইব দূরতঃ শূরসেনপুরীং মথুরাং পরিতঃ সর্ব্বত এব আবৃণ্বানা আবরণং কুর্ব্বাণা দৃষ্টাঃ। তে শূরসমূহা দৃষ্টাঃ সন্তো মুহুরবষ্টভ্নন্তঃ নিকটং ভজমানা জরাসন্ধস্য সন্নিকৃষ্টা অতিনিকটীভূতা ইতি। পশ্চাত্তু তে ম্লেচ্ছা এব বিনিশ্চিতা ম্লেচ্ছজ্ঞানে যুক্তিং বর্ণয়তি—লকারঃ প্রকারো ভেদো যত্র তং বর্ণবারং বর্ণসমূহং মকারলকারাকার-সম্বন্ধং ম্ল ইতি রূপং তমিচ্ছন্তঃ ম্লেচ্ছন্তো দেশভাষয়া বদন্ত ইতি ম্লেচ্ছা এব বিনিশ্চিতা অনুমিতাশ্চ জরাসন্ধস্য প্রত্যভিসন্ধানং মিলনং অনুসন্ধানমন্বেষণং তাভ্যাং কালযবন এব প্রধানং যেষাং এতে মিলিতা ইতি॥ ৪২॥

বলরাম, এক একটি করিয়া প্রত্যেক বিষয়েরই নিরাময় প্রশ্নের মত এই ব্রজ-সম্বন্ধীয়বার্ত্তা, নিরন্তরই আমাদের দুইজনকে জিজ্ঞাসা করিয়াছিলেন। তাহার পরদিন প্রাতঃকালে কালযবন প্রভৃতি বীরদিগকে সমুদ্রের তরঙ্গসমূহের মত দূর হইতে চারিদিকে মথুরাপুরী বেষ্টন করিতে দেখাগেল। যখন তাহাদিগকে দেখাগেল, তখন তাহারা নিকটে আসিয়াছিল, এবং জরাসন্ধের অত্যন্ত নিকট-বর্ত্তী বলিয়া বোধ হইল। পশ্চাৎ কিন্তু তাহাদিগকে ম্লেচ্ছ বলিয়া জানা গেল। তাহার কারণ এই, ম—ল—অ—এইরূপ বিভিন্নবর্ণ-সমূহদ্বারা 'ম্ল' এই পদ সিদ্ধ হয় (ম্লমিচ্ছন্তঃ) এইরূপ ব্যুৎপত্তিদ্বারা ম্লেচ্ছপদ সিদ্ধ হয়। অর্থাৎ যাহারা দেশীয় গ্রাম্য ভাষাদ্বারা কথা কয়, তাহাদিগকে ম্লেচ্ছবলে। সুতরাং তাহাদিগকে ম্লেচ্ছ বলিয়া জানা গিয়াছিল, এবং অনুমানও করা গিয়াছিল। জরাসন্ধের মিলন এবং অনুসন্ধানদ্বারা কালযবন প্রভৃতি এই সকল লোক সমবেত হইয়াছিল॥ ৪২॥

ব্রজরাজ উবাচ;—কালযবন এবেতি চেত্তর্হি গর্হিত-ভয়মাসীৎ। যতঃ (ক) ষণ্ঢোঽয়মিতি গর্গজঃ শ্যালরচিতো-দ্দণ্ডোপহাসভাসমানযদুসংসদনর্গলহাসলব্ধক্রোধসংসর্গগর্গজতদ্ভয়-সর্গসঙ্কল্পসমারাধিতভর্গবরতঃ সোঽয়ং গর্গজাদেব যবনরাজ-ভার্য্যাসম্ভবঃ পুনর্যবনভূপালপালিত স্তত এব যাদবভয়দপ্রভবঃ কালযবন ইতি। তওঃ কথ্যতাং তথ্যমনন্তরং বৃত্তম্॥ ৪৩॥

তদেতৎ শ্রুত্বা ব্রজরাজো যদবদত্তদাহ—ব্রজ ইতিগদ্যেন। গর্হিতভয়ং নিন্দাস্পদং ভয়ং, তত্র হেতুং বদতি যত ইত্যাদিনা। ষণ্ঢো নপুংসক ইতি গর্গজো গার্গ্যঃ শ্যালে রচিতো য উদ্দণ্ডোপহাসঃ স এব ভাসমানো যত্র এবম্ভূতা যা যদূনাং সংসৎ সভা তস্যামনর্গলো যো হাসো হাস্যং তেন লব্ধঃ ক্রোধসংসর্গো যস্য এবম্ভূতো যো গর্গজস্তস্মাৎ ভয়সর্গে ভয়োৎপত্তৌ যঃ সঙ্কল্প স্তেন সমারাধিতো যো ভর্গঃ শিব স্তস্য বরতঃ সোঽয়ং গর্গজাদেব যবনরাজস্য ভার্য্যায়াঃ সম্ভব উৎপত্তি র্যস্য সঃ পুন যবনরাজেন পালিত স্তত এব যাদবানাং ভয়দঃ প্রভবো জন্ম যস্য স কালযবন ইতি তথ্যং যাথার্থ্যং পরবৃত্তান্তং কথ্যতাম্॥ ৪৩॥

ব্রজরাজ কহিলেন, সত্যই যদি কালযবন সমবেত হইয়া থাকেন, তাহা হইলে নিন্দনীয় ভয়ের কারণ হইয়াছে। যেহেতু এই ব্যক্তি ষণ্ড অর্থাৎ নপুংসক বা গোপতি ষাঁড় এইরূপ বাক্যে তৎকালে শ্যালকের উপর যে প্রচণ্ড উপহাস করা যায়, সেই উপহাস প্রকাশ করত যাদবসেনাতে অনর্গল হাস্য হইতে লাগিল। সেই হাস্যে গর্গপুত্রের ক্রোধের সমাগম হয়। সেই ক্রোধে গর্গপুত্র হইতে ভয়ের উৎপত্তি হয় এবং মনে মনে সঙ্কল্পের প্রাদুর্ভাব হয়, সেই সঙ্কল্পদ্বারা মহাদেব আরাধিত হন। তৎপরে মহাদেবের বরে গর্গপুত্র হইতেই অর্থাৎ তাহার ঔরসে যবনরাজের পত্নীতে সম্ভূত হয় এবং এই ব্যক্তিই পুনর্ব্বার যবনরাজকর্ত্তৃক পালিত হয়। এই কারণেই ইহার জন্মে যাদবগণ ভয়াকুল হইয়াছে, এবং ইহার নাম "কালযবন" হইয়াছে। অনন্তর ইহার পরবর্ত্তী সত্যবৃত্তান্ত বর্ণন কর॥ ৪৩॥

(ক) ষণ্ডোঽয়মিতীত্যানন্দপাঠঃ।

দূতাবূচতুঃ ;—অথ তং কালযবনমবমৃশ্য রামস্য করং সংস্পৃশ্য রহস্যাভাষ্য ঘনশ্যামঃ সম্মন্ত্রয়ামাস। অয়ং তাবদ্‌যাদবকুলানাং যোদ্ধুমসহ্যঃ সন্নহ্য দ্বারি বর্ত্ততে। যদি বা সহ্য স্তর্হ্যপি সমাগতপ্রায়ঃ স জরাসংহিতকায় স্তেনাস্মদ্‌যুদ্ধং সমুদ্বুদ্ধং বুদ্ধা পুরীং প্রবিশ্য সর্ব্বং পরিকরং প্রহরিষ্যতি। তস্মাৎ প্রকারান্তরং চিন্ত্যং। তচ্চ পরিকরাণাং ভূরিদূরদুর্গমদুর্গাশ্রয়ণমেব যোগ্যং। তচ্চ সদ্য এব লক্ষিতমেব চানবদ্যং ভবতি। স্ফুটমনেনাস্মাকং দূরগমনেন ব্রজস্য চ হিতং বিহিতং স্যাৎ। যতো যত্র বয়মর্দ্দনং কুর্ম্ম স্তত্রৈব শক্রসম্মর্দ্দঃ স্যাৎ॥ ৪৪॥

তদেবং দূতৌ যদবদতাং তদ্বর্ণয়তি—দূতাবিতিগদ্যেন। অবমৃশ্য বিবুধ্য রহসি নির্জ্জনে আভাষ্য ভো আর্য্যপাদ! শ্রূয়তামিতি সংবোধ্য যোদ্ধুমসহ্যঃ সন্ সংনহ্য কবচমাবধ্য দ্বারি বর্ত্ততে। সমাগতপ্রায়ঃ সমাগমে প্রকর্ষেণ অয়নং গতি যস্য সঃ। জরয়া রাক্ষস্যা সংহিতঃ কায়ো যস্য সঃ, তেন জরাসন্ধেন সমুদ্বুদ্ধং সংপ্রাপ্তং বুদ্ধা জ্ঞাত্বা পরিকরং জনগৃহাদিকং। ভূরির্মহান্ দূরো দুর্গমো যো দুর্গ স্তস্যাশ্রয়ণং। অলক্ষিতং জনাগোচরমেবানবদ্যং প্রশস্তং ভবতি তদেবং সতি ব্রজস্য হিতং স্যাৎ। অর্দ্দনং গমনং শক্রসংমর্দ্দঃ শক্রাভিঃ পীড়নম্॥ ৪৪॥

দূতদ্বয় কহিল, অনন্তর তাহাকে কালযবন বলিয়া জানিতে পারিয়া, এবং বলরামের করস্পর্শ করিয়া, ঘনশ্যাম নির্জ্জনে সম্বোধনপূর্ব্বক মন্ত্রণা করিতে লাগিলেন। ইহার সহিত যাদবগণ যুদ্ধ করিতে একান্ত অক্ষম, এবং এক্ষণে কবচ পরিধান করিয়া দ্বারদেশে বিদ্যমান আছে। অথবা যদি যাদবগণ যুদ্ধ করিতে সমর্থ হয়। তাহা হইলেও সে জরাসন্ধের সহিত আগত প্রায়। সে জরাসন্ধের সহিত যুদ্ধ উপস্থিত জানিয়া, পুরীতে প্রবেশ পূর্ব্বক সমস্ত গৃহাদি ভাঙ্গিয়া ফেলিবে। অতএব অন্য প্রকার চিন্তা করিতে হইবে। সেই সকল গৃহাদি রক্ষা করিতে হইলে, বহুদূরবর্ত্তী দুর্গম দুর্গ অবলম্বন করাই আবশ্যক; তাহা হইলে সদাই সকলের অসাক্ষাতে মঙ্গল হইতে পারিবে। এইরূপ ঘটিলে আমাদের এইরূপ দূরগমনদ্বারা স্পষ্টই ব্রজের হিতসাধন হইতে পারিবে। যেস্থানে আমরা গমন করিব, সেই স্থানেই শক্রকৃত পীড়ন হইতে পারিবে॥ ৪৪॥

তদেবং লব্ধতৃষ্ণেন কৃষ্ণেন পরস্যাং রাত্রাবচিরাদাচরিতয়া নিজবিমানেন যাত্রয়া লব্ধমব্ধিপাত্রান্তঃ কয়াচিদ্বিদ্যয়া সান্তঃ-পুরং পুরং সদ্য এব নির্ম্মায় তত্র সর্ব্বানেব মাথুরপুরজনা-নন্তরীক্ষবর্ত্মনা বর্ত্তয়ামাস। যত্র সর্ব্ব এব মাথুরা মথুরায়াং শয়ানা এব প্রাতরন্যত্র লব্ধজাগরাঃ সংশয়ানা বভূবুঃ। কেয়ং পরিতঃ সমুদ্রমুদ্রিতা দিব্যা পুরী দীব্যতি কথং বা বয়মত্রাগতা ইতি। যত্র চ শ্রীকৃষ্ণ স্তস্যাং রাত্রাবেব কুত্রাপ্যগত ইবাত্রাগত্য স্থিতঃ। আবাং পুনর্ম্মথুরায়ামেব প্রত্যূষে তৎপ্রত্যূহমানা-বত্যূনসখ্যজনলব্ধসখ্যতয়া রামরামানুজয়োরবস্থানং মিশাময়া-মাসিব ॥ ৪৫ ॥

এবং সংমন্ত্র্য কৃষ্ণেন যদাচরিতং তদ্বর্ণয়তি—তদেবমিতিগদ্যেন। লব্ধা তৃষ্ণা যস্য তেন, নিজ-রথেন যাত্রয়া গমনেন অব্ধিপাত্রান্তর্লব্ধং অব্ধেঃ সমুদ্রস্য যৎ পাত্রং তীরং তস্যান্তর্ম্মধ্যং। তত্র অন্তঃপুরেণ সহ বর্ত্তমানং পুরং নগরীং অন্তরীক্ষবর্ত্মনা আকাশমার্গেণ বর্ত্তয়ামাস প্রাপিতবান্। যত্র পুরে অন্যত্র দ্বারকাখ্যপুরি লব্ধো জাগরো যৈ স্তে সংশয়মানাঃ সংশয়যুক্তঃ সমুদ্রমুদ্রিতা সমুদ্রেণ পরিবেষ্টিতা দিব্যা অলৌকিকী। যত্র চ রাত্রৌ কুত্রাপি অগতঃ গতি রহিত ইব অত্র মথুরায়া-মাগত্য স্থিতঃ। প্রত্যূষে অতিপ্রাতঃকালে তৎ প্রতি মাথুরজনানাং কথমদর্শনং জাতমিতি উহ্য-মানৌ বিতর্কয়ন্তৌ অত্যূনা অত্যল্পসংখ্যা যস্য এবম্ভূতেন জনেন লব্ধং সখ্যং যয়ো স্তদ্ভাবতয়া নিশাময়ামাসিব শ্রুতবন্তৌ ॥ ৪৫ ॥

অতএব এই প্রকারে শ্রীকৃষ্ণের একান্ত বাসনা উপস্থিত হইলে তিনি পর-রাত্রেই অবিলম্বে কোনও একপ্রকারে অপূর্ব্ববিদ্যার অনুষ্ঠান করেন। তাহাদ্বারা নিজবিমানে আরোহণপূর্ব্বক যাত্রা করেন। যাত্রা করিয়া সমুদ্রের তীরমধ্যবর্ত্তী একটি স্থান প্রাপ্ত হন। তখন তিনি ঐ বিদ্যার প্রভাবে তৎ-ক্ষণাৎ অন্তঃপুরের সহিত নগর নির্ম্মাণ করিয়া সমস্ত মথুরাপুরিস্থিত লোকদিগকে আকাশপথদ্বারা তাহার মধ্যেই লইয়া যান। যে পুরে সমস্ত মথুরাবাসী ব্যক্তিগণ মথুরাতে শয়ন করিয়াই, প্রাতঃকালে অন্যস্থানে অর্থাৎ দ্বারকাপুরে জাগরিত হইয়া সংশয়াপন্ন হইয়া ভাবিতে লাগিল। এই চারিদিকে সমুদ্র পরিবেষ্টিত কোন্ পুরী শোভা পাইতেছে? কি করিয়াই বা আমরা এই স্থানে

ততো ব্রজস্থাঃ সর্ব্ব এবোচুঃ ;—ব্রজনৃপতে ! তব প্রভাবো-ঽয়মিতি(০) পূর্ব্বমেব জানীমঃ,যেন সা সা বিদ্যা চ তেন লব্ধা। তদনন্তরমুদন্তস্তু (ক) সমন্ততঃ কথ্যতাম্ ॥ ৪৬ ॥

দূতাবূচতুঃ ;—ততশ্চ রামাবরজঃ স্বাগ্রজং ব্যাজহার।—

ভবানত্র স্বীয়ান্ পালয়ন্ কালং চালয়তু। অহং তু যবনং যুক্ত্যা প্রাণমুক্ত্যা সম্বলয়ানি। তদেতদুক্ত্বা দুর্গস্থ সূক্ষ্মদ্বারং মুক্ত্বা (খ) দ্বৈতাদ্ভয়মিতি শ্রুতিমুৎপ্রেক্ষমাণ ইবাদ্বৈততায়ামত্রস্তঃ সন্ নির্জ্জগাম ॥ ৪৭ ॥

তদেতন্নিশম্য ব্রজস্থানাং যদ্বৃত্তমভূত্তদ্বর্ণয়তি—তত ইতি গদ্যেন। তেন কৃষ্ণেন ॥ ৪৬ ॥

ততো দূতৌ যদাহতু স্তদ্বর্ণয়তি—দূতাবিতিগদ্যেন। রামাবরজঃ শ্রীকৃষ্ণঃ স্বাগ্রজং রামং চালয়তু ক্ষপয়তু প্রাণমুক্ত্যা প্রাণানাং মুক্তি স্ত্যাগ স্তয়া সংবলয়ানি মৃত্যুনা সংগময়ামি। সূক্ষ্মদ্বারং ক্ষুদ্রদ্বারং বিমোচ্য অদ্বৈততায়ামেকাকিতায়াং অত্রস্তঃ ভয়রহিতঃ সন্নির্জগাম ॥ ৪৭ ॥

আগমন করিয়াছি ? যে রাত্রিকালে শ্রীকৃষ্ণ যেন কুত্রাপি গমন করেন নাই। অথচ এই স্থানে আসিয়া অবস্থান করিয়াছেন। আর আমরা দুই জনে মথুরাতেই প্রভাতকালে ঐ বিষয়ের তর্কবিতর্ক করি। পরে অত্যল্প লোকের সহিত বন্ধুত্ব লাভ করিয়া শ্রীকৃষ্ণ এবং বলরামের অবস্থান বৃত্তান্ত শ্রবণ করিয়াছিলাম ॥ ৪৫ ॥

অনন্তর ব্রজবাসী সকলেই বলিতে লাগিল। ব্রজরাজ ! ইহা যে আপনারই মহিমা, তাহা আমরা পূর্ব্বেই জানি। যেহেতু শ্রীকৃষ্ণ তত্তঃ অপূর্ব্ববিদ্যা লাভ করিয়াছিলেন। তাহার পরবর্ত্তী বৃত্তান্ত বিস্তারিতরূপে বর্ণন কর ॥ ৪৬ ॥

দূতদ্বয় বলিতে লাগিল, অনন্তর রামানুজ শ্রীকৃষ্ণ স্বকীয় অগ্রজ বলরামকে বলিতে লাগিলেন। আপনি এইস্থানে আত্মীয়দিগকে রক্ষা করিয়া কালযাপন করুন। আর আমি যুক্তিদ্বারা প্রাণত্যাগ করাইয়া যবনের মৃত্যু ঘটাইয়া

---

(০) ব্রজনৃপতে স্তপঃপ্রভাবোঽয়মিতীতি বৃন্দাবনপাঠঃ।

(ক) বৃত্তান্ত ইতি মাণ্ডপাঠঃ।

(খ) দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতীতি শ্রুতিবাক্যম্।

নির্গচ্ছন্তং চ তং নিরস্ত্রং প্রশস্তালঙ্কৃতিশোভাপরীতপীত-বস্ত্রং (ক) সবিদ্যুদ্বিদ্যুত্বন্তমিব তং শ্যামতারামধামানং চালন-লাঘবতঃ কিম্বা প্রতিচ্ছবিবৈভবতশ্চতুর্ভুজমিব কালযবনীয়াঃ সর্ব্ব এবাকলয়াম্বভূবুঃ। আকলয়ন্তশ্চ তে তস্য সৌন্দর্য্যবর্য্য-পর্য্যাকুলচিত্ততয়া তং প্রষ্টুমপি নাশকন্ কিমুত স্প্রষ্টুং। ততশ্চ তান্ বঞ্চয়ন্ যত্র কালযবন স্তত্রৈবাঞ্চংস্তেনা-লোকয়ামাসে ॥ ৪৮ ॥

তদনন্তরবৃত্তং বর্ণয়তি—নির্গচ্ছন্তঞ্চেতিগদ্যেন। তং শ্রীকৃষ্ণং সর্ব্ব এব কালযবনীয়াঃ কলয়াম্বভূবুরিত্যন্বয়ঃ। তং কিম্ভূতং নিরস্ত্রং চক্রাদ্যস্ত্ররহিতং প্রশস্তা যা অলঙ্কৃতয়োঽলঙ্কারা স্তেষাং শোভয়া পরীতং ব্যাপ্তং পীতবস্ত্রং যস্য তং, বিদ্যুদ্ভিঃ সহ বর্ত্তমানো বিদ্যুত্বান্মেঘ স্তমিব শ্যামতায়া আরাম আরমণং তস্য ধাম আশ্রয় স্তং, পুনঃ কিম্ভূতং চালনলাঘবতঃ হস্তক্ষেপস্য অতি জবেন কিম্বা প্রতিচ্ছবিবৈভবতঃ মূঢ়োঽয়ং নাভিজানাতি যোগমায়া সমাবৃতমিতিন্যায়েন চতু-র্ভুজমিব দদৃশুঃ। নতু তত্র মাধুর্য্যাদিকং। আকলয়ন্তঃ পশ্যন্তশ্চ তস্য কৃষ্ণস্য সৌন্দর্য্যবর্য্যেণ সৌন্দর্য্যসারেণ পর্য্যাকুলং ব্যাপ্তং যচ্চিত্তং তদ্ভাবতয়া প্রষ্টুং জিজ্ঞাসিতুং স্প্রষ্টুং স্পর্শনং কর্ত্তুং। বঞ্চয়ন্ পরিহরন্ অঞ্চন্ গচ্ছন্ তেন কালযবনেন আলোকয়ামাসে দৃষ্টো বভূব ॥ ৪৮ ॥

দিতেছি। "দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি" দ্বিতীয় হইতে ভয় হয়। এই শ্রুতি হইতে যেমন অদ্বৈত অর্থাৎ একত্ব প্রতিপাদিকা শ্রুতি ভয় পাইয়া থাকেন সেইরূপ শ্রীকৃষ্ণও ভয় উৎপ্রেক্ষা করতঃ একাকী অদ্বৈতভাবে নির্ভয়ে দুর্গের সূক্ষ্মদ্বার মোচনপূর্ব্বক নির্গত হইলেন ॥ ৪৭ ॥

শ্রীকৃষ্ণ যখন নিরস্ত্র হইয়া বহির্গত হন, তখন কালযবনের পক্ষপাতী লোক-সকল তাঁহাকে দর্শন করিয়াছিল। তাহারা দেখিল, প্রশস্ত অলঙ্কার রাশির শোভার দ্বারা তাঁহার পীতবসন পরিব্যাপ্ত হইয়াছে। সৌদামিনীর সহিত জল-ধরের যেরূপ শ্যামপ্রভা বহির্গত হয়, শ্রীকৃষ্ণ তাদৃশ নীলবর্ণ প্রভার আশ্রয় স্বরূপ, তিনি এরূপ দ্রুতবেগে হস্তচালনা করিতে পারেন, অথবা তাঁহার প্রতি-মূর্ত্তির এইরূপ বৈভব আছে যে, সকলে তাঁহাকে চতুর্ভুজ বলিয়া দর্শন করিয়া-ছিল। তাঁহারা শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া তাঁহার সৌন্দর্য্যসারদ্বারা তাহার

(ক) অলঙ্কৃতিসঙ্কৃতি ইতি বৃন্দাবনানন্দগৌরপাঠঃ।

স পুনস্তং শ্যামমনোহরং শ্রীদেবর্ষিকথিতপ্রথিতলক্ষণয়া বিজ্ঞায় মৎসরত স্তদ্বিলক্ষণসুখমপ্যবজ্ঞায় নিরস্ত্রেণ তেন নিরস্ত্র এব যুযুৎসাং চকার। কৃতায়াঞ্চ তেন যুযুৎসায়াং কৃষ্ণস্তু তত্র বিতৃষ্ণস্তং বিষ্কম্ভমাণং কুৎসয়াঞ্চকার। ম্লেচ্ছানাং স্পর্শং নেচ্ছাম ইতি। ততশ্চ তং স্প্রষ্টুমিচ্ছুর্ম্লেচ্ছরাজ স্তদাভিমুখ্যেন দ্রুতমৃচ্ছতি স্ম॥

সতু দ্রুতং দ্রুতবান্ ব্যাহৃতবাংশ্চ, ত্বয়া মম স্পর্শাস্পর্শাবেব জয়াজয়পরামর্শায় কল্পেয়াতামিতি॥ ৪৯॥

তদা কালযবনশ্চ যৎ কৃতবান্ তদ্বর্ণয়তি—স পুনরিতিগদ্যেন। শ্রীদেবর্ষিণা নারদেন কথিতং প্রথিতলক্ষণং যস্য তদ্ভাবতয়া শ্যামবর্ণেন মনোহরং বিজ্ঞায় মৎসরতঃ অহমেব পরমসুন্দর ইতি ভগবদ্দর্শনং বিলক্ষণসুখং তদপ্যবজ্ঞায় তুচ্ছীকৃত্য নিরস্ত্রেণ তেন কৃষ্ণেন সহ নিরস্ত্র এব যুযুৎসাং যুদ্ধেচ্ছাং চকার। তেন কালযবনেন যুযুৎসায়াং কৃতায়াঞ্চ তত্র যুদ্ধেচ্ছায়াং বিতৃষ্ণঃ বিষ্কম্ভমাণং পশ্চাদ্ধাবন্তং যদ্বা স্বেশ্বরতাজ্ঞানে প্রমাদ্যন্তং কুৎসয়াঞ্চকার নিন্দামকরোৎ। কুৎসায়াং হেতুঃ মহতি জনে ম্লেচ্ছানাং স্পর্শনেচ্ছা ভবতি তং মহান্তং শ্রীকৃষ্ণং তদাভিমুখ্যেন সংমুখতয়া ঋচ্ছতি স্ম জগাম। সতু শ্রীকৃষ্ণো দ্রুতং শীঘ্রং দ্রুতবান্ গতবান্ ব্যাহৃতবান্ লপিতবাংশ্চ। স্পর্শাস্পর্শাবেব জয়াজয়পরামর্শায় ত্বয়া মম স্পর্শে তবৈব জয়ঃ অস্পর্শে স্পর্শাভাবে তবাজয়ঃ পরাভবঃ এতৎ পরামর্শায় নির্দ্ধারণায় কল্পেয়াতাম্॥ ৪৯॥

চিত্ত এরূপভাবে ব্যাকুল হয় যে, তাহারা তাঁহাকে কোন কথা জিজ্ঞাসাই করিতে পারেন নাই, সুতরাং তাঁহাকে স্পর্শ করা ত অনেক দূরের কথা। অনন্তর শ্রীকৃষ্ণ এই প্রকারে তাহাদিগকে বঞ্চনা করিয়া যে স্থানে কালযবন আছে, সেই স্থানে যখন গমন করেন, তখন কালযবন তাঁহাকে দর্শন করিল॥ ৪৮॥

শ্রীমান্ দেবর্ষিনারদ যেরূপ বলিয়াছিলেন তদনুসারেই তাঁহার লক্ষণ সকল বিজ্ঞাত হইয়াছিল। এইরূপভাবে কালযবন সেই শ্যামসুন্দরকে জানিতে পারিয়া 'আমিই পরমসুন্দর' এইরূপ মাৎসর্য্য প্রকাশ-পূর্ব্বক পরম-সুখকর ভগবদ্-দর্শনও অবজ্ঞা করিয়া, অবশেষে নিরস্ত্র শ্রীকৃষ্ণের সহিত নিরস্ত্র হইয়াই যুদ্ধ করিতে ইচ্ছা করিলেন। পরে কালযবন যুদ্ধবাসনা করিলে পর, শ্রীকৃষ্ণ সেই যুদ্ধবাসনায় বীতরাগ হইয়া পশ্চাৎ ধাবমান তাহাকে তির-

ততশ্চ ;—

পদে পদে স্পৃশ্যমিব দ্রবন্তং দ্রবং দধানং সরসং হসন্তং।
অনুদ্রবন্ কৃষ্ণমুপদ্রবন্ স প্লুতং দধদ্বিপ্লুতশক্তিরাসীৎ ॥৫০॥
তিস্রঃ কোটয় এতা যবনানাং তত্র সান্দ্রতামাপুঃ।
তদ্রাট্চানুদ্রুতবাংস্তদপি বকারি র্ন কেনচিৎ স্পৃষ্টঃ ॥৫১॥

তত্রাপি কৌশলং যদভূত্তদ্বর্ণয়তি—পদে পদে ইতি। পদে পদে স্পৃশ্যমিব দ্রবন্তং গচ্ছন্তং কৃষ্ণমনুদ্রবন্ অনুগচ্ছন্ তত্রাপি উপদ্রবন্ উপদ্রবং পরাভবং কর্ত্তুমিচ্ছন্ স কালযবনঃ প্লুতং বেগং দধৎ বিপ্লুতা বিনষ্টা শক্তি র্যস্য স আসীৎ। কৃষ্ণং কিম্ভূতং দ্রবং পরীহাসং দধানং তথা সরসং মধুরং হসন্তম্ ॥ ৫০ ॥

কিঞ্চ তিস্র ইতি। তত্র শ্রীকৃষ্ণস্য গমনপথি সান্দ্রতাং নিবিড়তাং। তদ্রাট্ তাসাং রাজা কালযবনঃ তদ্রাড়িতিপাঠে বহতি পরাভবার্থং কৃষ্ণং প্রাপয়তি স চ, অনুদ্রুতবান্ তদপি তথাপি বকারিঃ শ্রীকৃষ্ণঃ কেনচিজ্জনেন ন স্পৃষ্টঃ ॥ ৫১ ॥

স্কার করিলেন। এই বলিয়া নিন্দা করিলেন যে, আমরা ম্লেচ্ছগণের স্পর্শ ইচ্ছা করিনা। অনন্তর ম্লেচ্ছরাজ তাঁহাকে স্পর্শ করিতে ইচ্ছা করিয়া তৎকালে তাঁহার সম্মুখভাগে দ্রুত গমন করিল। আর শ্রীকৃষ্ণ শীঘ্র গমন করিয়া তাহাকে বলিতে লাগিলেন; তোমার সহিত যদি আমার স্পর্শ হয়, তাহা হইলে তোমার জয়, এবং যদি তুমি আমাকে স্পর্শ করিতে না পার, তাহা হইলেই তোমার পরাজয় ঘটিবে, ইহাই নির্দ্ধারিত রহিল ॥ ৪৯ ॥

অনন্তর শ্রীকৃষ্ণ যখন গমন করিতে থাকেন, কালযবন তাঁহাকে স্পর্শ করিতে পারিব মনে ভাবিয়া পদে পদে অনুগমন করিতে লাগিল। তাহার মধ্যে পরাজয় করিতে বাসনা করিয়া, বেগধারণ করিলে, কালযবনের শক্তি বিনষ্ট হইয়া যায়। অথবা ঐ সময়ে শ্রীকৃষ্ণ পরিহাস করিতে ছিলেন, এবং সুমধুর হাসিতে ছিলেন ॥ ৫০ ॥

ঐ সকল তিনকোটি যবনেরা তথায় নিবিড়ভাবে মিলিত হইয়াছিল। তাহাদের রাজা কালযবনও শ্রীকৃষ্ণের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়াছিল। তথাপি তাহাদের মধ্যে কেহই সেই বকাসুর নিহন্তা শ্রীকৃষ্ণকে স্পর্শ করিতে পারে নাই ॥ ৫১ ॥

ব্রজরাজ উবাচ।—ততস্ততঃ ?

দূতাবূচতুঃ ;—ততশ্চ দক্ষিণাহি মথুরায়া লক্ষিতং পশ্চিমেন ধবলনগরং গিরিমনুষজ্য তেন তর্জ্যমানোঽপ্যদরো তদ্দরীমূরীকৃত্য (ক) কৃত্যমনু বরীয়ান্ কেশবঃ স বিবেশ। তন্নিরোধায় তদৈবেচ্ছন্ ম্লেচ্ছরাজশ্চ ত্বমধুনা কুত্র বর্চ্চিতেতি ভৎর্সয়ন্ননুবিবেশ। অনুবিশংশ্চ স পুনরদীর্ঘদর্শী তত্র নিদ্রাবিষ্টং কমপি দ্রাঘিষ্ঠং পুরুষং রুষা তমেব মন্বান স্তদিদমবাদীৎ। স্থালীবিলায়বদ্বিলীয়মানতাং গচ্ছন্নন্তঃস্বচ্ছ ইব স্বপিষীতি। তদিদং

•ততো রাজপ্রশ্নানন্তরং দূতোক্তিযথা দূতাবিতিগদ্যেন। মথুরায়া দক্ষিণাহি দক্ষিণে লক্ষিতং ধবলনগরং ধবলনগরস্য পশ্চিমেন পশ্চিমে গিরিং পর্ব্বতমনুষজ্য মিলিত্বা তেন কালযবনেন তর্জ্যমানো ভৎর্স্যমানোঽপি অদরী ভয়রহিত স্তদ্দরীং তদ্গিরিগুহাং উরীকৃত্য অঙ্গীকৃত্য কৃত্যমনুকার্য্যং লক্ষীকৃত্য বরীয়ান্ শ্রেষ্ঠতমঃ কেশব স্তাং দরীং বিবেশ প্রবিষ্টবান্। তন্নিরোধায় ভগবতো দরীপ্রবেশরাহিত্যায় ইচ্ছন্ ম্লেচ্ছরাজশ্চ অধুনা ত্বং কুত্র বর্চ্চিতা দীপিতা বর্চ্চঙ্ দীপ্তৌ ধাতুঃ ইতি ভৎর্সয়ন্ তদ্দরীমনুবিবেশ। অদীর্ঘদর্শী অজ্ঞতম স্তত্র গুহায়াং নিদ্রাবিষ্টং নিদ্রাভিভূতং কমপি দ্রাঘিষ্ঠং দীর্ঘতমং জনং তমেব কৃষ্ণমেব স্থাল্যাং বিলায়নবৎ তৈলাদিকল্কবতৎ দগ্ধ্যাং বিলীয়মানতাং অভেদতাং গচ্ছন্ অন্তঃস্বচ্ছ ইব কাপট্যরহিত ইব স্বপিষীতি। মদাৎ গর্ব্বাৎ পাদেন

ব্রজরাজ কহিলেন, তারপর তারপর। দুইজন দূত কহিতে লাগিল, তাহার পর মথুরার দক্ষিণে ধবলনামে একটি নগর লক্ষিত হইয়াথাকে। সেইধবল নগরের পশ্চিমে একটি পর্ব্বত আছে। সেই পর্ব্বতে মিলিত হইয়া কালযবন তাঁহাকে তিরস্কার করিতে লাগিল। তথাপি শ্রীকৃষ্ণের কোন ভয় নাই। তখন সেই শ্রেষ্ঠতম শ্রীকৃষ্ণ সেই পর্ব্বতের গহ্বর স্বীকার করিয়া কর্ত্তব্য কর্ম্মের উদ্দেশে তাহারই মধ্যে প্রবেশ করিলেন। তৎকালে ম্লেচ্ছরাজ ও তাঁহাকে রুদ্ধ করিবার বাসনায় 'তুমি এক্ষণে কোথায় দীপ্তি পাইবে' বলিয়া তিরস্কার করিতে করিতে সেই দরীর (কন্দরের) মধ্যে পশ্চাৎ প্রবেশ করিল। তাহার মধ্যে প্রবেশ করিয়া কিন্তু সেই অজ্ঞতম কালযবন তথায় নিদ্রাতুর কোন এক দীর্ঘাকার পুরুষকে, ক্রোধে শ্রীকৃষ্ণই বিবেচনা

(ক) অবরীকৃত্যেতি বৃন্দাবনপাঠঃ।

বদনেব মদাৎ পদা বাঢ়ং ততাড়। তাড়য়ংশ্চ তদ্দৃষ্টিবিষবৃষ্টিতঃ সদ্য এব ভস্মসাদ্ভবতি স্ম। কৃষ্ণস্তু তৎকৌতুকসতৃষ্ণস্তত্রৈব পশ্যতি স্ম ॥ ৫২ ॥

অথ সর্ব্বে সোচ্ছাসমপৃচ্ছন্—ততস্ততঃ ?

দূতাবূচতুঃ!—ততশ্চ ভবতাং জীবনরূপঃ স চ লঘু লঘু সচমানস্তামেব তস্য দৃষ্টিমমৃতবৃষ্টিমিব পরামৃষ্টবান্ ॥ ৫৩ ॥

উপনন্দ উবাচ—তদিদমহো! অন্ধকবর্ত্ম্কীয়ং জাতং।

যস্মান্মুচুকুন্দনামা ভগবদ্ভক্তিধামা তত্র নিদ্রায়তে। তঞ্চ

বাঢ়মতিশয়ং তাড়য়ামাস। তস্য মুচুকুন্দস্য দৃষ্টি র্দর্শনমেব বিষং গরলং তস্য বৃষ্টিতঃ বর্ষণাৎ ভস্মসাৎ ভস্মসম্পন্নং ভবতি স্ম। তৎকৌতুকসতৃষ্ণ স্তস্মিন্ কৌতুকে তৃষ্ণয়া কামেন সহ বর্ত্তমান স্তত্রৈব দর্য্যাং লীনো লুক্কায়িতঃ সন্ দদর্শ ॥ ৫২ ॥

তদেবং তদনন্তরবৃত্তং বর্ণয়তি—অথেতিগদ্যেন। সোচ্ছ্বাসং ব্যাকুলং যথাস্যাৎ স চ শ্রীকৃষ্ণঃ সচমানঃ সংগচ্ছমানঃ পরামৃষ্টবান্ ॥ ৫৩ ॥

তৎ শ্রুত্বা উপনন্দস্য যদ্বচনং তদ্বর্ণয়তি—তদিদমিতি। অন্ধকবর্ত্ম্কীয়ং অন্ধকবর্ত্ম অন্ধপরম্পরা তৎসাদৃশ্যং জাতং চিরং নিদ্রাভিনিবেশাদন্ধতুল্যত্বং তৎ সঙ্গময়তি যস্মাদিতি তত্র দর্য্যাং নিদ্রায়তে

করিয়া এইরূপ বাক্য বলিতে লাগিল। স্থালীর মধ্যে তৈলাদির কল্কের (খৈলের) মত অভিন্নভাব প্রাপ্ত হইয়া অন্তরে অকপট ব্যক্তির মত নিদ্রা যাইতেছে। এই প্রকারে তাহাকে এইরূপ বাক্য বলিয়াই সগর্ব্বে চরণ-দ্বারা অত্যন্ত আঘাত করিল! আঘাত করিবামাত্র মুচুকুন্দের দৃষ্টি-বিষের বর্ষণ দ্বারা সদ্যই সেই কালযবন ভস্মীভূত হইয়া গেল। কিন্তু শ্রীকৃষ্ণ সেই কৌতুক দেখিতে অত্যন্ত অভিলাষী হইয়া সেই স্থানেই লুক্কায়িত হইয়া দর্শন করিতে লাগিলেন ॥ ৫২ ॥

অনন্তর সকলে ব্যাকুলভাবে জিজ্ঞাসা করিল, তারপর তারপর। দূতযুগল বলিতে লাগিল, তৎপরে আপনাদের জীবন স্বরূপ সেই শ্রীকৃষ্ণ অতি ধীরে ধীরে গমন করিয়া, সেই মুচুকুন্দের বিষদৃষ্টিকেই অমৃতবৃষ্টির মত বোধ করিলেন ॥ ৫৩ ॥

উপনন্দ কহিলেন, কি আশ্চর্য্য! এই বাক্যটি যেন অন্ধপরম্পরার সাদৃশ্য পাইতেছে। কারণ, মুচুকুন্দনামে ভগবদ্ভক্তির আশ্রয় স্বরূপ একজন ব্যক্তি

জাগরয়ংস্তদ্দৃষ্ট্যা প্লুষ্টীভবিষ্যতীতি কিম্বদন্তী যাসীদেষা তদৈব দৈবঘটিতা জাতেতি। (ক) কিন্তু সেয়ং চ যেন জ্ঞাত্বা কিল প্রত্যক্ষীকৃত্য স্বম্প্রত্যন্বক্ষীকৃতা তস্য কথ্যতামন্যাপি দামোদরস্য রহস্যচাতুরী স্বরীতিতা ॥ ৫৪ ॥

দূতাবূচতুঃ—আস্তাং তাবদস্য চাতুরী। একা মাধুরী সর্ব্বমসীমবশীকরোতি। তত্র মাধুরীবর্ণনা তু ভবৎসু ন যুক্তা। পুনরুক্তা হি সা ভবেদিতি ॥ ৫৫ ॥

নিদ্রাং ভজতি তঞ্চ মুচুকুন্দং জাগরয়ন্ জন স্তস্য মুচুকুন্দস্য দৃষ্ট্যা প্লুষ্টীভবিষ্যতি ন প্লুষ্টো ন দগ্ধঃ প্লুষ্টী ভবিষ্যতি ভস্মীভবিষ্যতীতি কিম্বদন্তী জনশ্রুতি র্যা আসীৎ এষা কিম্বদন্তী যেন দামোদরেণ জ্ঞাত্বা প্রত্যক্ষীকৃত্য প্রকটীকৃত্য সম্প্রতি অন্বক্ষীকৃত্য প্রত্যক্ষীকৃতা তস্য দামোদরস্য এষা অন্যাপি রহস্যচাতুরী স্বরীতিতা রহস্যনৈপুণ্যেষু সুষ্ঠু স্বভাবতা কথ্যতাং ॥ ৫৪ ॥

তদেবমুপনন্দবাক্যানন্তরং দূতৌ যদাহতু স্তদ্বর্ণয়তি—দূতাবিতিগদ্যেন। অস্য কৃষ্ণস্য অসীমং বশীকরোতি নিঃশেষং অধীনীকরোতি ॥ ৫৫ ॥

তথায় নিদ্রাগত হইয়া আছে। যে ব্যক্তি মুচুকুন্দকে জাগরিত করিবে, সেই ব্যক্তিই তাহার দৃষ্টিবিষ দ্বারা ভস্মীভূত হইবে। এই প্রকার যে জন-শ্রুতি ছিল, তাহা শ্রীকৃষ্ণ জানিয়া, সত্যই প্রত্যক্ষ করিয়া সম্প্রতি পুনর্ব্বার প্রত্যক্ষ করিয়াছেন। অতএব দামোদরের অন্যও যদি রহস্য চাতুরীর মনোহর স্বভাব থাকে, তাহা বর্ণনা কর ॥ ৫৪ ॥

দুইজন দূত বলিতে লাগিল, ইহাঁর চাতুরীর কথা এখন দূরে থাক্ একমাত্র মাধুরীই কেবল সম্পূর্ণরূপে সকলকেই অধীন করিতেছে। তাহার মধ্যে আপনাদের নিকটে সেই মাধুরী বর্ণনা, নিশ্চয়ই পুনরুক্ত দোষে দূষিত হইবে ॥ ৫৫ ॥

(ক) তদৈব দৈবঘটিতা জাতেতি, কিন্তু সেয়ঞ্চ। ইত্যংশ অনান্দপুস্তকে নাস্তি।

তথা হি ;—

তদসিতঘনলক্ষ্ম্যাং চাতকাস্তে ভবন্ত
স্তদবয়ববিচিত্রশ্রী-চয়ে দিব্যনেত্রাঃ।
তদতিগুণসুধানাং স্বাদনে দেববর্য্যা
ব্রজকুলপতয়ঃ কিং তস্য বঃ শ্রাবণীয়ম্ ॥ ৫৬ ॥

তত্র তস্য পরমবৃদ্ধস্য চ তত্র সমৃদ্ধসার্দ্রতাময়ং বচনং কর্ণে বিরচয়ত ॥ ৫৭ ॥

স্ফুটিততরখরাগ্রগ্রাবখণ্ডাতিতীক্ষ্ণে
পটুতরকটুজাগ্রৎকণ্টক-ব্রাততীব্রে।
স্থপুটগিরিতটান্তঃ স্নিগ্ধনীলাঙ্গপদ্ভ্যাং
নবকমলমৃদুভ্যাং! হা কথং ভ্রাম্যসি ত্বম্ ॥ ৫৮ ॥

তৎ পুনরুক্তত্বং ব্যনক্তি—তদসিতেতি। হে ব্রজকুলপতয়ঃ বো যুষ্মাকং সম্বন্ধে তস্য কৃষ্ণস্য কিং শ্রাবণীয়ং, যত স্তস্য অসিতঃ কৃষ্ণবর্ণ এব ঘনো মেঘ স্তস্য লক্ষ্ম্যাং সম্পত্তৌ ভবন্ত শ্চাতকা স্তস্যা বয়ববিচিত্রস্য শ্রীচয়ে শোভা সমূহে দিব্যে নেত্রে যেষাং তে তস্যাতিশয়া যে গুণা স্তে এব সুধা অমৃতানি তাসাং স্বাদনে সেবনে দেববর্য্যা দেবশ্রেষ্ঠাঃ ॥ ৫৬ ॥

তদাচ যঃ প্রসঙ্গো জাত স্তদ্বর্ণয়তি—তত্রেতিগদ্যেন। পরমবৃদ্ধস্য মুচুকুন্দস্য তত্র শ্রীকৃষ্ণে সমৃদ্ধা বৃদ্ধা যা সার্দ্রতা স্নেহপ্রাচুর্য্যং তন্ময়ং তদ্বিশিষ্টং বচনং কর্ণে বিবেচ্যতাং স্থিরী-ক্রিয়তাং ॥ ৫৭ ॥

তদ্বচনং স্ফুটয়তি—স্ফুটিতেতি। এবম্ভূতদুর্গমস্থলে। হেতি খেদে। নবকমলমৃদুভ্যাং স্নিগ্ধনীলাঙ্গ-পদ্ভ্যাং স্নিগ্ধনীলমঙ্গবয়বং যয়োস্তাভ্যাং পদ্ভ্যাং ভ্রাম্যসি চলসি, স্থানে কিম্ভূতে স্ফুটিততরাণি খরাণ্য

দেখুন, হে ব্রজকুলপতিগণ! আপনাদের কাছে শ্রীকৃষ্ণের বিষয় আর কি শ্রবণ করাইব। কারণ, তাঁহাব কৃষ্ণবর্ণরূপ মেঘ শোভায় আপনারা চাতক পক্ষীর তুল্য; তাঁহার সমুদয় অবয়বের শোভাসমূহ দর্শন করিতে আপনাদের দিব্যনেত্র বিদ্যমান আছে, এবং তাঁহার সমধিক গুণরূপ সুধার আস্বাদনে আপ-নারা প্রধান দেবতুল্য ॥ ৫৬ ॥

তন্মধ্যে সেই পরমবৃদ্ধ মুচুকুন্দের শ্রীকৃষ্ণের উপরে প্রচুর স্নেহপূর্ণ বাক্য কর্ণ-গোচর করুন ॥ ৫৭ ॥

হায়! যাহাদের অগ্রভাগ সকল অত্যন্ত ফাটিয়া রহিয়াছে, এইরূপ প্রস্তর-

অথ তদেতদ্দূতবর্ণ্যমাণমাকর্ণ্য লব্ধকরুণাসজ্জনা ব্রজসজ্জনাঃ ক্ষণকতিপয়ং রোরুদামাসুঃ।

রুদিত্বা চ সগদ্গদমূচুঃ—ততস্ততঃ ?

দূতাবূচতুঃ—অথ সমুদ্বুদ্ধভাবঃ স মহানুভাবস্তস্য বিশেষং প্রষ্টুং নিজবিশেষং সুষ্ঠু কথয়ামাস।

কথিতে চ তস্মিন্ কৃতস্মিতঃ কৃষ্ণঃ স্ববিশেষমপি যথাযথং তস্য কর্ণয়োঃ শ্লেষয়ামাস। তদেবং মিথঃ স্নিগ্ধতাবিদ্ধয়োর্দ্বয়োঃ স তু মুচুকুন্দঃ সর্ব্বত্র বিরজ্য মুকুন্দ এবাসজ্য তৎসঙ্গ এব স্বমঙ্গল-

---

গ্রাণি যেষাং তানি চ তানি গ্রাব্ণাং শিলানাং খণ্ডানি চেতি তৈরতিতীক্ষ্ণে পটুতরো যঃ কটুঃ খরতা তেন জাগ্রতো বিকাশমানা যে কণ্টকব্রাতাঃ কণ্টকসমূহাস্তৈ স্তীব্রদুঃসহে। স্ফুটং বিষমোন্নতং যৎ গিরিতটং তস্যান্তর্ম্মধ্যে ॥ ৫৮ ॥

তদেতচ্ছ্রুতবতাং ব্রজসজ্জনানাং যদ্বৃত্তং জাতং তদ্বর্ণয়তি—অথ ইতিগদ্যেন। লব্ধা যা করুণা তস্যামাসজ্জনং যেষাং তে অতিশয়ং রুদিতবন্তঃ। ততো দূতবাক্যং বর্ণয়তি—দূতাবিতিগদ্যেন। সমুদ্বুদ্ধো ভাবঃ প্রীতির্যস্য সঃ তস্য কৃষ্ণস্য বিশেষং অসাধারণবর্ণাদিকং তস্মিন্ বর্ণাদিকে কথিতে সতি কৃতং স্মিতং মন্দহাস্যং যেন সঃ স্বস্যাত্মনো বিশেষং জন্মাদিকং তস্য মুচুকুন্দস্য কর্ণয়োঃ শ্লেষয়ামাস সংশ্লিষ্টং। মিথঃ পরস্পরং স্নিগ্ধতয়া আবিদ্ধয়োঃ সংশ্লিষ্টয়ো র্দ্বয়োর্ম্মধ্যে

রাশির খণ্ডদ্বারা যে স্থান অতিশয় তীক্ষ্ণ, এবং যে সকল কণ্টকরাশি প্রখরভাবে জাগিয়া রহিয়াছে, সেই সকল কণ্টকসমূহ দ্বারা যে স্থান অত্যন্ত অসহ্য ; এইরূপ পর্ব্বততটের মধ্যে বিষমোন্নত স্থানে চরণ-যুগল দ্বারা কিরূপে ভ্রমণ করিতেছেন। অথচ তোমার চরণ-যুগল কমলের মত কোমল, এবং ঐ পদদ্বয়ের অবয়ব সকল স্নিগ্ধ অথচ নীলবর্ণ ॥ ৫৮ ॥

অতএব এই প্রকারে দূতবর্ণিত বাক্য শ্রবণ করিয়া ব্রজবাসী ব্যক্তিগণ করুণার আতিশয্য লাভপূর্ব্বক কিয়ৎক্ষণ সাতিশয় রোদন করিতে লাগিল। রোদন করিয়া গদ্গদস্বরে বলিতে লাগিল, তারপর তারপর। দূতদ্বয় কহিল, অনন্তর সেই মহানুভাবের প্রীতি উপস্থিত হইলে, তিনি শ্রীকৃষ্ণের অসাধারণ বর্ণাদি জিজ্ঞাসা করিবার জন্য উত্তমরূপে নিজের বিশেষ ব্যাপার বলিতে লাগিলেন। সেই বর্ণাদির বিষয় কথিত হইলে শ্রীকৃষ্ণ মৃদুমধুর হাস্য করিয়া যথাবিধি আপনাদের

মিতি তমেব যযাচে। মুকুন্দস্তু তত্র তদিষ্টং সহসা নাকল্পিষ্ট কিন্তু কালবিলম্বমালম্বিষ্ট। যত্র চ কারণং বিচারয়তামস্মাকং "তদ্ধি জানন্তি তদ্বিদঃ" ইত্যেব মনস্যাবর্ত্ততে। দুর্ল্লভঃ খলু ভবৎকুলচন্দ্রমঃসঙ্গ ইতি চ ॥ ৫৯ ॥

যতঃ ;—

শান্ততাং যদ্যপি প্রাপ্তঃ স তেনৈকান্তিতামপি।
অদর্শদেব তং তস্য স্পর্শমাত্রং ন চাসদন্ ॥ ৬০ ॥

স তু মুচুকুন্দঃ মুকুন্দে কৃষ্ণে এব আসজ্য চিত্তং স্থিরীকৃত্য তস্য কৃষ্ণস্য সঙ্গ এব স্বস্য মঙ্গলমিতি তমেব যযাচে। তদিষ্টং সদ্যোমুক্তিং সহসা তৎক্ষণাৎ নাকল্পিষ্ট ন কল্পয়ামাস। আলম্বিষ্ট আলম্বনং কৃতবান্। কালবিলম্বে সঙ্গতিং বর্ণয়তি—যত্র চেতি। তত্র কালবিলম্বে তস্য ভক্ত্যুদ্রেকভবনমেব হেতুরিতি ভাবঃ। ফলিতমাহ দুর্লভ ইত্যাদি ॥ ৫৯ ॥

তৎ সঙ্গস্য দুর্লভতাং বর্ণয়তি—শান্ততামিতি। স মুচুকুন্দঃ সর্ব্বত্র বিরাগেণ যদ্যপি শান্ততাং প্রাপ্তঃ শান্ততালাভেন একান্তিতামপি প্রাপ্তঃ তেন তং কৃষ্ণমদর্শৎ, কিন্তু তস্য কৃষ্ণস্য স্পর্শমাত্রং নচাসদন্ন প্রাপ কিমুত সঙ্গং ॥ ৬০ ॥

জন্মাদি বিবরণ বিশেষ করিয়াই মুচুকুন্দের কর্ণগোচর করিলেন। অতএব এইরূপে পরস্পর দুইজন যখন স্নেহগুণে আবিদ্ধ হন, এই উভয়ের মধ্যে কিন্তু মুচুকুন্দ সকল বিষয়ে বিরক্ত হইয়া, কেবল শ্রীকৃষ্ণেরই উপর চিত্ত স্থির করিয়া, তাঁহার সঙ্গেই যে আপনার মঙ্গল, ইহাই কেবল তাঁহার নিকট প্রার্থনা করিলেন। আর শ্রীকৃষ্ণও তদ্‌বিষয়ে তাহার সদ্যোমুক্তি কল্পনা করিলেন না। কিন্তু কালবিলম্ব অবলম্বন করিয়া ছিলেন। যে কালবিলম্বে বিচার করিতে গিয়া আমাদের হৃদয়ে কেবল জাগরূক হইয়া থাকে যে, যাহাঁরা তাঁহার তত্ত্ব জানেন, তাঁহারাই তাহা অবগত আছেন। কারণ, আপনার বংশের শশধর তুল্য শ্রীকৃষ্ণের সঙ্গ নিশ্চয়ই পরমদুর্লভ ॥ ৫৯ ॥

কারণ, যদ্যপি সেই মুচুকুন্দ সকল বিষয়ে বৈরাগ্য প্রকাশ করিয়া শান্তভাব অবলম্বন করিয়াছিল, এবং ঐ-রূপ শান্তভাব অবলম্বন করাতে ঐকান্তিকভাবে শ্রীকৃষ্ণকে দর্শনও করিয়াছিল, তথাপি কেবলমাত্র তাঁহার স্পর্শলাভ করিতে পারে নাই ॥ ৬০ ॥

ব্রজরাজ উবাচ— ততস্ততঃ।—

দূতাবূচতুঃ—ততঃ স তু তদধিগম্য মুহুঃ প্রণম্য পুনস্তদুপাসনায়ামেব বাসনাং বিধায় তপসে সমুপসেদিবান্। যত্র কৃষ্ণ-সঙ্গায়ঃ কৃষ্ণসঙ্গায় এব সততমাসীৎ॥ ৬১॥

তদেবং যাবচ্ছ্রীকৃষ্ণেন কালযবনঃ স জিগ্যে তাবত্তদগ্রজেন মথুরা দিগ্যে॥ ৬২॥

অথ মথুরা-নাথস্তু রথাদিসামগ্রীং স্মরণমাত্রাদগ্রীয়াং কুর্ব্বন্নাগত্য তু পাঞ্চজন্যং দধ্মৌ "কালঃ কাল-বশং যাত," ইতি॥ ৬৩॥

ততো ব্রজরাজ প্রশ্নানন্তরং দূতোক্তিং বর্ণয়তি—দূতাবিত্যাদিগদ্যেন। তদুপাসনায়াং শ্রীকৃষ্ণ সেবায়াং বাসনামিচ্ছাং তপসে তপস্যায় সমুপসেদিবান্ উপসন্নো বভূব। যত্র তপসি কৃষ্ণস্য সঙ্গোঽয়ো গতিঃ ফলং যস্য সঃ কৃষ্ণসঙ্গায়ৈব সততং নিরন্তরমাসীৎ॥ ৬১॥

তৎপরবৃত্তং বর্ণয়তি—তদেবমিতিগদ্যেন। জিগ্যে জিতোঽভূৎ। তদগ্রজেন রামেণ মথুরা দিগ্যে রক্ষিতা। দেঙ রক্ষায়াং ধাতুঃ॥ ৬২॥

তদেবং কালযবনং জিত্বা মথুরায়াং যথা জগাম তদ্বর্ণয়তি—অথেতিগদ্যেন। স্মরণ-মাত্রাদগ্রীয়াং স কুর্ব্বন্নিতি তস্যা রথাদিসামগ্র্যা দেবত্ববিশেষাদাগতিরিতি পাঞ্চজন্যং শঙ্খং দধ্মৌ বাদিতবান্॥ ৬৩॥

ব্রজরাজ কহিলেন, তারপর তারপর। দূতদ্বয় কহিল, তাহার পর সেই মুচুকুন্দ কৃষ্ণসঙ্গ প্রাপ্ত হইয়া, বারংবার প্রণাম পূর্ব্বক, পুনর্ব্বার শ্রীকৃষ্ণেরই সেবা বিষয়ে বাসনা করত তপস্যার জন্য উদ্যত হইয়াছিল। যে তপস্যাতে তাহার সর্ব্বদা কৃষ্ণগুণ গান করিতে করিতে কৃষ্ণসঙ্গই লাভের বিষয় হইয়াছিল॥ ৬১॥

অতএব এই প্রকারে শ্রীকৃষ্ণ যেমন কালযবনকে জয় করেন, অমনি তদীয় অগ্রজ মথুরাপুরী রক্ষা করেন॥ ৬২॥

অনন্তর শ্রীমথুরাপতি স্মরণমাত্রে রথাদিবস্তু উপস্থিত করিয়া "কালযবন যমালয়ে গমন করিয়াছে" বলিয়া পাঞ্চজন্য শঙ্খ বাজাইতে লাগিলেন॥ ৬৩॥

ধ্মাতে চ শ্রীবলভদ্রশ্চ "কিং কুর্ম্মস্তদ্বিধেহি ন" ইতি স্ব-শঙ্খ-নাদসঙ্করতয়া নিষ্ক্রান্তঃ। নিষ্ক্রান্তে চ তস্মিন্নসৌ পুনঃ শঙ্খং দধ্মৌ।

"হত তুচ্ছানিমান্ ম্লেচ্ছান্ হলেন মুসলেন চ" ॥ইতি ॥ ৬৪ ॥

ততঃ শ্রীরোহিণীনন্দনঃ স্বমুসলাঘাতানন্দমারব্ধবান্। শ্রীমন্নন্দনন্দনশ্চ নন্দকাঘাতসুখব্রাতমিতি স্থিতেন তু বয়ং জ্ঞাতবন্তস্তদা কদা পুনরশ্বাদিমিশ্রাস্তিস্রোঽপি ম্লেচ্ছানাং কোটয়ঃ কৃত্তা বৃত্তা ইতি। তত্র তু হন্যমানানাং তেষামগণ্য-

---

কিঞ্চ কালঃ কলয়তি ম্লেচ্ছান্ যুদ্ধার্থং প্রেরয়তি। কালঃ কালযবনঃ কালবশং ক্ষয়ং যাত ইতি শঙ্খং দধ্মৌ। তত্র পাঞ্চজন্যে তথা ধ্মাতে সতি শ্রীরামো বয়ং কিং কুর্ম্মস্তন্নোঽস্মাকং সম্বন্ধে বিধেহীতি স্বশঙ্খস্য নাদেন ধ্বনিনা সঙ্করতয়া সংমিলনতয়া মথুরায়া নিষ্ক্রান্তঃ। নিষ্ক্রান্তে চ বলভদ্রে অসৌ কৃষ্ণঃ পুনঃ শঙ্খং দধ্মৌ বাদিতবান্। তুচ্ছান্ নিন্দিতানিমান্ ম্লেচ্ছান্ হলেন মুষলেন চ যূয়ং হত মারয়ত ॥ ৬৪ ॥

তৎ প্রসঙ্গং বর্ণয়তি—তত ইতি গদ্যেন। স্বমুষলেনাঘাতমেব আনন্দঃ সুখং নন্দকেন-স্বখড়্গেন আঘাতসুখসমূহমারব্ধবান্ ইতি স্থিতে এবং সতি অশ্বহস্ত্যাষ্ট্র্যাদিমিশ্রাঃ কৃত্তাশ্ছিন্না বৃত্তা জাতা। অগণ্যমানানাং গণনামতিক্রান্তানাং যৎ ম্লেচ্ছিতং ম্লেচ্ছব্যাপৃতত্বং যদ্বা কুৎসিতবাসিত্বং

পাঞ্চজন্য শঙ্খ বাজিয়া উঠিলে শ্রীবলরামও 'আমরা এখন কি করিব, তাহা আমাদিগকে বলিতে হইবে' এই বলিয়া নিজ শঙ্খ বাজাইতে বাজাইতে মিলিত হইয়া মথুরা হইতে নির্গত হইলেন। বলরাম নির্গত হইলে পুনরায় শ্রীকৃষ্ণ এই বলিয়া শঙ্খ বাজাইতে লাগিলেন যে, অত্যন্ত তুচ্ছ বা নিন্দাস্পদ এই সকল ম্লেচ্ছ-দিগকে তোমরা লাঙ্গল বা মুষলদ্বারা বধ কর ॥ ৬৪ ॥

অনন্তর শ্রীরোহিণীনন্দন বলরাম মুষলাঘাত দ্বারা আনন্দ প্রকাশ করিতে লাগিলেন, এবং শ্রীমান্ নন্দকুমার নন্দকনামক খড়্গাঘাত দ্বারা সুখরাশি দেখা-ইতে উপক্রম করিলেন। এইরূপ ঘটিবার পর, তৎকালে কখন যে সেই অশ্ব-রথাদির সহিত তিনকোটি ম্লেচ্ছসেনা ছিন্ন হইয়াছিল, তাহা আমরা জানিতে পারি নাই। কিন্তু তৎকালে গণনাতীত সেই সকল ম্লেচ্ছসৈন্য যখন বিনাশিত হয়, তখন তাহাদের অসংস্কৃত এবং অস্পষ্টম্লেচ্ছভাষাই কেবল মাত্র উচ্চারণ

মানানাং যৎ ম্লেচ্ছিতং তৎকেবলমুচ্চারণত এব যদুবীরান্ স্মারয়ামাস। ন পুনরর্থতঃ। স হি দুর্ব্বোধ এবেতি ॥ ৬৫ ॥

ততশ্চ ;—

ছিন্নৈর্ভিন্নৈস্তুরুষ্কাণাং মূর্দ্ধভির্দ্রাঢ়িকাবৃতৈঃ।

তস্তরে ধরণিস্তাললক্ষৈরিব সমক্ষিকৈঃ ॥ ৬৬ ॥

ব্রজরাজ উবাচ—ততস্ততঃ ?

দূতাবূচতুঃ—ততশ্চ তেষাং যত্র কুত্র পতিতানি শরীরাণি ক্ষেপ্তুং ধনানি চ সংক্ষেপ্তুং যদা তাভ্যাং যুক্তা জনা নিযুক্তা-

---

অর্থতো ম্লেচ্ছধাতুরসংস্কৃতকথনার্থঃ ব্যক্তবাক্যে ইতি প্রাঞ্চঃ অব্যক্তবাক্যেতি কেচিৎ সহ্যর্থো দুর্ব্বোধ এব ॥ ৬৫ ॥

কিঞ্চ তুরুষ্কাণাং যবনানাং ছিন্নৈ ভিন্নৈর্দ্রাঢ়িকয়া অর্থাৎ কেশেন আবৃতৈ মূর্দ্ধভি ধ'রণির্ভূ'মি স্তস্তরে আচ্ছন্না বভূব। যথা মক্ষিকাভিঃ সহিতৈ স্তালবৃক্ষলক্ষৈ যথাচ্ছন্না ভবতি ॥ ৬৬ ॥

ব্রজরাজপ্রশ্নানন্তরং দূতৌ যদাহতু স্তদ্বর্ণয়তি—ততশ্চোতিগদ্যেন। সংক্ষেপ্তুং সংগ্রাহয়িতুং

যাদব-বীরদিগকে স্মরণ করিয়া দিয়াছিল, কিন্তু অর্থদ্বারা স্মরণ করান হয় নাই, যে হেতু ম্লেচ্ছভাষা অত্যন্ত দুর্বোধ ॥ ৬৫ ॥

অনন্তর যেরূপ মক্ষিকারাশিপূর্ণ তালবৃক্ষ সমূহদ্বারা পৃথিবী আচ্ছাদিত হয়, সেইরূপ ম্লেচ্ছদিগের দাঢ়িকাযুক্ত ছিন্ন ভিন্ন মস্তক সমূহদ্বারা ধরণী আচ্ছাদিত হইয়াছিল (ক) ॥ ৬৬ ॥

ব্রজরাজ কহিলেন, তারপর তারপর। দূতদ্বয় কহিল, তাহার পর সেই সকল ম্লেচ্ছদিগের যে কোনস্থানে নিপতিত শরীর সকল নিক্ষেপ করিতে এবং ধন

(ক) অর্দ্ধপক্ক দাড়ীযুক্ত মুণ্ডসমূহে যুদ্ধভূমি ব্যাপ্ত হইয়াছিল, এই ভাবটী মহাকবি কালিদাসের কৃত রঘুবংশ হইতে সংগৃহীত বলিয়া বোধ হয়। সেই শ্লোক যথা—

"ভল্লাপবর্জ্জিতৈ স্তেষাং শিরোভিঃ শ্মশ্রুলৈর্মহীং।

তস্তার সরঘাব্যাপ্তৈঃ সক্ষৌদ্রপটলৈরিব।

ম্লেচ্ছ নরপতিগণের মুণ্ড ছিন্ন হইল। তাহার অর্দ্ধ পককেশ থাকায় বোধ হইল যেন মৌমাছীর দল যুক্ত মধুচক্র (মৌচাক) সকল যুদ্ধ ভূমিকে ব্যাপ্ত করিয়াছে।

স্তদা তু মন্ত্রি-বরমুদ্ধবং নিজাগমনানুজ্ঞাপনপ্রার্থনং শ্রাবয়িত্বা তস্মাদিমাং কথাং শ্রুত্বা শ্রীকৃষ্ণপ্রস্থাপিতাভ্যাং নিজ-সঙ্গেহ-বস্থাপিতাভ্যামাভ্যাং দূতাভ্যাং সহ ভবৎপদ-সদনমাসাদয়াব। কিন্তু জ্ঞাতভবদ্ভবিকবৃত্তাবিমৌ শীঘ্রমেবানুজ্ঞাতব্যৌ। যথাভ্যাং রাম-রামানুজৌ সান্ত্বয়িতব্যৌ স্যাতাম্॥ ৬৭॥

তদেতচ্ছ্রবসি যোজয়িত্বা তৌ ভোজয়িত্বা বস্ত্রালঙ্কারাদিনা রোচয়িত্বা নিজ-দূতাভ্যামন্যাভ্যাং সহ সন্যায়ং ব্রজপতিনা প্রস্থাপিতাবিতি॥ ৬৮॥

অথ সম্প্রতি সম্প্রতিপন্নশুশ্রূষাবেশেন ব্রজেশেন সন্দে-

তাভ্যাং কৃষ্ণরামাভ্যাং নিজস্বাগমনে যদনুজ্ঞাপনং তস্য প্রার্থনং শ্রাবয়িত্বা তস্মাদুদ্ধবাদিমাং বক্তব্যাং ভবৎপদসদনং ভবদালয়ং আসাদয়াব প্রাপয়াব। কিন্তু জ্ঞাতং ভবতাং ভবিকবৃত্তং কুশলবৃত্তান্তং যাভ্যাং তাবিমৌ অনুজ্ঞাতব্যৌ অনুজ্ঞাবিষয়ভূতৌ। অনুজ্ঞাপ্রকারো যথা ইতি॥ ৬৭॥

ততো যদ্বৃত্তং বৃত্তং তদ্বর্ণয়তি—তদেতদিতিগদ্যেন। শ্রবসি কর্ণে রোচয়িত্বা অভিলাষ্য সন্যায়ং যথাযোগ্যং প্রস্থাপিতৌ॥ ৬৮॥

ততস্তৈ যথা চরিতং তদ্বর্ণয়তি—অথেতিগদ্যেন। সংপ্রতিপন্না যা শুশ্রূষা দূতানাং সম্মাননং

সকল সংগ্রহ করিতে, যৎকালে শ্রীকৃষ্ণ এবং বলরাম উপযুক্ত লোকদিগকে নিযুক্ত করেন, তৎকালে কিন্তু অমাত্যবর উদ্ধবকে আপনার আগমন বিষয়ে অনুমতি প্রার্থনা শ্রবণ করাইয়া, এবং সেই উদ্ধবের নিকট হইতে এইরূপ কথা শ্রবণ করিয়া, শ্রীকৃষ্ণ কর্তৃক প্রেরিত, আমাদেরই সঙ্গে অবস্থিত, এইদুইজন দূতের সহিত আমরা দুইজনে আপনার পাদপদ্মরূপ ভবনে আগমন করিয়াছি। কিন্তু ইহারা দুইজনে আপনাদের কুশল বৃত্তান্ত অবগত হইলে, শীঘ্রই ইহা-দিগকে অনুমতি করিবেন। যেরূপে অনুমতি করিলে ইহারা শ্রীকৃষ্ণ এবং বলরামকে সান্ত্বনা করিতে পারিবে॥ ৬৭॥

অতএব এইরূপ বাক্য কর্ণগোচর করিয়া ব্রজরাজ তাহাদের দুই জনকে ভোজন করাইয়া, এবং বস্ত্রাভরণ দ্বারা সন্তুষ্ট করিয়া, অন্য দুইটি আপনার দূতের সহিত যথাবিধি পাঠাইয়া ছিলেন॥ ৬৮॥

অনন্তর সম্প্রতি ব্রজরাজ সেবা বিষয়ে আগ্রহ প্রকাশ করিয়া সংবাদের

শেন যৌ দূতৌ যোজিতৌ যৌ চ যদুব্রজেশেন তৌ চ তৌ চ মধুরজনপুণ্যং মধুপুরং শূন্যমেবাবলোচ্য ভৃশমনুশোচ্য ব্রজমেবাব্রজিতবন্তৌ পথি তু শ্রুতবন্তৌ। জরাসুতঃ শ্রীকৃষ্ণরামাবনুদ্রুতঃ সন্ দ্বারকা-দিশং বিশতি স্মেতি॥ ৬৯॥

ততশ্চ শ্রীকৃষ্ণ-দূতৌ তদ্বার্ত্তাসতৃষ্ণতয়া দ্বারকাপথমেব জগ্মতুঃ। ব্রজপতি-দূতৌ তু বিশেষং শ্রাবয়িতুং শ্রোতুং চ ব্রজমেবাজগ্মতুর্ব্রজমাগত্য তদেব কথয়ামাসতুশ্চ। কথিতে তু তস্মিন্ ব্রজরাজাদয়ঃ সমস্তা ব্যগ্রতাগ্রস্তা বভূবুঃ। তদলং তস্য বর্ণনেনাকর্ণনেন চ॥ ৭০॥

তস্যামাবেশো যস্য তেন সন্দেশেনেত্যত্র সহার্থে তৃতীয়া। যদুব্রজেশেন যদুসমূহপতিনা কৃষ্ণেন মধুরজনপুণ্যং ভগবদ্ভক্তত্বাৎ মধুরৈর্জনৈঃ পুণ্যং পুণ্যজনকং আব্রজিতবন্তৌ আজগ্মতুঃ জরাসুতো জরাসন্ধঃ অনুদ্রুতঃ পশ্চাচ্চলিতঃ॥ ৬৯॥

কিঞ্চ তদ্বার্ত্তাসতৃষ্ণতয়া দ্বারকাপ্রবেশ বার্ত্তায়াং যা সতৃষ্ণতা সাকাঙ্ক্ষতা তয়া ব্রজরাজ-দূতৌ তু ব্রজমাগত্য মথুরায়াং যথা দৃষ্টং তথা কথিতবন্তৌ। ব্যগ্রতাগ্রস্তা অত্যাকুলতয়া গিলিতা বভূবুঃ তস্য বিরহস্য বর্ণনেন শ্রবণেনচ॥ ৭০॥

সহিত যে দুই জন দূতকে নিযুক্ত করেন, এবং যাদবগণের অধিপতি শ্রীকৃষ্ণও যে দুইজন দূত নিযুক্ত করেন, সেই সেই দূতদ্বয় মধুর (মাধুর্য্যময় অথবা মধুপুরবাসী) জনগণ দ্বারা পুণ্যজনক মধুপুরীকে শূন্য বিবেচনা করিয়া, এবং অত্যন্ত শোকাকুল হইয়া ব্রজেই আগমন করিয়াছিল। কিন্তু তাহারা পথি মধ্যে শ্রবণ করে যে, জরাসন্ধ কৃষ্ণ বলরামের অনুগমন করিয়া দ্বারকার দিকেই প্রবেশ করিয়াছে॥ ৬৯॥

অনন্তর শ্রীকৃষ্ণের দূতদ্বয় সেই দ্বারকা প্রবেশের বার্ত্তায় অত্যন্ত অভিলাষী হইয়া দ্বারকার পথেই গমন করিয়াছিল, দূত বিশেষ বিবরণ শ্রবণ করিতে ব্রজেই আগমন করিয়াছিল। তাহারা ব্রজে আসিয়া যেরূপ দেখিয়াছিল, অবিকল তাহাই বর্ণনা করিল। সেই বৃত্তান্ত কথিত হইলে ব্রজরাজ প্রভৃতি সমস্ত ব্যক্তিগণ ব্যাকুলতায় অভিভূত হইলেন। অতএব সেই বিরহ সংবাদ বর্ণন এবং শ্রবণ করিয়া কোনও প্রয়োজন নাই॥ ৭০॥

অথ দ্বারকাদিশমেব প্রস্থাপিতস্তয়োরন্যয়োরন্যয়োরপি দূরগততয়া ঝটিত্যনাগতয়োর্দুর্গতিময়ে দিনকতিপয়ে চ লব্ধ-ব্যত্যয়ে শতযোজনব্রাজিনৌ বাজিনৌ সমারুহ্য প্রসন্নতাজুষৌ কৌচিৎ পুরুষৌ সমাগতৌ। সমাগম্য চ শ্রীব্রজরাজচরণরাজীবং পুরতঃ প্রণম্য রম্যমিদং নিবেদয়ামাসতুঃ ॥ ৭১ ॥

পরম-মঙ্গল-সঙ্গ-লবলিমবলবদ্বলবলানুজৌ কৃতশাত্রবরুজৌ তত্রভবৎসু চরণপ্রণিপাতাচরণপুরঃসরং বিজ্ঞাপয়তঃ স্ম। অথ তদেতন্মাত্রং কর্ণপাত্রং বিধায় সপুলকগাত্রং সর্ব্বেঽপি প্রোচুঃ—ততস্ততঃ ? ॥ ৭২ ॥

তদনন্তরং বৃত্তং বর্ণয়তি—অথেত্যাদিগদ্যেন। দুর্গতিময়ে দুর্গতিপ্রচুরে লব্ধব্যত্যয়ে লব্ধো ব্যত্যয়োঽতিক্রমো যস্য তস্মিন্ শতযোজনং ব্রজিতুং গন্তুং শীলং যয়োস্তৌ প্রসন্নতাজুষৌ প্রসন্নতাং সেবমানৌ রাজীবং পদ্মং পরমমঙ্গলসঙ্গলবলিমবলবদ্বলবলানুজৌ পরমমঙ্গলেন সঙ্গো যয়োস্তৌ চ তৌ লবলিম্নে যদ্বলং রূপং কোমলস্বরূপং তদিব বলবলানুজৌ চেতি যদ্বা পরমঙ্গলসঙ্গল-বলিমানৌ তৌ বলবিশিষ্টৌ বলবলানুজৌ চেতি তৌ কৃতা শাত্রবাণাং রুট্ ভঙ্গো যাভ্যাং তৌ তত্র-ভবৎসু পূজ্যেষু চরণয়ো যৎ প্রণিপাতাচরণং তদেব পুরঃসরং যথাস্যাত্তথা ॥

বিজ্ঞাপনানন্তরং যদ্বৃত্তং জাতং তদ্বর্ণয়তি—অথ তদেতদিতিগদ্যেন। কর্ণপাত্রং কর্ণাশ্রয়ং সপুলকগাত্রং পুলকেন সহ গাত্রাণি যত্র তদ্যথা স্যাৎ ॥ ৭১—৭২ ॥

অনন্তর যে দুইজন দূত দ্বারকার দিকে প্রেরিত হয়, সেই দুইজন এবং অন্য দুই জন দূতও দূরদেশে গমন করিয়া শীঘ্র আসিতে না পারিলে, এবং দুর্গতিপূর্ণ কতিপয় দিবস অতীত হইলে, শত যোজনগামী দুইটি অশ্বে আরোহণ পূর্ব্বক প্রসন্নতাপ্রাপ্ত কোন দুইটি মহাপুরুষ আসিয়া উপস্থিত হন। তাঁহারা দুই জনে আসিয়া শ্রীমান্ ব্রজরাজের পাদপদ্মের সম্মুখে প্রণাম করিয়া এইরূপ রমণীয় বাক্য নিবেদন করিল। পরম মঙ্গলযুক্ত এবং নিতান্ত বলশালী সেই তদীয় কনিষ্ঠ শ্রীকৃষ্ণ শত্রুদিগকে পরাভব করিয়া, পূজ্যপাদ আপনাদের চরণে প্রণিপাত পূর্ব্বক নিবেদন করিয়াছেন ॥ ৭১ ॥

অনন্তর এই পর্য্যন্ত বাক্য কর্ণগোচর করিয়া রোমাঞ্চিত শরীরে সকলেই বলিতে লাগিল। তারপর, তারপর ॥ ৭২ ॥

